

ବୈଷ୍ଣବ ଦିଗ୍‌ଦର୍ଶନୀ

ଶ୍ରୀଗୁରାରି ଲାଲ ଅଧିକାରୀ

ଶ୍ରୀବୈଷ୍ଣବ-କୃପା ପ୍ରାଣୀ—

ଦୀନହୀନ ଚନ୍ଦ୍ରିଦାସ ଗୋସ୍ୱାମୀ

୨୫ଶେ ବୈଶାଖ ୧୩୩୨

Handwritten text in a stylized, cursive script, possibly representing the name "MARTIN". The letters are highly stylized and interconnected, with a prominent vertical stroke on the right side.

208.005 2022R
बुध-वेदि/विष्णु

“জয় জয় গৌর-ভক্তবৃন্দ ।”

বিনীত নিবেদন ।

শ্রীশ্রী গুরু-গৌর-গোবিন্দ 'ও শ্রীগৌর-ভক্তবৃন্দের কৃপায় পদ্মব গির্বি-
লাজ্বল কামা সমাধা হইল। বহুবিস্তৃত বৈষ্ণব-সাহিত্য মণ্ডনে সঙ্কলিত
গত সহস্র বৎসরের ধারাবাহিক বৈষ্ণব-ইতিহাস “বৈষ্ণব দিগ্দর্শনী” নামে
ভূষিত হইয়া, শ্রীবৈষ্ণবের শ্রীকর-কমলে অর্পিত হইল। অদোষদর্শী, কৃপাময়
বৈষ্ণবগণ, মাদশ জীবাধামের উঃসার্হাসকতা, অবিমৃশ্যকারিতা, 'ও অনবি-
কাব চক্ৰা মার্জনা কবিবেন।

মাদশ অজ্ঞ, অনভিজ্ঞ, সাধন-ভজনহীন অপ্রভুর এই দুরূহ ও উঃ-
সক কাণ্ডে রতী হইবাব কাবণ কি, ইহা আমি সম্যক জদয়জ্ঞম কবিতৈ
জক্ষম। তবে, ত্রৈতাবংকাল বৈষ্ণব-সাহিত্যসেবাব অভিজ্ঞতায় এবং এই
স্ব-সঙ্কলনেব অব্যবহিত পূর্বে ও সঙ্কলন-কালে, কয়েকটি আশ্চর্য ঘটনা
হইতে এইমাত্র স্থব বুদ্ধিয়াছি, যে, আমাদের প্রভুর ধনু-প্রচারসম্পর্কীয়
কুদ-বৃহৎ কোন কাণ্ডই, প্রেবণা ও শ্রীবৈষ্ণব-কৃপা ব্যতীত সাধিত হয় না।
বশেষতঃ, এই গ্রন্থ-সঙ্কলনকালে, পদে পদে অতি আশ্চর্য্য ও অযাচিত-
ভাবে বৈষ্ণব-কৃপারশি লাভ কবিয়া, এই বিধাসে সমধিক আশ্চাবান
হইতে সমর্থ হইয়াছি।

বৈষ্ণব-সমাজের প্রকৃত ধারাবাহিক ইতিহাস সূচাক্রমে সঙ্কলন কবা
অতিশয় দুর্কট ব্যাপার। আমি এই কাণ্ড-সম্পাদনে কৃতকাযা হইয়াছি
একম মনে কবিতৈ পারি না ; এবে বৈষ্ণব-সাহিত্যে এই শ্রেণীর একখানি
গ্রন্থেব অভাব বিশেষভাবে অনুভব কবিয়া, সেই অভাব দুবীকরণমানসে,
গ্রন্থখানিকে বৈষ্ণব-সমাজের সংক্ষিপ্ত প্রামাণিক ইতিহাসরূপে সঙ্কিত
কবিতৈ নথাসাধা চেষ্টা কবিয়াছি মাত্র। প্রাচীন বৈষ্ণব-গ্রন্থ অতিক্রম
কবিয়া কোন স্থানেই করিত মতেব অনুসরণ করা হয় নাই। কাল-নির্ণয়

ব্যাপারে অধিকাংশস্থলেই অনুমানের আশ্রয় গ্রহণ করিতে হইয়াছে ; কিন্তু প্রামাণিক গ্রন্থগুলির সহিত সামঞ্জস্য রাখিয়া, বহু বিচার-সিদ্ধান্তের পব, একরূপ সাবধানতাব সহিত এই কার্য করা হইয়াছে যে, প্রকৃত সময়ের সহিত আনুমানিক সময়ের স্থানে স্থানে পার্থক্য হইলেও, ব্যবধান অতি অল্পই হইবে।

এই শ্রেণীর গ্রন্থ কখনও প্রথম উদ্ভূত সৰ্ব্বতোভাবে সম্পূর্ণ হইতে পারে না। বৈষ্ণবের স্ববর্ণীয় কতশত গুরুতব ব্যাপার ও কতশত সক্ষম মহা-বৈষ্ণবের পবিত্র চবিত-কাহিনী যে এই গ্রন্থমধ্যে স্থান প্রাপ্ত হয় নাই, তাহার ইয়ত্তা করা যায় না। অনন্ত বৈষ্ণব-তত্ত্ব-বাৰিধিব তীরে বসিয়া কণামাত্র আশ্বাদন অপেক্ষা অধিক সৌভাগ্য আমার ঘটে নাই। তবে, গ্রন্থখানিকে সৰ্ব্বাবয়বযুক্ত করিবার জন্ত যেরূপ ব্যাকুলতায় সঞ্চার হইয়াছে, তাহাতে অগোণে পববর্তী সংস্করণে, অধিকতর কৃতকার্য হইতে পারিব, এইরূপ আশা করি। শ্রীবৈষ্ণব-মণ্ডলের, বিশেষতঃ শ্রীশ্রীমহাপ্রভুব পার্শ্বদ, পরিকর ও সিদ্ধ-ভক্ত-বংশধর দিগের চরণপ্রান্তে আমার করযোড়ে নিবেদন, তাঁহাদের পূৰ্বপুরুষদিগের জীবনী বা বৈষ্ণব-ঐতিহ্য-সংক্রান্ত যে কোন উল্লেখযোগ্য বিষয় তাঁহারা অল্পায়াসে সংগ্রহ করিতে পারেন, রূপা করিয়া আমাব নিকট পাঠাইলে, পববর্তী সংস্করণে, উহা গ্রন্থ-কলেবরে সন্নিবেশিত করা হইবে। গ্রন্থোক্ত বর্তমান যুগেব বৈষ্ণব ও বিষয়-নিৰ্বাচনে কোন উল্লেখযোগ্য পন্থার অনুসরণ করা হয় নাই। সাধামত অনুসন্ধান ও চেষ্টার ফলে, যেখানে যাহা পাওয়া গিয়াছে, তাহাই যথাস্থানে সন্নিবেশিত করা হইয়াছে। অনেক ভক্তের পরিচয় বহু চেষ্টার ফলে সংগ্রহ করিতে না পারিয়া, ইচ্ছাস্বপ্নেও প্রকাশ করিতে পারিলাম না।

শ্রীধাম নবদ্বীপের প্রভূপাদ শ্রীহবিদাস গোস্বামী ও শ্রীপাট পানিহাটির বৈষ্ণব-ঐতিহাসিক ভক্তবব শ্রীল অমূল্য ধন রায় ভট্ট মহাশয়দ্বয় এই গ্রন্থ রচনা-কালে আমাকে যেরূপ স্নেহ ও রূপা করিয়াছেন, তাহা আর্ম জীবনে

ভুলতে পারিব না। এই পুস্তকের অনেক কথা, রায় ভট্ট মহাশয়ের নিকট হইতে সংগৃহীত হইয়াছে। আমি কোনকালে তাঁহার ঋণ পরিশোধ করিতে পারিব না। এতদ্ব্যতীত, পণ্ডিতপ্রবর শ্রীপাদ বসিক মোহন বিদ্যাভূষণ, অধ্যাপক শ্রীযুক্ত অমূল্য চরণ বিদ্যাভূষণ, শ্রীযুক্ত অচ্যুতচরণ তস্বনিধি, শ্রীল দীনেশচন্দ্র ভক্তিরত্ন, শ্রীযুক্ত মধুসূদন তস্ববাচস্পতি, শ্রীযুক্ত প্রিয়নাথ নন্দী, শ্রীপাদ কান্ধপ্রিয় গোস্বামী প্রভৃতি অনেক সহৃদয় মহাজনগণ নানাপ্রকার সাহায্যে দ্বাৰা আমাকে উপকৃত করিয়াছেন, আমি ঈহাদেব নিকট কৃতজ্ঞতাপাশে বদ্ধ বহিলাম। এই গ্রন্থ রচনা কবিত্তে আমাকে প্রাচীন ও আধুনিক বহু গ্রন্থেব অন্নবিস্তর সাহায্য গ্রহণ করিতে হইয়াছে : স্তানাভাষে সকলগুলিব নামোল্লেখ করিতে পারিলাম না। “আনন্দ বাজার বিষ্ণুপ্রিয়া” “গোরাঙ্গ-সেবক,” “ভক্তি,” “বৈষ্ণব-সঙ্গিনী,” “ভক্তি-প্রভা,” “বীরভূমি,” “বিষ্ণুপ্রিয়া-গোবাপ্প” প্রভৃতি বৈষ্ণব পত্রিকায় প্রকাশিত প্রবন্ধগুলি পাঠে বিশেষ উপকৃত হইয়াছি। আধুনিক গ্রন্থমধ্যে গোরদামগত মহাশয় শিশির কুমার ঘোষ মহাশয়েব “অমিয় নিমাই-চরিত,” শ্রীল ব্রজমোহন দাস মহাশয়েব “নবদ্বীপ-দর্পণ” ও “চিত্রাবলী,” রায় বাহাদুর শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন মহাশয়ের “বঙ্গভাষা ও সাহিত্য” ও “বঙ্গসাহিত্য পরিচয়” এবং শ্রীযুক্ত পুলিন বিহারী দত্ত মহাশয়ের “বৃন্দাবন-কথা” নামক গ্রন্থ হইতে অনেক বিষয়ে সাহায্য প্রাপ্ত হইয়াছি। আমি চিরকাল ঈহাদিগের কৃতজ্ঞতা-ঋণ বহন কবিব।

পরিশেষে নিবেদন,—এই গ্রন্থে বহু ভ্রম, প্রমাদ ও নানারূপ ত্রুটি দৃষ্ট হইবে। কৃপাময় বৈষ্ণববৃন্দ তাহা কৃপা কবিয়া প্রদর্শন করিলে এবং গ্রন্থোক্ত কোন কথা ভ্রমাত্মক প্রতিপন্ন হইলে, পরবর্তী সংস্করণে অবনত-মস্তকে, কৃতজ্ঞহৃদয়ে তাহা সংশোধন করিয়া লইব। ইতি।

কলিকাতা,) “সবাকার পদবেণু শিবে রহ মোর”।

২৫শে বৈশাখ ১৩৩২।) শ্রীমুবারি লাল অধিকারী।

শ্রীশ্রীবিষ্ণুপ্রয়া-বলভায় নমঃ ।

ভূমিকা ।

“বৈষ্ণব-শিখা-দর্শনী” বৈষ্ণব-জগতের ঐতিহাসিক-গ্রন্থের স্বরূপে এই প্রথম প্রকাশিত হইলেন । ইহা সুধু সাম্প্রদায়িক গ্রন্থ নহে । প্রকৃত প্রাচীন বৈষ্ণব ইতিহাস-তত্ত্ব জানিতে, আধুনিক শিক্ষিত-সম্প্রদায়ের মনে যে একটা প্রবল বাসনাব উদ্বেক হইয়াছে, তাহা অবিসম্বাদিত সত্য । ঐতিহাসিক সত্যের মধ্য দিয়া বৈষ্ণব-চবিত্র অনুশীলন করিতে, ঐতিহ্য বিনয় লইয়া বৈষ্ণব ধর্ম্মালোচনা করিতে এবং এই সূত্রে শ্রীশ্রীমন্মহাপ্রভুর প্রবর্তিত বিন্দু বৈষ্ণবধর্ম্মের সমাদর করিতে, আধুনিক শিক্ষিত-সম্প্রদায় সর্বিশেষ সমস্তক । ইহা অনুভব করিয়াই সচতুর ও সুযোগ্য গ্রন্থকার তাহাব এই প্রথম বৈষ্ণব-ইতিহাস গ্রন্থ প্রণয়নে যত্নবান হইয়াছেন । এই বিষয়ে তাহার অসাধারণ অনুসন্ধিসা, শ্রমশীলতা এবং কার্য-তৎপত্তা সর্বথা প্রশংসনীয় । সুযোগ্য গ্রন্থকার উচ্চপদস্থ বাজকম্পাচাৰী হইলেও, তাহাব সুপ্রসিদ্ধ বৈষ্ণব-বংশগত দীক্ষা, শিক্ষা ও সদাচারের বিন্দুমাত্রও অভাব নাই, এ কথা আমি মুক্তকণ্ঠে বলিতে পারি । তাহাব এই প্রথম উদ্যম যে সাফল্যমণ্ডিত হইবে, ইহাতে সন্দেহের কোন কারণই নাই, কারণ ইহা স্বয়ং শ্রীমন্মহাপ্রভুর প্রেবণাব কার্য । সুযোগ্য গ্রন্থকার যে বৈষ্ণব-জগতে বৈষ্ণব-ইতিহাসের দিগ্‌দশনীরূপ ভিত্তি স্থাপন করিলেন, তাহা কালক্রমে প্রকাণ্ড অট্টালিকারূপে পরিণত হইবে, এবং তাহাতে ভবিষ্যতে বহু বৈষ্ণব-গ্রন্থকারের আশ্রয়-স্থান হইবে ।

বিধিবদ্ধ ধাবাবাদিক বৈষ্ণব-ইতিহাসের যে প্রকৃত অভাব আছে, শিক্ষিত সুধী বৈষ্ণবগণ একবাক্যে তাহা স্বীকার করিবেন । এই অভাবেব প্রকৃত কাবণ নিরূপণ করিতে হইলে, একখানি স্বতন্ত্র গ্রন্থ লিখিতে হয় । বৈষ্ণব-গ্রন্থ সকলি ভক্তি-গ্রন্থ । বৈষ্ণব-জীবনী ও চরিতাখ্যান সকলি ভক্তিব

ভক্তি-জীবনের সহিত সংশ্লিষ্ট। জন্মমৃত্যুর সাল, তারিখ, বিস্তারিত
বংশ-বিবরণ এবং অত্যাশ্চর্য ভক্তিশ্রদ্ধা শুষ্ক ঐতিহ্য কথার অবতারণা করিয়া
ভক্ত-চরিত লিখিবার প্রথা পূর্বে ছিল না। ইহা আধুনিক প্রথা।
ঐতিহাসিক কথাকে বৈষ্ণব মহাজনগণ “আনকথা” বলিয়া থাকেন, যথা—

“ছাড়িয়া চৈতন্য কথা, অত্র ইতিহাস যথা,

বলে যেই মুখে আগুন তাব।” প্রেম-বিবন্ধ।

এরূপ অবস্থায়, বৈষ্ণব-ঐতিহাসের কথা পূর্বকালে প্রকৃত ভক্তসমাজে
আদবনীস ছিল না। তাই বলিয়া বৈষ্ণব-ঐতিহাস যে একেবারে ছিলনা,
একথা বলিতে পারা যায় না। আমাদের প্রাচীনকালের বৈষ্ণব-ঐতিহাস
যা কিছু আছে, তাহা ধারাবাহিক নহে, এবং আধুনিক হিসাবে সম্পূর্ণ
নহে। ঐতিহাসিক সত্যের অনুসন্ধানের পূর্ক পূর্ক মহাজনগণ সকলেই যে
উদাসীন ছিলেন, একথা বলাও সম্ভব নহে। প্রেম-বিলাস, ভক্তি-
বক্তাব, অনুবাগ-বল্লী, অদ্বৈত-প্রকাশ প্রভৃতি বৈষ্ণব-গ্রন্থে কিছু কিছু
ঐতিহাসিক তথ্য পাওয়া যায়। তবে তাহা বর্তমান কালের ঐতিহাসিক
সঙ্গে উপযোগী নহে এবং অসম্পূর্ণ, একথা স্বীকার করিতেই হইবে।
আধুনিক শিক্ষিত-সম্প্রদায়ের রুচিব উপযোগী বৈষ্ণব-ঐতিহাসের অভাবে
শ্রীমন্ন্যাস প্রভৃৎ শ্রীমুখ-নিঃসৃত মহাবাণী—

“পৃথিবীতে মত আছে নগরাদি গ্রাম।

সকল প্রচার হইবে মম নাম ॥” চৈঃ ভাঃ

সম্পূর্ণভাবে সফল হইতেছে না। পৃথিবী বলিতে বঙ্গদেশ বুঝায় না,
ভাবতবর্ষও বুঝায় না। পৃথিবীর মধ্যে পাশ্চাত্য প্রদেশবাসী বহুসংখ্যক
ভ্রাম্যবুদ্ধি সুশিক্ষিত সুধী লোক আছেন, তাহারা ঐতিহাসিক প্রমাণভিন্ন
কোন কথাই গ্রহণ করিতে প্রস্তুত নহেন। তাহারা এবং তদেশবাসী
মনোনিগম শ্রীশ্রীমহাপ্রভুব পুণ্য চবিত্র এবং তাহাব প্রবর্তিত বৈষ্ণব-ধর্মের
সুস্মরণ সকল আলোচনা করিতে প্রবৃত্ত হইয়াছেন। ঐতিহাসিক সত্যের

মধ্য দিয়া, আমাদিগকে তাঁহাদের এ সম্বন্ধে সকল অনুসন্ধান ও প্রশ্নের সমাধান না করিতে পারিলে, শ্রীশ্রীমহাপ্রভুর উল্লিখিত মহাবাণী পূর্ণভাবে সফল হইবে না। এজন্য ও এক্ষণে বিধিবদ্ধ ভাবে বৈষ্ণব ইতিহাস সঙ্কলনেব প্রয়োজন হইয়াছে। এ পথের প্রথম পথিক শ্রীযুক্ত হরিলাল চট্টোপাধ্যায় মহাশয়। তাঁহার সঙ্কলিত বৈষ্ণব-ইতিহাস অতি ক্ষুদ্র গ্রন্থ। ইহা ১৩১২ সালে মুদ্রিত হয়, ইহাতে প্রকাশিত ঐতিহাসিক ঘটনাবলী ধারাবাহিক নহে এবং বহু ভ্রম-প্রমাদে পূর্ণ। রায় বাহাদুর দীনেশচন্দ্র সেন মহাশয়ের “বঙ্গভাষা ও সাহিত্য” গ্রন্থে সন্নিবেশিত বৈষ্ণব-কথা বৈষ্ণব-ইতিহাস নহে,—বৈষ্ণব-সাহিত্যের ইতিহাস।

পূর্বে বলিয়াছি, সুরোগ্য গ্রন্থকাবের বৈষ্ণব-গ্রন্থ প্রণয়ন এই প্রথম উত্তম। এই দ্রুত কার্যে হস্তক্ষেপ করিয়া তিনি প্রাচীন বৈষ্ণব-গ্রন্থোক্ত মতের কোথাও অতিক্রম করেন নাই, এবং অভিনব করিত পন্থাও অবলম্বন বা অনুসরণ করেন নাই। কাল-নির্ণয়ে, অনেক স্থলে তাঁহাকে অনুমানের আশ্রয় লইতে হইয়াছে, তাহাতে ঐতিহাসিক সত্যের অপলাপ হয় নাই এবং প্রকৃত কাল-ব্যবধান-সমস্তার মীমাংসার গোলযোগও হয় নাই। প্রকৃত বৈষ্ণব-ইতিহাসের অভাবে, আধুনিক বৈষ্ণব-চরিত ও ভক্ত-জীবনীগুলির মধ্যে যে সকল ঐতিহাসিক ভ্রম-প্রমাদ দোষ ঘটিয়াছে, তাহা এই গ্রন্থ প্রকাশে সংশোধিত হইবে, এরূপ আশা করা যায়। স্থানে স্থানে সুরোগ্য গ্রন্থকার বৈষ্ণবীয় ঘটনাব কাল-নির্ণয় সম্বন্ধে, প্রচলিত ভিন্ন ভিন্ন মতের সুরুক্তিপূর্ণ বিচার ও মীমাংসা করিয়া সর্বভাবে প্রমাণিত সত্য পথের অনুসরণ করিয়াছেন। এই সকল বিচার ও মীমাংসার আনু-পূর্বিক রত্নান্ত, তিনি তাঁহার এই ক্ষুদ্র গ্রন্থে সন্নিবেশিত করিতে পাবেন নাই বলিয়া, আমার নিকট দুঃখ প্রকাশ করিয়াছেন। প্রয়োজন হইলে বিচার-স্থলে তাহা তিনি অবশ্যই প্রকাশ করিবেন।

সুরোগ্য গ্রন্থকাবের বংশ-পরিচয় দিয়া, এই ক্ষুদ্র ভূমিকার উপসংহাব

করিব। মুর্শিদাবাদ জেলায় কান্দী মহকুমাদীন পাঁচতোপী গ্রামে শ্রীশ্রীনিবাসা-
চার্য-শাখা শ্রীশ্যামাদাস চক্রবর্তী ঠাকুর-বংশে শ্রদ্ধেয় গ্রন্থকারের জন্ম। এই
সিদ্ধ পুরুষের সেবিত শ্রীবিগ্রহ, শ্রীশ্রীনিবাসাচার্য প্রভৃৎ প্রকট-কাল হইতে
অন্যান্য সার্কিতনশত বৎসবযাবৎ গ্রন্থকারেব আলয়ে মহাসমাবোধে ও
অনুরাগের সহিত সেবিত হইয়া আসিতেছেন। গ্রন্থকারেব পূজাপাদ
পিতৃদেব নিত্যাধামগত শ্রীনন্দজলাল মহাস্তাঠাকুর মহাশয়ের নাম বৈষ্ণব-
সমাজে সুপ্রসিদ্ধ। এই পরম নৈষ্ঠিক আদর্শ গৃহী-বৈষ্ণব শ্রীশ্রী বসু-জাফর-
জনক শ্রীপাদ সূর্য্যদাস পণ্ডিত-বংশীয় মড়গামবাসী গৌরধামগত শ্রীপাদ
সিদ্ধ চৈতন্যচরণ গোস্বামীর দৌহিত্র ছিলেন। স্তবতাং গ্রন্থকাব শ্রীপাদ
মুরাবি লাল অধিকাৰী মহাশয় সৰ্ব্বতোভাবে বৈষ্ণব-গ্রন্থ 'লিখিবাব উপন্যস্ত
এবং এইজগুই পরম দয়াল শ্রীশ্রীগৌবসুন্দব তাঁহাকে কেশে ধবিয়া এই
স্বরূহৎ কার্যে নিয়োজিত কবিয়াছেন।

বোগ্যতব ব্যক্তিব দ্বারাই এই গ্রন্থেব ভূমিকা লিখাইবাব প্রয়োজন
ছিল। কিন্তু কি জান কেন, শ্রদ্ধেয় গ্রন্থকারের শুভদৃষ্টি এই অবোগ্য
জীবাদামেব প্রতি পতিত হইল। বৈষ্ণবদেশে শিবোধার্য্য করিয়া এই
দরুহ কার্যে হস্তক্ষেপ কবিয়া দুঃসাহসেব পবিচয় দিলাম। বোগ্যতব
বৈষ্ণব সুধীবন্দ এই গ্রন্থেব যথারীতি এবং যথাযোগ্য সমালোচনা কবিবেন,
যাহা দেখিয়া জীবাদম লেখকেব শিক্ষা হইবে এবং মনে আনন্দ হইবে।

অলমতি বিস্তরেণ :

শ্রীধাম নবদ্বীপ,
শ্রীশ্রী গৌব-বিষ্ণুপ্রিয়া কুঞ্জ।
১লা বৈশাখ, ১৩৩২ মাল।
গৌরাক্দ ৪৩২

শ্রীবৈষ্ণব-রূপা প্রার্থা—

দীনহীন হরিদাস গোস্বামী।

সূচী ।

প্রথম খণ্ড ।

শ্রীশ্রীগৌরান্ধ মহাপ্রভুর পূর্ববর্তীকাল ।

১ম পরিচ্ছেদ ।

শ্রীরামানন্ড, শ্রীজগদেব ও শ্রীমধ্যাচাৰ্য্যের প্রকটকাল—

২য় পরিচ্ছেদ ।

শ্রীবামানন্দ, শ্রীবিগ্ৰাপতি ও শ্রীচণ্ডীদাসেব সময়—৬

৩য় পরিচ্ছেদ ।

শ্রীঅদ্বৈতাচাৰ্য্য ও বৈষ্ণব-সম্মিলন—৮

দ্বিতীয় খণ্ড ।

শ্রীশ্রীগৌরান্ধ মহাপ্রভুর প্রকটকাল ।

১ম পরিচ্ছেদ ।

শ্রীনিমাইয়ের গয়া যাত্রার পূর্ববর্তীকাল—১১

২য় পরিচ্ছেদ ।

শ্রীগোবিন্দেব গয়াযাত্রা ও সন্যাসাশ্রয়েব মধ্যবর্তীকাল—৩৮

৩য় পরিচ্ছেদ ।

শ্রীনিমাইয়েব সন্যাস ও দাক্ষিণাত্য ভ্রমণকাল—৪৮

৪র্থ পরিচ্ছেদ ।

তাৎ-প্রত্যগত শ্রীগৌরান্ধ ও ভক্ত-সম্মিলন—৫৪

৫ম পরিচ্ছেদ ।

গোড়-মণ্ডলে শ্রীগৌরান্ধ—৫৮

৬ষ্ঠ পরিচ্ছেদ ।

কালীধামে ও শ্রীকন্দাবনে শ্রীগোবিন্দ—৬২

৭ম পরিচ্ছেদ ।

গোড়-মণ্ডলে শ্রীনিত্যানন্দ ও গম্ভীরায় শ্রীগোবিন্দে অবস্থিতিকাল—৬৭

তৃতীয় খণ্ড ।

শ্রীশ্রীগোবিন্দ মহাপ্রভুর লীলাবসানের পরবর্ত্তীকাল ।

১ম পরিচ্ছেদ ।

শ্রীশ্রীনিত্যানন্দ ও শ্রীঅদ্বৈতাচার্য্যের প্রকটকাল—৭৭

২য় পরিচ্ছেদ ।

শ্রীজীবগোস্বামী, শ্রীনিবাসাচার্য্য, শ্রীনবোত্তম ঠাকুর ও শ্রীপ্রমাণন্দ—২০

৩য় পরিচ্ছেদ ।

শ্রীবিষ্ণুনাথ চক্রবর্ত্তী, শ্রীবলদেব বিদ্যাভূষণ, প্রভু বাবামোহন ও অম্বব
বাজ দত্তয়াই জয়সিংহ—:২০

৪র্থ পরিচ্ছেদ ।

শ্রীস্বামী মায়াপুর, নবদ্বীপে তোতাবাম বাবাজী ও মণিপুরবাজ
ভাগ্যচন্দ সিংহ—:৩২

৫ম পরিচ্ছেদ ।

শ্রীভগবান দাস বাবাজী, শ্রীজগন্নাথ দাস বাবাজী ও শ্রীচৈতন্য দাস
বাবাজী—:৪৬

৬ষ্ঠ পরিচ্ছেদ ।

শ্রীপ্রমাণন্দ ভারতী, শ্রীরাধারমণ চরণদাস বাবাজী, শ্রীবৈজয় কৃষ্ণ
গোস্বামী, শ্রীশিশিব কুমার ঘোষ, প্রভু জগদ্বন্ধু ও ঠাকুর হরনাথ—:৩০

শ୍ରীশ୍ରীরাধା-শ୍ରୀମନ୍ଦରା জୟতি ।

মঙ্গলাচরণ ।

—:~:—

১

জয় জয় শ্রীগুরু প্রেম-কলপ-তরু
অদভূত ষাক পরকাশ ।
হিয়া অগেয়ান তিমিরবব জ্ঞান
সুচন্দ্র কিবণে করু নাশ ॥
ইহ লোচন আনন্দ ধাম ।
অযাচিত এ হেন পতিত হেরি যো পর্ভ
যাচি দেয়ল হরিনাম ॥
দুবগতি অগতি অসতমতি যো জন
নাহি স্কৃতি-লব-লেশ ।
শ্রী বন্দাবন ষুগল-ভজন-ধন
তাহে কবত উপদেশ ॥
নিরমল গোর প্রেমবস সিঞ্চনে
পূবল সব মন আশ ।
সো চরণাম্বুজে রতি নাহি হোয়ল
রোয়ত বৈষ্ণব দাস ॥

২

জয় নন্দ-নন্দন, গোপীজন-বল্লভ, বাধা-নায়ক নাগর শ্রাম ।
সো শচীনন্দন, নদীয়া পূবন্দর, সুব-বমণী-মনোমোহন ধাম ॥
জয় নিজকাস্তা-কান্তি-কলেবর, জয় জয় প্রেমসী-ভাব-বিনোদ ।
জয় ব্রজ-সহচরী লোচন মঙ্গল, জয় নদীয়া-বধু-নয়ন-আমোদ ॥

ଜୟ ଜୟ ଶ୍ରୀଦାମ ସୁଦାମ ସୁବଳାର୍ଜୁନ, ପ୍ରେମବର୍ଦ୍ଧନ ନବଘନରୂପ
 ଜୟ ରାମାଦି ସୁନ୍ଦର ପ୍ରିୟ ସହଚର, ଜୟ ଜଗମୋହନ ଗୌର ଅନୁପ ॥
 ଜୟ ଅତିବଳ ବଳବାମ ପ୍ରିୟାନୁଜ, ଜୟ ଜୟ ଶ୍ରୀନିତ୍ୟାନନ୍ଦ ଆନନ୍ଦ
 ଜୟ ଜୟ ସଞ୍ଜନଗଣ-ଭୟ-ଭଞ୍ଜନ, ଗୋବିନ୍ଦ ଦାମ ଆଶ ଅନୁବନ୍ଧ ॥

୩

ବୃନ୍ଦାବନବାସୀ ଯତ ବୈଷ୍ଣବେର ଗଣ ।
 ପ୍ରଥମେ ବନ୍ଦନା କରି ସବାର ଚରଣ ॥
 ନୀଳାଚଳବାସୀ ଯତ ମହାପ୍ରଭୁର ଗଣ ।
 ଭୂମିତେ ପଢ଼ିয়া ବନ୍ଦେଁ । ସବାର ଚରଣ ॥
 ନବହୀପବାସୀ ଯତ ମହାପ୍ରଭୁର ଭକ୍ତ ।
 ସବାର ଚରଣ ବନ୍ଦେଁ । ହଃ ଏଣୁ ଅନୁରକ୍ତ ॥
 ମହାପ୍ରଭୁର ଭକ୍ତ ଯତ ଗୋଡ଼ଦେଶେ ସ୍ଥିତି ।
 ସବାର ଚରଣ ବନ୍ଦେଁ । କରିয়া ପ୍ରଣତି ॥
 ଯେ ଦେଶେ ଯେ ବୈସେ ଯତ ମହାପ୍ରଭୁର ଗଣ ।
 ଉତ୍କୂବାହୁ କରି ବନ୍ଦେଁ । ସବାର ଚରଣ ॥
 ହଃ ଏଠାରେ, ହଃ ଏଠାରେ ଯତ ମହାପ୍ରଭୁର ଦାମ ।
 ସବାର ଚରଣ ବନ୍ଦେଁ । ଦନ୍ତେ କବି ଘାମ ॥
 ମହାପ୍ରଭୁର ଗଣ ଯତ ପତିତ ପାବନ ।
 ଏହି ଲୋଭେ ମୁଁ ପାପୀ ଲଠିକୁ ଶରଣ ॥

শ্রীশ্রীগৌর-গণ

পঞ্চ-তন্ত্র ।

- | | |
|--|-------------------------|
| (গোব-লীলায়) | কুম্ভ-লীলায় |
| ১। ভক্তরূপ শ্রীশ্রীমহাপ্রভু | শ্রীকুম্ভ |
| ২। ভক্তস্বরূপ শ্রীশ্রীনিত্যানন্দ প্রভু | শ্রীসঙ্গমণ্ড, বলানন্দ । |
| ৩। ভক্তাবতাৰ শ্রীশ্রীঅদ্বৈত প্রভু | শ্রীসদাশিব মহাবিক্ৰ |
| ৪। পত্নীথ্যা শ্রীবাস পণ্ডিত | শ্রীনাৰদ । |
| ৫। ভক্ত-শক্তি শ্রীগদাধর পাণ্ডিত | শ্রীমতী বাধিকা । |

অষ্ট প্রধান মহান্ত

- | | |
|----------------------|------------------|
| (গোব-লীলায়) | (কুম্ভ-লীলায়) |
| ১। শ্রীস্বরূপ দামোদর | শ্রীলালিতা । |
| ২। শ্রীবাস বামানন্দ | শ্রীবিশাখ |
| ৩। শ্রীসেন শিবানন্দ | শ্রীচিত্রা । |
| ৪। শ্রীবসু বামানন্দ | শ্রীচম্পক |
| ৫। শ্রীমাদর ঘোষ | শ্রীতুচ্ছবিধা |
| ৬। শ্রীগোবিন্দানন্দ | শ্রীহৃন্দরেখা |
| ৭। শ্রীগোবিন্দ সোম | শ্রীবন্দ্যদেবী |
| ৮। শ্রীবাসুদেব ঘোষ | শ্রীসুন্দেবী |

এতদ্বিন্ন,

- | | |
|--------------------------|-------------------------------------|
| ১। শ্রীজগদানন্দ পাণ্ডিত | মতামা ও সরস্বতী |
| ২। শ্রীগদাধর দাস | চন্দ্রকান্তি, শ্রীবাধাসুখের উদ্বীপন |
| ৩। শ্রীনবজি সবকার ঠাকুর | মধুমতী সখী |
| ৪। শ্রীমুকুন্দ দাস ঠাকুর | বৃন্দাজী । |

ଛଅ ଗୋସ୍ୱାମୀ ।

୧ । ଗୋବ-ଲୀଳାୟ ।	(କୃଷ୍ଣ-ଲୀଳାୟ)
୨ । ଶ୍ରୀସନାତନ ଗୋସ୍ୱାମୀ	ଲବଙ୍ଗ ମଞ୍ଜରୀ ।
୩ । ଶ୍ରୀକୃଷ୍ଣ ଗୋସ୍ୱାମୀ	କମ୍ପ ମଞ୍ଜରୀ ।
୪ । ଶ୍ରୀବସୁନାଥ ଦାସ ଗୋସ୍ୱାମୀ	ବନ୍ଧି ମଞ୍ଜରୀ ।
୫ । ଶ୍ରୀଗୋପାଳ ଭଟ୍ଟ ଗୋସ୍ୱାମୀ	ଶୁଣ ମଞ୍ଜରୀ ।
୬ । ଶ୍ରୀଜୀବ ଗୋସ୍ୱାମୀ	ବିଳାସ ମଞ୍ଜରୀ
୭ । ଶ୍ରୀରଘୁବାଘ ଭଟ୍ଟ ଗୋସ୍ୱାମୀ	ବସ ମଞ୍ଜରୀ ।

ଏତାଦିତ୍ତ,

୧ । ଶ୍ରୀଲୋକନାଥ ଗୋସ୍ୱାମୀ	ମଞ୍ଜୁଲୀଳୀ ମଞ୍ଜରୀ ।
୨ । ଶ୍ରୀକାର୍ତ୍ତିକେୟ ଗୋସ୍ୱାମୀ	କମ୍ପରୀ ମଞ୍ଜରୀ ।

ଦ୍ଵାଦଶ ଗୋପାଳ ।

୧ । ଗୋବ-ଲୀଳାୟ ।	କୃଷ୍ଣ ଲୀଳାୟ
୨ । ଶ୍ରୀଅଭିରାମ ଠାକୁର	ଶ୍ରୀଦାମ ।
୩ । ଶ୍ରୀସୁନ୍ଦରୀନନ୍ଦ ଠାକୁର	ସୁଦାମ ।
୪ । ଶ୍ରୀଧନଞ୍ଜୟ ପାଞ୍ଚୁଡ଼	ଧନୁଦାମ ।
୫ । ଶ୍ରୀଗୋବୀନ୍ଦାସ ପାଞ୍ଚୁଡ଼	ସୁବଳ ।
୬ । ଶ୍ରୀକମଳାକର ପିପିଲାଈ	ମହାବଳ ।
୭ । ଶ୍ରୀଉତ୍ତରାବଣ ଦତ୍ତ ଠାକୁର	ସୁବାଚ ।
୮ । ଶ୍ରୀମହେଶ ପାଞ୍ଚୁଡ଼	ମହାବାଚ ।
୯ । ଶ୍ରୀପ୍ରବନ୍ଧୋଦୟ ଦାସ ଠାକୁର	ସ୍ତୋକକୃଷ୍ଣ
୧୦ । ଶ୍ରୀପ୍ରବନ୍ଧୋଦୟ ଦାସ	ଅଞ୍ଜନ ।
୧୧ । ଶ୍ରୀକାଳୀକୃଷ୍ଣ ଦାସ ଠାକୁର	ଲବଙ୍ଗ ।
୧୨ । ଶ୍ରୀପୁକ୍ଷୋଦୟ ନାଗର	ଦାମ ।
୧୩ । ଶ୍ରୀହରିଧର ଠାକୁର	ପ୍ରବଳ ।

ଚୌଷଠି ମହାନ୍ତ ।

(ଗୋବ-ନୀଳାୟ)	(କୃଷ୍ଣ-ନୀଳାୟ)
୧ । ଶ୍ରୀ ଆଚାର୍ଯ୍ୟାବତ୍ତ	ରତ୍ନରେଖା ।
୨ । ଶ୍ରୀ ବତ୍ସଗର୍ଭ ଠାକୁର	ବତିକଳା ।
୩ । ଶ୍ରୀ ଚକ୍ରଶେଖର ଆଚାର୍ଯ୍ୟ	ସ୍ଵଭଦ୍ରା ।
୪ । ଶ୍ରୀ ଗୋବିନ୍ଦ ଗକଡ଼	ତଦ୍ରରେଖା ।
୫ । ଶ୍ରୀ ମୁକୁନ୍ଦ ଦତ୍ତ	ସ୍ଵମୁଖୀ ।
୬ । ଶ୍ରୀ ଦାମୋଦର ପାଞ୍ଚିତ	ଧନିଷ୍ଠା ।
୭ । ଶ୍ରୀ କୃଷ୍ଣଦାସ	କଳହଂସୀ ।
୮ । ଶ୍ରୀ କୃଷ୍ଣାନନ୍ଦ ଠାକୁର	କଳାପିନୀ ।
୯ । ଶ୍ରୀ ମାଧବାଚାର୍ଯ୍ୟ	ମାଧବୀ ।
୧୦ । ଶ୍ରୀ ଦ୍ଵିଜ ଗୁଡ଼ାନନ୍ଦ	ମାଳତୀ ।
୧୧ । ଶ୍ରୀ ରାମଚକ୍ର ଦତ୍ତ	ଚକ୍ରରେଖା ।
୧୨ । ଶ୍ରୀ ବାସୁଦେବ ଦତ୍ତ	କୁଞ୍ଜବୀ ।
୧୩ । ଶ୍ରୀ ନନ୍ଦନ ଆଚାର୍ଯ୍ୟ	ହରିଣୀ ।
୧୪ । ଶ୍ରୀ ଶଙ୍କର ଠାକୁର	ଚମ୍ପା ।
୧୫ । ଶ୍ରୀ ସୁବୁଦ୍ଧି ମିଶ୍ର	ସ୍ଵରତୀ ।
୧୬ । ଶ୍ରୀ ସୁଦର୍ଶନ ଠାକୁର	ଗୁଡ଼ାନନା ।
୧୭ । ଶ୍ରୀ ରାମ ପାଞ୍ଚିତ	ରମାଲିକା ।
୧୮ । ଶ୍ରୀ ଜଗନ୍ନାଥ ଦାସ	ତିଳକିନୀ ।
୧୯ । ଶ୍ରୀ ଜଗଦୀଶ ଠାକୁର	ସୋବସେନୀ ।
୨୦ । ଶ୍ରୀ ଗଦାଶିବ କବିରାଜ	ସୁଗନ୍ଧିକା ।
୨୧ । ଶ୍ରୀ ବାୟ ମୁକୁନ୍ଦ	କାମିନୀ ।
୨୨ । ଶ୍ରୀ ମୁକୁନ୍ଦାନନ୍ଦ ଠାକୁର	କାମନାଗବୀ ।
୨୩ । ଶ୍ରୀ ପ୍ରବନ୍ଦବାଚାର୍ଯ୍ୟ	ନାଗରୀ ।

୧୪ ।	ଶ୍ରୀନାରାୟଣ ଚାଟ୍ଟୋପାଧ୍ୟାୟ	ନାମ, ବୈଶିଷ୍ଟ୍ୟ ।
୧୫ ।	ଶ୍ରୀମଦ୍‌ବନ୍ଧୁଜ କବି	କୃତବ୍ୟାସୀ ।
୧୬ ।	ଶ୍ରୀଦ୍ଵିଜ ବସୁନାଥ	ଅଟ୍ଟବିତା ।
୧୭ ।	ଶ୍ରୀମଧୁ ପାଣ୍ଡିତ	ମୁଖ୍ୟ ।
୧୮ ।	ଶ୍ରୀପୁରନ୍ଦର ପାଣ୍ଡିତ	ଚନ୍ଦ୍ରିକା ।
୧୯ ।	ଶ୍ରୀବିଷ୍ଣୁଦାସ	ମଣିକୁ ଗୁଣା ।
୨୦ ।	ଶ୍ରୀଗୋବିନ୍ଦାଚାର୍ଯ୍ୟ	ଚନ୍ଦ୍ରିକାତ୍ରିକା ।
୨୧ ।	ଶ୍ରୀପରମାନନ୍ଦ ଗୁପ୍ତ	କନ୍ଦୁକାଫୀ ।
୨୨ ।	ଶ୍ରୀବଳରାମ ଦାଶ	ଅମଳିକା ।
୨୩ ।	ଶ୍ରୀମଦ୍‌ବନ୍ଧୁଜ ସେନ	ମହାମେଧା ।
୨୪ ।	ଶ୍ରୀବିଦ୍ୟାବାଚସ୍ପତି	ଅମଧୁବା ।
୨୫ ।	ଶ୍ରୀଗୋବିନ୍ଦ ଠାକୁର	ଅମଧ୍ୟା ।
୨୬ ।	ଶ୍ରୀକାନ୍ତି କନ୍ଦୁପୁର	ମଧୁବେଶ୍ୟା ।
୨୭ ।	ଶ୍ରୀକାନ୍ତ ଠାକୁର	ତତ୍ତ୍ଵମଧ୍ୟା ।
୨୮ ।	ଶ୍ରୀମାଧବ ପାଣ୍ଡିତ	ମଧୁସ୍ନାନା ।
୨୯ ।	ଶ୍ରୀପ୍ରାବୋଧାନନ୍ଦ ସର୍ବଜ୍ଞତୀ	ଗୁଣଚୂଡ଼ା ।
୩୦ ।	ଶ୍ରୀବଳଭଦ୍ର ଭଟ୍ଟାଚାର୍ଯ୍ୟ	ବବାନ୍ଧୁଦା ।
୩୧ ।	ଶ୍ରୀପରମାନନ୍ଦ ଗୁପ୍ତ ପାଣ୍ଡିତ	ହସଭଣ୍ଡା ।
୩୨ ।	ଶ୍ରୀଲକ୍ଷ୍ମଣାଚାର୍ଯ୍ୟ	ବସତୁନ୍ଧା ।
୩୩ ।	ଶ୍ରୀଜଗଦୀଶ ପାଣ୍ଡିତ	ବନ୍ଧୁବାଟି ।
୩୪ ।	ଶ୍ରୀବନମାଳୀ ଦାସ	ଅମଳା ।
୩୫ ।	ଶ୍ରୀଧର ପାଣ୍ଡିତ	ଚିତ୍ରଲେଖା ।
୩୬ ।	ଶ୍ରୀନାଥ ମିଶ୍ର	ବିଚିତ୍ରାନ୍ଧୀ ।
୩୭ ।	ଶ୍ରୀପୁରୁଷୋତ୍ତମ ପାଣ୍ଡିତ	ମେଦିନୀ ।
୩୮ ।	ଶ୍ରୀପରମାନନ୍ଦ ଗୋସ୍ଵାମୀ	ମଦନାଳୟା ।

୧୧ ।	ଶ୍ରୀକାଶୀ ମିଶ୍ର	କଳାକର୍ତ୍ତା ।
୧୨ ।	ଶ୍ରୀଶିଖି ଚାଟ୍ଟିଂ	ଅନୀକଳା ।
୧୩ ।	ଶ୍ରୀକାଳିଦାସ ଠାକୁର	କବିତା ।
୧୪ ।	ଶ୍ରୀମାନ୍ ପାଣ୍ଡବ	ମଧୁବା ।
୧୫ ।	ଶ୍ରୀକାବିଚନ୍ଦ୍ର ଠାକୁର	ଉଦ୍ଭିଦବା ।
୧୬ ।	ଶ୍ରୀହିରାୟାଚନ୍ଦ୍ର ଠାକୁର	କନ୍ଦୁରା ସୁନ୍ଦରୀ
୧୭ ।	ଶ୍ରୀହରୀଶ୍ୟାମ ସେନ	କାମଳାକରୀ ।
୧୮ ।	ଶ୍ରୀଦିଗ୍ଘ ପୌତ୍ରାୟ	ପ୍ରେମମଞ୍ଜରୀ
୧୯ ।	ଶ୍ରୀବାସବ ପାଣ୍ଡବ	କାବ୍ୟବୀ ।
୨୦ ।	ଶ୍ରୀକାବି ଚନ୍ଦ୍ର ଚନ୍ଦ୍ର	ଠାକୁରବୀ ।
୨୧ ।	ଶ୍ରୀମାଧବପଦ୍ମ ସେନ	ସୁକେଶୀ ।
୨୨ ।	ଶ୍ରୀକଂସାବି ସେନ	ମଞ୍ଜୁକେଶୀ ।
୨୩ ।	ଶ୍ରୀଜୀବ ପାଣ୍ଡବ	ଧାରଣୀବା ।
୨୪ ।	ଶ୍ରୀମୁକୁନ୍ଦ କବିବାର୍ଦ୍ଧ	ମହାଶୀବା ।
୨୫ ।	ଶ୍ରୀଛୋଟ ଚାବିନାମ	ତାବକରୀ ।
୨୬ ।	ଶ୍ରୀକାବିକଦମ ଚକ୍ରବର୍ତ୍ତୀ	ସନୋହବା ।

ଅନ୍ୟାନ୍ୟ ପ୍ରଧାନ ପୁରସ୍କାରଗଣ ।

	(ଶୈବ-ଲୀଳାସ)	(ପୂର୍ବ-ଲୀଳାସ)
୧ ।	ଶ୍ରୀନାକ୍ଷତ୍ରେୟ ଚାଟ୍ଟିଂ	ବହୁକ୍ଷତି ।
୨ ।	ଶ୍ରୀପ୍ରତାପ ବନ୍ଦ	ଉକ୍ତ ।
୩ ।	ଶ୍ରୀମୁବାବି ଗୁପ୍ତ	ଶୂନ୍ୟମାନ ।
୪ ।	ଶ୍ରୀନୀଳାକ୍ଷର ଠାକୁର	ଉକ୍ତବା ।
୫ ।	ଶ୍ରୀପୁରନ୍ଦର ମିଶ୍ର	ସୁଶ୍ରୀବ ।
୬ ।	ଶ୍ରୀକର ପାଣ୍ଡବ	କବିବର ।

୧ ।	ଶ୍ରୀଦାମୋଦିବ ଠାକୁର	ହସାସ ।
୨ ।	ଶ୍ରୀବିଦ୍ୟାନାଥ ଭଞ୍ଜାଚାର୍ଯ୍ୟ	କୃତଦେବ ।
୩ ।	ଶ୍ରୀସୁନ୍ଦାବନ ଦାସ	ସୁଦର୍ଶନ ।
୪ ।	ଶ୍ରୀସାବଧ ଠାକୁର	ନାଳିନ୍ଦୁଖୀ ।
୫ ।	ଶ୍ରୀସୁନନ୍ଦନ	କଳ୍ୟାଣ ।
୬ ।	ଶ୍ରୀଗୋପୀନାଥ ମିଠ	ଅକ୍ଷୟ ।
୭ ।	ଶ୍ରୀସୁବାବି ଠାକୁର	ବନବ ।
୮ ।	ଶ୍ରୀଗୋବିନ୍ଦ ଠାକୁର	ଶକତ ।
୯ ।	ଶ୍ରୀପ୍ରଭୁବିକାଞ୍ଚ ଠାକୁର	ବାଞ୍ଛକୀ ।
୧୦ ।	ଶ୍ରୀସବନ ଚନ୍ଦିନୀ ଠାକୁର	ପ୍ରହ୍ଲାଦ ।

ହରିନାମ ।

ଅନ୍ୟ କବିବାଚ୍ଛ ।

୧ ।	ଶ୍ରୀଗୋବିନ୍ଦନାଥ	କୃଷ୍ଣ-ନୀଳାଚାର୍ଯ୍ୟ ।
୨ ।	ଶ୍ରୀବାସୁଦେବ କବିବାଚ୍ଛ	ସୁଲୋଚନା ।
୩ ।	ଶ୍ରୀଗୋବିନ୍ଦ କାବ୍ୟବାଚ୍ଛ	ଭାଗ୍ୟନାଥ ।
୪ ।	ଶ୍ରୀକର୍ଣ୍ଣପୁର କବିବାଚ୍ଛ	ଶ୍ରୀମାତା ।
୫ ।	ଶ୍ରୀନୃସିଂହ କବିବାଚ୍ଛ	ସୁଚିତ୍ରକା ।
୬ ।	ଶ୍ରୀଭଗବାନ କବିବାଚ୍ଛ	ନବସୂତୀ ।
୭ ।	ଶ୍ରୀସୁଭଦ୍ରାକାନ୍ତ କାବ୍ୟବାଚ୍ଛ	ସାଗରୀ ।
୮ ।	ଶ୍ରୀଗୋପୀବନ୍ଦ୍ୟ କବିବାଚ୍ଛ	ସୁହାସ ।
୯ ।	ଶ୍ରୀଗୋକୁଳ କବିବାଚ୍ଛ	ଅକ୍ଷତ ।

ଉତ୍କଳ ଚକ୍ରବର୍ତ୍ତୀ ।

- ୧ । ଶ୍ରୀନୀଳ ଚକ୍ରବର୍ତ୍ତୀ
- ୨ । ଶ୍ରୀଗୋକୁଳାନନ୍ଦ ଚକ୍ରବର୍ତ୍ତୀ

- ৩। শ্রীশ্রামদাস চক্রবর্তী ।
- ২। শ্রীব্যাস বক্রবর্তী ।
- ৫। শ্রীগোবিন্দ চক্রবর্তী
- ৬। শ্রীবাম চরণ চক্রবর্তী ।

“অনন্ত শৌভাগ-গণ, এক শণিতে পাবে ।
কিন্তু নিখিল, যাহা আচার্য প্রচারে ॥”

বৈষ্ণব দিগ্‌দশনী ।

প্রথম খণ্ড ।

শ্রীশ্রীগোরাঙ্গ মহাপ্রভুর পূর্ববর্তী কাল ।

—•—

প্রথম পরিচ্ছেদ ।

শ্রীরামানুজ, শ্রীজয়দেব ও শ্রীমধ্বাচার্য্যের প্রকট কাল ।

—•—

শ্রীসম্প্রদায়-প্রবর্তক শ্রীরামানুজ স্বামীর আবির্ভাব। রামানুজ বা শ্রীসম্প্রদায়ের প্রবর্তক রামানুজ স্বামী, শ্রীমদ্ভক্ত, মাদ্রাজ হইতে ১৪ ক্রোশ দূরে, পেরাম্বুদুব গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁহার পিতার নাম কেশবাচার্য্য এবং মাতার নাম কাম্বুদেবী। এই সম্প্রদায়ভুক্ত বৈষ্ণবগণ, লক্ষ্মী ও নারায়ণ ঋঃ ১০১৪। এবং ইহাদের সকল অবতাবের, স্বতন্ত্র অথবা যুগল রূপের ভজনা করিয়া থাকেন। ইহাদের তিলকের বিশেষত্ব,—নাসিকামূল হইতে কেশপর্ধ্যন্ত দুইটি সমান্তর উর্দ্ধরেখা, উর্ধ্ব নাসামূলের প্রান্তদ্বয় একটি সরল রেখা দ্বারা যোজিত এবং এই দুই উর্দ্ধরেখার মধ্যে পীত অথবা লোহিতবর্ণের আর একটি উর্দ্ধরেখা অঙ্কিত। গলদেশে তুলসীর মালা এবং তুলসী কিম্বা পদ্মবীজেব জপমালা। ভাগবত, বরাহ, গরুড়, পদ্ম, নারদীয় এবং বিষ্ণু পুরাণ ইহাদেব প্রামাণিক, অবশিষ্ট পুরাণ অগ্রাহ। উড়িষ্যায় জগন্নাথ, হিমালয়ে বদরীনাথ, দাক্ষিণাত্যে

রঙ্গনাথ, বালজী, বামনাথ ও লক্ষ্মী এবং দ্বারকা প্রভৃতি নানাতীর্থে হুগাদেব অগ্রাণ্ড শ্রীবিগ্রহ স্থাপিত আছেন। দাক্ষিণাত্যে এই সম্প্রদায় সমর্থক প্রবল।

মুসলমানকর্তৃক শ্রীমথুরা-মণ্ডল লুপ্তন।

গজনিব স্থলতান মামুদ মথুরা-পূর্বা লুপ্তন করেন। দেবমূর্তি গুলিকে বন, কুপ, নদী, সরোবর কিম্বা মৃত্তিকামধ্যে লুক্কায়িত অবস্থায়
 শক ৯৯০, বাথা হটয়াছিল। তৎপর বহুকাল বজ্রমণ্ডল জনশূণ্ড জঙ্গল
 খৃঃ ১০১৮। অবস্থায় পতিত ছিল। মুসলমান ও দস্যু-তরুর-ভয়ে তীর্থ
 লুপ্ত প্রায় হটয়াছিল।

শ্রীউদ্ধারণ দত্ত ঠাকুরের পূর্বপুরুষের বঙ্গে আগমন ও বাস।

গোপাল শ্রীউদ্ধারণ দত্ত ঠাকুরের
 (ব্রজলীলায় সুবাহু সখা) পূর্বপুরুষ ভবেশ দত্ত, অযোধ্যা
 শক ৯৭০ প্রদেশ হটেতে, বাণিজ্য কবিবার জন্ত বঙ্গদেশে ব্রহ্মপুল-তীরে
 খৃঃ ১০৫৩। সুবর্ণগ্রামে আসিয়া বাস কবেন এবং তথায় কাঞ্জিলাল
 ধবেব ভগিনী শ্রীমতী ভাগ্যবতীকে বিবাহ কবেন। কাঞ্জিলালেব পুত্র কবি
 উমাপতি ধব, গোড়ের রাজা লক্ষণ সেনেব সভাসদ ছিলেন। ভবেশ দত্তেব
 পুত্র শ্রীকৃষ্ণ দত্ত দিগ্বিজয়ী পণ্ডিত ছিলেন এবং কবি শ্রীজয়দেবেব
 “গাতগোবিন্দের” গঙ্গা নামে এক টীকা প্রণয়ন করিয়াছিলেন।

শ্রীরামানুজ স্যামীর মতবাদ স্থাপন। শঙ্করা-
 শক ৯৮০-১০২০, চাঘ্যের অদ্বৈতবাদের বিবন্ধে, রামানুজ তাঁহার নূতন গুণক
 খৃঃ ১০৫৮-৯৮, ষমুনামুনিব আদেশে, তাঁহার বিশিষ্টাদ্বৈতবাদ স্থাপন করেন।

এই সময় তিনি ত্রিচিনপল্লীর নিকট শ্রীরঙ্গমে বাস করিতেছিলেন।
 ১০১৩ শকে তিনি নাবায়ণ বিগ্রহ প্রতিষ্ঠা করিলে, শৈব-দম্পানুরক্ত চোল-
 রাজের বিরাগভাজন হইয়া, হোশলরাজ্যে স্থানান্তরিত হইলেন। তথায়

রাজা বিত্তিদেব বা বিষ্ণু-বর্ধনকে স্বমতে আনয়ন করিয়া দীক্ষিত করেন ।
বামানুজের প্রচারিত বহু গ্রন্থ আছে, তন্মধ্যে বেদান্ত-সূত্র, ভগবদ্‌গীতা
ও বেদান্ত-দীপ প্রধান । মহাজনগণ বামানুজকে শ্রীলক্ষ্মণাবতার বলিয়া
নির্দেশ করিয়া গিয়াছেন । লক্ষ্মণের সকলগুণই শ্রীরামানুজ স্বামীর চরিত্রে
বর্তমান ছিল ।

কবি শ্রীজয়দেব ঠাকুরের আবির্ভাব । বীরভূম
জেলায় অজয় নদীর তীরে, কেন্দুগি বা কেন্দুবির গ্রামে শ্রীজয়দেব
ঠাকুরের বাস ছিল । তিনি প্রথম জীবনে বৈরাগ্যাশ্রয় করিয়া
শক ১০২২-৫২, নীলাচল যাত্রা করেন, তথায় শ্রীশ্রীজগন্নাথদেবের স্বগাদেশে
খৃঃ ১১০০-৩০ । এক ব্রাহ্মণকুমারীর পাণিগ্রহণ করিতে বাধা করেন । পরে
কেন্দুবির গ্রামে তাঁহার পূর্বাশ্রমের আলায়ে আসিয়া, গার্হস্থ্যাশ্রম স্বীকার
করেন ও সুপ্রসিদ্ধ “গীত-গোবিন্দ” রচনা করেন । এই শ্রীগ্রন্থের দশম
সর্গে, একটি পদমধ্যে “দোহি পদ-পল্লবমুদাবং” অংশ ভগবান শ্রীকৃষ্ণকর্তৃক
স্বয়ং লিখিত ও সন্নিবেশিত হইয়াছে । কেন্দুবির গ্রামে শ্রীজয়দেব ঠাকুরের
স্মরণ-মহোৎসব উপলক্ষে, প্রতি বৎসর পৌষ মাসে একটি মেলা হইয়া
থাকে । শ্রীজয়দেব ঠাকুর, গোড়াধিপতি রাজা লক্ষ্মণসেনের রাজসভায়
শ্রেষ্ঠ কবি ছিলেন ।

শ্রীপুরীধামে শ্রীশ্রীজগন্নাথদেবের মন্দির
শক ১০২৫, সংস্কার । উড়িষ্যার রাজা অনঙ্গভীম, পুরীতে জগন্নাথ-
খৃঃ ১১৭৪ । দেবের বর্তমান মন্দির সংস্কার করেন ।

মধ্বাচারী বা ব্রহ্ম-সম্প্রদায়-প্রবর্তক
মধ্বাচার্য্যের আবির্ভাব । মধ্বাচার্য্য, দক্ষিণা-
শক ১১২১ । পথের মধ্যবর্তী তুলব দেশে কল্যাণপুরম্ গ্রামে জন্মগ্রহণ
খৃঃ ১১৯২ । করেন । তাঁহার পিতার নাম মধেজি ভট্ট ।

মধ্বাচার্য্যের সন্ন্যাস গ্রহণ । শ্রীমধ্বাচার্য্য, সনক-

শক ১১৩০, কুলজাত অচ্যুত-প্রচনামক আচার্য্যের নিকট সন্ন্যাসগ্রহণ
খৃঃ ১২০৮। কবেন ।

উদিপির মঠে আদি শ্রীকৃষ্ণ বিগ্রহ । মধ্বাচার্য্য

উদিপি, সুরক্ৰণ্য, ও মধ্যতলে তিনটি মঠস্থাপন করিয়া, তিনটি
শক ১১৪০-৫০, শালগ্রাম শিলা প্রতিষ্ঠিত করেন এবং উদিপিতে এক শ্রীকৃষ্ণ
খৃঃ ১২১৮-২৮ । বিগ্রহ স্থাপন করেন । এই বিগ্রহ বাধিকাবিহীন, মন্থপাশধাবী

শিশুকৃষ্ণমূর্তি—প্রবাদ, ইহা আদি শ্রীকৃষ্ণমূর্তি এবং অর্জুনকর্তৃক দ্বারকায়
স্থাপিত হন । কালে দ্বারকা সমুদ্র-মগ্ন হইলে এই মূর্তি অদৃশ্য হন ।
বহুকাল পবে দ্বাবকায় হরিচন্দন-পূর্ণ একখানি নৌকা উদিপির নিকট
নদী-গর্ভে মগ্ন হয়, মধ্বাচার্য্য ধানে জানিতে পাবিয়া, ঐ শ্রীমূর্তি
উত্তোলন করাষ্টয়া উদিপির মঠে স্থাপন কবেন । এই উদিপি নগর
দাক্ষিণাত্যেব তুলব দেশে, সমুদ্র হইতে তিন মাইল অন্তরে
পাপনাশিনী নদীর নিকট অবস্থিত । দক্ষিণদেশে এই মঠ অতিশয়
প্রসিদ্ধ ।

মধ্বাচার্য্যদিগের উদাসীন আচার্য্যগণ তাহাদেব বঙ্গসূত্র পরিত্যাগ
করিয়া, দণ্ড-কমণ্ডলু ধারণ করেন এবং মন্তক মুণ্ডন কবিয়া সামান্ত এক
খণ্ড গৈরিক বস্ত্র পরিধান করেন । ইহাদেব তিলক শ্রীসম্প্রদায়েব
মতই, তবে প্রভেদ এই যে, উদ্ধগুণ্ডেব মধো বস্ত্র অথবা পীতবর্ণ
উদ্ধবেথার পবিবন্ধে, ইহাবা গন্ধ দ্রব্যের ভঙ্গদ্রাব্য ঐ স্থানে একটি সরল
বেথান্ধিত করিয়া, তাহার শেষে পীতবর্ণ এক গোলাকাব তিলক ধারণ
কবিয়া থাকেন । ইহাবা বিষ্ণুকে বিশ্বেব আদিকাবণ শ্রীভগবান বলিয়া
স্বীকাব কবেন, জীব ও ভগবানের স্বতন্ত্র সত্তা স্বীকাব করায় ইহাবা দৈত-
বাদী নামে খ্যাত । ইহাদেব দেবমন্দিবে নাবায়ণেব শ্রীবিগ্রহেব সহিত শিব,

দুর্গা" ও গণেশের মূর্তিও রক্ষিত হইয়া যথাবিধি পূজিত হইয়া থাকেন ।

শ্রীশ্রীগোবিন্দ মহাপ্রভু এই মধ্বাচার্য্য-সম্প্রদায়ের বৈষ্ণব এবং মধ্বাচার্য্য হইতে সম্প্রদায়সংখ্যক, যথা । ১। মধ্বাচার্য্য, ২। পদ্মনাভ, ৩। নবহরি, ৪। অক্ষোভ, ৫। জয়তীর্থ, ৬। জ্ঞানসিদ্ধ, ৭। মহানিধি, ৮। বিদ্যানিধি, ৯। রাজেন্দ্র, ১০। জয়ধর্ম্ম, ১১। পূর্বনোভম্, ১২। ব্রাহ্মণ, ১৩। ব্যাসতীর্থ, ১৪। লক্ষ্মীপতি, ১৫। মাধবেন্দ্রপূর্বী, ১৬। ঈশ্বরপূর্বী, ১৭। শ্রীকৃষ্ণ-চৈতন্য ।

শ্রীবোপদেব গোস্বামীর আবির্ভাব । পিতা:

কেশব কবিরাজ । বোপদেব ধনেশ্বর পণ্ডিতের শিষ্য ছিলেন
শক ১১৮২, এবং নিজাম রাজ্যের মধ্যবর্ত্তী দেবগিরিব (বর্ত্তমান
খঃ ১২৬০। দৌলতাবাদ) রাজ্য হিমাদ্রির সভায় প্রধান পণ্ডিত ছিলেন ।
বোপদেব বহু গ্রন্থ রচনা করেন, তন্মধ্যে মুক্তবোধ, মুক্তফল, হরিলীলা ও
কামধেনু কাব্য প্রসিদ্ধ ।

শ্রীপাট সাঁতিয়ার শ্রীশ্রীমদন-মোহন বিগ্রহ

প্রতিষ্ঠা । বালেশ্বর জেলায়, ভদ্রকনগরের নিকটবর্ত্তী
শক ১১৯৮, সাঁতিয়া গ্রামে, শ্রীশোদা-নন্দন স্থায়ালঙ্কার নামক ভক্ত,
খঃ ১২৭৬। শ্রীশ্রীমদনমোহন বিগ্রহ প্রতিষ্ঠা করেন । শ্রীশ্রীগোবিন্দদেব
শ্রীবৃন্দাবন যাইবার পথে, রায় রামানন্দ সহ ভদ্রকে আসিয়া এই মদনমোহন-
মন্দিরে পাঁচ দিন ছিলেন । মন্দিরটি কালিন্দী নদীর উপরে, মহাপ্রভু যে
ঘাটে স্নান করিয়াছিলেন অত্য়াপিও সেই ঘাট "গোবিন্দ-ঘাট" নামে প্রসিদ্ধ ।
উক্ত শোদা-নন্দনের বংশধর গঙ্গানারায়ণ বাচস্পাতি, ঐ শ্রীবিগ্রহের
সেবাইত ছিলেন । মহাপ্রভু গঙ্গানারায়ণকে স্থায় বন্দন করিয়া রূপা
করিয়াছিলেন । উক্ত মন্দিরে ঐ শ্রীবন্দন অত্য়াপিও রক্ষিত হইতেছেন ।

প্রতিবৎসব হোবা পঞ্চমীতে, গঙ্গানাবায়ণ ঠাকুবেব তিবোভাব উৎসবো-
পলক্ষে, ঐ বন্দখানি বাহিব চইয়া থাকেন। ভদ্রক টেশন (বি, এন, আর)
চইতে সঁতিয়া প্রায় ছই ক্রোশ ।

শক ১১২৮,

অধ্বাচার্য্যেব তিরোভাব ।

পূঃ ১৩৭৫ ।

দ্বিতীয় পরিচ্ছেদ ।

শ্রীরামানন্দ, শ্রীবিद्याপতি ও শ্রীচণ্ডীদাসের সময় ।

শ্রীরাামানন্দ স্বামীৰ আৰিভাব । রাামানন্দী বা

শক : ১২২০,

পূঃ ১২৯০*

রামাইং সম্প্রদায়ের প্রবর্তক বামানন্দ, প্রয়াগে জন্মগ্রহণ
কবেন। পিতা পুণ্যসদন (কাঞ্চকুঞ্জী ব্রাহ্মণ) মাতা
সুশীলা। এই সম্প্রদায়, রামানুজ সম্প্রদায়ের শাখা এবং
ভারতবর্ষের উত্তরখণ্ডে সমধিক জ্বল। শ্রীরামচন্দ্র ও সীতাদেবী রামা-
নন্দীদিগেব আরাধ্য দেবতা। হঁহাদের তিলক প্রায় রামানুজদিগেবই মত,
কেবল হঁহারা আপন রুচিমত উদ্ধরেখাব মধ্যস্থ সরল বেখাব বর্ণ ও
স্বাকৃতির কিঞ্চিৎ পরিবর্তন করেন। রাামানন্দেব প্রধান শিষ্য কবির,
বইদাস ও সেন তিনটি পৃথক শাখা-সম্প্রদায় গঠন করেন।

শ্রীবিद्याপতি কবির আৰিভাব । মিথিলাব অন্তর্গত

শক ১২২৬,

পূঃ ১৩৭৪,

বিসফী বা বিসপী গ্রামে বিद्याপতিব জন্ম। এই গ্রাম সীতা-
মাৰি মহাকুমায় জাবৈল পরগণাব মধ্যবস্তী কমলা নদীর
তীরে। পিতা “গঙ্গাভক্তি-তরঙ্গিনী”—লেখক গণপতি ঠাকু-
(ব্রাহ্মণ)। বিद्याপতি মহাবাজ শিব সিংহের সভাসদরূপে নিযুক্ত হঁন

এধং কালে “কবি-রঞ্জন” ও “কবি-কণ্ঠ-হার” দুইটি উপাধি লাভ করেন ।
বিद्याপতি স্ত্রী পুরুষ ও সঙ্গীতজ্ঞ স্ককণ্ঠ কবি ছিলেন । দীর্ঘ জীবনেব
পর সাহিত্যবাজিতপুর গ্রামে তিনি দেহ ত্যাগ করেন । বিद्याপতিব
পদাবলী জগদ্বিখ্যাত ।

পদকর্তা চণ্ডীদাসের আবির্ভাব । পিতা

ব্রাহ্মণ ভবানীচরণ ও মাতা ভৈববীসুন্দরী । বাসস্থান,
শক ১৩০৫, বীরভূম জেলাসুর্গত নান্দু গ্রাম, লুপলাইন আহামদপুর
খঃ ১৩৩৩।

ষ্টেশন হইতে ১৫ মাইল । চণ্ডীদাসের পিতা স্বগ্রামে বিশা-
লাক্ষী দেবীর পূজক ছিলেন । চণ্ডীদাসও শৈশবাবস্থায় ঐ কার্যে নিযুক্ত
হন । কালে বিশালাক্ষী দেবী চণ্ডীদাসকে রাধাকৃষ্ণ মস্ত্রে দীক্ষিত করিলে,
তিনি গোপীভাবে সাধন করেন । চণ্ডীদাস চিরকুমার ছিলেন । নান্দুরের
তিন ক্রোশ পূর্বে তেহাই গ্রামেব সনাতন ও লক্ষ্মী নামক রজক-
দম্পতির কণ্ঠা রজকিনী রামমণি বা রামী চণ্ডীদাসের ভজনের সঙ্গিনী
ছিলেন । মিথিলাধিপতি রাজা শিবসিংহ গোড় রাজ্য পরিদর্শনে আসিলে
বিद्याপতি তাঁহার সঙ্গে আসিয়া চণ্ডীদাসের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন ।

বিद्याপতিকে বিসর্ফি গ্রাম দান । মিথিলাধিপতি

শিবসিংহ এই সময় বিद्याপতিকে বিসর্ফি গ্রাম দান করেন
শক ১৩২৩, এবং এই বৎসরেই তিনি রাজ্যলাভ কবেন । বিद्याপতির
খঃ ১৪০১ ।

বংশধরেরা এখন এই গ্রাম ত্যাগ করিয়া সোরাট গ্রামে
বাস করিতেছেন ।

শক ১৩০২,

শ্রীরামানন্দের তিরোভাব

শ্রীপাট মাহেশে শ্রীশ্রীজগন্নাথ বিগ্রহ প্রতিষ্ঠা

ধ্রুবানন্দনামক জনৈক উদাসীন ভক্তকর্তৃক মাহেশে শ্রীশ্রীজগন্নাথ,

ସୁଭଦ୍ରା ଓ ବଳବୀରବିଗ୍ରହ ପ୍ରତିଷ୍ଠିତ ହୟେନ ।
 ଶକ : ୧୫୫୨, ଖ୍ରୀଷ୍ଟାବଦ୍ ପୁରୀଧାମେ ଶ୍ରୀବିଗ୍ରହ ଦର୍ଶନ କରିଲେ, ତାହାର ପ୍ରବଳ
 ଖୁସି : ୧୫୫୦ । ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କୁ ପ୍ରଣାମ କରିବା ପାଇଁ ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କୁ ଦେଖିବା ପାଇଁ
 ବାସନା ଜନ୍ମେ ଯେ, ତାହାର ସ୍ଵପ୍ନରେ ରକ୍ତର କବିରୀ ପ୍ରଭୃତି ଭଞ୍ଜାଣୁଅଛନ୍ତି,
 କିନ୍ତୁ ପାଞ୍ଚାଶ ପାଞ୍ଚାଶ ତାହାଙ୍କୁ ଏ ବାସନା ପରିତ୍ୟାଗ କରିବାକୁ ଆଦେଶ ଦେଲେ ।
 ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କୁ ଶ୍ରଦ୍ଧାରେ ମନୁଷ୍ୟତାରେ ପଢ଼ିବା ଥାଏ । ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କୁ ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କୁ ଦେବ
 ତାହାଙ୍କୁ ମାନୁଷ୍ୟ କରିବା, ଭାଗୀବର୍ଣ୍ଣୀତାରେ ମାତେଶ ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କୁ ବନଭୂମି କାଟିବା
 ବାସସ୍ଥାନ ନିର୍ଦ୍ଧାରଣ କରିବା, ତାହାର ପ୍ରତୀକ୍ଷା କରିବାକୁ ଆଦେଶ ଦେଲେ । ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କୁ
 ତଦ୍ରୂପ କଲେ ଓ ପୁନଃ ସ୍ଵପ୍ନାଦେଶ ପ୍ରାପ୍ତ ହେଲା, ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କୁ ପରି ଭାସିଲେ
 ତାହାର ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କୁ ଉଠାଇବା ଲାଗି ପ୍ରତିଷ୍ଠା କଲେ । ତତ୍ପରେ ବୃନ୍ଦାବନ ପୁନଃ
 ସ୍ଵପ୍ନାଦେଶ ପାଇଲା, ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କୁ ପିପିଲାଇକେ ଦେବସେବାର ଭାରାପଣ କରିବା
 ନିତ୍ୟାଳୀନ ପ୍ରବେଶ କଲେ ।

ଚଣ୍ଡୀଦାସଙ୍କର ପଦାବଳୀ । ଚଣ୍ଡୀଦାସ ତାହାର

ଶକ ୧୭୧୧.

ପଦାବଳୀ ରଚନା ସମାପ୍ତ କଲେ । ଏହି ପଦାବଳୀର ସମ୍ପାଦନା ୧୯୨୬ ।

ଖ୍ରୀ : ୧୮୭୩ ।

ତୃତୀୟ ପରିଚ୍ଛେଦ ।

ଶ୍ରୀଅଦ୍ୱୈତାଚାର୍ଯ୍ୟ ଓ ବୈଷ୍ଣବ-ସମ୍ମିଳନ ।

ଶ୍ରୀଅଦ୍ୱୈତାଚାର୍ଯ୍ୟ ପ୍ରଭୃତି ଆବିର୍ଭାବ । ଶ୍ରୀକୃଷ୍ଣ

ଶକ ୧୭୧୧,

ମାସୀ ଶୁକ୍ରା

ସମ୍ପୂର୍ଣ୍ଣ,

ଖ୍ରୀ : ୧୮୭୪ ।

ଜେଲାର ଲାଉଡ଼ ଗ୍ରାମର ଦିବାସିଂହ ବାଜାର ମନ୍ତ୍ରୀ ଭବଦ୍ୱାଜ ଗୋବିନ୍ଦ
 ବାରେନ୍ଦ୍ର ବ୍ରାହ୍ମଣ କୁବେର ଆଚାର୍ଯ୍ୟର ଓଡ଼ିଆ ଓ ନାଥ ଦେବୀର ଗର୍ଭେ
 ଶ୍ରୀଅଦ୍ୱୈତାଚାର୍ଯ୍ୟ ଜନ୍ମଗ୍ରହଣ କଲେ । ତାହାର ପୂର୍ବ ନାମ କମଳାକ୍ଷ
 ଆଚାର୍ଯ୍ୟ । ଅଦ୍ୱୈତପ୍ରଭୁ ଲାଉଡ଼ ଗ୍ରାମେ ଜନ୍ମଗ୍ରହଣ କରିବା, ଶ୍ରୀକୃଷ୍ଣ ଜେଲାର ନବଗ୍ରାମେ
 କିଛିକାଳ ବାସ କରିବା ଶାନ୍ତିପୁରେ ଆସିବା ବାସ କଲେ । ତାହାର ସୀତା ଓ ଶ୍ରୀ

নাম্নী দুই স্ত্রী এবং তাঁহাদের গর্ভজাত অচ্যুত, কৃষ্ণমিশ্র, বলরাম, গোপাল ও জগদীশনামক পাঁচ পুত্র ছিলেন। অদ্বৈত-পরিবারভুক্ত বৈষ্ণবগণেব তিলক বটপত্রের স্থায়। অদ্বৈতপ্রভু, শ্রীসদাশিব মহাবিষ্ণুর অবতাব।

কবীর-পত্নী সম্প্রদায়-প্রবর্তক কবীরের
আবির্ভাব। ভক্তমালে লিখিত আছে, রামানন্দের
 শক ১৩৬২ বরে, বাল-বিধবা ব্রাহ্মণ-কন্যার গর্ভে কবীরেব জন্ম হয়।
 ঋঃ ১৪৪০। প্রচ্ছন্নভাবে প্রসূত শিশু পরিত্যক্ত হইলে, এক জোলা উহাকে প্রাপ্ত
 হইয়া আত্ম-সন্তানবৎ লালন-পালন করে। কবীর-পত্নীগণ সকল
 দেব-দেবী অপেক্ষা বিষ্ণুতে অধিক শ্রদ্ধাবান। মহাস্তেরা মাথায় টুপী
 ব্যবহার করেন। ইঁহারা নাসিকায় চন্দনের বা গোপীচন্দনের তিলক সেবা
 এবং কণ্ঠে তুলসীর মালা ও তুলসীর জপমালা ব্যবহার করিয়া থাকেন।
 কবীর রামানন্দের প্রধান শিষ্য ছিলেন।

শ্রীশচী মাতার আবির্ভাব। শ্রীহট্ট জেলায় জয়পুর
 শক ১৩৬৩ গ্রামে; পিতা শ্রীনীলাধর চক্রবর্তী। ইনি নবদ্বীপে, রামচন্দ্র
 ঋঃ ১৪৪১। সিদ্ধাস্ত-বাগীশের সমকালের একজন প্রধান অধ্যাপক।
 নবদ্বীপে বেলপুখুরিয়াপাড়ায় ইঁহার বাস ছিল। ইঁহার দুই পুত্র যজ্ঞেশ্বর ও
 হিরণ্য এবং দুই কন্যা। শচী দেবী ব্রজলীলায় মাতা বশোমতী। নীলাধর
 চক্রবর্তী ব্রজলীলায় সুমুখ গোপাল ছিলেন। শচী দেবীর মাতাব নাম
 বিলাসনী, ইনি ব্রজলীলায় জটীলা ছিলেন।

শ্রীশবন হরিদাস ঠাকুরের আবির্ভাব।
 শক ১৩৭১। খুলনা জেলায় সাতখিরা মহকুমাস্তর্গত বুঢ়ন গ্রামে; পিতা
 অগ্রহায়ণ, সুমতি ঠাকুর, মাতা গৌরী দেবী। হরিদাস ঠাকুরেব
 ঋঃ ১৪৪২। ছয়মাস বয়সের সময় তাঁহার পিতার মৃত্যু হইলে, মাতা

স্বামীৰ অন্তঃগমন কৰেন । প্ৰতিবেশী কোন মুসলমান এই অনাথ শিশুকে প্ৰতিপালিত কৰেন, এই জন্তই তান “যবন হৰিচাস” নামে খ্যাত । হৰিদাস অদ্বৈত প্ৰভুৰ অন্তঃগত ছিলেন । বৃঢ়ন গ্ৰামে ও বৰুমান জেলাস্বৰ্গত মেমারী ৰেল ষ্টেশনেৰ সন্নিহিত কুলীনগ্ৰামে শ্ৰীহৰিদাস ঠাকুৰেৰ শ্ৰীপাট আছে এবং শেমোক স্থানে তাঁহাৰ দেড়হস্ত পৰিমিত দাৰুণময় মূৰ্ত্তি আছে । হৰিদাস পূৰ্ব লীলায় প্ৰহ্লাদ ছিলেন । চৈতন্য-মঙ্গলকাৰ শ্ৰীজয়ানন্দেৰ মতে হৰিদাস ঠাকুৰেৰ “উজ্জ্বলা মায়েৰ নাম বাপ মনোহৰ । স্বনদীতীৰে ভাট কলাগাছি গ্ৰাম ।”

শক : ১৩৭৩, দিল্লিৰ বাদশাহ বহ্লাল লোদীৰ
খৃঃ ১৪৫১। বাজ্যারম্ভ ।

শ্ৰীশ্ৰীঅদ্বৈতাচাৰ্য্য ও বিদ্যাপতি-মিলন ।

শক ১৩৭৭, শ্ৰীঅদ্বৈতাচাৰ্য্য তীৰ্থ-দৰ্শন কৰিবৰ পথে মিথিলায় উপস্থিত
খৃঃ ১৪৫৫ । হন ; পথে বৃক্ষতলে, এক বৃক্ষ ব্ৰাহ্মণকে স্তম্ভধূৰকণ্ঠে
শ্ৰীকৃষ্ণলীলা-কীৰ্ত্তন কৰিতে শুনিয়া, তাঁহাৰ সহিত আলাপে বিদ্যাপতি
বলিয়া পৰিচয় পান । তাঁহাৰ অদ্ভুত কবিত্ব, স্তম্ভধূৰ ভাষা ও প্ৰেম
দৰ্শন কৰিয়া অদ্বৈত প্ৰভু মোহিত হইয়াছিলেন ।

শ্ৰীশ্ৰীধৰ ঠাকুৰেৰ আবিৰ্ভাব । ব্ৰজলীলায়

শক ১৩৮০-৮৫, চিত্ৰলেখা স্বয়ী । শ্ৰীশ্ৰীমহাপ্ৰভুৰ প্ৰতিবেশী ; তন্তুবায়
খৃঃ ১৪৫৮- পাড়ায় বাস । জাতি ব্ৰাহ্মণ, মতান্তরে গ্ৰহাচাৰ্য্য ব্ৰাহ্মণ ।
১৪৬৩ । শ্ৰীধৰ ঠাকুৰ খোড়, মোচা, কলারপাত ও খোলাৰ
ডোঙ্গাদি বিক্ৰয় কৰিয়া জীবিকা নিৰ্ব্বাহ কৰিতেন । তিনি
একজন পৰম বৈষ্ণব ছিলেন ও দিবানিশি উচ্চৈঃস্বৰে কৃষ্ণনাম লইতেন ।
মহাপ্ৰভু প্ৰত্যহ বাজাৰে শ্ৰীধৰেৰ সহিত খোলা কাড়াকাড়ি কৰিতেন ।

শ্ৰীশ্ৰীনিবাসাচাৰ্য্য-পিতা গঙ্গাধৰ ভট্টাচাৰ্য্যেৰ

জন্ম । নদীয়া জেলাস্বর্গত চাকন্দীগ্রামে (কাটোয়ার ৬৭ মাইল
 দক্ষিণ-পূর্ব কোণে) । শ্রীশ্রীমহাপ্রভুর সন্ন্যাস-
 শক ১৩৮৭, দর্শনে ইনি উন্নতপ্রায় হইয়া, কয়েকদিবস কেবল
 গৃঃ ১৪৬৫ । “চৈতন্য” নামমাত্র উচ্চারণ কবিতেন, সেইজন্ত তাঁহাকে লোকে
 “চৈতন্যদাস” বলিত । কাটোয়ার সন্নিকট যাজিগ্রামে বলরাম আচার্য্যেব
 কন্যা লক্ষ্মীদেবীর সহিত ইহার বিবাহ হয় । শ্রীশ্রীমহাপ্রভুব প্রেমাভাব
 শ্রীনিবাসাচার্য্য এই দম্পতির পুত্র ।

উড়িষ্যার রাজা পুরুষোত্তম

শক ১৩৯১,

গৃঃ ১৪৬৯ ।

দেবের রাজ্যরম্ভ ।

শ্রীমুরারি গুপ্তের আবির্ভাব । মুরারি গুপ্তেব বাটী
 শ্রীহটে ছিল, চিকিৎসা ব্যবসাব জন্ত নবদ্বীপে বাস করিতেন । শ্রীজগন্নাথ
 মিশ্রের প্রতিনিধী ছিলেন । মুরারি “যোগবাশিষ্ঠ” পড়িতেন
 শক ১৩৯২, এবং তগবানের সহিত জীবের অভেদ জ্ঞানের মতাবলম্বী
 গৃঃ ১৪৭০ । থাকায়, নিমাই শৈশবাবস্থায় তাঁহাকে ব্যঙ্গ করিয়াছিলেন ।
 এই মুরারি গুপ্ত অতঃপর শ্রীনিমাইয়ের বাল্য-লীলা লিখেন—তাহাকেই
 সুপ্রসিদ্ধ “মুরারির করচা” বলে । মুরারি শ্রীরামলীলায় হনুমান ছিলেন ।

শ্রীংশে শ্রীমুকুন্দ সরকার ঠাকুরের আবি-
 ভাব । পিতা নরনারায়ণ, জাতি বৈষ্ণ । মুকুন্দ তাৎকালিক গোড়ের
 বাদশাহাব গৃহ-চিকিৎসক ছিলেন । পিতৃবিয়োগের পর
 শক ১৩৯২।২০, মুকুন্দ, কনিষ্ঠ নরহরিকে অধ্যায়ন জন্ত নবদ্বীপে রাখিয়া গোড়ে
 গৃঃ ১৪৭০-৭১ । গমন করেন । ক্রমে নরহরি ও পরে মুকুন্দ নবদ্বীপে শ্রীশ্রী-
 গৌরানন্দেবের চরণাশ্রয় করিয়াছিলেন । মুকুন্দ ব্রজ লীলায় “বৃন্দাদেবী”
 ছিলেন । ইহার পুত্র মদনাবতার শ্রীবৃন্দনন্দন ঠাকুর ।

শ্রীকৃষ্ণ-বিজয় গ্রন্থ রচনারস্তু । বর্ধমান জেলায় মেমারী-সরিকট ত্রীপাট কুলীনগ্রামবাসী শ্রীশ্রীমহা-
 শক : ১০৫,
 পৃঃ ১৪৭১।
 শ্রীমদ্বাগবতেব বঙ্গানুবাদ আবিস্ত করেন । এই অনুবাদ
 পয়ার গ্রন্থের নাম “শ্রীকৃষ্ণ বিজয়” ।

শ্রীনিত্যানন্দ প্রভুস্ব আবির্ভাব রাঢ় দেশে,
 শক : ৩২৫, বীরভূম জেলায় মল্লাবপুর বেল ষ্টেশনেব নিকট প্রাচীন এক-
 মাখী স্তম্ভ- চক্রা গ্রামে, রাঢ়ীয় ব্রাহ্মণ শ্রীমুকুন্দ বা হাড়ো ওঝার ঔবসে
 জন্মদশী, ও পদ্মাবতী দেবীর গর্ভে । ইনি ব্রজলীলায় শ্রী বলরাম ।
 পৃঃ ১৪৭৩। মুকুন্দ ওঝা ও পদ্মাবতী যথাক্রমে ব্রজলীলায় বহুদেব ও বোহিণী ।

**রাধাবল্লভী-সম্প্রদায়-প্রবর্তক হিত হরিবংশ-
 শের আবির্ভাব ।** পিতা কাশ্যপ গোত্রীয় গোব-ব্রাহ্মণ ব্যাসমিশ্র,
 শক ১৩২৬, মাতা তারাদেবী । ব্যাসমিশ্র দিল্লীর বাদশাহের অধীনে রাজ-
 বৈশাখী, কার্যা করিতেন এবং মথুরার নিকট বাদ গ্রামে বাস করি-
 স্ত্রী একাদর্শী তেন । হিত হরিবংশ “রাধ-সুধা-নিধি” নামক সংস্কৃত গ্রন্থ
 পৃঃ ১৪৭৪ । এবং “সেবা সখিবানী” প্রভৃতি কতিপয় হিন্দী গ্রন্থ রচনা
 করেন । ইহার প্রবর্তিত সম্প্রদায়ের বৈষ্ণবেবা কিশোরী ভজন ও কাম
 সাধনা প্রণালী অনুসাবে ভজনসাধন করিয়া থাকেন । গুজবাট, দিল্লী ও
 বোম্বাই অঞ্চলে ইহাদের অনেক ধনী শিষ্য আছেন ।

শ্রীবিষ্ণুরূপের আবির্ভাব । শ্রীশ্রীগোবিন্দ মহাপ্রভুব
 অগ্রজ শ্রীবিষ্ণুরূপ জন্মগ্রহণ করেন । ইনি ষোড়শ বর্ষ বয়সে
 শক : ১৩২৭,
 পৃঃ ১৪৭৫ ।
 সংসাব তাগ করিয়া সন্ন্যাস মস্ত গ্রহণ করেন । সন্ন্যাসাশ্রয়ে
 তাহাব নাম “শঙ্করাণ্যপূরী” হইয়াছিল ।

গোপাল শ্রীসুন্দরানন্দ ঠাকুরের আবির্ভাব ।

ব্রজলীলায় সুদাম সখা । সুন্দরানন্দ মহাপ্রেমিক এবং শক ১৩২৮, শ্রীনিত্যানন্দপ্রভুর পার্শ্বদমধ্যে প্রধান ছিলেন । ইনি খৃঃ ১৪৭৬ । জাঙ্গীলের বৃক্ষে কদম্বফুল ফুটাইয়া ছিলেন এবং প্রেমোন্মত্তা-বস্থায় গঙ্গাগর্ভ হইতে কুম্ভীব ধরিয়া আনিতেন । ইহার শিষ্যগণ বনের বাঘ ধরিয়া আনিয়া কাণে হরিণাম দিয়া ছাড়িয়া দিতেন । শ্রীপাট, নশোহব জেলায় মহেশপুর । ই, বি, রেল মার্জাদিয়া ষ্টেশন হইতে ১৪ মাইল পূর্বে । প্রাচীন স্মৃতিচিহ্ন কেবলমাত্র জন্মভিটা । সুন্দরানন্দের স্থাপিত শ্রীশ্রীরাধা-বল্লভ বিগ্রহ সয়দাবাদের গোস্বামীগণ স্থানান্তরিত করিলে, স্বপ্নাদেশে বর্তমান দারুময় বিগ্রহ স্থাপিত হন । সুন্দরানন্দ চিবকুমার ছিলেন ; জাতিবংশ আছেন ।

শ্রীখণ্ডে শ্রীনরহরির সরকার ঠাকুরের আবির্ভাব ।

ব্রজলীলায় শ্রীমতী রাধিকার মধুমতী শক ১৪০০, সখী । নবদ্বীপে অধ্যয়নকালে শ্রীশ্রীগোবিন্দ দেবের সহিত খৃঃ ১৪৭৮ । মিলিত হইয়া, নবীনকিশোর শ্রীগোবিন্দ-চরণে নরহরি তাঁহার কুলশীল-মাম-জীবন-যৌবন বিকাইয়া, তাঁহাকে নাগরীভাবে ভজন করিতে থাকেন । তিনি মহাপ্রভুকে কীর্ত্তনরঙ্গে রত বর্তমান কলির পীতবর্ণ যুগাবতার বলিয়া চিনিতে পারিয়াছিলেন এবং গোবিন্দ-মস্ত্র প্রচলিত না থাকায়, এক নূতন কিশোর-গোবিন্দ-মস্ত্রে শ্রীগোবিন্দের পূজা করিয়াছিলেন । বর্তমান জেলাব কুলাই গ্রামনিবাসী দৈত্যারি ও কংসারি ঘোষ, স্বপ্নাদেশে তাঁহাদের বাটীর নিম্ববৃক্ষ হইতে তিনটি শ্রীগোবিন্দমূর্ত্তি নিষ্কাশিত করিয়া, তাঁহাদের গুরুদেব নরহরির ঠাকুর মহাশয়কে প্রদান করেন । নরহরির উচ্চ লইয়া, ছোট মূর্ত্তিটি শ্রীখণ্ডে নিজালায়ে, মধ্যমটি গঙ্গানগরে ও বড়টি কাটোয়ায় প্রতিষ্ঠা করেন । নরহরির শেষজীবনে শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়াজির শ্রীমূর্ত্তি নিষ্কাশিত করিয়া, শ্রীগোবিন্দ-

বিষ্ণুপ্রিয়া যুগল ভজন করিবার ইচ্ছা করিয়াছিলেন, কিহু সে সাধ তাঁহাব পূর্ণ হয় নাই, তাঁহাব আদেশমত শ্রীকৃষ্ণনন্দন ঠাকুর (মতান্তরে তন্ত্র পুত্র শ্রীকানাষ্ট ঠাকুর) শ্রীবিষ্ণুপ্রিয়া শ্রীমুদ্দি প্রতিষ্ঠা করেন। শ্রীখণ্ডেব শ্রীমিনিত্যানন্দ বিগ্রহ, কোন সময় কাহাব দ্বাবা প্রতিষ্ঠিত হয়েন, সিক বলা যায় না। নরহরি, শ্রীগোবাল্ল-লীলা-বিসয়ক ছোট ছোট পদ রচনা করেন, ইহা হইতেই লীলাবস কাঁড়নেব “গৌব-চন্দ্রিকার” প্রথম সৃষ্টি। শ্রীগোবাল্ল-লীলা ভাষায় বিস্তারিত লিখিয়া, বহুপ্রচাব করিতে শ্রীনরহরি ঠাকুর ব্যাকুল হইয়াছিলেন . তাহার শিষ্য শ্রীচৈতন্যমঙ্গল-বচয়িতা শ্রীলোচন দাস ঠাকুর ও পদকর্তা বাসুদেব বোম তাঁহাব এই ইচ্ছা কিয়ৎপারমাণে পূর্ণ করিয়া গিয়াছেন। সরকাব ঠাকুর শ্রীভক্তি-চন্দ্রিকা, শ্রীকৃষ্ণ-ভজনমৃত, শ্রীচৈতন্য-সহস্রনাম, নামামৃত-সমুদ্র ও ভাবনামৃত নামক কয়েকখানি শ্রীগুণ রচনা করিয়া গিয়াছেন। “ভক্তি-চন্দ্রিকা” গ্রন্থে তিনি গৌব-মন্ত্ৰেব ও সেবাব আলোচনা করিয়াছেন। তিনি “গৌব-মন্ত্ৰে” বহু শিষ্য করিয়াছিলেন। শ্রীখণ্ডেব দক্ষিণে “বড়ডাঙ্গা” নামক জঙ্গলময় স্থানে নরহরি ভজন করিতেন।

শ্রীনরহরি ঠাকুরেব নীলাচলে অবস্থিতকালে, লোকানন্দাচার্য নামক এক দিগ্বিজয়ী পাণ্ডিত মহাপ্রভু'ব নিকট আসিয়া, গর্কোক্তি করিয়াছিলেন যে, যদি কেহ বিচাবে তাঁহাকে পবাস্ত করিতে পাবেন, তবে তাহার নিকট লোকানন্দ দীক্ষা গ্রহণ করিবেন। মহাপ্রভু'ব আদেশে, নরহরি'র সহিত বিচারে এই পাণ্ডিত পরাস্ত হইলেন ও তদগুণেই তাঁহাব নিকট দীক্ষিত হইলেন। এই লোকানন্দাচার্যই পবে “ভক্তিসার-সমুচ্চয়” নামক অপূর্ব গ্রন্থ লিখিয়াছেন।

শক ১৪০০., গোপাল শ্রীঅভিরাম ঠাকুরের
খৃঃ ১৪৭৮। আবির্ভাব। ইান শ্রীকৃষ্ণ-লীলায় শ্রীদাম সখা ও
শ্রীরামলীলায় ভরত ছিলেন। অভিরাম, বাম, রামদাস ও রামসুন্দর

নামে পরিচিত । পত্নীর নাম মালতী দেবী । “অভিরাম-লীলামৃত” লিখিত আছে, ইনি এবং হাজার পত্নী জন্মগ্রহণ না করিয়াই, একেবারে শ্রীবৃন্দাবন হইতে কলিযুগে শ্রীগোরাঙ্গলীলায় যোগদান করেন । কিন্তু “ভক্তি-রত্নাকাবে” তাঁহার বিপ্রগ্রহে জন্ম ও বিপ্রকণ্ঠ্যাব পাণিগ্রহণেব কথা উল্লেখ আছে । অভিরাম বড়ই তেজস্বী ছিলেন ; তাঁহার প্রণাম কেহ সহ করিতে পারিত না । প্রকৃত শালগ্রাম শিলা ও দেব-বিগ্রহ ভিন্ন অত্র বিগ্রহ তাঁহার প্রণামে চূর্ণ হইয়া যাইতেন । তাঁহার হস্তে “জয়মঙ্গল” নামে একগাছি চাবুক সৰ্বদা থাকিত এবং ইহা দ্বারা তিনি যাহাকে আঘাত করিতেন তাঁহাবই প্রেম লাভ হইত । “অভিরাম-লীলামৃত” ও “অভিবাম-পটল” গ্রন্থে হঁহাব বিস্তারিত বিবরণ পাওয়া যাইবে ।

শ্রীপাট খানাকুল কৃষ্ণনগর । জেলা হুগলী, সবর্ডাভিসন্ আরামবাগ, ডাকঘর লাঙ্গুলপাড়া । হাওড়া-আমতা লাইট বেল টাপাডাঙ্গা স্টেশন হইতে ২ মাইল । অভিরাম ঠাকুরের শ্রীগোপীনাথবিগ্রহ, মদন মোহন, বলরাম এবং ব্রজ বল্লভ যুগলমূর্তি শ্রীপাটে বিরাজিত আছেন । অভিরাম ঠাকুরের নৃত্যাবেশ মূর্তি বিগ্রহও পূজিত হইতেছেন । চৈত্র মাসের কৃষ্ণা সপ্তমীতে উৎসব হইয়া থাকে ।

রুদ্র বা বল্লভাচার্য্যী সম্প্রদায়ের প্রবর্তক

বল্লভাচার্য্যের আবির্ভাব । পিতা বিষ্ণুস্বামী-

শক ১৪০১.

খৃঃ ১৪৭২ ।

সম্প্রদায়ী তৈলঙ্গী ব্রাহ্মণ লক্ষণভট্ট । জন্মস্থান বারণসীর

নিকট চম্পকারণ্য । কথিত আছে, শ্রীকৃষ্ণ হঁহাকে দর্শন

দিয়া বালগোপাল সেবা প্রচার করিতে আদেশ দেন । শ্রীশ্রীমাধবেন্দুপুরী-আবিষ্কৃত গোবর্দ্ধননাথ বিগ্রহ ১৬৬৮ খৃষ্টাব্দে উদয়পুরের নাথদ্বারে নীত হইলে, এই বিগ্রহের নাম শ্রীনাথজীনাথ হয় । এই শ্রীবিগ্রহ ও তীর্থস্থান এই সম্প্রদায়ী বৈষ্ণবের প্রধানতীর্থ । ইহা ব্যতীত, কোটা,

বাৰাণসী, সুরাট, কামাবন, মথুরা ও গোকুলে ঈশাদের আরও ছয়টি মঠ আছে । বৈষ্ণবেবা অতিশয় বিদ্যয়ী ও ভোগ-বিলাস প্রিয় ; ঈহাবা ললাটে দুইটি সমান্তর উর্দ্ধরেখাঙ্কিত কবিতা নঃসামূলের প্রাস্তুদয় এক বক্ররেখা দ্বারা মিলিত কবিতা দেন ও দুই বেখাব মধ্যে একটি রক্তবর্ণ তিলক ধারণ কবিতা থাকেন । “শ্রীকৃষ্ণ” ও “জয়গোপাল” ঈশাদের পবম্পবেব মধ্যে অভিবাদন ব্যাক্য । বল্লভাচার্য্য শেষজীবনে নালাচলে শ্রীশ্রীমহাপ্রভুর নিকট আসিয়া, শ্রীশ্রীগদাধর পাণ্ডেব নিকট কিশাব-গোপাল মজে দীক্ষিত হন ।

শ্রীগোবল্লভেন শ্রীগোপালবিগ্রহ প্রতিষ্ঠা ।

শ্রীমাদবেল্লভপুত্রী ব্রজমণ্ডলে গোবল্লভনসমীপে মানসগঙ্গা
 শক ১৪০০. সর্বোববেব নিকট বনমধ্য হইতে শ্রীশ্রীগোপালবিগ্রহ
 খৃঃ ১৪৭২ । আধিকার করেন ও পাঠাডের উপর কুটীৰ নিম্মাণ করিয়া
 তথায় প্রতিষ্ঠা করেন । শ্রীশ্রীগোবাল্লভ প্রভুব দাক্ষাণ্ডক শ্রীপাদ ঈশ্বৰপুত্রী,
 শ্রীশ্রীঅদ্বৈত প্রভু ও শ্রীশ্রীনিত্যানন্দপ্রভু মাধবেল্লভ পুত্রীর শিষ্য ।
 শ্রীশ্রীগোপালেব জন্ম চন্দন আনিতে মাধবেল্লভ দক্ষিণ দেশে যান ;
 প্রত্যাগমনকালে বেমুনায় শ্রীশ্রীগোপীনাথজীব মন্দিরে আসিলে, ঠাকুব
 মাধবেল্লভের জন্ম বস্ত্রাঞ্চলে ক্ষারভাণ্ড লুকাইয়া বাগিয়াছিলেন, সেই
 অবধি এই ঠাকুরের নাম “ক্ষীরচোরা গোপীনাথ” হইয়াছে । অতঃপর
 মাধবেল্লভপুত্রী স্বপ্নাদেশ পাইয়া এই স্থানেই বহিয়া যান ।

শ্রীকৃষ্ণ-বিজয় গ্রন্থ রচনা শেষ । কুণীনগ্রাম

শক ১৪০২, বাসী মালাধব বহু “শ্রীকৃষ্ণবিজয়” গ্রন্থ বচনা শেষ কবেন ।
 খৃঃ ১৪৮০ ।

গোপাল শ্রীউদ্ধারণ দত্তঠাকুরের আবি-
 ভাব । ব্রজলীলায় সুরাট সখা । পিতা শ্রীকব দত্ত, মাতা ভদ্রাবতী,
 শক ১৪০৩, জাতি সূৰ্য বণিক । উদ্ধারণ দত্ত ঠাকুব কাটোয়ার দুই
 খৃঃ ১৪৮১ । মাইল উত্তর নৈহাটি বা নবহট্ট গ্রামের নৈরাজার দেওয়ান

ছিলেন ; নৈহাটিব সন্নিকটে দত্তঠাকুরের বাসস্থান “উদ্ধারণ-পুর” নামে পল্লী আছে। দত্তঠাকুরের প্রতিষ্ঠিত এই শ্রীপাটের নিতাই গৌর বিগ্রহ বর্তমানে বনয়ারীষাদের (৪ মাইল পশ্চিম) রাজবাটীতে আছেন। উদ্ধারণপুরে শ্রীশ্রীমহাপ্রভুব আগমনস্থতি উপলক্ষে, প্রতি বৎসর মকর সংক্রান্তিতে এক মেলা হইয়া থাকে—ঐ সময় এই শ্রীবিগ্রহ উদ্ধারণ-পুরে নীত হইয়া থাকেন। দত্তঠাকুর শ্রীশ্রীনিত্যানন্দপ্রভুব প্রিয়পার্শ্বদ ছিলেন।

শ্রীপাট সপ্তগ্রাম বা সাতগাঁ ; জেলা হুগলী। ই, আই, আব ত্রিশ-বিঘা টেশনের আধমাইল পশ্চিম। শ্রীষড়ভূজ মহাপ্রভু, শ্রীনিত্যানন্দ ও শ্রীগৌরান্ন বিগ্রহ শ্রীপাটে বিরাজিত আছেন।

শক ১৪০৪, গৌড়ের বাদশাহ জালালুদ্দিন ফতে
খৃঃ ১৪৮২ শাহার রাজ্যরস্ত।

শ্রীসনাতন গোস্বামীর আবির্ভাব। ব্রজলীলায় লবঙ্গমঞ্জবী। শ্রীসনাতন ও শ্রীরূপ গোস্বামী দাক্ষিণাত্য ব্রাহ্মণ। তাঁহাদের প্রপিতামহ পদ্মনাভ বঙ্গদেশে আসিয়া কাটোয়া সন্নিকট নৈহাটিতে বাস করেন। ইহার পৌত্র হুমার দেব, বরিশাল জেলায় বাকলা চন্দ্রদ্বীপে ও যশোহর জেলায় ফতেয়া-পাদে ছইটি বাটা নিষ্কাণ করিয়া ছই স্থানেই বাস করিতেন। শ্রীসনাতন, শ্রীরূপ ও তাঁহাদের সহোদর বল্লভ (অনুপম) গোড় রাজধানী বর্তমান পালদহের নিকটবর্তী “রামকেলী” নামক প্রসিদ্ধ স্থানে কার্যোপলক্ষে বাস করিতেন। গোড়বাদশাহ হোসেন সাহ, ইহাদের প্রতিভার পরিচয় গাইয়া, সনাতনকে প্রধান মন্ত্রী ও রূপকে তদীয় সহকারী করিয়া যথাক্রমে দবির খাস” ও “সাকর মল্লিক” উপাধি দেন। নবদ্বীপের সুপ্রসিদ্ধ পানুদেব সার্কভোমেয় কনিষ্ঠ শ্রীল বিগ্ণাচম্পতি ইহাদের দীক্ষাগুরু

ছিলেন। শ্রীশ্রীমহাপ্রভু হুঁহাদিগকে শ্রীবৃন্দাবন গমন করিয়া লুপ্ততীর্থ উদ্ধাব ও শাস্ত্রপ্রকাশ করিতে রূপাদেশ করিলে, প্রথমে রূপ ও পবে সনাতন শ্রীবৃন্দাবন গমন করেন। মহাপ্রভু রূপকে প্রয়াগে ও সনাতনকে কাশীতে কিছুকাল নিকটে রাখিয়া, শক্তিসম্ভাব করেন ও তাঁহার ধর্ম্মেব মুখ্যতঃ শিক্ষা দেন। ফলে, হুঁহাবা বৃন্দাবনে থাকিয়া বহু ভক্তি ও রস-শাস্ত্র প্রণয়ন ও শ্রীবিগ্রহাদি প্রকাশ করেন। শ্রীসনাতন গোস্বামীব বচিত গ্রন্থ—১। শ্রীহরি-ভক্তিবিনাস (শ্রীগোপাল ভট্টের সহিত), ২। ভাগ-বতামৃত, ৩। দশম চরিত, ৪। রসময় কলিকা, ৫। বৈষ্ণবতোষিণী টীকা, ৬। দিক্‌ প্রদর্শনীটীকা। এতদ্বিন্ন তিনি বহু মূল্যবান রস-কীর্তনের পদ প্রণয়ন করেন।

শ্রীজগন্নাথমিশ্র ও শচীমাতার শ্রীহট্ট গমন।

শক ১৪০৬, শ্রীজগন্নাথ মিশ্র পিতামাতাদর্শন জন্ম সন্ম্বন্ধে শ্রীহটে
খৃঃ ১৪৮৪, গমন করেন।

শক ১৪০৬,মাতা শ্রীশচীমাতার গর্ভে শ্রীগৌরানন্দেব
খৃঃ ১৪৮৫, প্রবেশ।

গোপাল শ্রীধনঞ্জয় পণ্ডিতের আবির্ভাব।

শক ১৪০৬, বঙ্গলীলায় বসুদাম সখা। জন্মভূমি চট্টগ্রাম জেলায় জাড়-
চেত,সুক্রাপকর্মা গ্রামে। পিতা শ্রীপতি বন্দ্যোপাধ্যায়, মাতা কালিন্দী দেবী ;
খৃঃ ১৪৮৫, স্ত্রী শ্রীমতা হরিপ্রিয়া। যৌবনেই সংসার ত্যাগ করিয়া
শ্রীশ্রীমহাপ্রভুর চরণাশ্রয় করিয়াছিলেন। বর্দ্ধমান জেলায় শীতলগ্রামে ও
সাঁচড়া-পাঁচড়া গ্রামে থাকিয়া হরিনাম প্রচার করেন এবং পরে
শ্রীবৃন্দাবন যাত্রা করেন। বৃন্দাবন হইতে প্রত্যাগমন করিয়া বীরভূম জেলায়
বোলপুর ষ্টেশনেব ৪১৫ ক্রোশ পূর্বে জলন্দী গ্রামে শ্রীবিগ্রহ সেবা-প্রকাশ

কবিয়া পুনরায় শীতলগ্রামে আসিয়া শ্রীগোবিন্দদেবের সেবা-প্রকাশ করেন। এই স্থানেই তাঁহার লীলাবসান হয়—সমাধি আছেন।

শ্রীপাট শীতলগ্রাম—বর্ধমান জেলা, কাটোয়া মহকুমা; পোঃ ও বেল স্টেশন কৈচর। শ্রীবিগ্রহ—শ্রীগোপীনাথ, শ্রীদামোদর, ও শ্রীনিতাই গোব। মাঘ মাসের ১৪ই তিরোভাব উৎসব হইয়া থাকে।

শ্রীপাট সাঁচড়া-পাঁচড়া—বর্ধমান জেলা; মেমারি স্টেশন হইতে তিন ক্রোশ দক্ষিণ।

শ্রীশচীদেবীর নবদ্বীপে প্রত্যাগমন। শ্রীশচীদেবী
শক ১৪০৭, গর্ভাবস্থায়, শ্রীজগন্নাথ মিশ্রের সহিত নবদ্বীপে প্রত্যাগমন
আষাঢ়
খৃঃ ১৪৮৫ করেন।

শ্রীশ্রীনিত্যানন্দপ্রভুর গৃহত্যাগ। তাঁহার পিতৃকালয়ে,
শক ১৩০৭, একজন সন্ন্যাসী আত্মধিক্রুপে আগমন করিয়া নিত্যানন্দ-
খৃঃ ১৪৮৫, প্রভুকে ভিক্ষাস্বরূপ সঙ্গে লইয়া যান। সন্ন্যাসী নিত্যানন্দ-
প্রভুকে বক্রেশ্বর পর্য্যাস্ত লইয়া গিয়া তথায় অদৃশ্য হন।

গোপাল শ্রীগৌরীদাস পণ্ডিতের আবি-
র্ভাব। ব্রজলীলায় সুরল সখা। নবদ্বীপসন্নিকট শালিগ্রাম নিবাসী
শক ১৪০৭, রাঢ়ীয় ব্রাহ্মণ শ্রীকংসারি মিশ্র ও তাঁহার পত্নী কমলা দেবীর
খৃঃ ১৪৮৫, ছয় পুত্র—দামোদর, জগন্নাথ, সূর্য্যদাস, গৌরীদাস, কৃষ্ণদাস
ও নৃসিংহচৈতন্য; ইহারা সকলেই নিত্যানন্দপ্রভুর পার্শ্বদ।
গৌরীদাস অধিকা-কালনায় আসিয়া বাস করিয়া শ্রীমতী বিমলাদেবীকে
বিবাহ করেন। সন্ন্যাসের পূর্বে মহাপ্রভু শান্তিপুর হইতে প্রত্যাবর্তন
কালে, একখানি নৌকা বাহিবার বৈঠা দিয়া, গৌরীদাসকে শক্তিসম্ভার
করিয়া ছিলেন। এই বৈঠা ও মহাপ্রভুব স্বহস্তের লিখিত একখানি গীতা
গ্রন্থ অত্য়পি শ্রীপাটে আছেন। সন্ন্যাসের পরে অষ্টৈতাচার্য্যা-

লয়ে অবস্থিতি কালে, শ্রীশ্রীমহাপ্রভু নিত্যানন্দসঙ্গে গোবীদাসালঙ্কে আসিয়া, “নিতাই-গোব” বিগ্রহ স্থাপন করাইয়া গান ; অদ্বৈতাচার্য্য-পুত্র অচ্যুতানন্দ পিতৃস্বাক্ষায় দশাক্ষর গোপালমন্ত্রে এই শ্রীবিগ্রহ পূজা করিয়াছিলেন ।

গোস্বামীর পণ্ডিতের শ্রীপাটের নিকটেই হৃষ্যদাস পণ্ডিতের শ্রীপাট । ই হার দই বজ্রা বসুধা ও জাহ্নবাঠাকুবাণীকে নিত্যানন্দপ্রভু বিবাহ করেন । কালনা, বক্রমান জেলাব একটি মহকুমা ।

শ্রীকৃষ্ণ গোস্বামীর আবির্ভাব । ব্রজলীলায় শ্রীকৃষ্ণ শক ১৪০৭, মঞ্জবী । বিস্তারিত বিবরণ শ্রীসনাতন গোস্বামীর উক্তি পৃঃ ১৪৮৫, কালে দেওয়া হইয়াছে ।

শ্রীকৃষ্ণ গোস্বামীর রচিত গ্রন্থ । উজ্জ্বল নীলমাণি, ভক্তি-রসামৃত-সিন্ধু, গণ্ডু ভাগবতামৃত, শ্রীকৃষ্ণ গণোদ্দেশ-দীপিকা, ললিত-মাধব, বিদঙ্ক-মাধব, দানকোণকৌমুদী, হবিভক্তিরসামৃতসিন্ধুবিন্দু, শ্রীকৃষ্ণ-চিন্তামণি, প্রেমেন্দু সাগর, প্রেমেন্দু-কাবিকা, স্তবমালা, উদ্ধবদূত প্রভৃতি ।

শ্রীলোকনাথ গোস্বামীর আবির্ভাব । ব্রজলীলায় শ্রীমঙ্গলালী মঞ্জবী । যশোহর জেলায় তালখাড় গ্রাম নিবাসী শক ১৪০৭, শ্রীঅদ্বৈতাচার্য্যের শিষ্য পদ্মনাভ চক্রবর্তীর পুত্র । লোকনাথ পৃঃ ১৪৮৫, গোস্বামী অদ্বৈতাচার্য্যের মন্ত্রশিষ্য ছিলেন এবং গদাধর পণ্ডিত গোস্বামীর সহিত শাস্তিপুবে ভাগবত অধ্যয়ন করিয়া ছিলেন । মহাপ্রভুব সন্ন্যাসগ্রহণের অল্পপূর্বে, তাঁহার আদেশে, লোকনাথ শ্রীভূগর্ভ গোস্বামীর সহিত শ্রীধনুন্দাবনে গমন করেন ও পরে শ্রীনবোত্তম ঠাকুরকে দীক্ষাদান করেন ।

শ্রীহিত-হবিবংশের বিবাহ । রাধাবল্লভীসম্প্রদায় শক ১৪০৭, প্রবর্তক হিত-হবিবংশের কল্পিণী নাম্নী কন্যার সহিত বিবাহ পৃঃ ১৪৮৫, হয় ।

বৈষ্ণব দিগ্‌দশ'নী ।

দ্বিতীয় খণ্ড ।

শ্রীশ্রীগৌরান্ধমহাপ্রভুর প্রকটকাল ।

—•—
প্রথম পরিচ্ছেদ ।

শ্রীনিমাইয়ের গয়াযাত্রার পূর্ববর্তীকাল ।

শ্রীশ্রীগৌরান্ধমহাপ্রভুর আবির্ভাব ।

“সিংহরাশি, সিংহ লগ্ন, উচ্চ গ্রহগণ ।

যড়বর্গ, অষ্টবর্গ, সর্ব শুভক্ষণ ॥

শক ১৪০৭,
ফাল্গুনী পূর্ণিমা,
চন্দ্রগ্রহণ
সন্ধ্যার পর ।
খৃঃ ১৪৮৬ ।

জ্যোতিষশাস্ত্রের মতে, এরূপ “সর্ব শুভক্ষণ” হওয়া খুব
দুর্ঘট । প্রভু চতুর্দশ মাসকাল গর্ভবাসে থাকিয়া, আবির্ভাব
কালে গ্রহণোপলক্ষে বিশ্বব্যাপী হরিধ্বনির মধ্যে অবতীর্ণ
হইয়াছিলেন ।

শ্রীশ্রীগদাধর পণ্ডিত গোস্বামীর আবির্ভাব ।

শক ১৪০৯,
বৈশাখী
অমাবস্যা ।
খৃঃ ১৪৮৭

ব্রজলীলায় শ্রীমতা রাধিকা । শ্রীধাম নবদ্বীপমধ্যস্থ চাঁপাচাঁটি
গ্রামে, বাবেন্দ্র ব্রাহ্মণ শ্রীমাধব মিশ্রের গুঁরসে ও রত্নাবতী
দেবীর গর্ভে গদাধর পণ্ডিত জন্মগ্রহণ করেন । মাধব মিশ্রের
দুই পুত্র বাণীনাথ ও গদাধর । গদাধর চিরকুমার ছিলেন,
বাণীনাথের পুত্র নয়নানন্দ গদাধরের নিকট দীক্ষা গ্রহণ করিয়াছিলেন

এবং মুর্শিদাবাদ জেলায় কাঁদি মহকুমাদীন ভরতপুৰ গ্রামে বাস করিয়া-
ছিলেন । তাহার বংশধর গোস্বামীগণ অল্পপি এই গ্রামে বাস করিতেছেন ।
ভবতপুৰ “পণ্ডিত গোস্বামীর পাট” বালিয়াই প্রসিদ্ধ । পণ্ডিত গোস্বামী
এখানে মদ্যে মদ্যে আগমন করিয়া, শিষ্য ও ভ্রাতৃপুত্র গৌর-গদাধর-গত-
প্রাণ নয়নানন্দের নিকট অবগুষ্ঠ বাস করিয়া থাকিবেন । এই শ্রীপাটে
পণ্ডিত গোস্বামীর স্বহস্তলিখিত একখানি গীতাগ্রন্থ ও তন্মধ্যে শ্রীশ্রীমহা-
প্রভুর শ্রীচন্দ্রাক্ষর বিদ্যমান আছেন । শ্রীমহাপ্রভুর এই শ্রীপাটে কোনও
সময় শুভাগমনের প্রবাদ আছে । প্রথমবার শ্রীধাম বৃন্দাবন হইবার
পথে, কানাউনটশালা হইতে প্রত্যাগত হইবার সময়, মহাপ্রভুর এখানে
শুভাগমন হইয়া থাকা সম্ভব বলিয়া অনুমিত হয় । সন্ন্যাসাশ্রয় করিয়া
মহাপ্রভুর নীলাচল যাত্রার অল্প পবে, গদাধর পণ্ডিত গোস্বামী নীলাচল
গমন করেন ও তথায় সন্ন্যাসাশ্রয় করিয়া শ্রীগোপীনাথ বিগ্রহ স্থাপন করেন
এবং লীলাবসান পর্যান্ত সেই স্থানেই রহিয়া যান ।

কেহ কেহ বলিয়া থাকেন, পণ্ডিত গোস্বামীর জন্ম শ্রীচট্টে হইয়াছিল
এবং ছাদশবর্ষ পর্য্যন্ত তিনি ঢাকা জেলায় বেলেটি গ্রামে ছিলেন ।

“বাল্যলীলা-সূত্র” গ্রন্থরচনা । শ্রীচট্টের প্রাচীন
শক ১৪০২, লাউড়রাজ্যের রাজা দিবাসিংহ, শ্রীঅদ্বৈতাচার্য্যের
ঃঃ ১৪৮৭, বাল্যলীলাবিষয়ক “বাল্যলীলা-সূত্র” নামক সংস্কৃত গ্রন্থ রচনা
করেন । অদ্বৈতাচার্য্যের পিতা কুবেরাচার্য্য এই রাজ্যের মন্ত্রী ছিলেন ।
অদ্বৈত প্রভু বাল্যকালেই জন্মভূমি লাউড় পরিত্যাগ করিয়া শান্তিপুুরে গমন
করেন । রাজা দিবাসিংহ শাক্ত ছিলেন ; বৃদ্ধ বয়সে কাশী যাইবার পথে
শান্তিপুুরে অদ্বৈত প্রভুর সহিত সাক্ষাৎ করিতে গিয়া, স্বধর্ম্ম ত্যাগ করিয়া
তাঁহার নিকট বৈষ্ণবমন্ত্রে দীক্ষিত হন ও পরে “লাউড়িয়া কৃষ্ণদাস” নামে
বিখ্যাত ভক্ত হন ।

গৌড়বাদসাহ ফিরোজ শাহ । গৌড় বাদসাহ

শক ১৪০৯, জালালুদ্দিনের রাজ্যশেষ ও ফিরোজ শাহের রাজ্যাবস্তু ।

খৃঃ ১৪৮৭,

দিল্লীর বাদশাহ সেকেন্দর লোদী । দিল্লীর

শক ১৪১০, বাদশাহ বল্লাল লোদীর রাজ্যশেষ ও সেকেন্দর লোদীর

খৃঃ ১৪৮৮, রাজ্যাবস্তু ।

গৌড়বাদসাহ নাসিরুদ্দীন মামুদ শাহ ।

শক ১৪১১, গৌড় বাদশাহ ফিরোজ সাহার রাজ্যশেষ ও নাসিরুদ্দীন

খৃঃ ১৪৮৯, মামুদ সাহার রাজ্যাবস্তু ।

গৌড়বাদশাহ সমসুদ্দীন মজাফর সাহ ।

শক ১৪১২ নাসিরুদ্দিনের রাজ্যশেষ ও সমসুদ্দীন মজাফর সাহার

খৃঃ ১৪৯০ রাজ্যাবস্তু ।

শ্রীবিষ্ণুরূপের সন্ন্যাস । মহাপ্রভু অগ্রজ বিষ্ণুরূপ

শক ১৪১৩, ও তাঁহার মাতুলতনয় লোকনাথ গৃহত্যাগ কবিত্তা সন্ন্যাসপ্রায়

শীতকাল কবেন । বিষ্ণুরূপ ও লোকনাথ সমপাঠী ও সমবয়স্ক ছিলেন ।

খৃঃ ১৪২১, দুইজনে রাত্ৰিতে জগন্নাথালয়ে শয়ন করিয়া থাকিয়া, রাত্ৰির শেষভাগে

গোপনে গৃহত্যাগ কবেন ও সম্ভরণে গঙ্গাপার হইয়া নিরুদ্ধ হন । বিষ্ণুরূপ

পূর্বীসম্প্রদায়ী এক সন্ন্যাসীর নিকট সন্ন্যাস মন্ত্র ও “শঙ্কবাণ্যপুৰী” নাম

গ্রহণ করেন । লোকনাথ, বিষ্ণুরূপের নিকট মন্ত্র গ্রহণ করিয়া গুরুর

দত্তকমণ্ডলুধারী হন ।

গোপাল শ্রীকমলাকর পিপলাইয়ের আবি-

শক ১৪১৪, তাঁর । ব্রজলীলায় মহাবল সখা । জন্মস্থান সুন্দরবনের

খৃঃ ১৪২২, নিকট খালিজুলী নামক স্থান । ইঁহার পিতা শুদ্ধ শ্রোত্রীয়

রাঢ়ী ব্রাহ্মণ এবং অতিশয় ধনবান জমিদার ছিলেন । কমলাকর বালাই

সংসার ত্যাগ করেন ও পরে ত্রীপাট মাহেশে আসিলে, তথাকার ত্রীত্রীজগন্নাথবিগ্রহের প্রতিষ্ঠাতা ক্রুবানন্দ, স্বপ্নাদেশে কমলাকরকে ত্রীবিগ্রহাদির সেবার ভাবার্পন কবেন। কমলাকরের কনিষ্ঠ ভ্রাতা নিধিপতিও ভ্রাতার অনুসরণ করিয়া মাহেশে আসিয়া বাস করেন। কমলাকরের কন্যা রাধারাগী ও নিধিপতির কন্যা রমাদেবীকে যথাক্রমে খড়দহনিবাসী কামদেব পণ্ডিত ও ষোগেশ্বর পণ্ডিতদ্বয়ের হস্তে সমর্পণ করা হয়। ইঁহারাই কমলাকরকে অনুরোধ করিয়া ত্রীনিত্যানন্দপ্রভুকে খড়দহে আনয়ন কবেন। এই কামদেব পণ্ডিতের প্রপৌত্র চাঁদ শম্মা যশোহর নগরের প্রতাপাদিত্য রাজার কন্মচাৰী ছিলেন। মানসিংহ যখন ঐ নগর ধ্বংস করিয়া, প্রতাপাদিত্যকে বন্দী করিয়া লইয়া যান, সেই সময় চাঁদ শম্মা উক্ত রাজাব ত্রীত্রীরাধাকান্ত নামক ত্রীবিগ্রহ খড়দহে লইয়া আসিয়া তথায় স্থাপিত করেন।

সংকীৰ্ত্তনে সকলের অশ্রু হইত, কিন্তু কমলাকরের তাহা না হওয়ায়, তিনি অতিশয় চঃখিত হইয়া একদিন সংকীৰ্ত্তনকালে নয়নে পিঙ্গু লৌচুর্ণ দিয়া অশ্রু বাহির করিয়াছিলেন—সেইজন্ত মহাপ্রভু ইঁহার নাম পিপলাই রাখিয়া ছিলেন। কমলাকর নিত্যানন্দশাখা ও পার্শ্বদ।

ত্রীপাট মাহেশ। হুগলী জেলাব ত্রীরামপুর সবডিভিশনের দেড় মাইল দক্ষিণে গঙ্গার ধারে অবস্থিত। ত্রীবিগ্রহ জগন্নাথ, সূভদ্রা ও অত্যান্ত ত্রীমূর্ত্তি এবং শিলা। এস্থানের রথযাত্রা পশ্চিমবঙ্গের এক প্রধান উৎসব। এই উৎসবে পূর্বে সমুদয় গোপালগণ একত্র হইতেন বলিয়া, মাহেশের রথযাত্রাকে “দ্বাদশ গোপালের পাকল” বলিয়া থাকে।

গোপাল ত্রীমহেশ পণ্ডিতের আবির্ভাব।

শক ১৪১৪ ব্রজের মহাবাহু সখা। জন্মস্থান ও পূর্ববাস ত্রীচট্ট। পিতা
খৃঃ ১৪২২ রাঢ়ীয় ব্রাহ্মণ (বন্দ্যোপাধ্যায়) কমলাক্ষ, মাতা ভাগ্যবতী।

নবদ্বীপে জগন্নাথ মিশ্রের প্রতিবেশী । ইঁহারা দুই সহোদর, জ্যেষ্ঠ জগদীশ ও কনিষ্ঠ মহেশ । জগদীশের স্ত্রী দুখিনী ও ত্রীশচীদেবীর মধ্যে অতিশয় প্রণয় ছিল । মহাপ্রভু সন্ন্যাস লইয়া নীলাচল যাইবেন এই সংবাদে, জগদীশ প্রেমোন্মাদে নীলাচল হইতে ত্রীজগন্নাথবিগ্রহ নদীয়ায় আনয়ন করিতে যান—ইচ্ছা, তাহা হইলে আর প্রভু নীলাচল যাইবেন না । নীলাচলে “বৈকুণ্ঠ” হইতে ত্রীবিগ্রহ লইয়া আসিয়া, জগদীশ নবদ্বীপ সন্নিকট যশড়া গ্রামে স্থাপিত করিলেন । অতঃপর মহাপ্রভু সন্ন্যাসের অব্যবহিত পরে শান্তিপুর অদ্বৈতালয় হইতে ত্রীনিত্যানন্দসহ যশড়ায় জগদীশালয়ে স্তভাগমন করিলে, নিতাই মহেশ পাণ্ডতকে দীক্ষা দান করিয়া নিজ পার্শ্বদভুক্ত করিয়া লয়েন । নিত্যানন্দ প্রভুর খড়দহে ত্রীপাট স্থাপনের পর, মহেশ পণ্ডিত যশড়ার নিকট গঙ্গাতীরে মসিপুরে ত্রীপাট স্থাপন করেন ।

ত্রীপাট । প্রথমে চাকদহর নিকট মসিপুর, পরে সরডাঙ্গা । ১২৫৭ সালে এই গ্রামও গঙ্গাগর্ভে মগ্ন হইলে, পালপাড়া গ্রামে ত্রীপাট স্থানান্তরিত হইয়াছিল । পালপাড়া, ই, বি, রেলের চাকদহ স্টেশন হইতে ১ মাইল দক্ষিণ । ত্রীশ্রীগোপীনাথ, ত্রীনিতাইগোরাঙ্গ ও মদনমোহন বিগ্রহ । জগদীশ পণ্ডিতের ত্রীপাট যশড়া, চাকদহ স্টেশনের এক মাইল পশ্চিম । ত্রীশ্রীজগন্নাথ, রাধাকৃষ্ণ, রাধাবল্লভ জীউ ও গোব নিতাই ত্রীবিগ্রহ আছেন । ত্রীবৃন্দাবনে “জগদীশকুঞ্জে” জগদীশের সমাধি ও ত্রীনৃত্যগোপাল ত্রীবিগ্রহ আছেন ।

“অদ্বৈত-প্রকাশ”-প্রণেতা ত্রীঈশান নাগর

ঠাকুরের আবির্ভাব । ঈশানের শৈশবে

শক ১৪২৪,

খঃ ১৫২২,

পিতৃবিয়োগ হইলে তাঁহার মাতা তাঁহাকে লইয়া ত্রীঅদ্বৈত-চার্য্যালয়ে আশ্রয় গ্রহণ করেন । ঈশান, মহাপ্রভুর চরণ

ধোত করিতে গেলে মহাপ্রভু ব্রাহ্মণ বলিয়া বাধা দেন, ঈশান তৎক্ষণাৎ নিজ ঊপনীত ছিন্ন করিয়া ফেলিয়া দেন। অদ্বৈতাচার্য্যের অন্ত্রবোধে মহাপ্রভু অন্ত্রমতি দিলে, ঈশান “গৌব-রাজা-পাদপদ্ম অতি সুকোমল” ৩খানি ধরিয়া ধোত করিয়াছিলেন।

শ্রীঅদ্বৈতাচার্য্যের জ্যেষ্ঠপুত্র অচ্যুতানন্দের আবির্ভাব। অচ্যুতানন্দ চিরকুমার ছিলেন এবং শক ১৪১৫, পৃঃ ১৫২২, কান্তিকেয়ব অবতাব বলিয়া প্রাসিদ্ধ। শ্রীঅদ্বৈতাচার্য্যের পুত্রগণের মধ্যে অচ্যুতের মতই সৰ্বতোভাবে গ্রাহ— “অচ্যুতের যেই মত, সেই মত সাবে”।

শ্রীবিশ্বরূপ-বিজয়। পুণা নগরের নিকট শক ১৪১৫, পৃঃ ১৪২৩, পাণ্ডপুব গ্রামে, শ্রীবিশ্বরূপ অতি আশ্চর্য্যরূপে অদর্শন হয়েন।

গৌড় বাদশাহ হোসেন সাহ। গৌড়ের বাদশাহ মজফর সাহাৰ রাজ্য শেষ ও আলাউদ্দিন হোসেন সাহাব রাজ্যারম্ভ। শক ১৪১৫, পৃঃ ১৪২৩,

গোপাল শ্রীহলাসুখ ঠাকুরের আবির্ভাব। ব্রজের প্রবল সখা। শ্রীধাম নবদ্বীপ শক ১৪১৫-২০, পৃঃ ১৪২৩-২৮ সন্নিকট রামচন্দ্রপুবে শ্রীপাট বহু পূর্বে গঙ্গাগর্ভে মগ্ন হইয়াছে।

গোপাল শ্রীপুরুষোত্তম দাস ঠাকুরের আবির্ভাব। ব্রজলীলায় স্তোককৃষ্ণসখা। জাতি বৈষ্ণ। ইহাবা চারিপুরুষ পর্যায়ক্রমে নিত্যাসিদ্ধ—শ্রীকংসারি সেন ব্রজের রত্নাবলী সখী ; তৎপুত্র শ্রীসদাশিব কবিরাজ ব্রজের চন্দ্রাবলী ; তৎপুত্র পুরুষোত্তম ঠাকুর ব্রজের স্তোককৃষ্ণ সখা এবং তৎপুত্র শ্রীকানাই ঠাকুর ব্রজের উজ্জল-গোপাল। সদাশিব কবিরাজ মহাপ্রভুর প্রিয় পার্শ্বদ ছিলেন। কাঞ্চন

পল্লীতে (বর্তমান কাঁচড়াপাড়ায়) তাঁহার পাট ছিল। পুরুষোত্তম দাস ঠাকুর নদীয়া জেলায় সুখমাগবে শ্রীপাট করেন। তাঁহার স্ত্রীব নাম ও শ্রীনিত্যানন্দ প্রভুব ঘবণী জাহ্নবা ঠাকুরাণীব এক নাম থাকায় পরম্পর 'সই' পাতাইয়াছিলেন। দ্বাদশ দিবসের এক শিশু বাথিয়া, পুরুষোত্তম-ঘরণী দেহত্যাগ করিলে, শ্রীনিত্যানন্দঘরণী জাহ্নবা দেবী ঐ শিশুকে পুত্ররূপে গ্রহণ করিয়া লালন পালন করেন। শ্রীজীব গোস্বামী এই শিশুর নাম “কানাই ঠাকুর” রাখেন। কানাই ঠাকুর যশোহর জেলায় বোধখানায় শ্রীপাট কবেন। তথায় তাঁহার বংশধরেরা বাস করিতেছেন। মেদিনীপুর জেলায় গড়বেতাকেও কানাই ঠাকুরের পাট বলে, কারণ তিনি শেষ জীবনে তথায় বাস কবিয়াছিলেন এবং এই স্থানেই লীলা সম্বরণ করেন। কংসাবি সেনের শ্রীপাট গুপ্তিপাড়ায় ছিল। প্রায় ৫৫ বৎসর পূর্বে, পুরুষোত্তম ঠাকুরের প্রতিষ্ঠিত শ্রীবিগ্রহ চাঁড়ড গ্রামে স্থানান্তরিত হইয়াছেন এবং তথায় সেবিত হইতেছেন। জাহ্নবামাতার গাদির বিগ্রহগণও এইস্থানে আছেন।

চাঁড়ড গ্রাম নদীয়া জেলায়, ই, বি, রেলের সিমুরালী স্টেশন হইতে আধ মাইল, গঙ্গার ধারে। বোধখানা, যশোহর জেলায়—ই, বি, রেলের নিকবগাছা ঘাট স্টেশন হইতে তিন মাইল পশ্চিমে।

গোপাল শ্রীপরমেশ্বর দাসের আভিভাব।

ব্রজের অর্জুন সখা। জাতি বৈষ্ণ, বৈষ্ণবশাস্ত্রে ইহাব নাম
 শক ১৪১৫-২০, পরমেশ্বরী দাসও আছে। আভিভাবক, রক্ষক ও সেবক-
 পৃঃ ১৪২৩-২৮, রূপে ইনি জাহ্নবা ঠাকুরাণীর নিকট থাকিতেন। শ্রীপাট
 তড়া আটপুর হুগলী জেলায়, হাবড়া-আমতা বেলের আটপুৰ স্টেশনের
 সন্নিকট। শ্রীজাহ্নবা ঠাকুরাণীব আদেশে, পরমেশ্বর দাস তড়াআটপুবে
 শ্রীরাধা গোপীনাথ বিগ্রহ প্রতিষ্ঠা করিয়া শ্রীপাট স্থাপন করেন। এখন
 এই বিগ্রহের নাম শ্যামসুন্দর হইয়াছে।

গোপাল শ্রীকালোকৃষ্ণদাস ঠাকুরের

আবির্ভাব । ব্রজলীলার লবঙ্গ সখা । বারেন্দ্র ব্রাহ্মণ ।
 শক ১৪১৫-২০, শ্রীশ্রীমহাপ্রভুর দক্ষিণাত্যে তীর্থযাত্রার সঙ্গী । শ্রীপাট
 থুঃ ১৪২৩-২৮
 বর্ধমান জেলায় কাটোয়া সন্নিকট আকাইহাট ; তথায় তাঁহাব
 সমাধি আছেন । কৃষ্ণদাসেব সেবিত শ্রীবিগ্রহাদি বর্তমানে, বর্ধমান জেলায়
 কড়ুই গ্রামের শিষ্য মহাস্ত বাটীতে আছেন । কৃষ্ণদাস নামপ্রচার করিতে
 করিতে, পাবনা জেলায় বেড়া বন্দরের নিকট সোনাতলা গ্রামে উপনীত
 হইয়া, তথায় কিছুকাল বাস কবেন । সোনাতলায় তাঁহার বংশধরের
 বাস করিতেছেন ।

শ্রীনিমাইয়ের উপনয়ন । উপনয়নকালে তাঁহাব

দেহে শ্রীচবির আবেশ হইয়াছিল ধাবণা করিয়া, লোকে
 শক ১৪১৬,
 থুঃ ১৪২৪,
 অতঃপর নিমাইকে “গৌবহরি” নামেও ডাকিত ।

শ্রীবংশীবদন ঠাকুরের আবির্ভাব । নবদ্বীপেব

দক্ষিণ কুলীয়াপাহাড়পুৰবাসী শ্রীমাধব দাস মিশ্র বা
 শক ১৪১৬,
 চৈত্র পূর্ণিমা
 থুঃ ১৪২৫ ।
 ছকড়ি চট্টোপাধ্যায়েব ঔবসে ও সুনীলা দেবীর গর্ভে
 বংশীবদনের জন্ম হয় । এই শিশুেব পঞ্চবর্ষ বয়সে, নিমাই
 তাঁহাকে নিজ গৃহে লইয়া গিয়া লালন পালন কবেন এবং
 তাঁহার আদেশে, দেবী বিষ্ণুপ্রিয়া বংশীবদনকে পুত্ররূপে গ্রহণ কবেন ।
 সন্ন্যাসের পর মহাপ্রভুর গৃহের ভার প্রধানতঃ বংশীবদনের উপবেষ্ট পতিত
 হয় । প্রভুর লীলাবসানেব পর আবার এই ভাব আরও গুরুতব হইয়া
 উঠিল । প্রভুব স্বপ্নাদেশে তাঁহাব দারুময় শ্রীবিগ্রহ নিশ্চিত হইলে, বংশী
 পদ্মাসনে নিজ নামাঙ্কিত কবেন এবং ঐ বিগ্রহেব নিত্য সেবায় নিযুক্ত হন ।
 কিছুকাল পরে এই শ্রীবিগ্রহ বিষ্ণুপ্রিয়া দেবীর পিত্রালয়ে নীত হইলে, বংশী
 বৃন্দাবন গমন করেন ও তথায় শ্রীবলদেব তাঁহাকে দেশে প্রত্যাগমন

করিয়া নিজ সেবা প্রকাশ করিতে প্রত্যাশা করিলে, বংশী দেশে আসিয়া বন কাটিয়া বাঘনাপাড়া শ্রীপাটের পত্তন করিয়া ক্রমে বলরাম, গোপাল, গোপেশ্বর, রাধিকা, রেবতী প্রভৃতি শ্রীবিগ্রহ স্থাপন করেন। এই গোপাল, শ্রীজগন্নাথ মিশ্রের কুলদেবতা—দেবী বিষ্ণুপ্রিয়া ইচ্ছা বংশীকে দান করেন। বংশী শ্রীবলদেবের স্বপ্নাদেশে, শ্রীনিত্যানন্দপ্রভুব কনিষ্ঠ ভ্রাতা শ্রীচন্দ্রশেখর পণ্ডিতের কন্যা পার্কীতী দেবীকে বিবাহ করেন। তাহার দুই পুত্র হয়, নিত্যানন্দ দাস ও চৈতন্যদাস। শ্রীরাঘচন্দ্র ঠাকুর, NABADWIP ADARSHIA PATHAGAR। এই চৈতন্য দাসের পুত্র।

Acc No ৭৫০৭ Di

শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর আবির্ভাব। পিতা

শক ১৪১৭,
মাগী স্ত্রী-
পঞ্চমী
খৃ. ১৪২৬।

শ্রীসনাতন মিশ্র, বৈদিক শ্রেণীর ব্রাহ্মণ, রাজপণ্ডিত। মাতা-
শ্রীমতী মহামায়া দেবী। শ্রীবিষ্ণুপ্রিয়া দেবী, শ্রীকৃষ্ণ লীলায়
সত্যভামা ছিলেন। সনাতন মিশ্র ব্রজলীলায় সত্রাজিত
রাজা ছিলেন।

শ্রীশ্রীমহাপ্রভুর পিতৃবিশ্রোগ। শ্রীজগন্নাথ মিশ্র

শক ১৪১৮,
খৃ. ১৪২৬,

জরবোগে, সজ্জানে, অর্ধগঙ্গাজলে কুলদেবতা শ্রীরঘুনাথের
নাম স্মরণ করিতে করিতে ইহলোক পরিত্যাগ করেন।
মহাপ্রভু পিতৃদেবের যথারীতি অন্ত্যেষ্টিক্রিয়া ও শ্রাদ্ধাদি
নিষ্পন্ন করিয়াছিলেন।

পদকর্তা শ্রীশ্রীজবলরাম দাসের আবির্ভাব।

শক ১৪১৭
খৃ. ১৪২৫
অগ্রহায়ণ।

পিতা ভরদ্বাজ গোত্রীয় পাশ্চাত্য বৈদিক ব্রাহ্মণ শ্রীসত্যভামু-
উপাধ্যায়; মাতা সর্কমঙ্গলা দেবী। সত্যভামুর পূর্বনিবাস
শ্রীহট্টান্তর্গত পঞ্চখণ্ড গ্রাম; তিনি বালগোপাল মন্ত্রে
উপাসক ছিলেন এবং বিবাহ না করিয়া, যৌবনের পূর্বেই

তীর্থ ভ্রমণে বাহির হইয়া, নানা তীর্থ ভ্রমণান্তর নবদ্বীপে আসিয়া দার পরিগ্রহ করেন । তাঁহার তিন পুত্র যথাক্রমে বলরাম, জনাদিন ও মুবারি । এই বলরামই বৈষ্ণবজগতে প্রসিদ্ধ পদকর্তা দ্বিজ বলরাম দাস নামে পরিচিত । তাঁহার বংশধরেরা নদীয়া জেলায় কৃষ্ণনগরের দুই মাইল নিকটবর্তী ত্রীপাট দোগাছিয়ায় বাস করিতেছেন । এস্থানে বলরাম দাসপ্রতিষ্ঠিত শ্রীশ্রীবালগোপালদেব বিরাজিত রহিয়াছেন ; এবং শ্রীনিত্যানন্দপ্রভুর একটি জীর্ণ পাগড়ী যত্নে রক্ষিত হইতেছেন । জনাদিনের বংশধরেরা নদীয়া জেলায় মেহেরপুর গ্রামে এবং মুবারির বংশধরগণ ভালুকা গ্রামে বাস করিতেছেন । ত্রীপাটের গোস্বামীদিগের মতে এই সত্যভানু উপাধ্যায়ই শ্রীচৈতন্যভাগবতোক্ত তৈর্থিক ব্রাহ্মণ— যাঁহার প্রদত্ত বালগোপালের ভোগ, বালগোরাক্ষ তিনবাব ভোজন করিয়া তাহাকে নিজস্বরূপ দেখাষ্টয়াছিলেন । দ্বিজবলরামদাসেব পদাবলী বহুকাল যাবৎ প্রেমবিলাস বচয়িতা শ্রীখণ্ডবাসা বৈষ্ণ বলরামদাসের নামেই বিকাসিত । এ নাম এখন দূর হইয়াছে । বৈষ্ণ বলরামদাস বালোচ বেষাশ্রয় করিয়া “নিত্যানন্দদাস” নাম গ্রহণ করেন ; পদাবলী তাঁহার হইলে ভনিতায় বলরাম দাসের পবিত্রে নিত্যানন্দ দাস নাম অবশ্যই ব্যবহৃত হইত । নবদ্বীপেব বর্তমান বৈষ্ণবাগ্রগণ্য গৌর-গত-প্রাণ প্রভুপাদ হবিদাস গোস্বামী বলরাম দাসের বংশধর । তাঁহার পরিচয় যথাস্থানে প্রদত্ত হইবে ।

**শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর আবি-
র্ভাব ।** একলীলায় রত্ন-লেখা । পিতা ভগীবথ কবিরাজ, মাতা শুনন্দা ;

শক ১৪১৮,

খৃঃ ১৪৯৬,

জাত বৈষ্ণ । জন্মস্থান, ঝামটপুর, বর্দ্ধমান জেলায় কাটো-
য়ার তিন মাইল উত্তর, নৈহাটি ও উদ্ধারণপুরের নিকট ।
কৃষ্ণদাসের ছয় বৎসর বয়সে পিতৃবিয়োগ হয় এবং যৌবনের

প্রারম্ভেই বৈরাগ্যের উদয় হয় । শ্রীনিত্যানন্দপ্রভুর স্বপ্নাদেশে সংসার ত্যাগ করিয়া, কৃষ্ণদাস শ্রীবৃন্দাবন যাত্রা করেন এবং তথায় জীবনাতিবাহিত করেন । ইনি চিরকুমার ছিলেন এবং বৈষ্ণবের বেদ “শ্রীচৈতন্যচরিতামৃত” গ্রন্থ, “গোবিন্দলীলামৃত,” কৃষ্ণকর্ণামৃতের টীকা প্রভৃতি বহু গ্রন্থ প্রণয়ন করেন ।

শ্রীপাট ঝামটপুবে শ্রীমহাপ্রভুর শ্রীমূর্তি, কবিরাজ গোস্বামীর পাদুক ও ভজনস্থান আছেন । আট দশ বৎসর পূর্বে এই শ্রীগোরাঙ্গ মূর্তির দক্ষিণে এক সুন্দর নিত্যানন্দ বিগ্রহ স্থাপিত করা হইয়াছে । শ্রীনিত্যানন্দপ্রভু যে স্থানে শ্রীকবিরাজ গোস্বামীকে দীক্ষিত করেন, সেই স্থানে একটি ক্ষুদ্র ভজন-কুটার নিশ্চিত হইয়াছে । প্রতিবৎসর দুর্গাপূজায় পর শুক্লাদ্বাদশী তিথিতে শ্রীপাটে কবিরাজ গোস্বামীর তিরোভাব উৎসব মহা সমারোহে হইয়া থাকে ।

ঈশানগরের শ্রীঅদ্বৈতপ্রকাশ । “অদ্বিত-প্রকাশ”

শক ১৪১২ প্রণেতা ঈশান নগরের পিতৃবিয়োগ হইলে, তাঁহার মাতা
খৃঃ ১৪২৭ তাঁহাকে লইয়া অদ্বিত প্রভুর আলয়ে আশ্রয় গ্রহণ করেন ।

উড়িষ্যায় রাজা প্রতাপ রুদ্র । উড়িষ্যাব স্বাধীন

রাজা পুরুষোত্তম দেবের রাজ্যশেষ ও শ্রীপ্রতাপ রুদ্রের
শক ১৪১২, রাজ্যাবস্তু । শ্রীপ্রতাপ রুদ্র পূর্বে লীলায় রাজা ইন্দ্রচ্যম্ব
খৃঃ ১৪২৭, ছিলেন এবং গোব লীলায় চৌষটি মহাস্তমধ্যে গণ্য ।

শ্রীগদাধর পণ্ডিতের নবদ্বীপাগমন । পণ্ডিত

গোস্বামীর জন্ম শ্রীহটে হইয়াছিল—দাদশবর্ষ পর্য্যন্ত তিনি
শক ১৪২০, ঢাকা জেলায় বেলেটি গ্রামে বাস করেন । ত্রয়োদশ বৎসরে
খৃঃ ১৪২৮, তিনি অধ্যয়ন জ্ঞান নবদ্বীপে মাতুলালয়ে আগমন করেন ।
মতান্তরে সুররাজ্যনামক কোন ধনাঢ্য ব্যক্তি তাঁহাকে বেলেটী হইতে
ভরতপুরে আনয়ন করেন ।

শ্রী রঘুনাথ দাস গোস্বামীর আবির্ভাব । ইনি

ব্রজলীলায় শ্রী রতিমঞ্জরী ছিলেন এবং গৌরলীলায় ছয়
শক ১৪২০,
খৃঃ ১৪৯৮,
গোস্বামীর অন্ততম । হুগলি জেলায় সপ্তগ্রামের উত্তর-

রাঢ়ীয় কায়স্থ জমীদার শ্রীগোবর্দ্ধন মজুমদারের পুত্র । হিরণ্য
ও গোবর্দ্ধন দুই সহোদব—হিরণ্য জ্যেষ্ঠ ও নিঃসন্তান । ইহারা মুসলমান
রাজ সরকার হইতে সপ্তগ্রাম মুলকের ইজারা গ্রহণ করেন । হুগলি, চব্বিশ-
পরগণা, হাওড়া, কলিকাতা ও বন্ধমানের অংশ এই সপ্তগ্রাম মুলকের
অধীন ছিল । ইহাদের জমীদারী ব আয় দশ লক্ষ টাকার অধিক ছিল ।
সপ্তগ্রামেব প্রাচীন ঐশ্বর্যাসমৃদ্ধিব কাহিনী সকলেই অবগত আছেন ।
রঘুনাথের বৈরাগ্যের সূচনা বাল্য হইতেই হইয়াছিল । তিনি তাঁহাদের
কুলপুর্বোহিত শ্রীবলরাম আচার্য্যের গৃহে অধ্যয়ন করিতেন । সেই সময়,
শ্রীযবন চবিদাসঠাকুর বলরামাচার্য্যের গৃহে আগমন করিয়া কিছুকাল
অবস্থান করিয়াছিলেন । ইহার সঙ্গ প্রভাবে রঘুনাথের বৈরাগ্য উদয়
হয় । শ্রীশ্রীমহাপ্রভু সন্ন্যাসেব পর হইতে রঘুনাথের সংসারবিরক্তি
অতিশয় প্রবল হইয়া উঠিল ; এক পরমাম্বন্দরী কথ্য দেখিয়া তাঁহার
বিবাহ দিয়াও মাতাপিতা রঘুনাথকে, আবদ্ধ করিতে পারিলেন না ।
সন্ন্যাসের পাঁচ বৎসর পরে, মহাপ্রভু যখন গোড়মণ্ডলে আসিয়া শ্রীঅদ্বৈতা-
লয়ে অবস্থিতি করিতেছিলেন, রঘুনাথ সেই সময়, তাঁহার চরণে মিলিত
হইয়াছিলেন । দয়ালপ্রভু তাঁহাকে গৃহে ফিরিয়া গিয়া অনাসক্ত ভাবে
গৃহকার্য্যে নিযুক্ত হইতে বলিলেন । চারি বৎসর পরে যখন শ্রীশ্রীনিত্যানন্দ-
প্রভু সপার্বদ শ্রীপাট পানিচাটিতে শ্রীরাঘবভবনে প্রেমের হাট পাতিয়াছিলেন,
সেই সময়ে রঘুনাথ নিত্যানন্দপ্রভুর রূপাদণ্ড ও নীলাচল গমনের আঞ্জা
প্রাপ্ত হইলেন । কয়েক মাসমধ্যে, রঘুনাথ গোপনে গৃহত্যাগ করিয়া
দ্বাদশদিবসে অক্রান্ত পরিশ্রমে, পদব্রজে নীলাচলে উপনীত হইয়া
শ্রীশ্রীগৌরান্দ চরণাশ্রয় করেন । প্রভু তাঁহাকে শ্রীস্বরূপ দামোদরের হস্তে

সমর্পণ করিলেন এবং শ্রীগোবর্দ্ধন শিলা ও গুঞ্জামালা প্রদান করিয়া পূজা করিতে আজ্ঞা দিলেন । প্রভুর অপ্রকটের পর, রঘুনাথ বিরহে অধীর হইয়া ব্রজমণ্ডলে গিয়া, শ্রীরূপ ও সনাতন গোস্বামীর আজ্ঞায় শ্রীশ্রীরাধাকুণ্ডতে বাস করিয়া ভজন সাধন করেন এবং উৎকট বৈরাগ্য ও ভজনসাধনের নিষ্পন্নিষ্ঠার বিরল দৃষ্টান্ত জগৎসীকে দেখাইয়া, কালে নীলা সধরণ করেন ।

শ্রীপাট । হুগলী জেলায় ই, আই, আর ত্রিশবিঘা টেশন হইতে প্রায় এক মাইল দক্ষিণ-পশ্চিম কোণে কৃষ্ণপুৰ । পোঃ দেবানন্দপুৰ । শ্রীশ্রীরাধামোহন ও নিতাই-গৌর শ্রীমূর্তির এবং রঘুনাথ বাল্যকালে যে প্রস্তর খানির উপর বসিয়া ভজনসাধন করিতেন, তাঁহার নিত্যসেবা হইয়া থাকে । এই রাধামোহন বিগ্রহ রঘুনাথ বাল্যকালে সেবা করিতেন । কালে মুসলমান অভ্যাচারে ঐ বিগ্রহ নদীতে ফেলিয়া দেওয়া হয় । রঘুনাথ বন্দাবন হইতে এই সংবাদ পাইয়া, কৃষ্ণকিশোর নামক তাঁহার জনৈক ব্রজবাসী শিষ্যকে ঐ বিগ্রহের উদ্ধার ও সেবা কবিনার জন্ম সপ্তগ্রামে প্রেরণ করেন । ইহার শিষ্যশাখা দ্বারা বর্তমান সেবা নিষ্পন্ন হইয়া থাকে ।

উপগোপাল শ্রীকাশীশ্বর বা কাশীনাথ
পণ্ডিতের আবির্ভাব । ব্রজলীলায় কিল্লী

শক ১৪২০,
পূঃ ১৪৯৮,

গোপাল । যশোহর জেলায় ব্রাহ্মণডাঙ্গা গ্রামে শ্রীবাসুদেব
ভট্টাচার্য্য ও শ্রীমতী জাহ্নবদেবীর পুত্ররূপে কাশীশ্বর বা
কাশীনাথ জন্মগ্রহণ করেন । বাসুদেব ধনী ও পরম সাধু বৈষ্ণব
ছিলেন । কাশীশ্বরের বাল্যকালেই বৈরাগ্য উদয় হয় । সপ্তদশ বর্ষবয়সে
তিনি গোপনে নীলাচলে গিয়া শ্রীশ্রীমহাপ্রভুর চরণশ্রয় করেন । জননী
চেষ্টায়, পরে আবার দেশে প্রত্যাগমন করিতে বাধ্য হন । কিন্তু বিবাহাদি
না করিয়া, চাত্রা গ্রামে শ্রীনিতাই-গৌর বিগ্রহ প্রকাশ কবিয়া
করিতে থাকেন । কালে নিজ ভ্রাতৃপুত্র য়্বারিকে দীক্ষাদান করিয়া

এই সেবায় নিযুক্ত করেন ও শ্রীবৃন্দাবনে গিয়া নিতালীলায় প্রবেশ করেন । উপগোপাল শ্রীকৃষ্ণ পণ্ডিত ইঁহার ভাগিনেয় ।

শ্রীপাট চাভরা । হুগলী জেলায় শ্রীরামপুর ষ্টেশনের অতি নিকট উত্তর-পূর্ব কোণে । বর্তমান সেবাইতগণ উল্লিখিত মুরারির বংশধর ।

সন্ন্যাসিনী মীরাবাইয়ের আবির্ভাব । উদয়-

পুবেব মেরতা নামক স্থানের রাজা রতন সিংহের কন্যা ।
 শক ১৪২০. রতন সিংহ বল্লভাচারী বৈষ্ণব ছিলেন । শিশুকাল হইতে
 খৃঃ ১৪২৮. মীরার কৃষ্ণভক্তির উদয় হয় । বিবাহের পর শাক্তিউপাসক
 স্বামীব অত্যাচারে সংসাব ত্যাগ করিয়া মীরা শ্রীবৃন্দাবনবাস করিয়া-
 ছিলেন । একদা তিনি শ্রীকৃষ্ণ গোস্বামীর সাক্ষাৎ প্রার্থনা করিলে, তিনি
 স্ত্রীসম্ভাষণ কবিবেন না বলিয়া মীরাকে দর্শন দেন নাই ; মীরা গোস্বামীকে
 বলিয়া পাঠাইলেন—“এতদিন শুনি নাই শ্রীমন্ বৃন্দাবনে । আর কেহ
 পুরুষ আছে যে কৃষ্ণ বিনে ॥” রূপ গোস্বামী লজ্জিত হইয়া মীরাব
 সন্তিত সাক্ষাৎ করিতে বাধ্য হইয়াছিলেন । মীরা গোপীভাবে শ্রীকৃষ্ণ
 ভজন করিয়া, শেষ জীবন দ্বারকায় অতিবাহিত করিয়াছিলেন ।

শ্রীনিমাই কৃত “ব্যাকরণের টিপ্পনী” । নিমাই

ব্যাকরণের এক টিপ্পনী প্রস্তুত করেন ; উহা সঙ্কত্রই
 শক ১৪২১, সমাদৃত হয় । ব্যাকরণ অধ্যয়ন শেষ করিয়া তিনি
 খৃঃ ১৪২৯, বাসুদেব সার্কভৌমের টোলে ত্রায়শাস্ত্র পাঠ করিতে
 আরম্ভ করেন ।

শ্রীনিমাই কৃত “ন্যাস শাস্ত্রের টিপ্পনী” । নিমাই

ত্রায়ের টিপ্পনী লিখিতে আরম্ভ করিলে, দিধীতির গ্রন্থকার
 শক ১৪২২, অদ্বিতীয় নৈয়ায়িক ও নিমাইয়ের সহপাঠী রঘুনাথ শিরো-
 খৃঃ ১৪০০, মণির অহুরোধে, নিমাই উহা ছিঁড়িয়া গঙ্গাজলে নিক্ষেপ
 করেন।

**বাদশাহ সেকেন্দর লোদীকর্তৃক মথুরা-
ধ্বংস ।** দিল্লীর বাদশাহ সেকেন্দর লোদী মথুরাব সমস্ত দেব মন্দির-
শক ১৪২২,
খৃঃ ১৫০০,
গুলি ধ্বংস করাইয়া সেই সকল দেবস্থানে মাংসের দোকান
বসাইয়া দেন । শ্রীবিগ্রহাদিগের ভগ্ন খণ্ডগুলি এই সকল
দোকানে মাংস ওজনের বাটখারারূপে ব্যবহার করা হইয়া-
ছিল । এই বাদশাহের বাজত্বকালে মথুরামণ্ডলের হিন্দু অধিবাসীদিগের
উপর অনেক অত্যাচার হইয়াছিল ।

শ্রীনিমাইয়ের টোল । নিমাই অধ্যয়ন শেষ করিয়া
শক ১৪২৩, মুকুন্দ সঙ্কয়নামক ধনাঢ্য ব্রাহ্মণ প্রতিবেশীর চণ্ডীমণ্ডপে
খঃ ১৫০১, নিঙটোল স্থাপন করেন ।

নিমাইয়ের প্রথম বিবাহ । শ্রীবল্লভাচার্যের কন্যা শ্রীমতী
শক ১৪২৩, লক্ষ্মীপ্রিয়া দেবীর সহিত । এই বিবাহের ঘটক ছিলেন
খঃ ১৫০১, বিপ্র বনমালী । লক্ষ্মীপ্রিয়া পূর্বলীলায় কাম্বিনী ছিলেন ।

শ্রীপাদ ঈশ্বরপুরীর নবদ্বীপাগমন । শ্রীমহাপ্রভুর
শক ১৪২৩, দৌফাণ্ডরু কুমারহট্ট (হালিসহর) নিবাসী শ্রীপাদ ঈশ্বরপুরী
খঃ ১৫০১,
নবদ্বীপে আগমন করেন । ইনি শ্রীপাদ মাধবেন্দ্রপুরীর প্রিয়
শিষ্য । ঈশ্বরপুরী নবদ্বীপে কিয়দিবস অপেক্ষা কবেন ও
শ্রীনিমাইয়ের আলয়ে একদিন ভিক্ষা করিয়া স্থানান্তরে চলিয়া যান ।
শক ১৪২৪, শ্রীনিমাইয়ের পূর্ববঙ্গ যাত্রা । নিমাই
খঃ ১৫০২,
কয়েকটি শিষ্য সঙ্গে লইয়া পূর্ববঙ্গ যাত্রা করেন ।

শ্রীনিমাই ও শ্রীতপনমিশ্র মিলন । পূর্ববঙ্গে শ্রীহট্ট
শক ১৪২৪,
খঃ ১৫০২,
জেলায় লাউড় পরগণাস্থ নবগ্রামনিবাসী শ্রীতপন মিশ্রের
সহিত শ্রীমহাপ্রভুর সাক্ষাৎ হয় । তপন মিশ্র একজন অতিশয়
সৎপ্রকৃতি সাধু ব্রাহ্মণ । তিনি নিমাই পণ্ডিতকে সাষ্টাঙ্গ

প্রণাম করিয়া তাঁহার পূর্বরাত্রেব স্বপ্নে নিমাইকে পূর্ণব্রহ্ম সনাতনরূপে অবগত হওয়াব কথা নিবেদন কবিয়া উদ্ধাব প্রার্থনা কবিলেন—
প্রভু তাঁহাকে হরেকৃষ্ণ নাম রূপ কবিতো ও অবিলম্বে কাশী যাত্রা করিতে বলিলেন। এই তপন মিশ্রই শ্রীবচুনাথ ভট্ট গোস্বামীব পিতা।

শক ১৪২৪, **শ্রীলক্ষ্মীপ্রিয়া-বিভঙ্গ**। শ্রীনিমাইঘরণী লক্ষ্মীপ্রিয়া!
খৃঃ ১৫০০ দেবী সর্পাঘাতে দেহত্যাগ কবেন। নিমাই পূর্ববঙ্গ হইতে নবদ্বীপে প্রত্যাগমন করেন।

শ্রীগোপাল ভট্ট গোস্বামীর আবির্ভাব। ব্রহ্ম-

নীলায় শ্রীশুগমঙ্গলী। ছয় গোস্বামীব অত্যন্তম। দাক্ষিণাত্যে
শক ১৪২৫, শ্রীরঙ্গনাথস্বত্রেব নিকটবর্তী ভট্টমারী নামক গ্রামে, শ্রীবে-
খৃঃ ১৫০৩, ক্ষট-স্টেপ পুত্ররূপে গোপাল ভট্ট জন্মগ্রহণ করেন। শ্রীশ্রীমহা-
প্রভুব দাক্ষিণাত্যে ভ্রমণকালে বর্ষার সময় এই বেঙ্গট ভট্টের আলয়ে
শুভাগমন ও অবস্থিতি কালে, গোপাল তাঁহার রূপা লাভ করিয়াছিলেন।
মহাপ্রভু বেঙ্গট-স্টেকে গোপালব বিবাহ না দিবার এবং গোপালকে
পিতামাতার অপ্রকটে শ্রীচন্দ্রাবন যাত্রা করিবার আজ্ঞা দেন। গোপাল
ভট্ট তাহাই করিয়াছিলেন। মহাপ্রভু নীলাচল হইতে এই সংবাদ পাঠয়া
‘নজ ডোরকোপীন ও দসিবার আসন গোপাল ভট্টের নিকট প্রেরণ
করেন। শ্রীশ্রীনিবাসাচাধ্য এই গোপাল ভট্ট গোস্বামীর শিষ্য। জনশ্রুতি
হাছে যে, গোপাল ভট্ট গোস্বামীর শ্রীশ্রীদামোদর শিলা হইতে
স্থললিত ত্রিভঙ্গ শ্রীকৃষ্ণ মূর্তি প্রকটিত হয়েন এবং ঐ বিগ্রহই বর্তমান
শ্রীশ্রীরাধারমণ দেব। “অবিভক্তি-বিলাস” গ্রন্থ, শ্রীগোপাল ভট্ট গোস্বামীব
বচিত। তিনি “শ্রীকৃষ্ণকর্ণামৃত” গ্রন্থের “শ্রীকৃষ্ণ-বল্লাভা”-টীকা প্রণয়ন
করেন।

দ্বিগ্নিজয়ী পণ্ডিত শ্রীকেশব কাশ্মীরী উদ্ধার ।

শক ১৪২৬,
গ্রীষ্মকাল,
খৃঃ ১৫০৪,
কাশ্মীরদেশীয় দিগ্নিজয়ী পণ্ডিত কেশব কাশ্মীরী সর্বদেশ জয়
করিয়া, নবদ্বীপে আগমন করেন ও শ্রীনিমাই পণ্ডিতের
নিকট পরাস্ত হন, বাত্রিকালে সরস্বতী দেবীর স্বপ্নাদেশে
নিমাইয়ের পবিচয় পাইয়া পরদিন নিমাইয়েব চরণে শরণ লয়েন এবং
সন্ন্যাসাশ্রয় করিয়া সংসার ত্যাগ করেন ।

শ্রীনিমাইয়ের দ্বিতীয় বিবাহ । বৈদিক ব্রাহ্মণ.

শক ১৪২৭,
খৃঃ ১৫০৫,
বাজপণ্ডিত সনাতন মিশ্রের ও শ্রীমতী মহামায়া দেবীর
কন্যা শ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর সহিত শ্রীনিমাইয়ের দ্বিতীয়
বিবাহ হয় । ঘটক কাশী মিশ্র । এই বিবাহ রাজপুত্রের
বিবাহের ন্যায় মহাসমারোহে হইয়াছিল । নবদ্বীপের কায়স্থ রাজা
বৃদ্ধিমন্ত খান, মুকুন্দ সঙ্গয় এবং নিমাইয়ের ছাত্রেরা এই বিবাহেব
ব্যয়ভার গ্রহণ করিয়াছিলেন । বিবাহেব পর বরকন্যা একত্রে বাস
ববে ঘাইবাব সময় বিষ্ণুপ্রিয়া দেবীর পদাসুষ্ঠে উছট লাগিয়া রক্তপাত
হয় । ঘটনাটি ভাবি অমঙ্গলসূচক ।

শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামীর আবির্ভাব । ব্রজ-

শক ১৪২৭,
খৃঃ ১৫০৫,
লালায় শ্রীরসমঞ্জসী—ছয় গোস্বামীর অন্ততম । তাঁহার পিতা
শ্রীতপন মিশ্রের, মহাপ্রভুর আজ্ঞায় কাশী যাত্রাব কথা পূর্বে
উল্লিখিত হইয়াছে । শ্রীশ্রীমহাপ্রভু নীলচল হঠতে বৃন্দাবন
যাত্রায়াতের সময় এই তপন মিশ্রের আলয়ে বাস করিয়া ছিলেন । বালক
রঘুনাথ সেই সময়, মহাপ্রভুর সেবা করিয়া তাঁহার কৃপালাভ করিয়া
ছিলেন । তিনি বিবাহ করেন নাই । মাতাপিতার দেহত্যাগের পব
নীলাচলে গমন করিয়া শ্রীশ্রীমহাপ্রভুর চরণপ্রাপ্তে বৎসরাবধিকাল অবস্থান
করেন 'ও তাঁহার অর্দেশে শ্রীবৃন্দাবনে গিয়া শ্রীরূপ-সনাতন গোস্বামীর
সহিত মিলিত হইলেন । শ্রীমদ্ভাগবতে তাঁহার অসাধারণ পাণ্ডিত্য ও

সুললিত কণ্ঠ ছিল। শ্রীমদ্ভাগবত গ্রন্থ পাঠ করিয়া তিনি ব্রজবাসী গোস্বামী দিগের আনন্দবর্দ্ধন করিতেন। মহারাজা মানসিংহ তাঁহার শিষ্য ছিলেন এবং এই মানসিংহের অর্থব্যয়ে শ্রীশ্রীগোবিন্দদেবের প্রাচীন শ্রীমন্দির নির্মিত হইয়াছিল।

সপ্তগ্রামে শ্রীহরিদাস ঠাকুর। শ্রীযবন হরিদাস

ঠাকুর সপ্তগ্রামান্তর্গত চাঁদপুর গ্রামে, শ্রীবলরামাচার্য্য
শক ১৪২৭, ঠাকুরের বাটীতে আগমন করেন। শ্রীরঘুনাথ দাস গোস্বামী
খৃঃ ১৫০৫, তখন বালক এবং বলরামাচার্য্যের বাটীতে অধ্যয়ন করি-
তেন। বলরামের আগ্রহাতিশয্যে, হরিদাস হিরণ্য-গোবর্দ্ধন সভায় নাম-
মাচ্য্য কীর্ত্তন করেন। গোপাল চক্রবর্ত্তী নামক এক ব্রাহ্মণ, হরিদাসের
সহিত কুতর্ক করিয়া তাঁহাকে উপহাস করেন এবং নামাভাসে মুক্তি হইলে
নাক কাটিয়া ফেলিব বলিয়া দস্ত প্রকাশ করেন। অল্পদিন পরে এই
ব্রাহ্মণের কুষ্ঠ হইয়াছিল।

দ্বিতীয় পরিচ্ছেদ ।

শ্রীগৌরাস্বের গয়াযাত্রা ও সন্যাসাশ্রয়ের মধ্যবর্ত্তীকাল ।

শ্রীনিমাইস্বের গয়াযাত্রা। পিতৃঋণ শোধ করিবার

শক ১৪২৭, জ্ঞান শ্রীনিমাই গয়াযাত্রা করিলেন—সঙ্গে শ্রীচন্দ্রশেখর
আদিন। আচার্য্যরত্ন ও দুই চারিজন শিষ্য। পথিমধ্যে নিমাইস্বের
খৃঃ ১৫০৫, কঠিন জ্বর রোগ হইলে, ব্রাহ্মণের পাদোদক পানে জ্বর
ছাড়িয়া গেল। গয়াধামে শ্রীবিষ্ণুপদ দর্শন করিয়া নিমাইস্বের অদ্ভুত
ভাবান্তর হটল—কৃষ্ণপ্রেমে বিহ্বল ও অধীর হইয়া উঠিলেন। শ্রীমাধবেন্দ্র

পুরীর শিষ্য শ্রীপাদ ঈশ্বরপুরী এই সময় গণ্ডাতে ছিলেন । শ্রীনিমাই তাঁহার নিকটে দশাক্ষরী গোপীজনবল্লভ মন্ত্রে দীক্ষিত হইলেন । অতঃপর শ্রীপাদ ঈশ্বরপুরী গয়াধাম হইতে শ্রীবৃন্দাবনে চলিয়া গেলেন ।

শ্রীবৃন্দাবনে শ্রীপাদ ঈশ্বরপুরী । শ্রীপাদ ঈশ্বরপুরী,

শক ১৪২৭, বৃন্দাবনে আসিয়া দেখিলেন, শ্রীনিত্যানন্দনামে এক পরম অগ্রহায়ণ । সুন্দব সম্রাসী যুবা পাগলের ছায় শ্রীকৃষ্ণায়েষণ করিতেছেন ।
খৃঃ ১৫০৫, শ্রীপাদ তাঁহাকে বলিয়া দিলেন শ্রীকৃষ্ণ এখন নবদ্বীপে প্রকট হইয়াছেন ; এই সংবাদ পাইয়া শ্রীনিত্যানন্দ নবদ্বীপ যাত্রা করিলেন ।

গয়া-প্রত্যাগত শ্রীগৌরাঙ্গ । শ্রীনিমাই গয়াধাম হইতে

নবদ্বীপে প্রত্যাগত হইলেন । পথিমধ্যে গোড়ের নিকট
শক ১৪২৭, কানাট নাটশাল গ্রামে, “কৃষ্ণ বর্ণ শিশু এক মুরলী বাজায়”
শেষ পৌষ ও মাঘ । তাঁহাকে দর্শন ও আলিঙ্গন দান করিয়া অদর্শন হইলেন ।
খৃঃ ১৫০৬, নিমাইয়ের প্রেমে মাতোয়ারা ভাব নবদ্বীপবাসীর চিত্তাকর্ষণ কবিল । ক্রমে শ্রীমান পণ্ডিত, শ্রীসদাশিব কবিরাজ, শ্রীমুরারি গুপ্ত, শ্রীশুক্লাধর ব্রহ্মচারী, শ্রীগদাধর প্রভৃতি তাঁহার চরণে মিলিলেন । পুনঃ পুনঃ চেষ্টা করিয়াও, শ্রীনিমাই ছাত্রদিগকে পাঠ দিতে পাবিলেন না ; তাঁহাদের সহিত “হরি হরয়ে নমঃ কৃষ্ণায় যাদবায় নমঃ” এষ্ট শ্রীনামকীর্তন করিয়া টোল উঠাইয়া দিলেন । শ্রীমুকুন্দ সঞ্জয়, রত্নগর্ভ আচার্য্য, শ্রীবাস পণ্ডিত, মুকুন্দ দত্ত প্রভৃতি ভক্তগণও আকৃষ্ট হইলেন । শ্রীঅবৈতাচার্য্য স্বপ্নে শ্রীনিমাইয়ের স্বরূপ দেখিলেন এবং তুলসী ও গঙ্গাজলে তাঁহার শ্রীচরণ পূজা করিলেন । শ্রীবাসের অন্তনে ভক্ত সম্মিলনী ও নাম সংকীর্তন আরম্ভ হইল ।

শ্রীবাস পণ্ডিত । শ্রীগৌরাঙ্গলীলার পঞ্চতন্দের অল্পতম শ্রীনারদের অবতার শ্রীবাস পণ্ডিত শ্রীহট্টবাসী বৈদিক ব্রাহ্মণ জলধর

পণ্ডিতের পঞ্চপুত্রের একজন । জলধর পণ্ডিতের নবদ্বীপ ও কুমারহটে ছুটটি বাটা ছিল এবং তাঁহার পুত্রেরা উভয়স্থানেই বাস করিতেন । পঞ্চপুত্রের নাম যথাক্রমে শ্রীনলিন, শ্রীবাস, শ্রীরাম, শ্রীপতি ও শ্রীকান্ত বা শ্রীনিধি । ব্যাসাবতার শ্রীবৃন্দাবন দাস ঠাকুরের জননী শ্রীমতী নাবায়ণী, এই নলিন পণ্ডিতের কন্যা । শ্রীবাস পণ্ডিত ছাব্বিশ বৎসর পর্য্যন্ত দেবদ্বিজে ভক্তিবিশ্বাসহীন ছিলেন ; তারপর এক অসাধারণ স্বপ্নদর্শনে তাঁহার জীবনের অদ্বুত পরিবর্তন হয় এবং তিনি দিবানিশি হরিনাম করিতে থাকেন ।

শ্রীবাসগৃহে প্রকাশ ও অভিষেক । শ্রীবাস শক ১৪২৮, পণ্ডিত ঠাকুরঘবে শ্রীনৃসিংহদেবের পূজা করিতেছিলেন । খৃঃ ১৫০৬, এমন সময় শ্রীনিমাই আসিয়া “শ্রীবাস আমি আসিয়াছি, বৈশাখ । তুমি আমাকে অভিষেক কর” এই বলিয়া বিষ্ণুখট্টায় শালগ্রাম শিলা সরাইয়া তদুপরি উপবেশন করিলেন—সর্ব্বাঙ্গ হইতে সূর্য্যের তেজাপেক্ষা উজ্জ্বল ও স্নিগ্ধ তেজ বাহির হইতে লাগিল । শত কলস গঙ্গাজলে নিমাইকে স্নানাভাষিক্ত করা হইল এবং পুষ্পচন্দনে শ্রীঅঙ্কের পূজা হইল । শ্রীনিমাই, শ্রীবাসের ভ্রাতৃকন্যা নারায়ণীকে কৃষ্ণ প্রেম, ভক্তগণকে অভয় ও আশ্রয় পরিচয় দিয়া ভগবদ্ভাব সঞ্চার করিলেন ।

শ্রীনিত্যানন্দপ্রভুর নদীস্নান আগমন । শ্রীবৃন্দাবন হইতে নবদ্বীপ আসিয়া, নিতাই শ্রীনন্দনাচার্য্যের জ্যেষ্ঠ বাটাতে অতিথিভাবে লুকাইয়া থাকিলেন । পূর্ব্বরাত্রে, শ্রীনিমাই স্বপ্নে সবিশেষ জানিতে পারিয়া প্রত্যুষে নিত্যানন্দকে সন্ধান করিয়া আনয়ন করিবার জন্ত ভক্তগণকে আদেশ করিলেন । ভক্তগণ সন্ধান পাইলেন না । শ্রীনিমাই, ভক্তগণসঙ্গে শ্রীনন্দনাচার্য্যের বাটা গিয়া নিত্যানন্দকে বাহির করিলেন । কিয়ৎক্ষণ সঙ্কেতালাপের পর উভয়ে ভাব গোপন করিলেন । শ্রীবাসগৃহে নিতাইয়ের বাস নির্দ্ধারিত হইল ।

পূর্ণিমা তিথিতে তথায় তাঁহার ব্যাসপূজার আয়োজন হইল ; দিবাভাগে নিতাই স্বীয় দণ্ডকমণ্ডলু ভাঙ্গিয়া গঙ্গাজলে ভাসাইয়া দিলেন এবং ব্যাস পূজার মালা শ্রীনিমাইয়ের গলে দিলেন । নিমাই অমনি ষড়্ভুজ হইলেন, আব নিতাইয়ের মুচ্ছা হইল । শ্রীনিমাইয়েব “ভোক্তনের অবশেষ যতেক আছিল । নারায়ণী পূণ্যবতী তাহা সে পাইল” ॥ নিতাইকে নিমাই শচীমাতার নিকট লইয়া গেলেন, “ছই পুত্র দেখি শচীর জুড়ায় অস্তুর” ।

শ্রীঅদ্বৈতাচার্য ও শ্যামসুন্দর রূপ । শ্রীঅদ্বৈতা-চার্য ও তাঁহার ঘরণী সীতাদেবীর প্রতি প্রসন্ন হইয়া, শ্রীনিমাই তাঁহাদিগকে শ্যামসুন্দররূপে দর্শন দিয়া প্রার্থিত বরদান করিলেন ।

শ্রীপুণ্ডরীক বিদ্যানিধি । শ্রীপুণ্ডরীক বিদ্যানিধি চট্টগ্রাম দেশীয় একজন বিশিষ্ট ধনবান জমীদার ও শ্রীমুকুন্দ দত্তেব একগ্রামবাসী । নবদ্বীপেও তাঁহার বাটা ছিল । বাহিরের আচার ব্যবহার বিলাসী বিষয়ীব মত, কিন্তু এরূপ প্রেমিক কৃষ্ণভক্ত সেকালেও বিরল ছিল । শ্রীগদাধর পণ্ডিত ইহার গুণে মুগ্ধ হইয়া শ্রীনিমাইয়ের সম্মতিক্রমে ইহার নিকট দীক্ষিত হইলেন । পুণ্ডরীক, প্রভুব চরণাশ্রয় করিলেন ।

শ্রীবাসালয়ে মহাপ্রকাশ । শ্রীবাসালয়ে শ্রীনিমাইয়ের সপ্ত প্রহরব্যাপী ভগবদ্ভাবের মহাপ্রকাশ হইল । ভক্তগণকে ^{আঘাট} কৃপা ও ইচ্ছামত বরদান, শ্রীধরকে শ্যামসুন্দর রূপে দর্শন দিয়া কৃপা প্রকাশ ও অভিলষিত বরদান, শ্রীহরিদাস, মুকুন্দ ও মুবারিকে কৃপা ও শ্রীশচীদেবীর মস্তকে শ্রীচরণ দিয়া তাঁহাকে প্রেমদান প্রভৃতি ঐশ্বর্য প্রকাশ করিয়া শ্রীনিমাই ভগদ্ভাব সম্বরণ করিলেন ।

শ্রীজগাই মাধাই উদ্ভার । শ্রীজগন্নাথ (জগাই) এবং মাধব (মাধাই) রায় ছই ভ্রাতা নবদ্বীপের ধনী জমীদার এবং কাজীর অধীনে নবদ্বীপ সহরের কোটাল বা শান্তিরক্ষক ছিলেন । তাঁহারা “ব্রাহ্মণ হইয়া মগ্গ গোমাংস ভক্ষণ । ডাকাচুরি পরগৃহ দাহে অনুক্ষণ”—ইহাদের

অত্যাচাবে সমস্ত নগর উৎপীড়িত ও ত্র্যস্ত থাকিত। এই সময়, শ্রীনিত্যানন্দ ও শ্রীহবিদাস ঠাকুর নবদ্বীপের ঘরে ঘরে, জনে জনে হরিনাম বিতরণে ব্রতী হইলেন এবং এই দুই ভ্রাতার সমীপবর্তী হইয়া লাঞ্চিত হইয়া ফিরিয়া আসিলেন। ভক্তদিগের কাতব প্রার্থনায়, প্রভু এই দুই মহাপাষণ্ডের উদ্ধার করিলেন। শ্রীনিত্যানন্দপ্রভু মাধাইয়ের নিকট মার থাইলেন কিন্তু ক্ষমা করিয়া তাঁহাদের কর্ণে হরিনাম দিলেন। মাধাই গৃহে ফিরিলেন না। গঙ্গাতীরে নিজহস্তে একটি ঘাট ও কুটীর নির্মাণ করিয়া প্রত্যহ দুই লক্ষ হরিনাম করিতে লাগিলেন। নবদ্বীপে “মাধাইয়েব ঘাট” এখনও বর্তমান।

চাপাল গোপাল উদ্ধার। নবদ্বীপবাসী চাপাল গোপাল নামক এক ব্রাহ্মণপণ্ডিত, উচ্চকীর্তনে ঘৃণা প্রকাশ করিয়া রাত্রিতে শ্রীবাসান্ননের বহির্দ্বাবে মত্ত মাংসাদি রাখিয়া গেলেন। অল্পকালে পবে তাঁহার কুষ্ঠ হইল। কাশীধামে শ্রীবিষ্ণুদেবের নিকট প্রত্যাদেশ প্রাপ্ত হইয়া শ্রীনিমাইয়ের চরণাশ্রয় করিলেন। নিমাই তাঁহাকে শ্রীবাসের চরণোদক পান করিতে আদেশ দিলেন। তাহাতেই গোপালের উদ্ধার হইল।

শ্রীচন্দ্রশেখরলালয়ে নাট্যাভিনয়। প্রভুর পার্শ্বদ বন্ধিমস্ত খান ও সদাশিব কবিবাজের উত্তোগে, আচার্য্যরত্নের বাটীতে সপার্শ্বদ নিমাই শ্রীকৃষ্ণলীলাব নাট্যাভিনয় করিলেন। নিমাই শ্রীরাধা, গদাধর ললিতা, নিত্যানন্দ বড়াই, শ্রীবাস নারদ, এবং হরিদাস কোতোয়ালের কাচ কাচিয়াছিলেন।

শ্রীঅদ্বৈতাচার্য্যের জ্ঞানচর্চা। এই সময়, অদ্বৈতাচার্য্য তাঁহার পরিকরগণকে সঙ্গে লইয়া শান্তিপুরে প্রত্যাগত হইয়া জ্ঞানচর্চার পক্ষপাতী হইলেন। শঙ্করনামক তাঁহার জনৈক শিষ্য আসামে গিয়া স্বাধীনভাবে ধর্মপ্রচার করিতে লাগিলেন। এই সংবাদ পাইয়া

শ্রীনিমাই, নিত্যানন্দসঙ্গে অদ্বৈতালয়ে আগমন করিয়া তাঁহাকে পুনরায় জ্ঞান-চর্চা ত্যাগ কবিত্তে বাধ্য করিলেন। নবদ্বীপে প্রত্যাগমনের পথে, অধিকায় শ্রীগৌরীদাস পণ্ডিতকে একখানি নৌকা বাহিব্বার বৈঠা দিয়া, উহাধ্বারা পতিত জীবকে ভবনদী পার করিতে আদেশ দিলেন। এই বৈঠা অত্মাপি শ্রীগৌরীদাসমন্দিরে বর্তমান আছে।

শ্রীবৃন্দাবন দাস ঠাকুরের আবির্ভাব।

শক ১৪২২, শ্রীবাসাগ্রজ নলিন পণ্ডিতের কন্যা নারায়ণী অতি শিশুকালেই বৈশাখী পিতামাতা হারাইয়াছিলেন। শ্রীবাস অতি অল্পবয়সেই কৃষ্ণাঘাদিনী পঃ ১৫০৭, নাৰায়ণীর বিবাহ দেন এবং বিবাহের অল্প পরেই তিনি বিধবা হন। শ্রীনিত্যানন্দপ্রভু শ্রীবাসালয়ে অবস্থিতকালে, নারায়ণীকে বিধবা না জানিয়া “পুত্রবতী হও” বলিয়া আশীর্বাদ করেন। নিত্যানন্দের ব্যাসপূজার নৈবেদ্যের মহাপ্রভুর ভুক্তাবশেষ ভোজনে, নারায়ণীর গর্ভসঞ্চারণ হয়। শ্রীবাসের কুমারহট্টালয়ে বৃন্দাবন ঠাকুরের জন্ম হইলে, লোকনিদ্যায় উৎপীড়িত হইয়া, নারায়ণী এক বৎসরের শিশু লইয়া, নবদ্বীপ-সন্নিকট মামগাছি গ্রামে শ্রীবাসুদেব দত্তের ঠাকুর বাড়িতে আশ্রয়গ্রহণ করেন—এই ঠাকুর বাটী পবে “নারায়ণীর পাট” বলিয়া বিখ্যাত হয়। বৃন্দাবন বয়োগ্রাপ্ত হইয়া নবদ্বীপে অধ্যয়ন করেন এবং যথাসময়ে শ্রীনিত্যানন্দপ্রভুর নিকট দীক্ষিত হইয়া ভাগবত পাঠ করেন। শ্রীনিত্যানন্দপ্রভুর আদেশে কিছুকাল পরে, বৃন্দাবন নবদ্বীপের সাত ক্রোশ পশ্চিমে দেগুড় গ্রামে শ্রীপাট স্থাপন করেন। বৃন্দাবন দাস “চৈতন্য ভাগবত” রচনা করিয়া বৈষ্ণব জগতে অমর হইয়া গিয়াছেন। এই গ্রন্থের নাম পূর্বে “চৈতন্য মঙ্গল” ছিল। পরে শ্রীনরহরি ঠাকুরের শিষ্য কোগ্রামবাসী শ্রীলোচনদাস ঠাকুর “চৈতন্য মঙ্গল” লিখিলে বৃন্দাবনের গ্রন্থের নাম “চৈতন্য ভাগবত” রাখা হয়।

ব্রজলীলার রসাস্বাদন। শ্রীনিমাই সপার্বদে ব্রজলীলার শক ১৪২২-৩০ সকল উৎসবগুলি যথাসময়ে সম্পন্ন করিয়া ভক্তগণকে খৃঃ ১৫০৭-৮ রসাস্বাদন করাইলেন।

শ্রীসারঙ্গ ঠাকুরের শিষ্যগ্রহণ। নবদ্বীপের সন্নিকট জাগনগড় গ্রামে শ্রীসারঙ্গ ঠাকুর, প্রভুর একজন পার্বদ। অতিবুদ্ধ হওয়ায়, প্রভু তাঁহাকে শিষ্য সংগ্রহ করিয়া, তাঁহার সেবিত গোপীনাথ বিগ্রহের সেবার ব্যবস্থা করিতে আদেশ দিলেন; স্থিব হইল, পরদিন প্রভাতে উঠিয়া প্রথমেই তাহার দর্শন হইবে, তাহাকেই শিষ্যরূপে গ্রহণ করিতে হইবে। পরদিন অতি প্রত্যুষে, সারঙ্গ গঙ্গান্নান করিবাব সময়, দ্বাদশবর্ষীয় নবোপনীত এক ব্রাহ্মণকুমারের মৃতদেহে তাঁহার অঙ্গস্পর্শ হইল এবং তিনি প্রভুর আদেশ স্মরণ করিয়া ঐ মৃত শিশুর কর্ণে মস্ত্র দিলেন। কুমার ধীরে ধীরে জীবিত হইয়া সংজ্ঞালাভ করিলেন। প্রাতে শ্রীমহাপ্রভু সপার্বদে আসিয়া তাঁহার আত্মপরিচয় জিজ্ঞাসা কবিলেন। বালক বলিলেন, বর্দ্ধমান জেলায় গুস্করা ষ্টেশনেব নিকট সরডাঙ্গা গ্রামের গোস্বামীবংশে তাঁহার জন্ম—নাম মুরারি। উপনয়নের পরই সর্পাঘাত করিলে, মৃত ভাবিয়া তাঁহাকে নদীর বগায় ভাসাইয়া দেওয়া হয়। মূবারি আর বাটা না ফিরিয়া জাগনগড়ের শ্রীপাটেই রহিয়া গেলেন।

শ্রীরঘুনন্দন ঠাকুরের আবির্ভাব। ব্রজলীলায় প্রহ্লাদ। বর্দ্ধমান জেলায় সুপ্রাসদ্ধ শ্রীখণ্ড গ্রামে, শ্রীনরহরি শক ১৪৩০ সরকার ঠাকুরাগ্রজ শ্রীমুকুন্দ কবিরাজের পুত্ররূপে রঘুনন্দন মাতী শুক্লাপঞ্চমী জন্মগ্রহণ করেন। তাঁহার বংশধরেরা বলিয়া থাকেন তিনি খৃঃ ১৫০২, শ্রীগোরাঙ্গ মহাপ্রভুর স্বীকৃতপুত্র এবং মহাপ্রভুর চর্কিত তাশুলসেবনে মুকুন্দ-পত্নী গর্ভবতী হইয়াছিলেন। শিশু রঘু পঞ্চবর্ষ বয়ঃক্রম কালে কুলদেবতা শ্রীশ্রীগোপীনাথ জীউকে লাড়ু খাওয়াইয়াছিলেন। ইহার প্রভাবে এক কদম্ববৃক্ষে, বার মাস প্রত্যহ দুইটি করিয়া ফুল ফুটিত।

ইনি শ্রীঅভিরাম ঠাকুরের প্রণাম সহ্য করিয়া নৃত্য করিয়াছিলেন। রঘু-
নন্দন, শ্রীনরহরি ঠাকুরের দ্বাৰা পুত্ররূপে প্রতিপালিত হইয়া, তাঁহার নিকটই
দীক্ষা গ্রহণ করেন। গৌরমণ্ডলে প্রেমভক্তি প্রচারে, ইনি সবিশেষ উত্তোগী
ছিলেন, এবং ইনি বহু শিষ্য সংগ্রহ করিয়া যান। শ্রীশ্রীমহাপ্রভু নীলাচলে
সপার্বদ সংকীৰ্ত্তনাধিবাসে রঘুনন্দনদ্বারা মালাচন্দন প্রদান করাইয়া ও
কীৰ্ত্তনাস্ত্রে দধিভাণ্ড ভাঙ্গাইয়া তাঁহাকে উক্ত কার্যের অধিকারী করিয়া
গিয়াছেন। সেইঅবধি তাঁহার বংশধবেরাই ঐ কার্যের অধিকারী হইয়া
আসিতেছেন।

শ্রীবৃন্দাবনে শ্রীশ্রীরাধা-বল্লভ প্রতিষ্ঠা। রাধা-

বল্লভী সম্প্রদায়-প্রবর্তক হিত হরিবংশ সংসারত্যাগ করিয়া
শক ১৪৩০,
পৃ ১৫০০,
বৃন্দাবন যাইবার পথে, অনন্ত নামক বিপ্রেস বাটীতে অতিথি
হইলে, অনন্ত শ্রীরাধিকার স্বপ্নাদেশে, তাঁহার কৃষ্ণদাসী ও
মনোহরীনাগ্নী কন্যা ও সেবিত শ্রীরাধাবল্লভ শ্রীবিগ্রহ হরিবংশকে
অর্পণ করেন। হরিবংশ হৃদাদিগকে সঙ্গে লইয়া বৃন্দাবন গিয়া
রাধাবল্লভজীব সেবা প্রকাশ করেন। হরিবংশ গোপাল ভট্ট গোস্বামীর
শিষ্য ছিলেন। হরিবাসরে তাম্বুল চর্ষণ করিতে দেখিয়া, গোস্বামী
হরিবংশকে একরূপ করিতে নিবেদন করিলে, তিনি শ্রীরাধিকাব আজ্ঞায়
করিতেছি বলিয়া বাব বাব গুরুআজ্ঞা অমান্য করেন এবং সেই কারণে
গুরু কর্তৃক পরিত্যক্ত হইয়া, পৃথক সম্প্রদায় গঠন করেন।

শ্রীজাহ্নবা ঠাকুরানীর আবির্ভাব। পিতা

শক ১৪৩১,
বৈশাখী পঞ্চমী
পৃ ১৫০০,
সূর্য্যদাস পণ্ডিত, মাতা ভদ্রাবতী দেবী। জন্মস্থান অষ্টিকা
কালনা। সূর্য্যদাস রাঢ়াশ্রেণীভুক্ত ভরদ্বাজ গোত্রীয়
ব্রাহ্মণ শ্রীকংসারি মিশ্রের পুত্র। সূর্য্যদাসেব মুসলমানরাজ
দত্ত "সরখেল" উপাধি ছিল। শ্রীনিতানন্দপ্রভু সূর্য্যদাসের ছই কন্যা

শ্রীমতী বসুধা ও জাহ্নবা দেবীর পাণি গ্রহণ করেন। ইঁহারা প্রজলীলায় যথাক্রমে রেবতী ও অনঙ্গ মঞ্জরী ছিলেন।

কাজি দলন ও উদ্ধার। গোড়ের বাদশাহার দৌহিত্র চাঁদ কাজি নবদ্বীপের শাসনকর্তা। নিমাইয়ের বিপক্ষদেরা শক ১৪৩১, এবং কাজির অধীনস্থ মুসলমান কর্মচারীগণ, কাজির নিকট কার্তিক ; নিমাইয়ের উচ্চ নামসংকীর্তন কোলাহলের পুনঃ পুনঃ শৃঃ ১৪০২, অভিযোগ করিয়া, তাঁহাকে উহা নিবারণ করিতে বাধ্য করিল। কাজির লোকগণ সংকীর্তনের খোল ভাঙ্গিয়া, কীর্তনকারী দিগকে ধরিয়া লইয়া গিয়া এবং কঠোর নিষেধাজ্ঞা প্রচার করিয়া, সংকীর্তন বন্ধ করিল। শ্রীনিমাই কাজির দর্পচূর্ণ করিতে উদ্যোগী হইলেন ; কাজির আদেশ অমান্য করিয়া, নগরে সংকীর্তনের আজ্ঞা ঘোষিত হইল। নগবে হুলস্থূল পড়িয়া গেল—মঙ্গল কলস, কদলী বৃক্ষ, পুষ্পমালা পতাকা ও দীপমালায় নগর সজ্জিত হইল। সন্ধ্যার পর, শত শত লোক মশাল হস্তে নিমাইয়ের বাটার নিকট সমবেত হইলেন—সংকীর্তনের বহু দল গঠিত হইল। সপার্বদ নিমাই ভুবন মোহন নটবর বেশে, লক্ষ লক্ষ হরিধ্বনির মধ্যে বাহির হইলেন। ঘাটে, পথে, গাছের উপর, অট্টালিকার উপর লোকে লোকারণ্য—চারিদিকে শঙ্খধ্বনি, হলুধ্বনি এবং হরিধ্বনি। এই জনশ্রোত কাজির বাটার সম্মুখীন হইলে, কাজি ভয়ে অস্তঃপুবে লুকাইলেন, সৈন্যগণ বাহির হইতে সাহস পাইল না। উত্তেজিত ও উৎফুল্ল লোক সকল কাজীর ঘর বাড়ী ভাঙ্গিতে আরম্ভ করিল। শ্রীনিমাই সকলকে ক্রান্ত করিয়া, কাজীকে নিকটে আনিলেন এবং তাঁহার মুখে সমস্ত ব্যাপার অবগত হইয়া তাঁহাকে কৃপা করিলেন। কাজির অঙ্গ স্পর্শ করিলেন, তাঁহার সর্ব্বপাপ ক্ষয় হইল, কাজি প্রভুর চরণে লুটাইয়া পড়িলেন। এইরূপে কাজির উদ্ধার হইল—তাঁহার বংশে শ্রীগোবিন্দ সেবার সৃষ্টি হইল। চাঁদ কাজির সমাধি নবদ্বীপে “বল্লাল টিলায়” নিকট বৈষ্ণবের তীর্থরূপে পরিণত হইয়াছে।

শ্রীগোবিন্দদাস কৰ্ম্মকান্ধের গৃহত্যাগ ও

শ্রীগৌরান্ধ চরুনাশ্রয় । বর্ধমান সহরের কাঞ্চন
শক ১৪৩১, নগর মহল্লানিবাসী গোবিন্দদাস কৰ্ম্মকার সংসারের
খৃঃ ১৫০৯, জালায় উৎপীড়িত হইয়া গৃহত্যাগ করেন ও নবদ্বীপে আসিয়া
মহাপ্রভুর রুপালাভ করিয়া তাঁহার আলয়েই রহিয়া যান । “গোবিন্দ
দাসেব করচা” নামে একখানি বহি প্রকাশিত হইয়াছে ; ইহার বর্ণনামুসারে
এই গোবিন্দ দাসই মহাপ্রভূব দাক্ষিণাত্য ভ্রমণকালে তাঁহার সঙ্গে থাকিয়া
ভ্রমণ বৃত্তান্ত এই করচাকারে লিপিবদ্ধ করেন । পুস্তকখানির আত্মোপাস্ত
প্রামাণিক বলিয়া গ্রহণ করা যায় না ।

শ্রীলোকনাথ ও ভূগর্ভ গোস্বামীর বৃন্দাবন

যাত্রা । শ্রীঅদ্বৈতাচার্যের শিষ্য যশোহর জেলাসুর্গত
শক ১৪৩১, তালখাড় গ্রাম নিবাসী শ্রীপদ্মনাভ চক্রবর্তীর একমাত্র পুত্র
খৃঃ ১৫০৯, লোকনাথ বাল্যকালে মহাপ্রভুর সহপাঠী ও তাঁহার পূর্বাঞ্চল
অংশায়ণ । ভ্রমণের সঙ্গী ছিলেন । লোকনাথ বিবাহ করেন নাই ।
যৌবনের প্রারম্ভে, মাতাপিতার অগোচরে নবদ্বীপ আসিয়া, শ্রীমহাপ্রভুর
চরণাশ্রয় করেন । মহাপ্রভু তাঁহাকে নুপ্ততীর্থ উদ্ধার ও ভক্তি ধর্ম্ম
প্রচারের জন্ত শ্রীবৃন্দাবনে প্রেবণ করিলেন । শ্রীগদাধর পণ্ডিত গোস্বামীর
শিষ্য ভূগর্ভ ও গোব-গদাধরের অনুমতিক্রমে লোকনাথের সহগামী হইলেন ।
শ্রীলোকনাথ গোস্বামী ব্রজলীলায় শ্রীমঞ্জুনানী মঞ্জরী ছিলেন এবং কালে
শ্রীনরোত্তম ঠাকুরকে দীক্ষাদান করিয়া ছিলেন ।

শ্রীঅদ্বৈতাচার্যের বিশ্বরূপ দর্শন । শ্রীঅদ্বৈত-

পৌষ, চার্য্যেব পুনরায় সন্দেহ হইল ; প্রভুকে মনের কথা খুলিয়া
বলিয়া আর্জুনাদ করিতে লাগিলেন এবং যাহাতে পুনরায়

আব সন্দেহ না হয় সেইজন্ত দ্বাপরে অজ্জুন যে বিশ্বরূপ দেখিয়াছিলেন তিনি সেইরূপ দেখিতে চাহিলেন । প্রভু তাঁহাকে এবং তৎসঙ্গে শ্রীনিত্যানন্দ প্রভুকে বিশ্বরূপ দেখাইলেন ।

তৃতীয় পরিচ্ছেদ ।

শ্রীনিমাইয়ের সন্ন্যাস ও দাক্ষিণাত্যভ্রমণ কাল ।

শ্রীনিমাই-সন্ন্যাস । শ্রীনিমাইয়েব ঐশ্বর্যা ও সুখ-বিলাস শক ১৪০১, দুষ্ট লোকের অসহ্য চেষ্টা উঠিল । তাঁহাকে প্রহার করিবার খৃঃ ১৫১০, গুপ্ত নড়যন্ত্র চলিতে লাগিল । নিমাই সমস্তই বুঝিলেন ; মাঘ । শ্রীপাদ নিত্যানন্দের সচিৎ নির্জ্জনে সন্ন্যাসগ্রহণের পরামর্শ কবিলেন—তিনি সন্ন্যাসী হইয়া, জীবের নিকট হরিনাম ভিক্ষা করিয়া জীবকে ক্লেশোন্মুখ করিবেন । ভক্তগণ ক্রমেই এ দারুণ কথা শুনিলেন ; শচীমাতা ও বিষ্ণুপ্রিয়া দেবীর নিকট, নিমাই বিদায় মাগিলেন, নানারূপে তাঁহাদিগকে বুঝাইলেন, সাহসনা করিলেন এবং অবশেষে নিজশক্তিবলে তাঁহাদিগকে অভিভূত করিয়া ও জ্ঞানদান দিয়া অহুমতি আদায় করিয়া লইলেন । রাত্রিশেষে তাঁহাদের অজ্ঞাতসাবে গৃহত্যাগ করিলেন, সম্বরণে গঙ্গাপার হইয়া দীনহীন কাঙ্গালের বেশে, শচীর ছুলাল কাটোয়ায় কেশব ভারতীর নিকট ছুটিলেন । নদীয়ায় যে ঘাটে প্রভু পার হইলেন, নদীয়াবাসী তাহাব নাম রাখিলেন “নিদয়ার ঘাট” । শচী বিষ্ণুপ্রিয়ার করুণ ক্রন্দনে পাষণ গলিয়া গেল ; ভক্তগণের কেহ কেহ তাঁহাদের সাহসনায় রহিলেন, আর নিতাই, বক্রেশ্বর, মুকুন্দ, আচার্য্যরত্ন এবং নামোদয়, প্রভুব সন্ধানে বাহির হইলেন । নরহরি এবং গদাধরও পরদিন

ঠাঁহাদের সঙ্গে মিলিলেন । সকলে কাটোয়ায় গিয়া শ্রীকেশব ভারতীয় আশ্রমে যে দৃশ্য দেখিলেন, তাহা বর্ণনার অতীত । অসংখ্য জন-সমাগম ; আবাল-বৃদ্ধ-বগিতা সকলেই হাহাকার করিতেছেন—কেহ উঠেঃস্বরে, কেহ নীরবে বোদন করিতেছেন, আর কেহবা ধূলায় গড়াগড়ি দিতেছেন । প্রভুর অপূর্ণ বেশ—মুণ্ডিত কেশ, অরুণবসন, করে কমণ্ডলু, আর নয়নে অবিরাম জলধারা । কেশব ভারতী প্রভুর কর্ণে সন্ন্যাসমস্ত্র দিলেন—নাম হইল শ্রীকৃষ্ণ-চৈতন্য । প্রভু পশ্চিমমুখে বৃন্দাবনের দিকে ছুটিলেন । তিন দিবস রাঢ়দেশে অর্দ্ধবাহ্যাবস্থায় ছুটাছুটি করিয়া, নিতাইয়ের কোশলে শান্তিপুরে শ্রীঅদ্বৈতগৃহে আসিলেন ।

শ্রীঅদ্বৈত-গৃহে শ্রীগৌরান্ধ । নদীয়ার তাবৎ লোক শতীমাতার সঙ্গে প্রভুকে দেখিতে আসিলেন ; কেবল আসিতে পাইলেন না, দেবী বিষ্ণুপ্রিয়া । শতীমাতার চরণে লুটাইয়া প্রভু ক্ষমা চাহিলেন । সপার্বদ কীর্ত্তনানন্দে কয়েক দিবস কাটিয়া গেল, অবশেষে শতীমাতার আজ্ঞায় স্থির হইল, প্রভু নীলাচলে বাস করিবেন ।

যশড়ায় শ্রীজগদীশালয়ে । শ্রীজগদীশ ও মহেশ পণ্ডিতের কথা পূর্বেই কথিত হইয়াছে । জগদীশ অভিমান করিয়া প্রভুকে দেখিতে আসিলেন না । প্রভু স্থির থাকিতে পারিলেন না, শ্রীনিত্যানন্দসঙ্গে যশড়ায় জগদীশালয়ে উপস্থিত হইলেন এবং একদিন তথায় অবস্থিত করিলেন । শ্রীনিত্যানন্দপ্রভু মহেশ পণ্ডিতকে দীক্ষা দিয়া নিজ পরিকরভুক্ত করিয়া লইলেন ।

নীলাচলে যাত্রা । জননী, জাহ্নবী ও ভক্তগণের নিকট বিদায় লইয়া, প্রভু নীলাচল যাত্রা করিলেন । কয়েকজনকে সঙ্গে ছাড়াইতে পারিলেন না,—শ্রীনিত্যানন্দ, দামোদর, গোবিন্দ, জগদানন্দ ও মুকুন্দ ; ইহারা প্রভুর সঙ্গে চলিলেন—সকলেই কোপীনধারী উদাসীন । পথিমধ্যে

আঠিসারা গ্রামে শ্রীঅনন্ত পণ্ডিতকে এবং ছত্রভোগ তীর্থে (বর্তমান খাড়িগ্রাম, থানা মথুরাপুর, জেলা ২৪ পবগণা) বাজা রামচন্দ্র খানকে রূপা কবিলেন ; বেমুণায় ক্ষীবচোবা গোপীনাথ, কটকে সাক্ষীগোপাল এবং ভুবনেশ্বর, জাজপুর প্রভৃতিস্থানে শ্রীবিগ্রহাদি দর্শন করিলেন । শ্রীনিত্যানন্দ, ভুবনেশ্বর সন্নিকট ভার্গী নদীতীরে প্রভুর দণ্ড ভাঙ্গিয়া জলে ভাসাইয়া দিলেন—ঐ নদীর নাম চিবদিনের জন্ত “দণ্ডভাঙ্গা নদী” হইল ।

নীলাচলে শ্রীচৈতন্য । দোলযাত্রার পূর্বেই প্রভু নীলাচলে আসিলেন । সঙ্গীগণকে আঠাবনালায় ত্যাগ কবিয়া, প্রেমোন্মত্ত ভাবে ছুটিয়া আসিয়া, প্রভু শ্রীজগন্নাথদেবের শ্রীমন্দিরে প্রবেশ করিলেন । আলিঙ্গন করিবাব জন্ত লক্ষ্য দিলেন এবং শ্রীঅঙ্গস্পর্শমাত্রে মুচ্ছিত হইয়া পড়িয়া গেলেন ।

শ্রীবাসুদেব সার্কভোম-উদ্ধার । নবদ্বাপেব সুপ্রসিদ্ধ নৈয়ায়িক ভূবনবিখ্যাত পণ্ডিত বাসুদেব সার্কভোম, এই সময় শ্রীজগন্নাথ-মন্দিরে উপস্থিত ছিলেন । উড়িষ্যাব রাজা প্রতাপরুদ্র, তাঁহাকে বহু অর্থব্যয়ে পুৰীতে স্থাপন করিয়াছিলেন । তিনি মুচ্ছিত প্রভুকে, ক্রোধোন্মত্ত পাণ্ডাদিগের হস্ত হইতে উদ্ধার কবিলেন এবং তাঁহার শরীরে শাস্ত্রনির্দিষ্ট প্রেম ও ভাব লক্ষণরাশি দর্শনে তাঁহাকে মহাপুরুষ জ্ঞান কবিয়া, মুচ্ছিতাবস্থায় নিজালয়ে লইয়া গেলেন । মহাপ্রভু তইমাস কাল পুৰীতে সার্কভোমাদির সহিত বাস করিলেন । জ্ঞানদর্পিত সার্কভোমেব বিত্তা ও জ্ঞান গর্ষ, প্রভুর অলৌকিক প্রতিভা, বিদ্যাবত্তা, কৃষ্ণপ্রেম ও রূপবৈভবের নিকট সর্ষপ্রকাবে খর্কিত হইল । প্রভু তাঁহাকে রূপা করিলেন, বড়ভূজমূর্তি দেখাইলেন, আব সার্কভোম সবংশে চিবদিনের মত তাঁহার চরণে বিক্রীত হইলেন ।

শ্রীমহাপ্রভুর দক্ষিণাত্য যাত্রা । তীর্থদর্শন উপলক্ষ
কবিয়া, প্রভু ৭ই বৈশাখ, দক্ষিণাত্য-উদ্ধারে বাহির হইলেন ।
৭ক ১৪৩২, সঙ্গে চলিলেন, কৃষ্ণদাস বিপ্র এবং গোবিন্দ কৰ্ম্মকার ।
খঃ ১৫১০. গোবিন্দ কৰ্ম্মকারের কথা কেহ কেহ বিশ্বাস করেন না ।
কৃষ্ণদাস বা কালাকৃষ্ণদাস ঠাকুরের কথা পূর্বে উল্লেখ করা
হইয়াছে ।

শ্রীপুরুষোত্তম আচার্য্যের সন্ন্যাস । পুরুষোত্তম
আচার্য্যের বাস নবদ্বীপে, প্রভুব প্রকাশের পব তাঁহার চরণাশ্রয় করেন
এবং “প্রভুব সন্ন্যাস দেখি উন্নত হইয়া । সন্ন্যাসগ্রহণ কৈলা বাবাণসী
গিয়া” । পুরুষোত্তম প্রভুব উপর রাগ ও অভিমান কবিয়া, প্রভুব নাম-
গন্ধীন কাশীতে গিয়া সন্ন্যাস লইলেন । নাম হইল, স্বরূপ দামোদর ।

শ্রীগদাপর-নবহরির নীলাচল যাত্রা । প্রভু
সন্ন্যাস লইয়া নীলাচল যাত্রা করিলে, গদাপর ও নবহরি গোরশু নবদ্বীপে
থাকিতে পাবিলেন না । শ্রীভগবানাচার্য্য, শ্রীরামভট্ট প্রভৃতি ভক্তগণকে
সঙ্গে লইয়া, তাঁহারা নীলাচল যাত্রা করিলেন । নীলাচলে আসিয়া প্রভুব
দক্ষিণ গমনবার্ত্তা শুনিয়া, প্রত্যাগমন প্রতীক্ষায় শ্রীনিত্যানন্দসহিত
নীলাচলে রহিয়া গেলেন ।

শ্রীলোকনাথ ও ভূগর্ভ গোস্বামীর বৃন্দাবনা-
গমন । ৩ইজনে বৃন্দাবনে আসিয়া দেখিলেন, বৃন্দাবন ব্যাঘ্র-ভল্লকের
আবাসযোগ্য জঙ্গল হইয়াছে, লীলাস্থান প্রায় সমস্তই লুপ্ত । শ্রীবিগ্রহ
সকল স্থানান্তবিত, কেহ কিছুই বলিতে পাবেন না । তাঁহারা পাগলের
আয় বনে বনে কাঁদিয়া বেড়াইতে লাগিলেন । শুনিলেন, প্রভু সন্ন্যাস
লইয়া নীলাচলে গিয়াছেন, অমনি প্রভুর উদ্দেশে উভয়ে নীলাচল যাত্রা
করিলেন ।

শ্রীশ্রীমহাপ্রভু ও শ্রীরাঘ রামানন্দ মিলন ।
 বায় রামানন্দ, রাজা প্রতাপাদিত্যের অধীনে বিদ্যানগরের শাসনকর্তা ।
 দোলায় চড়িয়া, বাহুভাণ্ড বাজাইয়া, বহু মৈত্র, হাতীঘোড়া লইয়া
 গোদাবরীতে স্নান করিতে আসিয়াছেন ; এদিকে প্রভু ভ্রমণ করিতে
 করিতে গোদাবরী তটে আসিয়া, স্নানান্তে ঘাটে বসিয়া মালা জপ
 করিতেছেন । রামানন্দের দৃষ্টি সেইদিকে আকৃষ্ট হইল, নিকটে গিয়া সাষ্টাঙ্গ
 প্রণাম করিলেন । প্রভু, কতকালের পরিচিতির ছায় তাঁহাকে হৃদয়ে
 ধরিয়া গাঢ়ালিঙ্গন করিলেন । উভয়ে মুচ্ছিত হইয়া পড়িয়া গেলেন ও কিছুক্ষণ
 পরে উঠিয়া বসিলেন । রামানন্দ প্রভুর চরণে আত্মসমর্পণ করিলেন ।
 প্রভু রামানন্দের মুখে জীবকে সাধন ভজন তত্ত্ব শিক্ষা দিলেন । কিছু দিন
 তাঁহার নিকট রহিয়া ও তাঁহাকে বিষয়ত্যাগ করিয়া নীলাচল যাইতে
 আদেশ করিয়া, প্রভু দক্ষিণ দেশে চলিয়া গেলেন । রায় রামানন্দ গোর-
 লীলার সাড়ে তিন জন “পাত্রের” একজন এবং ব্রজলীলায় শ্রীমতী
 বিশাখা সখী ।

শ্রীগোপাল ভট্ট মিলন । বহু তীর্থ পর্যটন করিয়া
 প্রভু কাবেরী তীরস্থ রঙ্গক্ষেত্রে উপস্থিত হইলেন । তথায়
 অঃসঃ-শাবণ শ্রীমঙ্গলায় বৈষ্ণব শ্রীবৈষ্ণব ভট্ট প্রভুর কৃপা প্রাপ্ত হইলেন ।
 প্রভু তাঁহার গৃহে অবস্থান করিলেন । বৈষ্ণব ভট্টের ত্রিমল্ল ও প্রকাশানন্দ
 নামে দুই সহোদর এবং গোপাল নামে আট নয় বৎসরের একমাত্র পুত্র ।
 প্রভুর দর্শনে গোপালের অপূর্ব ভাবাস্তব হইল । পিতার আদেশে, গোপাল
 প্রভুর সেবায় নিযুক্ত হইলেন । কয়েক দিবস পরে, গোপাল স্বপ্নে
 শ্রীবাসুদেবে সপার্বদ মহাপ্রভুর নৃত্যকীর্তন দেখিলেন ; প্রভু তাঁহাকে
 কৃপা কবিয়া নবজলধর শ্রীমঙ্গলরূপে দেখা দিলেন—গোপাল মুচ্ছিত
 হইয়া চরণতলে পড়িয়া গেলেন । বিদায়ের কালে, প্রভু বৈষ্ণবকে আদেশ
 করিলেন, যেন গোপালের বিবাহ না দেওয়া হয় এবং তাঁহাকে উত্তমরূপে

শাস্ত্রশিক্ষা দেওয়া হয়। গোপালকে, পিতামাতার অদর্শনে শ্রীবৃন্দাবনে শ্রীকৃপসনাতনের আশ্রয় গ্রহণ করিতে বলিলেন এবং ভবিষ্যতে শ্রীনিবাস দ্বারা গোড়মণ্ডলে ভক্তি শাস্ত্র প্রচারের আজ্ঞা দিলেন ।

সাপ্থ তুকারামকে কৃপা । সাধু তুকারাম মহারাষ্ট্র দেশকে প্রেমভক্তিতে প্লাবিত করিয়াছিলেন। তিনি মাদনী শূদ্রা দশমী শ্রীরাধাকৃষ্ণ-ভক্ত এবং ব্রজের নিগূঢ় রসের অধিকারী ছিলেন। পুনানগবেব নিকট ভীমা নদীর তীরে পাণ্ডার পুরে তাঁহার বাস। শ্রীশ্রীমহাপ্রভু তাঁহাকে অকস্মাৎ দর্শন দিয়া অঙ্গ-স্পর্শে শক্তি সঞ্চার করিলে তুকারামের অর্ধবাহু দশা হয়—প্রভু সেই অবস্থায় তাঁহাকে কৃপা করিয়া অদর্শন হইলেন। তুকারামের শাখা-প্রশাখা বিস্তৃত হইল। ইহারী শ্রীচৈতন্য-সম্প্রদায়ী ।

শ্রীবসু রামানন্দ মিলন । আহামদাবাদ নগরের নিকট শুভ্রামতী নদীতে স্নান করিবার সময়, গোবিন্দমুখে প্রভুর শক ১৪৩৩ পরিচয় পাইয়া, কুলীনগ্রামবাসী মালাধর বসুর পোত্র ভাদ্র রামানন্দ বসু প্রভুর চরণাশ্রয় করিলেন। বসু রামানন্দ খৃঃ ১৫১১ এই সময় তীর্থ পর্য্যটনকালে এতদঞ্চলে ভ্রমণ করিতেছিলেন, তৎসঙ্গে গোবিন্দচরণ নামক তাঁহার দেশবাসী জনৈক ভক্ত। রামানন্দ প্রভুকে দেশেব কথা স্মরণ করাইয়া দিলেন। সকলে একত্রে দ্বারকা যাত্রা করিলেন। প্রভু, রামানন্দকে মিতা সম্বোধন করিলেন।

চতুর্থ পরিচ্ছেদ ।

তীর্থ-প্রত্যাগত শ্রীগোরাঙ্গ ও ভক্ত-সম্মিলন ।

শ্রীশ্রীমহাপ্রভুর নীলাচলে প্রত্যাগমন । এই-

শক ১৪৩৩

৩রা মাঘ ।

খৃঃ ১৫১২

রূপে মহাপ্রভু, “নবদ্বীপে যেই শক্তি না কৈল প্রকাশ । সে

শক্তি প্রকাশি নিস্তারিল দক্ষিণ দেশ” । বহুতীর্থ-ভ্রমণ করিয়া,

নীলাচলের নিকটে আসিয়া, প্রভু ভূত্যা দ্বাৰা ভক্তগণের নিকট

আগমনসংবাদ প্রেবণ কবিলেন । ভক্তগণ, শ্রীনিতাইকে

অগ্রবর্তী করিয়া, প্রভুকে মহাসমাবাহে নীলাচলে আনয়ন কবিলেন । প্রভু

শ্রীকাশী মিশ্রের ভবনে অবস্থান করিতে লাগিলেন । কাশী মিশ্র, বাজা

প্রতাপ কুন্দের গুরু ; প্রভুর প্রত্যাগমনের পূর্বেই সাক্ষাভ্যর্থের সঁচিৎ

গভ্যামণ করিয়া রাজা, কাশী মিশ্রের আশ্রয় প্রভুব জগ্ন নিদ্দিষ্ট কবিয়া

বাখিয়াছিলেন । কাশী মিশ্রকে প্রভু রূপা করিলেন এবং শঙ্খ-চক্র-গদা-

পদ্মধারী বেশে দর্শন দিলেন ।

মাঘ । গোড়-মণ্ডলে সংবাদ প্রেরণ । প্রভুব প্রত্যা-

গমন বাস্তা লইয়া শ্রীকালা কৃষ্ণদাস বিপ্র নবদ্বীপ যাত্রা করিলেন ।

শ্রীস্বরূপ দামোদরের নীলাচলাগমন । প্রভুর

নীলাচল প্রত্যাগমনবাস্তা সর্বত্র প্রচল হইয়া পড়িল । স্বরূপ
যাঙ্কন ।

দামোদর, কাশী হইতে গুরুর আজ্ঞা লইয়া নীলাচলে আসিয়া

প্রভুব চরণাশ্রয় করিলেন । ইনি “কৃষ্ণ রসতত্ত্ববেত্তা দেহ প্রেমরূপই

সাক্ষাৎ প্রভুব দ্বিতীয় স্বরূপ” । ব্রজদালায় শ্রীমতা বিশাখা সখী এবং

গোরাবতাবে সাড়ে তিন জন পাত্রের একজন । শ্রীশ্রীমহাপ্রভুর তত্ত্ব স্বরূপই

সর্বপ্রথমে জগতে প্রকাশিত করেন । প্রভুব গন্তীরালীলা, স্বরূপ তাঁহার

করচায় বর্ণনা করিয়া গিয়াছেন এবং এখনকার কৌতুকের উন্মাদিনী সুরের

সৃষ্টি ও তাঁহার দ্বারাই হইয়াছিল ।

শ্রীপরমানন্দ পুরীর নীলাচলাগমন । পরমানন্দ

পুরীর সুখ্যাতি তখন ভারতব্যাপী । তিনি শ্রীমাধবেন্দ্রে
চেত । পুরীর শিষ্য—নিবাস ত্রিহত । প্রভুর পরিচয় পাইয়া, তাঁহার
সন্ধানে নানা দেশ ও পবে নবদ্বীপে ভ্রমণ করিয়া নীলাচলে আসিলেন ও
প্রভূর নিকট রহিয়া গেলেন ।

**গোবিন্দ ও কাশীশ্বর ব্রহ্মচারীর নীলাচলা-
গমন ।** শ্রীপাদ ঈশ্বর পুরীর ছই সেবক গোবিন্দ কায়স্থ ও কাশীশ্বর
ব্রহ্মচারী, তাঁহার দেহত্যাগেব পব, গুরুব আদেশে নীলাচলে আসিয়া,
প্রভুর চরণাশ্রয় কবিলেন ও গোবিন্দ তাঁহার সেবায় রত হইলেন ।

গোপীনাথের জন্ম । শ্রীবল্লাভাচার্যের প্রথম পুত্র শ্রীগোপী-
নাথের জন্ম এই বৎসব হইয়াছিল ।

শ্রীপাদ ব্রহ্মানন্দ ভারতীর নীলাচলাগমন ।

শ্রীপাদ কেশব ভারতীর পরমাণ্ড ভাই শ্রীপাদ ব্রহ্মানন্দ
শক ১৪৩৪ ভারতী, সে সময়কাল একজন দেশবিখ্যাত সাধু ও পণ্ডিত ।
প ১৫১২, প্রভূর নিকট আশ্রয়সমর্পণ করিতে আসিলেন ; পরিধানে
বিশ্রাম । চম্পাধব—প্রভূ কটাক্ষ কবিলেন । ভারতী উহা চিবদিনের
জন্ম ত্যাগ কবিয়া, বাহিন্দাস গ্রহণ করিলেন । প্রভূ তাঁহাকে আশ্রয়
দিলেন ।

শ্রীরায় রামানন্দের নীলাচলাগমন । রামানন্দ,

রাজা প্রতাপ রুদ্রের অনুমতি লইয়া, রাজকার্য্য হইতে অবসর
জ্যেষ্ঠ । গ্রহণ করিলেন এবং নীলাচলে আসিয়া প্রভুর চরণাশ্রয় করিয়া
রহিয়া গেলেন । রাজা প্রতাপরুদ্র, প্রভুর রূপার জন্ম অস্থির হইয়া
উঠিলেন । প্রভূ রাজ-সংসর্গ করিবেন না ।

গৌড়-মণ্ডলের ভক্তগণের নীলাচলাগমন ।

প্রভুর নীলাচল-প্রত্যাগমন বার্তায় গৌড়-মণ্ডলে হলস্থল
আশাট ।
পড়িয়া গেল—চারিদিকে আনন্দ কোলাহল এবং প্রভুকে
নীলাচলে দেখিতে গাইবাব আয়োজন ! প্রায় দুই শত ভক্ত নীলাচলে
আসিলেন । যাহাবা আসিলেন, তাঁহাদের মধ্যে শ্রীদামোদর পণ্ডিতের
কনিষ্ঠ শঙ্কর, পদকর্তা বাসুদেব ঘোষ, শ্রীযবন হরিদাস ঠাকুর এবং আরও
কেহ কেহ প্রভুর নিকট রহিয়া গেলেন ।

চৈতন্য-মঙ্গল-প্রণেতা জ্ঞানানন্দের জন্ম ।
অধিকানিবাসী সুবুদ্ধি মিশ্র ও রোদনী দেবীর পুত্র । সুবুদ্ধি মিশ্র
শ্রীচৈতন্য-শাখাস্তর্গত । জ্ঞানন্দ, শ্রীঅভিবাম ঠাকুরের শিষ্য ছিলেন এবং
কালে চৈতন্য-মঙ্গল গ্রন্থ রচনা করেন ।

শ্রীনিত্যানন্দকে গৌড় মণ্ডলে প্রেরণ । শ্রীনিত্যা-
নন্দ, প্রভুর নিকট নীলাচলে রহিয়া খেলা ও ভ্রমণ করিতে
পোষ ।
লাগিলেন ; যেখানে সেখানে প্রসাদ পান আর নিত্য কীর্তন
করিয়া বেড়ান । প্রভু তাঁহাকে, অনেক বৃঝাইয়া, গৌড় মণ্ডলে প্রেমধন
বিলাইতে পাঠাইলেন ।

শ্রীশিখি মাহিতিকে রূপা । উৎকলবাসী শিখি মাহিত
শ্রীজগন্নাথ-মন্দিরে লিখনাধিকারী ছিলেন । তাঁহার মুরারি
ফাল্গুন ।
নামে এক ভ্রাতা ও মাধবী নামে ভগিনী ছিলেন । প্রথম
দর্শনাবধি মুরারি ও মাধবী, শ্রীগোরাঙ্গপ্রভুকে স্বয়ং শ্রীকৃষ্ণ বলিয়া বিশ্বাস
করিয়া ভজন করিতে লাগিলেন ; শিখি মাহিতির সে বিশ্বাস হইল না ।
তিনি মুরারি ও মাধবীর জন্ত, শ্রীজগন্নাথ দেবের নিকট নিবেদন করিতে
লাগিলেন । প্রভু স্বপ্নে শিখিকে রূপা করিলেন এবং নিজ স্বরূপ প্রকাশ
করিলেন । শিখি একরূপ রূপাপাত্র হইলেন যে, গোরলীলার সার্ক তিনজন

ঐবষ্ণব দিগ্‌দর্শনী ।

পাত্রে মথো একজন বলিয়া গণ্য হইলেন । মাধবী দাসীও অর্ধজন হইয়াছিলেন ।

“মুরারির করচা” রচনা । শ্রীমুবারি গুপ্তের “শ্রীকৃষ্ণ-
শক ১৪৩৫, চৈতন্ত-চরিতামৃত” গ্রন্থ বা “মুরারির করচা” এই দিনে রচিত
আষাঢ়ী শুক্লা- শেষ হয় । এই গ্রন্থ “দামোদর-সংবাদ, মুবারি-মুখোদিত”
পঞ্চমী এবং শ্রীগোরাঙ্গের বাল্যলীলার প্রামাণিক গ্রন্থ ।
খঃ ১৫১৩,

শ্রীঅদ্বৈতাচার্য্যের প্রকাশ্যে গৌরকীর্তন ।

শক ১৪৩৬, ভক্তগণ, প্রতিবৎসরের ঝায় এবারেও নীলাচলে আদিয়াছেন ।
আষাঢ় রথযাত্রার পব, প্রভু তাঁহাদিগকে দেশে ফিরিতে বলিলেন
খঃ ১৫১৪, কারণ, এবারে তিনি বিজয়াদশমী দিবসে গোড়নগুলা হইয়া
শ্রীবৃন্দাবন যাত্রা করিবেন । ভক্তগণের আনন্দেব সীমা নাই ।
শ্রীঅদ্বৈতাচার্য্যের গৌরকীর্তন করিবার ইচ্ছা হইল ; একটি পদ রচনা
করিলেন, আর শত শত ভক্ত মিলিয়া প্রকাশ্যে উদ্‌গু গৌরকীর্তন আরম্ভ
করিলেন । প্রভু বিরক্ত হইলেন, কিন্তু বোধ করিতে পারিলেন না ।

প্রকাশানন্দ সরস্বতীর পত্র । এই সময়, ভাবত-
বর্ষের তাৎকালিক সর্বপ্রধান মায়াবাদী সন্ন্যাসী প্রকাশানন্দ সরস্বতী, কাশী
হইতে প্রভুকে তাঁর কটাক্ষ করিয়া পত্র লিখেন । প্রভুব অজ্ঞাতসাবে,
শ্রীবাসুদেব সার্কভৌম, প্রকাশানন্দকে শিক্ষা দিবার জন্ত কাশীযাত্রা
করিলেন ; সেখানে কিছু করিতে না পারিয়া ভাদ্র মাসে ফিরিয়া
আসিলেন ।

পঞ্চম পরিচ্ছেদ ।

গৌড়মণ্ডলে শ্রীগৌরান্দ্র ।

শ্রীমহাপ্রভুর গৌড়মণ্ডল যাত্রা । জননী, জাহ্নবী ও
শক ১৪০৬, জন্মভূমি দর্শন করিয়া, শ্রীবৃন্দাবন যাইবেন বলিয়া প্রভু
বিজয়া দশমী নীলাচল ত্যাগ করিলেন । গদাধর ক্ষেত্র-সন্ন্যাস লইয়া,
খৃঃ ১০১৪, গোপীনাথের সেবায় নিযুক্ত ; প্রভু তাঁহাকে কোনমতে সঙ্গে
লইলেন না । সাক্ষভোম, রায় রামানন্দ প্রভৃতি কিয়দূর সঙ্গে গিয়া নিরত
হইতে বাধ্য হইলেন ।

প্রভুব নৌকা পানিহাটের রাধবের ঘাটে আসিয়া লাগিল ; ঘাটের
ধাবে অশ্বখবৃক্ষ মূলে, প্রভু উঠিয়া বিশ্রাম করিলেন এবং
কাষ্টিক, রাধব-ভবনে একরাত্রি বাস করিয়া পুনর্বার চালালেন । এই
কৃপাদর্শন । বৃক্ষবাজ, বাধাঘাট এবং রাধব-ভবন অত্যাশি পানিহাটতে
ঐদমণ্ডলের তীর্থরূপে বিবাজিত । পর্বদিন প্রভু কুমারহট্টে (হালিসহরে)
শ্রীবাসালায়ে উঠিলেন ; শ্রীপাট কুমারহট্ট তাঁহাব শুকদেবেব জন্মভূমি,
একমুষ্টি মৃত্তিকা লইয়া বহিষ্কারে উঠাইলেন । সপরিবার শ্রীবাসকে কৃপা
করিয়া, পরাদন কাঞ্চনপল্লা গ্রামে (কাচড়াপাড়া) শ্রীশিবানন্দ সেন ও
শ্রীবাসুদেব দত্তেব বাটাতে শুভাগমন করিলেন এবং তথায় কিছুক্ষণ
অবস্থান করিয়া, পর্বদিন শান্তিপুরে শ্রীঅষ্টৈতালয়ে আসিলেন ।
লোকের জনতায় প্রভু অস্থির হইয়া উঠিয়াছেন । নবদ্বীপে কয়েকদিন
লুকাইয়া থাকিবেন ভাবিয়া, বিছানগরে বিছাবাচম্পতির বাটাতে গোপনে
উঠিলেন, কিন্তু লোকের জনতায় বাধ্য হইয়া, গঙ্গার অপর পারে কুলিয়ায়
শ্রীমাধবদাস বা ছকড়ি চট্টোপাধ্যায়ের বাটাতে পলায়ন করিলেন ; এখানে
প্রভু সাতদিন রহিলেন । বোধ হয় এইজন্মই, কুলিয়ার নাম সাত-কুলিয়া
হইয়া থাকিবে । একবার পিতৃগৃহ দর্শন করিতে আসিলেন ; গৃহদ্বারে

দেবী বিষ্ণুপ্রিয়া প্রভুর চরণে লুটাইয়া পড়িলেন—প্রভু তাঁহাকে নিজ কাষ্ঠপাছকা দান করিলেন এবং উহা দ্বারা তাঁহার বিরহ শাস্তি করিতে আদেশ দিলেন ।

দেবানন্দের অপরাধ-ভঞ্জন । নবদ্বীপে “ভাগবতীয়া দেবানন্দ”, শ্রীবাস পাণ্ডিতের নিকট যে অপরাধ করিয়াছিলেন, এই মাধব দাসের বাটীতে প্রভু উহা ভঞ্জন করিলেন । দেবানন্দ বর চাহিলেন, এই কুলিয়া আসিয়া যে কেহ, শ্রীগৌবান্দের নিকট নিজ অপবাধভঞ্জনের প্রার্থনা করিবেন, তাঁহার সৰ্ব্বাপরাধ তদগ্ৰেই ভঞ্জন হইবে । প্রভু “তথাস্তু” বলিলেন, আব সেইঅবধি কুলিয়া “অপরাধ ভঞ্নের পাট” আখ্যা পাইল । সম্প্রতি কাচড়াপাড়া বেলচেশনের নিকট “কোলো” নামক স্থানকে যে “দেবানন্দের অপবাধ-ভঞ্নের পাট” বলিয়া পবিচয় দিয়া, দীপ্তানে উৎসবাদি হইয়া থাকে, উহা ঠিক নহে । মাধবদাস বা ছুড়ি চট্টোপাধ্যায়ের বাটী বর্তমান সাতকুলিয়ায়—নবদ্বীপ-সন্নিকট হাটডাঙ্গা গ্রামের অঙ্গ মাইনা দক্ষিণে । সম্প্রতি এই স্থানে “অপরাধ ভঞ্নের পাট” স্থাপন করিয়া উৎসবের ব্যবস্থা হইতেছে । শ্রীপাট নাম নাপাড়ায় ও নৈচাঁতে মাধবদাসের বংশধরেরা বাস করিতেছেন ।

অগ্রদ্বীপে শ্রীগোবিন্দ বোম । গঙ্গাতীরে অগ্রদ্বীপ

গ্রামে প্রভু একদিন ভিক্ষা করিলেন ; আহারান্তে মুখশুদ্ধি
 ইচ্ছা করিলেন, পার্শ্বদ গোবিন্দ বোম, পূৰ্ব্বদিবসের সঙ্কিত
 হবিতকী-খণ্ড বস্ত্রাঞ্চল হইতে খুলিয়া দিলেন । প্রভু বুঝিলেন, গোবিন্দের
 সঙ্কয়-বাসনার ক্ষয় হয় নাই এবং সেইজন্ত তাঁহাকে অগ্রদ্বীপে পরিত্যাগ
 করিলেন । গোবিন্দ অগ্রদ্বীপে রহিয়া, প্রভুর প্রত্যাগমন প্রতীক্ষা করিতে
 লাগিলেন । একদিন গঙ্গাস্নান কালে, একখানি কাষ্ঠ ভাসিয়া আসিয়া
 গোবিন্দের গাত্র স্পর্শ করিল, তিনি উহা তীরে উঠাইয়া রাখিলেন এবং

প্রভুর স্বপ্নাদেশমত পরদিন গৃহে আনিয়া রাখিয়া দিলেন । দেখিলেন সেখানি কাষ্ঠ নহে, একখানি উজ্জ্বল প্রস্তব ।

কাটোয়ার পাঁচক্রোশ উত্তর-পশ্চিমে অজয় নদীতীরে কুলাইগ্রামে, উত্তররাতায় কায়স্থ বংশে, গোবিন্দ ঘোষঠাকুরের জন্ম হয় । তাঁহার পিতা বল্লভ ঘোষ পূর্বে, মুর্শিদাবাদ জেলায়, কান্দির সন্নিকট রসোড়া গ্রামে বাস করিতেন । বল্লভের নয় পুত্র সকলেই মহাপ্রভুর একান্ত ভক্ত, তন্মধ্যে বাসুদেব, গোবিন্দ ও মাধব সহোদর ছিলেন । তিন জনেই পদকর্তা ও স্কর্ক সঙ্গীতকার ছিলেন এবং প্রভুব অসুস্থ হইয়া বৈবাগ্যাশ্রয় করিয়াছিলেন । কাশীপুর-বিষ্ণুতলায় গোবিন্দের বিবাহ হয় ; সস্তানাদি হইবার পূর্বেই স্ত্রীর মৃত্যু হইলে, গোবিন্দ শ্রীগোবান্দ-চরণাশ্রয় কবেন । বাসুদেব ঘোষ তমলুকে, মাধব ঘোষ দাইহাটে ও গোবিন্দ ঘোষ অগ্রদ্বীপে শ্রীপাট কবেন । কুলাইগ্রামে ইহাদেব বাসচিহ্ন ও বংশধরেরা আছেন ।

রামকেলিতে শ্রীগৌরান্দ । প্রভু, গৌড়রাজধানী বর্তমান মালদহ সন্নিকট রামকেলি নগরে আসিয়া পৌঁছলেন ।

পোস ।

এই সময় শ্রীসনাতন ও রূপ, মহাপ্রভুকে দর্শন করিবার জন্ম উৎকণ্ঠিত-চিত্ত হইয়া উঠেন । অন্ধরাত্রে ছদ্মবেশে তাঁহারা প্রভুরচরণে মিলিলেন ; প্রভু সপার্বদে তাঁহাদিগকে কৃপা করিলেন এবং অচিরে শ্রীকৃষ্ণ তাঁহাদিগকে উদ্ধার করিবেন এইরূপ সঙ্কেতবাক্য কহিলেন । প্রভুর সঙ্গে অসংখ্য জন-সংঘট ; শ্রীসনাতন, প্রভুকে এত লোক লইয়া বৃন্দাবনযাত্রা যুক্তিসঙ্গত নহে এইকথা নিবেদন করিলে, প্রভু সংকল্প ত্যাগ করিয়া দেশাভিনুগে ফিরিলেন ।

মকর সংক্রান্তির দিবস, প্রভু উদ্ধারণ দত্তঠাকুরের উদ্ধারণ-পুর পাটে শুভাগমন করিলেন । এই স্মৃতি উপলক্ষে, এই স্থানে এই সময় প্রতিবৎসর, কয়েকদিবসব্যাপী এক মেলা বসিয়া থাকে । তৎপর শ্রীখণ্ড হইয়া মাঘ মাসের প্রথমেই প্রভু অগ্রদ্বীপে আসিলেন ।

অগ্রদ্বীপে শ্রীগোপীনাথ । গোবিন্দের প্রাপ্ত প্রস্তবে
 বন্ধিম শ্রীকৃষ্ণবিগ্রহ প্রস্তুত হইলেন । প্রভু স্বয়ং তাঁহাব
 মাণ । প্রতিষ্ঠা করিলেন এবং গোবিন্দ ঘোষঠাকুর তাঁহাব
 সেবাইত নিযুক্ত হইলেন । শ্রীবিগ্রহের নাম হইল “গোপীনাথ” । গোপী-
 নাথের কাহিনী এখানে শেষ করিয়া রাখি । গোপীনাথের সহিত
 গোবিন্দ অগ্রদ্বীপে রহিয়া গেলেন । প্রভুর আদেশে, তিনি
 দাব-পবিগ্রহ করিলেন, এক পুত্র জন্মিল এবং কিছুদিন পরে
 তাঁহার দ্বীর কাল হইল । গোবিন্দ, শিশুপুত্র ও গোপীনাথকে
 সমন্বয়ে প্রতিপালন করিতে লাগিলেন ; কিছুকাল পরে পুত্রটিও
 দেহত্যাগ করিল । গোবিন্দ, গোপীনাথের উপর অভিমান করিয়া
 তাঁহাকে উপবাসী রাখিয়া পড়িয়া রহিলেন । গোপীনাথ কথা কহিয়া
 গোবিন্দকে সাস্তুনা করিলেন এবং তাঁহার পুত্রের সমস্ত কার্য্য করিতে
 স্বীকৃত হইলেন । কিছুকাল পরে গোবিন্দের দেহত্যাগ হইলে মন্দির
 প্রাঙ্গণে দেহ সমাহিত হইল । গোপীনাথ যথারীতি অশৌচপালন
 করিলেন এবং মাসান্তে সর্কসমক্ষে গোবিন্দের শ্রাদ্ধ করিয়া পিণ্ডদান
 করিলেন । তদবধি প্রতিবৎসব চৈত্র মাসের কৃষ্ণা একাদশী তিথিতে গোপী-
 নাথ, অগ্রদ্বীপে গোবিন্দের শ্রাদ্ধ ও পিণ্ডদান করিয়া থাকেন । ঘোষ
 ঠাকুরের ভ্রাতৃবংশধবদিগের গৃহবিবাদে এই শ্রীবিগ্রহ কিছুকাল পাটুলির রাজ
 বাটীতে থাকিয়া, ঘটনাচক্রে নবদ্বীপবাসী কৃষ্ণচন্দ্রের, অধিকারভুক্ত হইলেন
 এবং তদবধি কৃষ্ণনগর রাজধানীতে অবস্থিতি করিয়া প্রতিবৎসব চৈত্রমাসে
 অগ্রদ্বীপে পিতৃশ্রাদ্ধ করিয়া আইসেন । কলিকাতায় শোভাবাজারের
 রাজা নবকৃষ্ণ, কিছুকাল এই শ্রীবিগ্রহ নিজালায়ে রাখিয়াছিলেন ।

শ্রীমহাপ্রভু ও বালক রঘুনাথ । অগ্রদ্বীপ হইতে,
 প্রভু শাস্তিপুরে শ্রীঅবৈতালয়ে আগমন করিলেন এবং তথায় শ্রীমাধবেন্দ্র
 পুরী-নির্মাণ মহোৎসব পর্য্যন্ত রহিয়া গেলেন । সপ্তগ্রামের বালক রঘুনাথ

আসিয়া প্রভুর চরণে পড়িলেন, প্রভু তাঁহাকে, অনাশ্রুতভাবে গৃহকার্যে নিযুক্ত হইতে বলিলেন ।

শ্রীগৌরীদাসালয়ে আদি নিতাই-গৌর বিগ্রহ । অদ্বৈতালয়ে অবস্থিতকালে, প্রভু একদিন ফাল্গুনী পূর্ণিমা শ্রীনিত্যানন্দকে সঙ্গে লইয়া, অস্থিকায় গৌরীদাস পণ্ডিতের আলয়ে গুভাগমন করিলেন । প্রেমোন্নত গৌরীদাস, প্রভুকে নিতাই-সঙ্গে চিরদিনের জুগ, তাঁহার মন্দিবে থাকিতে বলিলেন—না থাকিলে তিনি আয়ুহত্যা কবিবেন । “প্রভু কহে গৌরীদাস, ছাড়ুছ এমন আশ, প্রতিমূর্তি সেবা কবি দেখ ।” নিতাই গৌর বিগ্রহ প্রস্তুত হইলেন : শ্রীঅদ্বৈতাদেশে তৎপুত্র শ্রীঅচ্যুতানন্দ, দশাঙ্কর গোপাল মতে “মহঃ সমারোহে দুই মূর্তি প্রতিষ্ঠিতা ।” ইহাই সৰ্ব্বপ্রথম “নিতাই-গৌর শ্রীবিগ্রহ ।

শাস্তিপূব হইতে, প্রভু কুমার-হটে শ্রীবাসালয়ে ও তথা হইতে পানি-ফাল্গুনী কৃষ্ণা হাটি বাঘব-ভবনে আসিলেন । ফাল্গুনী কৃষ্ণা দ্বাদশী দ্বাদশী । তিথিতে, প্রভু বরাহনগরে শ্রীভাগবতাচার্যের নিকট শ্রীমদ্ভাগবত শুনিলেন এবং শ্রীনিত্যানন্দকে গোড়ে রাখিয়া চৈত্র মাসের শেষে নীলাচলে প্রত্যাবৃত্ত হইলেন ।

ষষ্ঠ পরিচ্ছেদ ।

কাশীধামে ও শ্রীবৃন্দাবনে শ্রীগৌরানন্দ ।

শ্রীগৌরানন্দের বৃন্দাবন যাত্রা । বিজয়া দশমীর দিন শক ১৪৩৮, প্রভু, নীলাচল হইতে শ্রীবৃন্দাবন যাত্রা করিলেন । গোড়-খুঃ ১৫১৬, দেশাগত শ্রীবলভদ্র তট্টাচার্য ও তাঁহার ব্রাহ্মণ ভৃত্যকে বিজয়া দশমী । প্রভুর সঙ্গে দেওয়া হইল ।

অগ্রহায়ণ মাসে শ্ৰী কালীধামে আগমন কৰিলেন এবং শ্ৰীতপন মিশ্ৰেৰ গৃহে অবস্থান কৰিতে লাগিলেন । তপন মিশ্ৰেৰ অগ্রহায়ণ । নন্দন বালক ৰঘুনাথ ভট্ট শ্ৰীভূৰ সেবায় নিযুক্ত হইলেন । শ্ৰীভূৰ দেশবাসী ভক্ত চন্দ্ৰশেখৰ সেন কাশীতে ছিলেন এবং শ্ৰীভূৰ চৰণে মিলিত হইলেন । গোড়েৰ জমীদাৰ সুবুদ্ধি ৰায় জাতিচ্যুত হইয়া কাশীতে পণ্ডিত-মণ্ডলীৰ নিকট ব্যবস্থা গ্ৰহণ কৰিতে আসিয়াছিলেন । শ্ৰীভূৰ তাঁহাকে শ্ৰীবৃন্দাবনে প্ৰেৰণ কৰিলেন ।

শ্ৰীৰূপেৰ বৃন্দাবন যাত্ৰা । শ্ৰীভূৰ সহিত বামকেনিতে মিলনেৰ পৰ, শ্ৰীসনাতন ও ৰূপ, বিষয়ত্যাগেৰ পৰামৰ্শ কৰিতে লাগিলেন । উপার্জিত ধনসম্পত্তি, ফতেয়াবাদ ও চন্দ্ৰদ্বীপেৰ পৰিবাৰবৰ্গেৰ মধ্যে বণ্টন কৰিয়া দিয়া ও সনাতনেৰ প্ৰয়োজন্য দশ সহস্ৰ মুদ্ৰা গোড়েৰ কোন বিখ্যস্ত বৰ্ণকেৰ নিকট গচ্ছিত ৰাখিয়া এবং অল্পজ বহুভক্কে সঙ্গে কৰিয়া, শ্ৰীৰূপ অগ্ৰেই গোপনে শ্ৰীবৃন্দাবন যাত্ৰা কৰিলেন ।

পোষমাসে শ্ৰীভূৰ প্ৰয়াগে আসিলেন এবং তথায় তিনদিবস থাকিয়া পোষ । মথুৰামণ্ডল যাত্ৰা কৰিলেন । মথুৰায়, শ্ৰীমাধবেশু পূৰ্বীৰ শিষ্য সনোড়িয়া ব্ৰাহ্মণ কৃষ্ণদাসকে কৃপা কৰিলেন, এবং তাঁহাৰ সঙ্গে শ্ৰীবৃন্দাবন যাত্ৰা কৰিলেন ।

শ্ৰীসনাতনেৰ বৃন্দাবন যাত্ৰা । শ্ৰীৰূপ ও অল্পপম বৃন্দাবন গমন কৰিলে, সনাতন ৰাজকাৰ্য্য নিৰ্ব্বাহে অনিচ্ছাপ্ৰকাশ কৰিলেন । গোড়েৰ কোনমতে তাঁহাৰ মনেৰ গতিৰ পৰিবৰ্ত্তন কৰিতে না পায়িয়া তাঁহাকে বন্দী কৰিলেন । বাদশাহ প্ৰজাশাসনেৰ জন্ত উড়িষ্যাদেশে গমন কৰিলেন, সনাতন ৰূপেৰ গচ্ছিত অৰ্থে কাৰাধ্যক্ষকে বশীভূত কৰিয়া, ৰাত্ৰিতে গোপনে বৃন্দাবন যাত্ৰা কৰিলেন ।

বৃন্দাবনে শ্ৰীগৌৰাঙ্গ । শ্ৰীবৃন্দাবনচন্দ্ৰ বৃন্দাবনে আসিলেন ; চাৰিদিকে জনবৰ উঠিল কৃষ্ণ আসিয়াছেন । বৃন্দাবন

তখন ছাবেথারে গিয়াছে । তীর্থ চিহ্নাদি সমস্তই বিলুপ্ত প্রায় এবং সর্বত্রই জঙ্গলময় । শ্রামকুণ্ড ও রাধাকুণ্ড সম্পূর্ণ বিলুপ্ত হইয়াছেন—কেবল দুই কুণ্ডেব স্থানকে, সাধারণ লোকে “কালীপোকরা” ও “গৌরীপোকরা” বলিত । প্রভু ঐ স্থানের ধাতুজমীর জলে স্নান করিলেন । শ্রীমদ্দাস গোস্বামীকর্তৃক কালে শ্রামকুণ্ড ও রাধাকুণ্ডের পঙ্কোদ্ধার হইয়াছিল, শ্রামকুণ্ডের মধ্য হইতে পাঁচ হাজার বৎসরের শ্রীবজ্ঞানভ-রুত প্রাচীন কুণ্ড বাহির হইয়াছিলেন । শ্রামকুণ্ডের দক্ষিণ পূর্ব কোণে; মহাপ্রভুর উপবেশন ঘাট বর্তমান ।

শ্রীলোকনাথ ও ভূগর্ভ গোস্বামীর সহিত প্রভুর সাক্ষাৎ হইল না । প্রভুর আগমনের পূর্বেই, তাঁহারা প্রভুর অন্তর্বেশে দক্ষিণদেশ যাত্রা করিয়াছেন । প্রভু লাহোরবাসী ভক্ত কৃষ্ণদাস বিপ্রকে রূপা করিলেন ; নিজগলের গুজামলো দিয়া শক্তিসঞ্চার করিলেন—নাম হইল “কৃষ্ণদাস গুজামালী” । প্রভু তাঁহাকে পশ্চিমদেশে প্রেমপ্রচার করিতে পাঠাইলেন । কৃষ্ণদাস মালোবাষে, গুজরাটে এবং সিদ্ধদেশে শ্রীগৌর-নিতাই বিগ্রহ ও সেবাপ্রকাশ করিয়াছিলেন ।

মকরসংক্রান্তির পূর্বেই প্রভু প্রয়াগে প্রত্যাগত হইলেন । পথিমধ্যে পাঠান রাজপুত্র বিজলী গাঁ, তাঁহার যবন ধনুগুরু ও সৈন্যদিগকে, প্রভু রূপা করিলেন । তাঁহারা সকলেই মহাভাগবত “পাঠান-বৈষ্ণব” হইলেন । যবন ধনুগুরুর নাম হইল “রামদাস ।”

শ্রীক্লপ-শিক্ষা । ইতিমধ্যে রূপ ও অনুপম প্রয়াগে আসিয়া প্রভুব চরণে প্রণত হইলেন । প্রভু রূপকে দশদিবস নিকটে রাখিয়া শিক্ষা দিলেন ও শ্রীবন্দাবনে প্রেরণ করিলেন ।

শ্রীগৌরীনাথ ও বল্লভাচার্য্য । বল্লভাচারী সম্প্রদায়-প্রবর্তক বল্লভাচার্য্যের নিবাস প্রয়াগের সন্নিকট আশুলী গ্রামে । তিনি প্রভুকে দেখিতে আসিলেন এবং প্রভুকে নিজালায়ে লইয়া গেলেন।

ত্রিছতের বৈষ্ণব পণ্ডিত রঘুপতি উপাধায় তথায় প্রভুর সাক্ষাৎলাভ কবিলেন ।

শ্রীসনাতন-শিক্ষা । মাঘ মাসের শেষে প্রভু কাশীধামে প্রত্যাবৃত্ত হইলেন এবং চন্দ্রশেখরের বাটীতে অবস্থান করিতে লাগিলেন । এদিকে শ্রীসনাতন আসিয়া প্রভুর চরণে মিলিত হইলেন । প্রভু তাঁহাকে ছইমাস নিকটে রাখিয়া বৈষ্ণব-ধর্মতত্ত্ব শিক্ষা দিলেন এবং শ্রীবৃন্দাবনে প্রেরণ করিলেন ।

শ্রীপ্রকাশানন্দ উদ্ধার । ভারতবর্ষের অদ্বিতীয় বৈদান্তিক পণ্ডিত ও কাশীর মায়াবাদী সন্ন্যাসীদিগের নেতা শ্রীপ্রকাশানন্দ সন্ন্যস্তী প্রভুব রূপাপ্রাপ্ত হইলেন । তাঁহার পুনর্জীবন লাভ হইল—নাস্তিক মায়াবাদী সন্ন্যাসী প্রেমোন্নত ভক্তে পরিণত হইলেন । প্রভু তাঁহার নাম রাখিলেন “প্রবোধানন্দ” এবং তাঁহাকে শ্রীবৃন্দাবন যাত্রা করিতে আদেশ দিলেন । প্রবোধানন্দ তাঁহার “চৈতন্যচন্দ্রামৃত” গ্রন্থে শ্রীগোরাঙ্গ-তত্ত্ব বর্ণনা করিয়াছেন ।

নীলাচলে প্রত্যাগমন । চৈত্র মাসের শেষে প্রভু নীলাচলে প্রত্যাবৃত্ত হইলেন । ভক্তগণের আনন্দের আর সীমা নাই ।

১০২

সপ্তম পরিচ্ছেদ ।

গৌড়মণ্ডলে শ্রীনিত্যানন্দ ও গম্ভীরায় শ্রীগৌরাজের

অবস্থিতিকাল ।

পানিহাটির দশমহোৎসব । এদিকে প্রভুব আদেশে,
শক ১৪৩২
খঃ ১৫১৭
জ্যৈষ্ঠ, “কৃতপাপী ছাড়া, নিন্দুক পামণ্ডী আর, কেহ যেন বঞ্চিত
শুকা ত্রয়োদশী। না হয়”; তাহাই হইল; প্রেমের বশায় দেশ ভাসিয়া
গেল। স্ববধুনীর ছটকুলে পানিহাটি, খড়দহ, এড়িয়াদহ, সপ্তগ্রাম,
ত্রিবেণী, শান্তিপুর, নবদ্বীপ, বড়গাছি, দোগাছিয়া, কুলিয়া প্রভৃতি স্থান
গোলকের আনন্দসুধায় পরিপ্লুত হইল। শ্রীনিতাইয়ের সঙ্গে তাঁহার
“আপুগণ” সকলেই আছেন—অভিরাম, সুন্দরানন্দ, কমলাকর, ধনঞ্জয়,
পরমেশ্বর দাস, মহেশ, গৌরীদাস, উদ্ধারণদত্ত, গদাধর দাস, মুঝারি,
সদাশিব, পুরন্দর, জগদীশ, কৃষ্ণদাস হোড় প্রভৃতি মহাশক্তিধর অসংখ্য
পার্বদ; ইহাদের প্রত্যেকের শক্তি এতই অধিক যে “সভে য়ারে স্পর্শ
করেন হস্ত দিয়া, সেই হয় বিহ্বল, সকল পাশরিয়া।” সপার্বদ
শ্রীনিত্যানন্দ পানিহাটি শ্রীরাধব-ভবনে তিনমাস সংকীৰ্ত্তনরঙ্গে অবস্থিতি
করিলেন। শ্রীরঘুনাথ দাস সপ্তগ্রাম হইতে আসিয়া, শ্রীনিতাইয়ের চরণে
প্রণত হইলেন; প্রভু তাঁহাকে দণ্ড দিয়া রুপা করিলেন। প্রেমভক্তি-
চোর রঘুনাথকে দণ্ডাদেশ হইল “দধি চিড়া ভালমতে খাওয়াও
মোরগণে।” মহাসমারোহে এই মহামহোৎসব সম্পন্ন হইল—
শ্রীনিত্যানন্দেব আস্থানে শ্রীশ্রীমহাপ্রভু সচ্চিদানন্দবিগ্রহরূপে অবতীর্ণ

হইলেন, তখন শ্রীনিতাই প্রত্যেক ভোগাধার হইতে এক একগ্রাস উঠাইয়া “মগপ্রভুব মুখে দেন করি পবিহাস” । এই প্রেম মহোৎসব আজ চারিশত বৎসবেব অধিক কাল, জৈষ্ঠেব শুক্লা ত্রয়োদশী তিথিতে বৎসব বৎসর পানিহাটীতে, সেই বাধাঘাটে ও সেই বৃক্ষরাজতলে সম্পন্ন হইয়া আসিতেছে ।

শ্রীজীব গোস্বামীর আবির্ভাব । ব্রজলীলায় শ্রীবিনাস-মগ্‌ধী এবং গোবলীলায় ছয় গোস্বামীব অন্ততম । শ্রীকৃপ গোস্বামীব প্রথমবারে শ্রীবৃন্দাবন গমনাগমনেব সঙ্গী তাঁহার অনুজ শ্রীবল্লভ, পণিমধ্যে গঙ্গাতীবে দেহত্যাগ কবেন । শ্রীজীব গোস্বামী, বল্লভেব পুত্র । তিনি ২৪ বৎসর বয়সে কাশীধামে গমন করিয়া, শ্রীমধুসূদন বাচস্পতিব নিকট কিছুকাল অধ্যয়ন করিয়া, শ্রীবৃন্দাবনে গমন করেন ও তথায় জ্যেষ্ঠতাত শ্রীকৃপ ও সনাতন গোস্বামীব নিকট বৈষ্ণব শাস্ত্র অধ্যয়ন করিয়া বহু বৈষ্ণবগ্রন্থ প্রণয়ন করেন । ভগবৎ, কৃষ্ণ, পরমার্থ, ভক্তি, তত্ত্ব, ক্রম ও প্রীতি নামক সাতখানি নন্দর্ভ, গোপালচম্পূ, হরিনামামৃত ব্যাকরণ, কৃষ্ণাচন-দীপিকা, ধাতুসংগ্রহ, সূত্রমালিকা, রসামৃতশেষ প্রভৃতি বহুগ্রন্থ শ্রীজীব গোস্বামীর রচিত ।

শ্রীকৃপেব নীলাচলাগমন । শ্রীবৃন্দাবনে মাসাবধিকাল অবস্থিতি করিয়া, শ্রীকৃপ একবার দেশে আসিলেন এবং প্রভুব নীলাচলে প্রত্যাবর্তনেব সংবাদ পাইয়া তথায় গমন করিলেন । নীলাচলে আসিয়া শ্রীবন হরিন্দাস ঠাকুরেব আশ্রমে আশ্রয় গ্রহণ কবিলেন । শ্রীকৃপ তখন তাঁহাব “ললিত-মাধব” ও “বিদগ্ধ-মাধব” লিখিতেছেন । প্রভু তাঁহাকে দশমাস নিকটে রাখিয়া শ্রীবৃন্দাবনে প্রেরণ করিলেন ।

শক ১৪৩২, দিল্লীর বাদশাহ ইব্রাহিম লোদী ;
খৃঃ ১৫১৭ দিল্লীর বাদশাহ সেকেন্দার লোদীব রাজ্যশেষে ও ইব্রাহিম লোদীর রাজ্যগাত ।

শ্রীসনাতন গোস্বামীর নীলাচলাগমন। এক-

বৎসর শ্রীবৃন্দাবনে বাস করিয়া, সনাতন নীলাচলে প্রভুর শক ১৪৪০
নিকট আসিলেন এবং যখন হরিদাস ঠাকুরের নিকট
খৃঃ ১৫১৮, অবস্থান করিতে লাগিলেন। পথে আসিবার কালে, সনাতনের সর্বাঙ্গে ক্লেদযুক্ত কণ্ডু হইল। তিনি মনে মনে দৃঢ় সংকল্প করিলেন পাপদেহ আর রাখিবেন না, রথের চক্রের নীচে প্রাণ দিবেন। অন্তর্যামী প্রভু সমস্তই বুঝিলেন এবং সনাতনকে সংকল্পত্যাগ করিতে বাধ্য করিলেন। পবে প্রভুব আলিঙ্গনে, সনাতনের “কণ্ডু গেল, অঙ্গ হইল সুবর্ণের সম”।

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর নীলাচলাগমন।

পানিহাটির মহোৎসবের পর হইতে, রঘুনাথ শ্রীগৌরাজ-
জোঠ। বিবহে অধীর হইয়া উঠিলেন এবং গৃহত্যাগেব নানারূপ উপায় চিন্তা করিতে লাগিলেন। তাঁহার রক্ষণাবেক্ষণের জন্তু প্রচরী নিযুক্ত হইল। একদিবস ঘটনাচক্রে, নিজ ইষ্ট-দেবতা শ্রীযতনন্দন আচার্য্যেব রূপায়, রাত্রিশেষে রঘুনাথ উদ্ধার লাভ কবিলেন এবং দ্বাদশ দিবসেব অক্লান্ত পরিশ্রমে, পদব্রজে নীলাচলে আসিয়া প্রভুর চরণে প্রণত হইলেন। প্রভু তাঁহাকে কৃপা করিলেন এবং শ্রীস্বরূপ দামোদবেব হস্তে সমর্পণ করিলেন। ভক্তমণ্ডলীতে তাঁহার নাম হইল “স্বরূপেব বঘু”।

কবীরের দেহত্যাগ। কবীর-পত্নী সম্প্রদায়-প্রবর্তক কবীর এই সময়ে দেহত্যাগ করেন। কবীর রামানন্দী বৈষ্ণব ছিলেন; হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায় মধ্যে তাঁহার ধর্মমত গৃহীত হইয়াছিল।

শ্রীসনাতনের নীলাচল ত্যাগ। এক বৎসব নিকটে

৫৫৩। রাখিয়া প্রভু সনাতনকে মহাশক্তিধর কবিলেন এবং শ্রীবৃন্দাবনে লুপ্ততীর্থ উদ্ধার ও বৈষ্ণবশাস্ত্র প্রণয়নের জন্তু

প্রেরণ কবিলেন।

শ্রীশ্রীনিবাসাচার্য্যের আবির্ভাব । কাটোয়ার সাত

শক ১৪৪১, মাইল অগ্রিকোণে গঙ্গাব পূর্ব্বতীবে চাকন্দী গ্রামে,
খৃঃ ১৫১৯, শ্রীনিবাসাচার্য্যের জন্ম হয়। তাঁহার পিতা রাঢ়ীয় ব্রাহ্মণ
বৈষ্ণব পুণিমা গঙ্গাধর ভট্টাচার্য্য ও মাতা শ্রীখণ্ড-সন্নিকট যাজিগ্রামবাসী
বলবাম আচার্য্যের কন্যা শ্রীমতী লক্ষ্মীপ্রিয়া দেবী, পুত্রকামনায়
নীলাচলে আগমন করিলে, প্রভু তাঁহাদিগকে রূপা করেন এবং অচিবে
তাঁহাদের এক পুত্রলাভ হইবে ও সেই পুত্রে তাঁহার শুদ্ধ প্রেম আবির্ভূত
হইবে এইরূপ কহিয়া, তাঁহাদিগকে সত্ব স্বদেশে প্রত্যাবর্তন করিতে
আদেশ দেন। গৃহে আসিয়া লক্ষ্মীপ্রিয়ার গর্ভসঞ্চারণ হইল, গ্রামে
হরিনাম সংকীর্তন হইতে লাগিল, এবং গ্রামেব শক্তি-উপাসক জমীদার
দুর্গাদাসের হরিভক্তি লাভ হইল। বৈষ্ণব পুণিমার দিবস, লক্ষ্মীপ্রিয়া
এক সর্ব্বস্বলক্ষণযুক্ত গোরকান্ত্যবিশিষ্ট পুত্র প্রসব করিলেন। যথাসময়ে
পুত্রের নাম রাখা হইল “শ্রীনিবাস” ।

শ্রীনিত্যানন্দ-বসুধা মিলন । শ্রীমন্নহাপ্রভুর আদেশে,

শক ১৪৪১, শ্রীনিত্যানন্দ তাঁহার প্রিয়শিষ্য উদ্ধারণ দত্তঠাকুরের
খৃঃ ১৫১৯, উদ্বোগে, অষ্টকা কালনানিবাসী রাঢ়ী শ্রেণীভুক্ত বাংশ
গোত্রীয় ব্রাহ্মণ শ্রীস্বর্ঘ্যদাস সরথেলের কন্যা শ্রীমতী বসুধা
দেবীর পাণিগ্রহণ করেন। বিবাহের পূর্বে অবধূত নিত্যানন্দকে
বেদবিহিত সংস্কার করিয়া উপবীত ধারণ করিতে হইয়াছিল।

শক ১৪৪১, গৌরবাদশাহ হোসেন সাহার—রাজ্য শেষ
খৃঃ ১৫১৯, ও নাসিরুদ্দিন নসরৎ সাহার রাজ্যাবস্তু ।

শ্রীগোবর্দ্ধন-নাথজীর মন্দির নিৰ্ম্মাণ । শ্রীমাধবেন্দ্র

শক ১৪৪২, পূর্ব্ব প্রতীষ্ঠিত গোবর্দ্ধন-নাথজীর সেবাধিকার, তদীয় শিষ্য
খৃঃ ১৫২০, শ্রীবল্লাভাচার্য্যের উপর ব্রহ্ম হয়। বল্লাভাচার্য্য এই শ্রীবিগ্রহের
গোবর্দ্ধনোপরি এক মন্দির নিৰ্ম্মাণ করেন ।

শ্রীনিত্যানন্দ-জাহ্নবা মিলন। শ্রীনিত্যানন্দের ইচ্ছায়
শক ১৪৪১, চর্যাদাস পণ্ডিত, তাঁহার কনিষ্ঠা কন্যা শ্রীমতী জাহ্নবা-
খ্যে ১৫০১, দেবীকে, শ্রীনিত্যানন্দ হস্তে সমর্পণ করেন।

শক ১৫৪৪-৪৫, শ্রীলীর হান্সীরের জন্ম। বিষ্ণুপুবেব স্বাধীন
খ্যে ১৫২২-২৩, মল্লাবাজবংশীয় নৃপতি বাবু হান্সীর জন্মগ্রহণ করেন। শ্রীজীব
গোস্বামীদত্ত বৈষ্ণবনাম “চৈতন্যদাস”।

শক ১৪৪০, দেবড়ে শ্রীমুন্দাবন দাস ঠাকুরের
খ্যে ১৫২৩, শ্রীপাট। শ্রীনিত্যানন্দ প্রভু নীলাচলব্রাহ্মণ্যে, শ্যে
শ্রীঠাকুর মুন্দাবন দাসকে, নবদ্বীপেব সাত মাইল পশ্চিম দেবড়ে গ্রামে
পবিত্যাগ করেন এবং তাঁহাকে এইস্থানে শ্রীপাট স্থাপন করিয়া
শ্রীশ্রীমতাপ্রভুর শ্রীবিগ্‌হপ্রকাশ ও লীলাবর্ণন করিতে আদেশ দেন।
অতঃপর শ্রীমুন্দাবন দাস ঠাকুর মহাশয় এই স্থানেই বসতি গণেণ।

শ্রীনিত্যানন্দের নীলাচলাগমন। গোড়মণ্ডলে

আসিয়া, প্রেমোন্মত্ত শ্রীনিত্যানন্দ সন্ন্যাসীস্ব সমস্ত নিয়মনিষ্ঠা
শক ১৬৪০.
গোড়।
খ্যে ১৫০৩, বসনভূষণ পরিধান করিলেন এবং সূবর্ণ-বাণকদিগকে
কৃপা কবিয়া সমাজে উঠাইয়া লইলেন। এইরূপে তাঁহার
একদল প্রবল শত্রু সৃষ্টি হইল। বৈষ্ণবদিগের অনেকেও তাঁহাকে ত্যাগ
করিলেন। নীলাচলে প্রভুর নিকট শ্রীনিতাইয়ের নামে নানারূপ
অভিযোগ আসিতে লাগিল। শ্রীনিত্যানন্দ বাধ্য হইয়া নীলাচলে প্রভুর
নিকট আগমন করিলেন। প্রভু তাঁহার সমুদয় কাম্যের সমর্পণ করিয়া,
তাঁহার স্তবিত্বাদ করিলেন এবং বলিলেন শ্রীনিতাইয়ের পার্শ্বদগণ
ব্রজের গোপবালক—তাঁহারা কোন বিধিনিয়মের বশবর্তী নহেন। শত
কৃকল্প করিলেও নিতাই ব্রহ্মাদির বন্দনীয়।

চৈতন্যমঙ্গলকার লোচনদাসের আবির্ভাব।

বর্তমান জেলায় ই, আই, আর গুরুরা ষ্টেশনের পাঁচ মাইল
শক ১৪৪৫,
খ্রঃ ১৫২৩,
দুবনতী কোগ্রামে, লোচনদাস বা ত্রিলোচন দাস বৈষ্ণবংশে
জন্মগ্রহণ করেন। পিতা কমলাকর দাস। লোচনের মাতুল-

নিবাসও ঐ গ্রামে ছিল। বালাকালে লোচন বড় আত্মবে ছিলেন এবং
অতিকষ্টে সামান্য লেখাপড়া শিখিয়াছিলেন। শ্রীখণ্ডে শ্রীনরহরির সবকার
ঠাকুবেব নিকট দীক্ষিত হইয়া, তাহাব আদেশে, লোচন “চৈতন্যমঙ্গল”
গ্রন্থ প্রণয়ন করেন। “ছন্দভাসার,” “আনন্দ-লতিকা” “দেহ-নিরূপণ,”
“চৈতন্য-প্রেমাবলাস,” “ধাতুতত্ত্বসাব” প্রভৃতি আরও কয়েকখানি গ্রন্থ
লোচনেব রচিত। লোচনেব ধামাল পদগুলি বড়ই মধুব।

শ্রীকবিকর্ণপুরের আবির্ভাব। শ্রীমন্নচাপ্রভুব প্রিয়

পার্ষদ কাচড়াপাড়াবাসী শ্রীশিবানন্দ সেনের পুত্র পরমানন্দ
শক ১৪৪৫
খ্রঃ ১৫২৫
সেনরূপে কবিকর্ণপুব জন্মগ্রহণ করেন। মগুদ বর্ষ বয়সে
পিতার সহিত নীলাচলে আসিয়া, শিশু পরমানন্দ

শ্রীগৌবাক্ষের শ্রীপদাস্ত্র চোষণ কবিয়া দৈববিদ্যালান্ত করেন। এই
রূপালাভেব পব, তাহার মুখ হইতে প্রথনোচ্চারিত শ্রোকে, বজ্রগোপীদিগেব
কর্ণভূষণেব বর্ণনা থাকায়, প্রকৃত তাহার নাম “কবিকর্ণপুব” দেন। “চৈতন্য-
চন্দ্রোদয় নাটক,” “গৌবগণোদ্দেশ-দীপিকা” “আনন্দব্রন্দাবন-চম্পু,”
“চৈতন্য-চরিত মহাকাব্য” প্রভৃতি গ্রন্থ কবিকর্ণপুবের বচিত।

শ্রীষবন হরিদাস ঠাকুর-নির্যাস। অতিবুদ্ধ

হরিদাস ঠাকুবেব দৈনিক তিন লক্ষ নামজপ করা কঠিন
শক ১৪৪৭
খঃ ১৫২৭
হইয়া উঠিল; তিনি প্রভুর নিকট বিদায়চাহিয়া বব মাগিলেন,
তিনি প্রভুর শ্রীচরণ হৃদয়ে ধরিয়া ও চাঁদমুখখানি চাহিতে

চাহিতে, নামের সহিত দেহত্যাগ করিবেন। তাহাই হইল; মপার্ষদ
শ্রীগৌরঙ্গ হরিদাসকে প্রদক্ষিণ কবিয়া নামকীর্তন করিতে লাগিলেন আর

NABADWIP ADARSHA PATHAGAR

হবিদাস “নামের সহিত প্রাণ কৈল উৎক্রামণ” । প্রভু চরিদাসের দেহ কোলে উঠাইয়া নৃত্য করিলেন এবং সপার্ষদে সমুদ্রতীরে নিজহস্তে সমাধিস্ত করিয়া, মতোৎসবেব জগ্ন স্বয়ং ভিক্ষা করিলেন ।

দিল্লীর বাদশাহ বাবর । বাদশাহ

শক ১৪৪৮

খৃঃ ১৫০৬ ইব্রাহিম লোদীর রাজ্য শেষ ও বাববেব রাজ্যারম্ভ ।

পদকর্তা শ্রীগোবিন্দ দাসের আবির্ভাব । পিতা

শ্রীমদ্রাজাপ্রভুব পরিকর শ্রীধণ্ডাসী বৈষ্ণ চিবঞ্জীব সেন ও

শক ১৪৪৯

মাতা শ্রীধণ্ডের প্রসিদ্ধ নৈয়ায়িক “কবি দামোদরের” কন্যা

খৃঃ ১৫২৭

সুনন্দা দেবী । বিবাহের পৰ, চিবঞ্জীব পূৰ্বনিবাস কুমার-

নগর ত্যাগ করিয়া শ্রীধণ্ডে শুল্করালয়ে বাস কবেন । শ্রীনরোত্তম ঠাকুরেব

প্রিয় স্তম্ভ শ্রীবামচন্দ্র কবিরাজ, গোবিন্দেব অগ্রজ । শক্তি-উপাসক

মাতামহেব গৃহে পালিত হইয়া, উভয় ভ্রাতা বহুকাল শাক্ত ছিলেন, পৰে

শ্রীনিবাসাচার্যের নিকট দীক্ষাগ্রহণ করিয়া, উভয়েই পবম বৈষ্ণব

হইয়াছিলেন । শেষজীবনে, রামচন্দ্র ও গোবিন্দ মুর্শিদাবাদ জেলায়,

বর্তমান ভগবানগোলা ষ্টেশনেব নিকট “তেলিয়া বুধুরী” গ্রামে শ্রীপাট

স্থাপন করেন । হঁহাদের “কবিরাজ” উপাধি শ্রীবৃন্দাবনেব বৈষ্ণবসমাজ

প্রদত্ত । বুধুরীতে অবস্থানকালে, গোবিন্দ যশোহবেব রাজা প্রতাপাদিত্যের

রাজসভায় গমন করিতেন । প্রতাপাদিত্যেব খুড়া বসন্ত রাগেব সহিত

গোবিন্দেব বিশেষ প্রণয় ছিল । গোবিন্দেব প্রতিষ্ঠিত রাধাকৃষ্ণ ও

শ্রামকৃষ্ণ নামক দুইটি পুষ্করিণী অত্য়পি বুধুরীতে বর্তমান ।

শ্রীউদ্ধারণদত্ত ঠাকুরের নীলাচল যাত্রা ।

শ্রীউদ্ধারণদত্ত ঠাকুর, ৪৮ বৎসব বয়সে গৃহত্যাগ করিয়া

শক ১৪৫১

শ্রীনীলাচল যাত্রা কবেন এবং তথায় ৬ বৎসর অবস্থান

খৃঃ ১৫২৭

করিয়া, শেষ জীবন শ্রীবৃন্দাবনে অতিবাহিত কবেন ।

পদকর্তা শ্রীজ্ঞান দাসের আবির্ভাব। বর্তমান

শক ১৪৫২
খৃঃ ১৫৩০

জেলায় কেতুগ্রাম থানার অধীন, মনোহরসাহী পরগণা মধ্যস্থ বড়কাঁদরা বা রামজীবনপুৰ গ্রামে, গৃহী বৈষ্ণব বংশে শ্রীনিত্যানন্দশাখা পদকর্তা জ্ঞানদাস জন্মগ্রহণ করেন। এই গ্রামে জ্ঞানদাসের পাটবাড়ীতে, তাঁহার স্থাপিত শ্রীরাধাকৃষ্ণ বিগ্রহ, জ্ঞানদাসের বংশধরদিগের দ্বারা সেবিত হইতেছেন। শ্রীগদাধর পণ্ডিত গোস্বামীৰ শিষ্য শ্রীমঙ্গল বৈষ্ণবের পাটও এই গ্রামে অবাস্থত। প্রসিদ্ধ মনোহরসাহী কীর্তনের সৃষ্টি এই গ্রামেই হইয়াছিল। এই গ্রামের সন্নিকট “বিশ্রামতলা” নামক স্থানে, শ্রীমন্মহাপ্রভু সন্ন্যাসের অব্যবহিত পরে বিশ্রাম করিয়াছিলেন বলিয়া প্রবাদ। শ্রীনিত্যানন্দ শাখা সিদ্ধ মনোহর দাসের পাট “দধিয়া বৈরাগীতলা” এই গ্রামের নিকট।

শক ১৪৫২
খৃঃ ১৫৩০

দিঙ্ঘীর বাদশাহ হুমায়ুন। দিল্লীর

বাদশাহ বাবরের রাজ্যশেষ ও হুমায়নের রাজ্যাবস্তু।

চাতরায় শ্রীকাশীশ্বর। উপগোপাল শ্রীকাশীশ্বর পণ্ডিত

শক ১৪৫৩
খৃঃ ১৫৩১

সপ্তদশবর্ষ বয়ঃক্রমকালে সংসাব ত্যাগ করিয়া নীলাচলে শ্রীগোরাঙ্গ চরণাশ্রয় কবেন। ১৬ বৎসর প্রভুর নিকট অবস্থান করিয়া, স্বীয় জননীৰ চেষ্টায় ও প্রভুর আদেশে, ৩৩ বৎসর বয়সে, কাশীশ্বর স্বদেশে প্রত্যাগমন করেন ও ভগলী জেলায় বর্তমান শ্রীরামপুৰ স্টেশনের অতি নিকট চাতরা গ্রামে, শ্রীপাট স্থাপন কবেন।

শ্রীকানাই ঠাকুরের আবির্ভাব। গোপাল

শক ১৪৫৩
খৃঃ ১৫৩১

শ্রীপুরুষোত্তম দাসের পুত্র ঠাকুর কানাই, স্তম্ভমাগর গ্রামে জননী জাহ্নবা দেবীর গর্ভে জন্ম গ্রহণ করেন। দ্বাদশ দিবসে মাতৃ বিয়োগ হইলে, শ্রীনিত্যানন্দধরণী জাহ্নবাদেবী এই

শিশুকে পুত্ররূপে প্রতিপালিত করেন । শ্রীনিত্যানন্দ প্রভৃ এই শিশুর নাম “কুম্বদাস” ও শ্রীজীব গোস্বামী “কানাই ঠাকুব” রাখিয়াছিলেন ।

শ্রীনারায়ণ ঠাকুরের আবির্ভাব । বাজমাঠী

জেলায় প্রধান নগর বর্তমান “বামপুৰ বোয়ালিয়াব” ছয়ক্রোশ
 শক : ১৪৫৩
 ১৫৩১
 মঙ্গল পূর্ণিমা
 উত্তর-পশ্চিমাংশে গড়েবহাট পবগণায় পেতুরী গ্রামে, উত্তর
 বাচায় কায়স্থবংশে, নরোত্তম ঠাকুর জন্মগ্রহণ করেন ।
 নরোত্তমের পিতা কুম্বানন্দ দত্ত, মঙ্গলমান জয়দেবদারের
 অধীনে একটি ক্ষেত্র বাজায় বাজা ছিলেন । নরোত্তম যৌবনের প্রবেশেই
 সংসার ত্যাগ করিয়া বৃন্দাবন গমন করেন ; তাহার জ্যেষ্ঠতাও পুরুষোত্তম
 দেবের পুত্র সংশোধিত হইয়াছেন বাজা হন ।

শ্রীগোপালকৃষ্ণ গোস্বামীর শ্রীবন্দাবনাগমন ।

প্রভৃ আদেশমত, নারায়ণতাব অপ্রকটের পূর্ব, শ্রীগোপাল-
 শক : ১৫৩০
 ১৫৩০
 তত্ত্ব বন্দাবনে আগমন করিলেন ও শ্রীকৃষ্ণ-সনাতন কটুক
 আদরে গঠিত হইলেন । শ্রীকৃষ্ণের সহিত তাহার বিশেষ
 বন্ধন হইল । এই সংবাদ নাগাচনে পৌঁছিতে, প্রভৃ তাহার শ্রীস্থলিখিত
 একখান পত্রের সহিত ‘নও ভোবকোপীন ও বাসবান আসন প্রসাদ
 বন্দ্য শ্রীগোপালকৃষ্ণের নিকট প্রেরণ করিলেন ।

চাতরায় শ্রীনিতাইগৌর বিগ্রহ । শ্রীকাশ্যব

পুত্র চাতরায় শ্রীমান্দব নিষ্কাশ্য কবিয়া শ্রীনিতাই-গৌর
 শক : ১৪৪৪
 মঙ্গল পূর্ণিমা
 শক : ১৫৩০
 শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করিলেন । কুম্বদাসের নিকট জমাধার্য্যে,
 বহু জমাজমী বন্দোবস্ত করিয়া লইলেন এবং তাহার উপর
 “গোবাল্পুৰ” “বাসুদেবপুৰ” ও “চাতরা” মৌজার পত্তন
 হইল । কাশ্যবের জননী, ভ্রাতা ও অপবাপর আশ্রয়স্বজনগণ চাতরায়
 আসিয়া বাস করিতে লাগিলেন ।

মাহেশে কমলাকর পিপলাই। অতিবৃদ্ধ ঙ্গবানন্দ,

শক ১৪০৮

খঃ ১০৩২

কমলাকর নামক ভক্তকে ত্রীজগন্নাথ দেবের সেবার ভারার্ণণ কবিবাব প্রত্যাদেশ পাইলেন এবং সঙ্গে সঙ্গেই গোপাল শ্রীকমলাকর পিপলাই আত্মীয় স্বজনের অগোচরে সংসাব ভাগ করিয়া মাহেশে আসিয়া উপনীত হইলেন। ঙ্গবানন্দ তাহাব হস্তে শ্রীনিগ্রহেব সেবাব ভারার্ণণ করিয়া যথাসময়ে লীলা সম্বরণ করেন।

শ্রীতুলসী দাসের আবির্ভাব। যুক্ত-প্রদেশে প্রয়াগেব

শক ১৩০৮

১৩২

নিকটবর্তী রাজাপুবে ব্রাহ্মণ-কুণ্ডে ভক্ত তুলসীদাস জন্মগ্রহণ কবেন। পিতা আত্মাবাম, মাতা তুলসী। শিশুকালে পিতৃমাতৃহীণ হইয়া, তুলসী নসিংহদাস নামক সন্ন্যাসীবা দ্বাবা প্রতিপালিত হন। হনুমানেব রূপায়, শ্রীবাম ও সাত্তাদেবাব দর্শনলাভ কবিয়াছিলেন। ঙ্গবন্দাবনে যমুনা পুলনেব দক্ষিণে, তুলসী দাসেব মঠে শ্রীবাম-সাত্তা ও তুলসীদাসেব বিগ্রহ বিবাজিত আছেন। তুলসীবা হিন্দী বামাযণ ও দোহা প্রসিদ্ধ।

গৌড় বাদশাহ ফিরোজসাহ। গৌড়

শক ১৭৫৭

বাদশাহ নাসরুদ্দিন নসবৎ সাহাব রাজা শেষ ও আলাউদ্দিন ফিবোজ সাহাব রাজ্যাবস্থ।

শ্রীশ্রীমহাপ্রভুর তিরোধান শ্রীবৃন্দাবন হইতে

শক ১৪৫৫

খঃ ১০৩০

প্রথম অঘাট

প্রত্যাগমনের পর শেষ অষ্টাদশদর্শ, প্রভু আব কোণায়ণ্ড গমন করেন নাট ; নীলাচলে গম্ভীরা-মন্দিবেব নির্জর্জন কক্ষে বাস কবিয়া, শ্রীস্বরূপ দামোদর ও শ্রীবায় রামানন্দ প্রভৃতি অন্তবঙ্গ প্রিয় পার্শ্বদগণের সহিত, ব্রজলীলা-রসাস্বাদনে মগ্ন থাকিতেন। প্রভুর এই লীলার নাম "গম্ভীবা লীলা"। এ লীলা বর্ণনা ত অতি দূরের কথা, বুদ্ধিবাব শক্তিও আমাদের মত বদ্ধজীবাবধমের নাই।

আষাঢ় মাসের প্রথমে, প্রভু লীলাসম্বরণ করিয়া অপ্রকট হইলেন। শ্রীকৃন্দাবনদাস ঠাকুর ও শ্রীকবিরাজ গোস্বামী, প্রভুব অপ্রকটলীলা বর্ণনা না কবিয়া, জীবকে শিক্ষা দিয়া গিয়াছেন এ লীলা বর্ণনের অধিকাৰ জীবের নাই।

উড়িষ্যাদেশে নিষ্কলন প্রকোষ্ঠের নাম “গম্ভীরা”। প্রভুব এই গম্ভীরা মন্দির, রাজা প্রতাপকদের গুরু কাশী মিশ্রের বাটীতে অবস্থিত। প্রভুব অপ্রকটের পব, ঠাঁহাব প্রিয় পার্শ্বদ শ্রীবক্রেম্ব পণ্ডিত গম্ভীরা-আশ্রমের মহাস্ত হইলেন এবং তথায় শ্রীশ্রীরাধাকান্ত বিগ্রহের সেবা স্থাপন করিলেন। গম্ভীরা মন্দিরে শ্রীগৌরঙ্গের খড়ম, করঙ্গ ও বাবঙ্গত কষ্টা যত্নে বক্ষিত ও পূজিত হইতেছেন। শ্রীবক্রেম্ব পণ্ডিত নিজ সম্প্রদায়কে “নিমানন্দ সম্প্রদায়” নামে অভিহিত করেন। এই নিমানন্দ-সম্প্রদায়ী বৈষ্ণবদিগের আর একটি পাটবাড়ী শ্রীকৃন্দাবনে শ্রীজীব গোস্বামীর কুণ্ড মধ্যে আছেন। এইটি “ছোট মঠ” এবং নীলাচলের গম্ভীরা-মন্দির “রাধাকান্তের মঠ” বা “বড় মঠ” বলিয়া প্রসিদ্ধ।

বৈষ্ণব দিগ্‌দর্শনী

তৃতীয় খণ্ড ।

শ্রীশ্রীগোরাঙ্গ মহাপ্রভুর লীলাবসানের পরবর্তী কাল ।

প্রথম পরিচ্ছেদ ।

শ্রীশ্রীনিত্যানন্দ ও শ্রীঅদ্বৈতাচার্য্যের প্রকটকাল ।

শ্রীস্বরূপ দামোদর গোস্বামীর তিরোভাব ।

সংক : ৪০৫, শ্রীশ্রীগোরাঙ্গ মহাপ্রভুর অপকটেব সঙ্গে সঙ্গেই তদত-প্রাণ
আগাটী স্ক্রা- শ্রীস্বরূপ দামোদর অচেতন হইলেন, আর চেতন হইল না,
দশনী জংপণ্ড ফাটিয়া প্রাণ বাহিব হইল। ভক্তগণের প্রতি
খঃ ১৫৩৩, দৈববাণী হইল, আব মহাপ্রভুব দর্শন পাওয়া যাইবে না,
এখন ভক্তগণের নিজ নিজ স্থানে প্রস্থান করাই কর্তব্য। নীলাচলের
প্রেমের হাট ভাঙ্গিতে আবস্থ হইল ।

নীলাচলে শ্রীনিবাস। পিতৃবিয়োগে পর, শ্রীনিবাস
জননীৰ সহিত যাজিগ্রামে মাতুলালয়ে বাস কবিতে লাগিলেন। নীলাচলে
সপার্বদ শ্রীমন্নপ্রভুব দর্শন লাভেব জ্ঞ, শ্রীনিবাস শ্রীখণ্ডে শ্রীসরকাব
ঠাকুরেব অনুমতি লইয়া নীলাচল যাত্রা করিলেন। পথিমধ্যে মহাপ্রভুব
নীলাসংগোপনবার্তা শ্রবণ করিয়া শ্রীনিবাস মুচ্ছিত হইয়া পড়িলেন।
প্রভু তাঁহাকে স্বপ্নে দর্শন দিয়া নীলাচল যাত্রা করিতে আদেশ কবিলেন।
নীলাচলে আগমন কবিয়া শ্রীনিবাস শ্রীগদাধর পণ্ডিত গোস্বামীৰ আশ্রমে
উপস্থিত হইলেন। শ্রীগোরাঙ্গবিবচে বাহুজ্ঞানশৃঙ শ্রীপণ্ডিত গোস্বামী

শ্রীনিবাসের পবিচয় পাইয়া তাঁহাকে স্নেহভাবে আলিঙ্গন করিলেন ; শ্রীনিবাস সার্কভোম, রায় রামানন্দ, বক্রেশ্বর পণ্ডিত, পবমানন্দপুরী, গোবিন্দ, শঙ্কর, গোপীনাথচাণ্য, শিখি মাহিতি প্রভৃতি প্রভুর প্রিয়পাষদ দিগেব চরণে প্রণত হইলেন এবং প্রভুর বিরহে তাঁহাদের ও তৎসঙ্গে নীলাচলপুরীর যে নিদারুণ অবস্থা হইয়াছে তাহা প্রত্যক্ষ কবিয়া মম্বাহত হইলেন । রাজা প্রতাপরুদ্র বিরহে অধাব হইয়া এবং এ নিদারুণ দৃশ্য দেখিতে না পারিয়া স্থানান্তরে চলিয়া গিয়াছেন, শ্রীবল্লুনাথ দাস উন্নত ভাবে শ্রীবৃন্দাবন পথে ধাপিত হইয়াছেন । পণ্ডিত গোস্বামী, শ্রীনিবাসেব প্রতি শ্রীমন্নগপ্রভুর রূপাদেশের কথা তাহাকে জানাইলেন । শ্রীনিবাসকে শ্রীভাগবত গ্রন্থ পড়াইবাব জন্ত, প্রভু শ্রীপণ্ডিত গোস্বামীকে আদেশ কবিয়া গিয়াছেন । অশ্রুজলে পণ্ডিত গোস্বামীর ভাগবতগ্রন্থের অক্ষরগুলি মধ্যে মধ্যে লুপ্ত হওয়ায়, উহা পাঠের অযোগ্য হইয়াছে । সুতবাং তিনি গোবমণ্ডলে শ্রীসরকার ঠাকুরের নিকট হইতে একখানি নূতন ভাগবতগ্রন্থ আনয়ন করিবার জন্ত শ্রীনিবাসকে গোড়মণ্ডল প্রেরণ করিলেন ।

শ্রীবৃন্দাবনে শ্রীমদনগোপাল বিগ্রহ । শ্রীমদন

শক ১৪০০, গোস্বামী, মহাবনবাসী পরশুরাম চৌবে নামক ব্রাহ্মণেব
মাণী শুক্লা- নিকট হইতে, শ্রীমদনগোপাল বিগ্রহ আনয়ন করিয়া
বিতীয়া শ্রীবৃন্দাবনে স্থাপিত কবিলেন । শ্রীকৃষ্ণদাস ব্রহ্মচারী
খৃঃ ১৫৩৪, নামক জনৈক ভক্তব্রাহ্মণ পূজাবী নিযুক্ত হইলেন ।

শ্রীমদনাতীবে “আদিভাটীলা” নামক স্থপেব উপব একখানি সামাগ্র কুটার নিম্মাণ করিয়া, শ্রীমদনাতন গোস্বামী তাহার মদনগোপালের শ্রীমন্দের প্রস্তুত কবিলেন । শ্রীপুরীধাম হইতে শ্রীমতী রাধিকা ও শ্রীললিতাদেবীব শ্রীবিগ্রহ আনীত হইয়া মদনগোপালের উভয় পাশ্বে স্থাপিত হইলে, বিগ্রহের নাম “মদনমোহন” রাখা হয় । কৃষ্ণদাস কর্পুর নামক মুলতান দেশীয়

জৈনিক ধনবান বণিক কিছুকাল পবে, এক শ্রীমন্দিব নিম্মাণ কবিয়া দেন এবং এই মন্দিবেব পার্শ্বে আর একটি মন্দিব, যশোহবাধিপতি প্রতাপাদিত্যেব পিতামহ শ্রীগুণানন্দ মজুমদাবে (বসন্তবাসেব পিতা । ১৫৭০ খৃষ্টাব্দেব পর নিম্মাণ করিয়া দিয়াছিলেন । বাদশাহ আবঙ্গজেবেব সময় মদনমোহনজাকে জয়পবে স্থানান্তরিত কবা হয় । বর্তমান সময়ে, এই বিগ্রহ কেরোলিব বাজাব অধিকাবভুক্ত । শ্রীবৃন্দাবনেব বর্তমান প্রতিভূ মদনমোহন বিগ্রহ পরবর্তীকালে স্থাপিত ।

শ্রীগদাধর পণ্ডিত গোস্বামীর তিরোভাব :

শক ১৪৫৬, শ্রীশ্রীমহাপ্রভূব দারুণ বিচ্ছেদে, পণ্ডিত গোস্বামী নীলা-
চল-অবস্থায়
খৃঃ ১৫৩৪, সম্বরণ কবিলেন ।

নীলাচল-পথে শ্রীনিবাস । নীলাচল-প্রত্যাগত শ্রীনিবাস, শ্রীখণ্ডে সবকাব ঠাকুরেব নিকট, নূতন ভাগবত গ্রন্থ গ্রহণ কবিয়া নীলাচল যাত্রা কবিলেন ; পথে যাজপুবে পণ্ডিত গোস্বামী তিবোপান-বাড়া শ্রবণ করিয়া মুচ্ছিত হইলেন । শ্রীশ্রীগৌরগদাধর স্বপ্নাবেশে শ্রীনিবাসকে দর্শন দিয়া, নবদ্বীপে হইয়া শ্রীবৃন্দাবনযাত্রা করিতে কৃপাদেশ করিলেন—শ্রীনিবাস গোড় অভিযুগে প্রত্যাগর্তন কবিলেন ।

শ্রীজগন্নাথ-বল্লভ নাটক । শ্রীবায় রামানন্দ তাহাব “জগন্নাথ-বল্লভ” নাটক বচনা শেষ কবিলেন । এই গ্রন্থ শ্রীমহাপ্রভূ, অন্তবঙ্গ প্রিয় পার্শদদিগেব সহিত সর্বদা আশ্বাদন কবিতেন । এই গ্রন্থেব এক একটি শ্লোক আশ্রয় কবিয়া, শ্রীলোচনদাস ঠাকুর এক একটি স্তব্ধিত রসকীর্তনেব পদেব সৃষ্টি কবেন ।

গৌড়মণ্ডলে শ্রীনিবাস । শ্রীশ্রীগৌর-গদাধরেব স্বপ্নাদেশে,

শক ১৪৮৬ শ্রীনিবাস শ্রীখণ্ড হইয়া, শ্রীধাম নবদ্বীপে আগমন কবিলেন ।
বধাকাল শ্রীশচীমাতা ঈতপুকেট দেহত্যাগ কবিয়াছেন । দেবী
খৃঃ ১৫৩৪ বিষ্ণুপ্রিয়া মহাপ্রভূব স্বপ্নাদেশে, শ্রীনিবাসকে বাৎসল্যবেসে

আদর ও আশীর্বাদ করিলেন। প্রভুব প্রিয় পার্শ্বদ শ্রীবাস পণ্ডিত, মুরারি গুপ্ত, পুরুষোত্তম সঞ্জয়, দামোদর, বিজয়, গুরুাথর ব্রহ্মচারী ও গদাধর দাস শ্রীনিবাসকে রূপা করিলেন। দেবী বিষ্ণুপ্রিয়ার আদেশে শ্রীনিবাস নবদ্বীপে অবস্থিতি করিতে লাগিলেন।

শ্রীজগদানন্দ পণ্ডিতের তিরোভাব। শ্রীজগদানন্দ

পণ্ডিত গোস্বামী লীলাসম্বরণ করিলেন। শ্রীজগদানন্দ দেবী
পোষ,
শ্রী হৃতীয়া
সত্যভামার প্রকাশ। নিবাস কুমার হটে, শ্রীশিবানন্দ
সেনের বাটাব নিকট। প্রভুব আদেশ লইয়া শ্রীবৃন্দাবনে
গমন করিয়াছিলেন। জগদানন্দের তৈলভাণ্ড ভঞ্জন, শ্রীসনাতনকে
প্রহাবোদ্ধম প্রভৃতি লীলাদ্বারা তাহাব শ্রীগোরাঙ্গ-প্রেমের গভীবতার
পরিচয় পাওয়া যায়।

শ্রীরামচন্দ্র গোস্বামীর আবির্ভাব। শ্রীজাহ্নবা-

ঠাকুরাণী-প্রতিপালিত পদকর্তা রামচন্দ্র গোস্বামী, শ্রীবংশীবদন
শক ১৪৫৬
মাখী কৃষ্ণা-
হৃতীয়া
খৃঃ ১৫৩৫
ঠাকুর-পুত্র চৈতন্য দাসেব পুত্ররূপে জন্ম গ্রহণ করেন। এই
পুত্রোৎসবে স্বয়ং শ্রীবিষ্ণুপ্রিয়া দেবী এবং শ্রীঅদ্বৈতনবনী
শ্রী ও সীতা দেবী, শ্রীনিত্যানন্দম্বরণী দেবী বসুধা ও জাহ্নবা
সকলেই বংশীবদনেব আলয়ে শুভাগমন করিয়াছিলেন।
বাঘনাপাড়ায় শ্রীপাট স্থাপন সম্বন্ধে দুইটি মত প্রচলিত আছে ; কেহ
বলেন এই শ্রীপাট ও শ্রীবিগ্রহাদি বংশীবদন ঠাকুরকত্বক স্থাপিত
হইয়াছিলেন, আবার অনেকে ইহা রামচন্দ্রকত্বক হইয়াছিল বলিয়াই
অনুমান করেন। শ্রীপাটের বহুপ্রাচীন দাষিক মহোৎসব শ্রীরামচন্দ্র
গোস্বামীর তিবোভাব উপলক্ষেই হইয়া থাকে, এবং শ্রীপাটের শ্রীবলরাম
বিগ্রহের শ্রীমন্দিরেব চূড়াতলেও রামচন্দ্রের নামই খোদিত আছে।
রামচন্দ্র জাহ্নবাঠাকুরাণীর নিকট দীক্ষা গ্রহণ করেন। তিনি একজন

বিখ্যাত পদকর্তা ছিলেন । “কড়্‌চা-মঞ্জবী”, “পাষণ্ড-দলন” ও “সম্পৃটিকা” নামক গ্রন্থ ইত্যাদি রচিত । বামচন্দ্রের কনিষ্ঠ শচীনন্দন দাসও একজন পদকর্তা ।

শক ১৪৫৬
সাহসী বুধা-
তৃতীয়া
খৃঃ ১৫৩৫

শ্রীরামানন্দ রাহোর তিরোভাব । ইনি
শ্রীরাঘবেন্দ্র পূর্বী শিষ্য ছিলেন । বাঘবেন্দ্র শ্রীপাদ মাদবেন্দ্র
পূর্বী শিষ্য ।

শ্রীশ্যামানন্দ প্রভুর আনির্ভাব । গোড়মণ্ডলে

শক ১৪৫৬
চৈত্র পূর্ণিমা
খৃঃ ১৫৩৫

ধারেন্দ্র-বাহাদুরপুর গ্রামে, সঙ্গোপ বংশে শ্যামানন্দের জন্ম
হয় । পিতা শ্রীকৃষ্ণ মণ্ডল, মাতা ছবিকা দাসী । জননীর
অতি উৎসেহে নিধি বলিয়া শিশুর নাম “উথিয়া” রাখা হয় ।
উথিয়ার শৈশবাবস্থায়, তাহার পিতা পূর্ববাস ত্যাগ করিয়া,
উৎকলে দেওশ্বর গ্রামে বাস করেন । বাল্যেই উথিয়ার বৈরাগ্যোদয় হয়,
বালক উথিয়া সংসার ত্যাগ করিয়া, অধিকা কালনায় আগমন করেন এবং
শ্রীগোবিন্দ দাস পণ্ডিতের শিষ্য শ্রীহৃদয়-চৈতন্য ঠাকুরের নিকট দীক্ষা
গ্রহণ করেন । দীক্ষার সময় উথিয়ার নাম দেওয়া হয় “উথী
কৃষ্ণদাস ।” শ্রীবৃন্দাবনে শ্রীজীব গোস্বামী তাহার “শ্যামানন্দ” নাম প্রদান
করেন ।

উত্তর ভারতে গোপীনাথ । শ্রীগোপাল ভট্ট গোস্বামী
উত্তর দেশে দেবধন নামক স্থানে, “গোড় ব্রাহ্মণ” গোপীনাথকে দীক্ষা দান
করেন । গোপীনাথ উত্তর ভারতে ভক্ত ধর্ম প্রচার করেন ।

শ্রীবৃন্দাবনে শ্রীউদ্ধারণ দত্ত । গোপাল
শক ১৪৫৭
খৃঃ ১৫৩৫

শ্রীউদ্ধারণ দত্ত নীলাচল ত্যাগ করিয়া শ্রীবৃন্দাবন গমন
করেন ।

শ্রীবীরচন্দ্র প্রভুর আবির্ভাব । বিবাহেব পৰ

শক ১৪৫৭.
খৃঃ ১০৩৫.
শ্রীনিত্যানন্দ প্রভু কিছুকাল বড়গাঁছ, নবদ্বীপ ও সপ্তগ্রামে
বাস করিয়া, খড়দহে আসিয়া শ্রীপাট স্থাপন করিলেন ।
বসুধাদেবীর গর্ভে ক্রমাগয়ে সাতটি পুত্র জন্মগ্রহণ করিয়া,

শ্রীঅভিবাম ঠাকুরেব প্রণামে কালগত হইল । অবশেষে গঙ্গানামে কন্যা
ও কিছুকাল পৰে, শ্রীশ্রীমহাপ্রভুর অপ্রকটে, বীরচন্দ্রনামক পুত্র জন্মগ্রহণ
করিয়া জীবিত বহিলেন । শ্রীজাহ্নবাদেরী বক্ষা চলিলেন । বালক বীরচন্দ্র
চাকল্যবশতঃ, বাজীকরেব ত্রায় অমানুসা কাণ্য সকল প্রদর্শন করিয়া
বেড়াইতে লাগিলেন । কিছুকাল পরে স্মৃশিক্ষা পাইয়া এই সকল ত্যাগ
কবেন ও পূৰ্ব্ববঙ্গে ধর্ম প্রচার করিতে থাকেন । এই সময়, বহু নীচজাতি
বৌদ্ধধর্মগ্রহণ করিয়া হিন্দুসমাজ হইতে বহিস্কৃত হইয়াছিল । বিশেষ
চেষ্টাতেও ইহাবা হিন্দুসমাজে স্থান প্রাপ্ত হয় নাই । পরম দয়াল বীরচন্দ্র
এই সকল লোকদিগকে ভেদ দিয়া “নেড়া” ও “নোড়”র সৃষ্টি করিলেন ।
শ্রীশ্রীনিত্যানন্দপ্রভু একচক্রে তাঁহার পিত্রালয় হইতে কুলদেবতা শ্রীশ্রীবাহ্ম
দেব, শ্রীঅনন্তদেব শিলা ও শ্রীত্রিপুবাসুন্দরী দেবীকে খড়দহে আনয়ন
করিয়া সেবা প্রকাশ করেন । তাঁহার অপ্রকটের পর, বীরচন্দ্র প্রভু
গোড়েশ্বরের নিকট হইতে একখানি প্রস্তব আনিয়া, শ্রীশ্রীশ্যামসুন্দর বিগ্রহ
নিষ্কাশ করিয়া খড়দহে স্থাপন কবেন । কিছুকাল পরে, জাহ্নবাপালিত
শ্রীগোপীজনবল্লভ ও শ্রীবামকৃষ্ণের হস্তে শ্রীশ্রীবাহ্মদেব অর্পিত হইয়া
নোতাগামে গমন করেন । গোপীজনবল্লভ ও বামকৃষ্ণের পিতা শ্রীসিদ্ধানন্দ
বান্দ্যাপাধ্যায় শ্রীশ্রীনিত্যানন্দপ্রভুর প্রিয়ভক্ত এবং মন্ত্ৰ-শিষ্য ছিলেন ।
পিতামাতার অপ্রকটের পর গোপীজনবল্লভ ও বামকৃষ্ণ, শ্রীজাহ্নবা-
ঠাকুরবাণীর দ্বারা পুত্রনির্বিশেষে প্রতিপালিত হইলেন । শ্রীশ্রীনিত্যানন্দ
প্রভু, জাহ্নবামাতার ইচ্ছানুসারে নোতা ও মালদহের গদি যথাক্রমে
গোপীজনবল্লভ ও বামকৃষ্ণের মধ্যে বণ্টন করিয়া দেন ।

বীর হাশীবের রাজ্যরস্তু । বিষ্ণুপুরের ৪৮ সংখ্যক

শক ১৪৫৭
খৃঃ ১৫৩৫,
রাজা হাশীব মল্ল, তদীয় পিতা রাজা দমন মল্লের মৃত্যুব পব
রাজ্যলাভ কবেন । ইনি বাদশাহ আকবরের সমসাময়িক ।
ইহার পিতামহ বাজা চন্দ্রমল্লের সময় (খৃঃ ১৫৩১—১৫০১)

গোকুল নগরে “শ্রীশ্রীগোবিন্দচন্দ্র জাঁউ” ও চন্দ্রপুরে “শ্রীশ্রীবৃন্দাবন চন্দ্র
জাঁউ” প্রাতিষ্ঠিত হইয়েন । গোড়াধিপতি সোলেমানের পুত্র দায়দ থাকে যুদ্ধে
পরাস্ত করিয়া, হাশীব মল্ল “বীর হাশীব” নামে প্রসিদ্ধ হইয়েন । প্রথম
বয়সে বীর হাশীব অত্যন্ত দুঃস্থ ছিলেন, পবে বৈষ্ণব ধর্ম গ্রহণান্তর পবম
ভক্তে পাবণত হইয়া ছিলেন । শ্রীবৃন্দাবনের অনুকরণে, তিনি নানক
রাজধানী বিষ্ণুপুরে গ্রামকুণ্ড, রাধাকুণ্ড, তাল, তমাল, ভাণ্ডির প্রভৃতি
বন ; যমুনা ও কার্ণালি বাধ ; মথুরা, দ্বারকা, গোকুল প্রভৃতি জনপদ
স্থাপন করিয়া বিষ্ণুপুরকে শুশ্রূ-বৃন্দাবন নামে অভিহিত করিয়াছিলেন ।
গিবিগোবিন্দনের অনুকরণে তিনি এক মন্দির আবাস্ত করিয়া শেষ করিয়া
যাইতে পারেন নাই—উহাকে এখন লোকে “রাসমঞ্চ” বালিয়া থাকে ।
সুপ্রসিদ্ধ শ্রীশ্রীনন্দনমোহন, কালাচাঁদ ও রামকৃষ্ণ জাঁউ বীর হাশীবের
প্রতিষ্ঠিত । “দানমণি-চন্দ্রোদয়”—প্রেমতা করি মনোহর দাস বাজা
বীর হাশীবের সভাসদ ছিলেন ; সোনার্মাথতে হঠাৎ ত্রীপাট ও ভগলা
জেদায় বদনগঞ্জে সমাধি আছে ।

বৃন্দাবনে শ্রীগোবিন্দ বিগ্রহ । শ্রীবৃন্দাবনে আসিয়া

শক ১৪৫৭
মাঘ শুক্ল পঞ্চমী
খৃঃ ১৫৩৫
অবধি, শ্রীকৃষ্ণ লুপ্ত বিগ্রহাদিগের কোনও সন্ধান করিতে
পারিলেন না । একদা গোপবালক-বেশী শ্রীকৃষ্ণ তাঁহাকে
“গোমাটীলা” সমীপস্থ একটি স্থান দেখাইয়া দিয়া অদৃশ্য
হইলেন । শ্রীকৃষ্ণ ব্রজবাসীদিগের সাহায্যে, সেই স্থান খনন
করাইয়া “যোগ-পীঠ” ও তন্মধ্য-গত “শ্রীগোবিন্দ বিগ্রহ” প্রাপ্ত হইলেন ।
মাদ মাসের শুক্লা পঞ্চমী তিথিতে এই শ্রীবিগ্রহের অভিষেক ও প্রতিষ্ঠা

হইল। পবে বাজা মানসিংহ বহু অর্থব্যয়ে গোবিন্দদেবের এক অপূর্ণ শ্রীমন্দির নিৰ্ম্মাণ করিয়া দেন। বাদশাহ আবঙ্গজেবের সময় ত্রৈ মন্দির ধ্বংস করা হয় এবং গোবিন্দদেবকে জয়পুরে স্থানান্তরিত করা হয়। তদনন্তর আদি গোবিন্দদেব জয়পুরেই বিবাসিত আছেন। বৃন্দাবনে পবনদীকালে প্রতিভূ গোবিন্দ বিগ্রহ স্থাপিত করা হয়।

বৃন্দাবনেব আদি শ্রীমদনমোহন, গোবিন্দ, গোপীনাথ, বৃন্দাদেবী, গোপেশ্বর শিবলিঙ্গ ও আবণ্ড কয়েকটি শ্রীবিগ্রহ, প্রায় পাঁচ ভাঙ্গাব বৎসব পূর্বে, শ্রীকৃষ্ণের প্রপৌত্র বজ্রনাভ ব্রহ্মগুণে স্থাপিত করেন। গোবিন্দ-র্জাব নামে যে শ্রীবাধিকা মূর্তি আছেন, ইনি পুরোধাম হইতে আনীত হইয়া ছিলেন। তথায় ভগ্নাথদেবের মন্দিবে চক্রবেড নামক স্থানে ইনি পূজিত হইতেন।

শ্রীবলরাম বা নিত্যানন্দ দাসের আবির্ভাব।

শক ১৪৫২
খঃ ১০৩৭

“প্রেম-বিলাস”-বচয়িতা শ্রীবলরামদাস শ্রীখণ্ডগ্রামে বৈষ্ণুকুলে জন্মগ্রহণ করেন। পিতা আশ্রাবাম দাস, মাতা শৌদামিনী। বাল্যকালেই শ্রীজাহ্নবা ঠাকুবাণীর নিকট দীক্ষিত হইয়া, বলরাম বৈষ্ণব কবেন এবং “নিত্যানন্দদাস” নাম গ্রহণ করেন। “প্রেম-বিলাস” ব্যতীত, ইনি “বীরচন্দ্র-চরিত,” “গৌবাঙ্গাষ্টক,” “রস-কল্পসার,” “কৃষ্ণলীলানৃত” ও “হাট বন্দনা” নামক গ্রন্থ রচনা করেন।

শ্রীষাধুনন্দন ঠাকুরের আবির্ভাব।

শক ১৪৫৫
খঃ ১০৩৭

বিখ্যাত পদ-কর্তা ও কাব শ্রীষাধুনন্দন দাস ঠাকুর মুর্শিদাবাদ জেলাস্তর্গত (বর্তমান ই, আই, আব, মালার ষ্টেশনের নিকট) শ্রীপাট মালিহাটা গ্রামে, বৈষ্ণুকুলে জন্মগ্রহণ করেন। ইনি শ্রীনিবাসাচাৰ্য্য-কথ্য শ্রীহেমলতা ঠাকুবাণীর নিকট দীক্ষিত হইয়া তাঁহার শ্রীপাট ধূনাঠপাড়ায় (বর্তমান বহরমপুর সহরের নিকট গঙ্গাব পশ্চিম তীরে) প্রায়ই থাকিতেন। নিম্নলিখিত গ্রন্থ তাঁহার রচিত ১। কর্ণানন্দ, ২। রস

কদম্ব অর্থাৎ শ্রীরূপ গোস্বামীর “বিদগ্ধ-মাপনেব” বাঙ্গালা ভাষায় পত্নানুবাদ, ৩ । শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর “গোবিন্দ-লীলামৃত” গ্রন্থেব ভাষায় পত্নানুবাদ, ৪ । শ্রীনিব্রমঙ্গল ঠাকুরেব “কৃষ্ণকণামৃতোব” বাঙ্গালায় পত্নানুবাদ । এবং ৫ । কৃষ্ণবাস্তব । ইনি একজন বিখ্যাত পদকর্তা ছিলেন ।

কবিকঙ্কন শ্রীমুকুন্দরাম চক্রবর্তীৰ জন্ম ।

শক ১৪৫৯ ইং ১৮৫৩ “শ্রীগোবাল্ল-বন্দনা” পাঠে অনুমান হয়, শ্রীশ্রীগোবাল্ল-
খৃঃ ১৫০৭ মহাপ্রভুব পাত্তি ইং ১৮৫৩ বথেষ্টে ভক্ত ছিল ।

নন্দগ্রামে শ্রীবলভদ্র, কৃষ্ণ, নন্দ ও যশোদা

শক ১৪৬০ বিগ্রহ । শ্রীমনাতন গোস্বামী ব্রজমণ্ডলে নন্দগ্রামে
খৃঃ ১৫০৮ এই চাবিটি শ্রীবিগ্রহ প্রাতিষ্ঠা কবেন এবং ভবিদাস নামক
মাথা গুণ্ডাপট্ট জৈনিক ভক্তকে পূজাবী নিযুক্ত কবেন ।

উপগোপাল শ্রীরুদ্র পণ্ডিতের আনির্ভাব ।

শক ১৪৬০ কদ্র পণ্ডিত চাতবার শ্রীকাশ্যব পণ্ডিতেব ভাগ্যনেয় ।
কার্তিক কৃষ্ণাষ্টমী শ্রীপাট বল্লভপুৰ, শ্রীরামপুর বেলচেষ্টেনেব নিকট এবং শ্রীপাট
খৃঃ ১৫০৮ মাহেশের এক মাইল উত্তব । বল্লভপুৰেব শ্রীশ্রীবাধাবল্লভ-
জাউ, খড়দাহেব শ্রীশ্রীশ্যামসুন্দব জাউ এবং সাঁইবোনার
শ্রীশ্রীনন্দহুলাল জাউ এক প্রস্তব হইতে নিশ্চিত । বল্লভপুৰেব বথযাত্রা
একটি বিখ্যাত উৎসব ।

শক ১৪৬০ গোড় বাদশাহ ছমায়ুন । গোড়-বাদশাহ

খৃঃ ১৫০৮ ফিবোজ সাহাব বাজ্য শেষ ও হুমায়ুনের রাজ্যারম্ভ ।

শক ১৪৬১ দিল্লীর বাদশাহ সেরসাহু দিল্লীর বাদশাহ

খৃঃ ১৫০৯ হুমায়ুনেব রাজ্য শেষ ও সেরসাহাব বাজ্যারম্ভ ।

শ্রীপ্রতাপ রুদ্দেব তিরোভাব । উড়িষ্যাৰ রাজ্য প্রতাপ

শক ১৪৬২ রুদ্দে দেহ ত্যাগ করিলে, তাঁহাব পুত্র পুরুষোত্তম জানা বাজ্যলাভ

খৃঃ ১৫৪০ কবেন । শ্রীপ্রতাপ রুদ্দে গোবলালায় চৌবটি মহােশ্বর স্থাপিতন ।

শ্রীজয়ানন্দের চৈতন্য-মঙ্গল। শ্রীশ্রীপণ্ডিতগোস্বা-

শক ১৪৬২ মৌব আজায় ও শ্রীশ্রীরচন্দ্র প্রভুর কৃপায়, কবি জয়ানন্দ
পৃঃ ১৫৪০ তাঁহার “চৈতন্য-মঙ্গল” গ্রন্থ রচনা কবিত্তে আবস্থ করেন।
এই গ্রন্থ এক কালে রচিত হয়েন নাই—জয়ানন্দ চৈতন্য-মঙ্গল
গীত গাহিয়া বেড়াইতেন এবং চৈতন্য-মঙ্গলের পয়াব ও পদগুলি নানাস্থানে
নানাসময়ে রচনা কবিতেন। তাঁহার শেষজীবনে, এই পয়ায় ও পদগুলি
একত্রে “চৈতন্য-মঙ্গল”-গ্রন্থকাবে গ্রথিত হয়। এই গ্রন্থ নানাকাবেণে
বৈষ্ণবসমাজে আদৃত হয়েন নাই। ইহার অনেক বর্ণনা প্রামাণিক বলিয়া
গ্রহণ করা যায় না।

গোপাল শ্রীউদ্ধারণ দত্ত ঠাকুরের তিরো-

শক ১৪৬০ ছয় বৎসব কাল শ্রীবৃন্দাবনে বাস করিয়া, গোপাল
অগ্রহায়ণ, কৃষ্ণা শ্রীউদ্ধারণ দত্ত ঠাকুর বংশীবটের নিকট দেহরক্ষা করেন।
একাদশী এখানে তাঁহার সমাধি বিद्यমান আছেন। দত্তঠাকুরের বংশ-
পৃঃ ১৫৪১ ধরেরা হুগলি, কলিকাতা প্রভৃতি নানাস্থানে বাস করিতে-
ছেন। হুগলী জেলায় বালীনবাসী শ্রীযুক্ত জগমোহন দত্তের
দেব মন্দিবে, দত্তঠাকুরের একটা প্রাচীন প্রতিমূর্ত্তি বিগ্রহ বর্ত্তমান আছেন ;
উঁহাব নিত্য সেবা হইয়া থাকে। দত্তঠাকুরের সেবিত শ্রীশালগ্রাম শিলাও
এই স্থানে বিরাজিত আছেন।

শক ১৪৬৩ শ্রী ভক্তি-বসামৃত-সিন্ধু গ্রন্থ। শ্রীবৃন্দাবনে শ্রীরূপ
পৃঃ ১৫৪২ গোস্বামী তাঁহার ভক্তি-বসামৃত-সিন্ধু গ্রন্থ রচনা শেষ করেন।

শ্রীজীব গোস্বামীর গৃহত্যাগ। চব্বিশ বৎসর বয়সে,

শক ১৪৬৩ শ্রীজীবগোস্বামী গৃহত্যাগ করিয়া, কাশ্যধাম হইয়া শ্রীবৃন্দাবন
পৃঃ ১৫৪১ গমন করেন। কাশ্যধামে কিছুকাল অবস্থিত করিয়া
শ্রীমধুসূদন বাচস্পতিব নিকট বেদান্তাদি শাস্ত্রাধ্যয়ন
করিয়াছিলেন।

শ্রীগঙ্গাদেবীর বিবাহ । শ্রীনিত্যানন্দস্বতা শ্রীমতী গঙ্গা

দেবী, বাবেন্দ্র ব্রাহ্মণ শ্রীমাধবাচার্য্যের কবে অর্পিতা হইয়া-
শক ১৪৬৩,
খৃঃ ১৫৪১,
ছিলেন । মাধবাচার্য্য নত্মাপুরনিবাসী বিশেষত্ব মৈত্রের
পুত্র এবং চট্টবংশীয় গোবীদাসের গৃহে পালিত । ইনি

শ্রীনিত্যানন্দের ছাত্র ও মন্ত্রশিষ্য ছিলেন এবং গুরুর আশ্রয়, গুরুকন্যা
গঙ্গাদেবীকে বিবাহ করিতে বাধ্য হইয়াছিলেন । শ্রীনিত্যানন্দের কন্যা
গ্রহণ করিয়া মাধবাচার্য্যের পিতৃপরিচয় প্রচ্ছন্ন ; তাঁহার বংশ "গঙ্গাবংশ"
নামে সমাজে প্রসিদ্ধ । মাধবাচার্য্যের পুত্র গোপাল বুল্লভ মৈত্র ।

বৃন্দাবনে শ্রীরাধারমন শ্রীবিগ্রহ প্রকাশ ।

শ্রীগোপাল ভট্ট গোস্বামীর শ্রীদামোদব নামে এক শ্রীচক্র
শক ১৪৬৪,
বৈশাখী পূর্ণিমা
খৃঃ ১৫৪২,
ছিলেন । তিনি ঐ শালগ্রাম শিলায় সেবায় নিরত থাকি-
তেন । একদিন এক ধনবান মহাজন বৃন্দাবনের সমস্ত
বিগ্রহগুলির জন্ত নানাপ্রকাব বস্ত্রালঙ্কার দান করিলেন ।

ভট্ট গোস্বামী তাঁহার শিলাব হস্ত পদাদি না থাকায়, এই বস্ত্রালঙ্কারগুলি
তাঁহার শ্রীঅঙ্গে পরাইতে না পাঠিয়া, নিদারুণ শোকে অভিভূত হইলেন ।
তিনি প্রভাতে উঠিয়া দেখিলেন, তাঁহার শালগ্রাম চক্র আর নাই, এই
শিলা হইতে "ত্রিভঙ্গ ভঙ্গিমা রূপ, মুরলী বদন । সূচিকণ অঙ্গ, রূপে ভুবন
মোহন ॥" শ্রীমূর্ত্তি প্রকটিত হইয়াছেন । বৈশাখী পূর্ণিমা তিথিতে এই
অপ্রাকৃত শ্রীবিগ্রহ প্রতিষ্ঠিত হইলেন । শ্রীবিগ্রহটি দ্বাদশাঙ্গুলি পার্যায়িত ;
ইহার শ্রীঅঙ্গে পূর্বেব শালগ্রাম শিলাব চিহ্ন বর্তমান আছে । এই
শ্রীবিগ্রহের সহিত শ্রীরাধিকা মূর্ত্তি নাই । শ্রীবিগ্রহের বামদিকে
একখানি রজত মুকুট শ্রীমতীর উদ্দেশে সেবিত হয়েন । শ্রীমন্দিরে
শ্রীশ্রীগোবিন্দ দেবের বসিবার পট্টা (সিঁড়ি) যত্নে রক্ষিত ও পূজিত হইয়া
থাকেন । মন্দিরের পশ্চিমদিকে শ্রীগোপালভট্ট গোস্বামীর সমাধি
আছেন ।

শ্রীচৈতন্য-চরিতামৃত মহাকাব্য । শ্রীকবি কর্ণপূব

শক ১৪১৪, তাঁহার “শ্রীচৈতন্য-চরিতামৃত মহাকাব্য” রচনা শেষ করেন ।
আমাত
কৃষ্ণা নিতায়ী
খৃঃ ১৫৪২, এই সংস্কৃত মহাগ্রন্থখানি শ্রীগোবিন্দ লীলাব মূল মুখ্যগ্রন্থ
এবং তাঁহার অপ্রকটের নয় বৎসর পরে রচিত ।

শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর তিরোভাব । শ্রীশ্রীমন্মহা-

শক ১৪৬৪, প্রভূর অপ্রকটের পর শ্রীশ্রীনিত্যানন্দ প্রভূ নয় বৎসর প্রকট
আখিন কৃষ্ণাষ্টমী ছিলেন । তাঁহার তখনকার অবস্থা বর্ণনার অতীত ; “বিরহে
খৃঃ ১৫৪২, বিবশ তল্ল বাহু নাহি স্মবে । ঠা গৌবান্ধ বাল কড় ডাকে
উচ্চৈঃস্বরে” ॥ প্রভুর লীলা সম্বরণের উচ্ছা হইল ; শ্রীঅদ্বৈত-
প্রভূর নিকট সংবাদ প্রেবণ করা হইল । সংবাদ পাঠিয়া শ্রীঅদ্বৈতপ্রভূ
খড়দহে আসিয়া উপস্থিত হইলেন এবং শ্রীনিত্যানন্দ প্রভুর সত্বিত সম্পূর্নদীবা-
রাত্র নির্জন গৃহে অবস্থান করিয়া “কিবা কথাবাক্তা কহে, কেহ নাহি
জানে।” অষ্টম দিবসের প্রভাতে শ্রীমন্দির প্রাপ্তগে কীর্তন আরম্ভ হইল ;
ভক্তগণের “মধ্যে নাচে নিত্যানন্দ প্রেমে অগেয়ান । শ্রীগৌবান্ধ-পাদপদ্ম
করিয়া ধেয়ান ॥” এমন সময় “যতক মহাস্ত প্রেমে বাহু পাশারিলা ।
অলক্ষ্যেতে নিত্যানন্দ অন্তর্দ্বান হইলা ॥”

শ্রীবৃন্দাবনে শ্রীশ্রীরাধাদামোদরজী । “স্বপ্নাদেশে

শক ১৪৫৪, শ্রীকৃষ্ণ শ্রীরাধাদামোদরে । স্বহস্তে নিয়োগ করি দিল
মাখী ওক্লাদশমী শ্রীজীবেরে ॥” যমুনার তীরে শৃঙ্গাববটের নিকট এই
খৃঃ ১৫৪২, শ্রীবিগ্রহ স্থাপিত হইলেন । আদি বিগ্রহ মুসলমান অত্যা-
চাবে জয়পুরে নীত হইলে, প্রতিভূ বিগ্রহ স্থাপিত হইয়াছেন ।

এই রাধাদামোদর মন্দিরে শ্রীকৃষ্ণ ও জীব গোস্বামী বাস করিতেন । এই
মন্দির বাটীতে শ্রীকৃষ্ণ, শ্রীজীব, শ্রীকবিরাজ গোস্বামী ও শ্রীভূগভ গোস্বামীর
সমাধি বিদ্যমান আছেন ।

পদকর্ত্তা শ্রীশচীনন্দন ঠাকুরের আবির্ভাব ।

শক ১৪৬৪, খৃঃ ১৫৪২, শ্রীবংশীবদন ঠাকুরের দুই পুত্র, শ্রীচৈতন্য দাস ও নিত্যানন্দ দাস ; চৈতন্যের দুই পুত্র রামচন্দ্র ও শচীনন্দন । রামচন্দ্র শ্রীজাহ্নবা ঠাকুরাণীর দ্বারা গৃহীত ও প্রতিপালিত হইলেন । শ্রীশচীনন্দনের বংশধরেরা শ্রীপাট বাঘনাপাড়া ও বৈচীতে বাস করিতেছেন । শচীনন্দন একজন পদকর্ত্তা ।

শ্রীকাশীশ্বর পণ্ডিতের বন্দাবন যাত্রা ।

শক ১৪৬৬ খৃঃ ১৫৪৪ জননী পবলোক গমন কাবলে, কাশীশ্বর গয়া যাত্রা করেন এবং তথা হইতে শ্রীবন্দাবন গমন করেন । শ্রীবন্দাবনে এক শ্রীবিগ্রহ প্রাপ্ত হইলেন এবং তাঁহার সেবায় ব্যবস্থা করিয়া পুনরায় ঢাতবায় প্রত্যাবৃত্ত হইলেন ।

শ্রীমুন্নারি পণ্ডিতের আবির্ভাব । শ্রীকাশীশ্বর

শক ১৪৬৮ চৈত্র শুক্লাবদনী খৃঃ ১৫৪৬ পণ্ডিতের অগ্রজ মহাদেবের পুত্র মুন্নারি পণ্ডিত জন্মগ্রহণ করেন । তিনি কাশীশ্বরের নম্রশষ্য এবং চাতরা শ্রীপাটের শ্রীবিগ্রহাদির সেবা ও যাবতীয় অধিকার তঁহাকেই প্রদান করিয়া, কাশীশ্বর শেষ জীবনে শ্রীবন্দাবন গমন করেন ।

শ্রীপাটের বর্ত্তমান সেবাইতগণ মুন্নারির বংশধর ।

মীরাবাইয়ের তিরোভাব । মীরাবাই শেখজীবন

শক ১৪৬৮ খৃঃ ১৫৪৬ মুক্তক্ষেত্র দ্বারকায় অতিবাহিত করেন । প্রবাদ এইরূপ, যে তদীয় মীরা নম্রবদেহে রণছোড়জী শ্রীবিগ্রহের শ্রীঅঙ্গে মিশাইয়া গিয়াছিলেন ।

শ্রীবংশীবদন ঠাকুরের তিরোভাব । কুলায়া

শক ১৪৭০ খৃঃ ১৫৪৮ জ্যৈষ্ঠ, শুক্লা ত্রয়োদশী । পাগড়পুর নিবাসি শ্রীছকড়ি চট্টের পুত্র ঠাকুর বংশীবদন দেহত্যাগ করেন । তাঁহার দুই পুত্র শ্রীনিত্যানন্দ দাস ও শ্রীচৈতন্যদাস, সে সময় যথাক্রমে সাত ও পাঁচ বৎসরের শিশু ।

বংশী একজন পদকর্তা ছিলেন—তাঁহার ঠেতত্বকীর্তনের পদগুলি প্রসিদ্ধ । তাঁহার প্রধান শিষ্য জগদানন্দের পাট মেদিনীপুর জেলায় জগতী-মঙ্গলপুরে, জ্যৈষ্ঠমাসের শুক্রায়োদশীতে বংশীব তিরোভাব উৎসব হইয়া থাকে ।

মিঞা তানসেনের জন্ম । শ্রীবৃন্দাবনের প্রসিদ্ধ গায়ক সাধক শ্রীহরিদাস স্বামী বঙ্গীত ছাত্র তানসেন, গোড়ীয় শক ১৪৭১ ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করেন । তাঁহার হিন্দু নাম রামতনু মিশ্র । বালক রামতনু বৃন্দাবনে এক ব্রজবাসীর গৃহে গোচারণ কার্য্য করিতেন । হবিদাস সেই সময় ইঁহাকে সঙ্গীত বিদ্যা শিক্ষা দেন । বাদশাহ আকবর রামতনুকে বৃন্দাবন হইতে দিল্লীতে লইয়া যান । তথায় রামতনু এক যবনীর পাণিগ্রহণ করিয়া, মিঞা তানসেন নামে প্রসিদ্ধ হইলেন । গোয়ালিয়বে তানসেনের সমাধি আছে । বৃন্দাবনের “বাকে বিহারীজী” হবিদাস স্বামীর প্রতিষ্ঠিত । নিধুবন মধ্যে হবিদাসের সমাধি বিদ্যমান আছেন ।

শ্রীকৃষ্ণ গণোদ্দেশ-দীপিকা গ্রন্থ
শক ১৪৭২
খৃঃ ১৫৫০
রচনা । শ্রীরূপ গোস্বামী তাঁহার “শ্রীকৃষ্ণ-গণোদ্দেশ দীপিকা” গ্রন্থ-রচনা শেষ করেন ।

শক ১৪৭৩
খৃঃ ১৫৫১
অধিন । হিত হরিবংশের তিরোভাব । রাধা-বল্লভী সম্প্রদায় প্রবর্তন হিত হরিবংশ শ্রীবৃন্দাবনে দেহত্যাগ করেন । ইঁহার মোহন চাঁদ নামে এক পুত্র হইয়াছিল ।

শক ১৪৭৬
খৃঃ ১৫৫৪
বৈষ্ণব-তোষিনী টীকা রচনা । শ্রীসনাতন গোস্বামী “বৈষ্ণব-তোষিনী” নামক টীকা রচনা করেন ।

শক ১৪৭৮

বাদশাহ আকবর। দিল্লী বাদশাহ

খৃঃ ১৫৫৬

আকবরের রাজ্যারম্ভ ।

শক ১৪৭৯

শ্রীঅদ্বৈতাচার্যের তিরোভাব। এক-

খৃঃ ১৫৫৭

শত পঁচিশ বৎসব ধ্বাধামে প্রকট থাকিয়া শ্রীঅদ্বৈত প্রভু
গীলা সম্বরণ কবেন ।

দ্বিতীয় পরিচ্ছেদ

শ্রীজীব গোস্বামী, শ্রীনিবাসাচার্য, শ্রীনরোত্তম

ঠাকুর ও শ্রীশ্যামানন্দ ।

শ্রীগৌরীদাস পণ্ডিতের তিরোভাব। গোপাল

শক ১৪৮১

শ্রীগৌরীদাস পণ্ডিত শ্রাবণ মাসের শুক্লা ত্রয়োদশী দিবস

খৃঃ ১৫৫৯

দেহত্যাগ কবেন । বৃন্দাবনে ধীবসমী বকুজে গৌরীদাস

শ্রাবণ শুক্লা

পণ্ডিতের সমাধি আছেন । এই কুঞ্জে গৌরীদাস, শ্রীশ্রীশ্যাম-

ত্রয়োদশী ।

বায় নিগ্রহ স্থাপন কবেন । পত্নী বিমলাদেবীর গর্ভে
গৌরীদাসের দুই পুত্র হয়,—বড়ু বলরাম ও রঘুনাথ ।

বনুনাথের দুই পুত্র, মহেশ পণ্ডিত ও ঠাকুর গোবিন্দ । গৌরীদাসের
অপ্রকটে তাঁহার নাতিজামাতা এবং মন্ত্রশিষ্য শ্রীহৃদয়চৈতন্য ঠাকুর
(শ্রীশ্রীপণ্ডিত গোস্বামী বংশীয়) শ্রীপাটের ভাবপ্রাপ্ত হইলেন ।

শ্রীঈশান নাগরের বিবাহ। শ্রীঅদ্বৈতাচার্য-শাখা

ঈশান নাগর শেষ জীবনে ৭০ বৎসব বয়সে সীতাদেবীর
 শক ১৪৮৪ আদেশে পদ্মাতীরস্থ তেওতা গ্রামে বিবাহ করেন। ঠাণ্ডাব
 খৃঃ ১৫৬২ তিন পুত্র--পুরুষোত্তম নাগর, হরিবল্লভ নাগর ও কৃষ্ণবল্লভ
 নাগর। বিবাহের পর ঈশান লাউড়ে গিয়া ধর্ম প্রচার করিতে থাকেন।
 পবে লাউড় রাজ্য ধ্বংস হইলে, তাঁহাব ধংশধরেরা গোয়ালন্দ ও তেওতার
 নিকট ঝাঁকপালে বাস কবেন। তেওতার রাজপরিবার এই বংশেব
 শিষ্য।

শক ১৪৮৫ শ্রীবৃন্দাথ ভট্ট গোস্বামীর তিরোভাব।

আখিনী গুরু শ্রীবৃন্দাবনে ৫৮ বৎসব বয়সে, শ্রীবৃন্দাথ ভট্ট গোস্বামী
 ষাটশী অপ্রকট হয়েন। বৃন্দাবনে চৌষটি মহাস্তবের সমাজবাড়াতে
 খৃঃ ১৫৬৩ ইঁহার সমাধি আছেন।

শ্রীরসিকানন্দ দেবের আবির্ভাব। উড়িষ্যা দেশে

শুভর্ণবেথা নদীর তীরে প্রসিদ্ধ রয়ণী নাগরের রাজা অচ্যুতা-
 শক ১৪৮৫ নন্দ দেবের পুত্ররূপে ও ভবানী ঠাকুরানীর গর্ভে রসিকানন্দ
 কার্তিক, গুরু। নন্দ দেব জন্মগ্রহণ করেন। ইনি শ্রীশ্যামানন্দ ঠাকুরের প্রধান
 প্রতিপদ দেব জন্মগ্রহণ করেন। ইনি শ্রীশ্যামানন্দ ঠাকুরের প্রধান
 খৃঃ ১৫৬৫ ও অতি প্রিয় শিষ্য ছিলেন। গুরুদেবের আজ্ঞায়,
 বসিকানন্দ উৎকলবাসী জনসাধারণকে বৈষ্ণবধর্মে
 দীক্ষিত করেন। বহু সংখ্যক মুসলমানও বৈষ্ণব ধর্ম অবলম্বন
 করিয়াছিল।

সিদ্ধ শ্রীশ্যামদাস ঠাকুরের আবির্ভাব। রাঢ়ী-

শ্রেণীভুক্ত ভরদ্বাজগোত্রীয় ব্রাহ্মণকুলে (এড়েবডাঙ্গার
 শক ১৪৮৫ মুখুটি) শ্রীশ্রীনিবাসাচার্য শাখা সিদ্ধ শ্যামদাস ঠাকুর জন্ম-
 খৃঃ ১৫৬৩ গ্রহণ করেন। বাল্যকালেই তাঁহার বৈরাগ্যোদয় হয় এবং

যৌবনের প্রাবল্যে তিনি সংসার ত্যাগ কবিয়া তীর্থপর্যটনে বাহির হইলেন । নানা তীর্থ পরিভ্রমণ কবিয়া, শ্রামদাস মুর্শিদাবাদ জেলাস্বর্গত কাঁদি মহকু-
মাদীন পাঁচতোপী গ্রামে, পাট স্থাপন করিয়া শ্রীশ্রীনিবাসাচার্য্যের নিকট
দীক্ষাগ্রহণ করেন । শ্রামদাসের সেবিত শ্রীশ্রীসুদর্শন শালগ্রাম চক্র
সর্বদা তাঁহার সঙ্গে থাকিতেন এবং এই শ্রীচক্রেব সঙ্ঘিত শ্রামদাসেব কথা
হইত । তাঁহার অলৌকিক শক্তির পরিচয় পাইয়া, ফতেসিংহ পরগণার
মুসলমান জায়গীরদার তাঁহাকে সাততোলা সাপেব বিস পান করিতে দেন ।
সিদ্ধ শ্রামদাস তাঁহার শ্রীচক্র গলদেশে বন্ধন কবিয়া, অনায়াসে এই বিষ পান
কবিয়াছিলেন । জায়গীরদার শ্রামদাসেব অনিচ্ছাসত্ত্বেও, তাঁহার শ্রীচক্রেব
সেবাব জন্ম শ্রামদাসকে অনেক ভূসম্পত্তি দান করেন । গুরুদেবেব
আদেশে, শ্রামদাস শেষজীবনে দারপরিগ্রহ করিতে বাধ্য হইলেন, কিন্তু
তিনি জ্ঞানসন্ধান কবেন নাট । ঋতুকালে তাঁহার স্ত্রীকে শ্রামদাস একটী
শ্রীফল ভক্ষণ কবিতেন । উহা হইতেই তাঁহার স্ত্রী গর্ভবতী হইলেন
এবং এষ্ট গর্ভে ঠাকুর শ্রীকিশোর দাস জন্মগ্রহণ করেন । কিশোরদাস
শ্রীশ্রীবাধাশ্রামসুন্দর শ্রীবিগ্রহ স্থাপন করিয়া, পিতৃদেবের শ্রীসুদর্শনচক্রেব
সঙ্ঘিত সেবা প্রকাশ কবেন । নবাব আলিবর্দীর সময় “বর্গী হাঙ্গামায়”
শ্রীমন্দিরসহ এই শ্রীবিগ্রহ ভগ্ন হইলে, বর্তমান দারুণ শ্রীবিগ্রহ স্থাপিত
হইলেন । প্রায় দুই শত বৎসরের প্রাচীন, বিচিত্র কারুকার্য্যখচিত
শ্রীমন্দিরে এই শ্রীশ্রীবাধাশ্রামসুন্দর শ্রীবিগ্রহ ও শ্রামদাসেব শ্রীসুদর্শন চক্র,
তাঁহার বংশধরদিগেব দ্বারা অনুরাগের সঙ্ঘিত পাঁচতোপী গ্রামে সেবিত
হইতেছেন ! সিদ্ধ শ্রামদাস ঠাকুর হইতে অধস্তন চারি পুরুষ পর্যায়ক্রমে
সিদ্ধ পুরুষ ছিলেন । বর্তমান বংশধর দিগের উপাধি “অধিকারী” ।
প্রায় দেড় শত বৎসর পূর্বপর্যন্ত ইঁহাদেব উপাধি “চক্রবর্তী” ছিল ।
জীবাদম গ্রন্থকার এই বংশ-সম্বৃত এবং বংশ-পরম্পরায় দশম সংখ্যক,
যথা—১ । শ্রীঠাকুর শ্রামদাস, ২ । শ্রীঠাকুর কিশোর দাস, ৩ । শ্রীঠাকুর

রাধাকৃষ্ণ, ৪। শ্রীঠাকুর আত্মাবাম, ৫। শ্রীঠাকুর গোবচরণ, ৬।
 শ্রীঠাকুর কৃষ্ণকেশব, ৭। শ্রীঠাকুর রামনাবায়ণ, ৮। শ্রীঠাকুর কৃষ্ণসুন্দর,
 ৯। শ্রীমহাস্তাঠাকুর নন্দচুলাল, ১০। শ্রীমুরারিলাল অধিকারী।

পদকর্তা দিব্যসিংহ। প্রসিদ্ধ পদকর্তা গোবিন্দ কবি-

শক ১৪৮৫ রাজীব পুত্ররূপে পদকর্তা দিব্যসিংহ জন্মগ্রহণ করেন।
 খঃ ১৫৬৩ দিব্যসিংহের পুত্র ঘনশ্যামও একজন পদকর্তা ছিলেন।
 ঘনশ্যাম যখন মাতৃগর্ভে, সেই সময় দিব্যসিংহ বৃধুবী ভাগ্য
 করিয়া, সপবিবারে শ্রীখণ্ডে শঙ্করালায়ে আসিয়া বাস করেন। তাঁহাদেব
 বৃধুবীতে যে পৈত্রিক ভূসম্পত্তি ছিল, সমস্তই নবাব সবকাবে খাস হইয়া
 যায়। পরে ঘনশ্যামের মধুব পদাবলী শ্রবণে, নবাব বাহাজুব সম্ভ্রষ্ট হইয়া
 তাঁহাকে ৪৬০ বিঘা জমীদান করেন এবং বৃধুবীতে বাস করিতে আজ্ঞা
 দেন। ঘনশ্যামের পৌত্র শ্রীচরিত্রদাসেব প্রতিষ্ঠিত শ্রীশ্রীনিতাই-গৌব বিগ্রহ
 অত্য়পি বর্তমান আছেন।

শ্রীশ্রীনিবাসের বৃন্দাবন যাত্রা। শ্রীশ্রীদেবী বিষ্ণু-

শক ১৪৮৫, প্রিয়াব আজ্ঞায়, শ্রীনিবাস শান্তিপুত্র, খড়দহ, খানাকুল,
 অগ্রহায়ণ, কৃষ্ণনগর, শ্রীখণ্ড প্রভৃতি পরিভ্রমণ করিয়া এবং জননী
 স্ত্রী দ্বিতীয়া চরণধূলি মস্তকে ধরিয়া, বৃন্দাবন যাত্রা করিলেন। পশ্চিমধ্যে
 খঃ ১৫৬৩ অগ্রদ্বীপ, কাটোয়া, মোড়েশ্বর, একচক্রা, গয়া, কাশী, প্রয়াগ,
 ও অযোধ্যাপুত্রী দর্শন করিয়া মথুরায় বিশ্রামঘাটে অসিয়া উপনীত হইলেন।

শ্রীকাশীশ্বর পণ্ডিতের তিরোভাব। উপগোপাল

শক ১৪৮৫, শ্রীকাশীশ্বর বা কাশীনাথ পণ্ডিত শ্রীবৃন্দাবনে অপ্রকট হইলেন।
 চৈত্র বাকর্গা প্রতি বৎসর চাত্রায় এই দিবস তিরোভাব উৎসব হইয়া
 খঃ ১৫৬৪, থাকে।

শক ১৪৮৫, **শ্রীকমলাকর পিপলাইয়ের তিরো-**
 চৈত্র শুক্লা **ভাব।** গোপাল শ্রীকমলাকর পিপলাই ৭১ বৎসব
 ত্রয়োদশী প্রকট থাকিয়া শ্রীবৃন্দাবনে অপ্রকট হইলেন।
 ষ্ণঃ ১৫৬৪,

শ্রীসনাতন গোস্বামীর তিরোভাব। আষাঢ়া
 পূর্ণিমা তিথিতে শ্রীবৃন্দাবনে, শ্রীসনাতন গোস্বামী অপ্রকট
 শক ১৪৮৬, হইলেন। তথায় দ্বাদশ আদিত্যাটলাব নিকট তাঁহার সমাধি
 ষ্ণঃ ১৫৬৪, বিহ্বমান আছেন। এই তিবোভাব তিথি চিরস্ববনীয়
 আষাঢ়া পূর্ণিমা। করিবার জন্ত, ব্রজবাসীগণ ঐ দিবস মহা আড়ম্ববেব সঙ্ঘত
 গিরিগোবন্ধন পবিত্রকমন করিয়া থাকেন এবং এই আষাঢ়ী পূর্ণিমা নাম
 তাঁহাৰা “মুঢ়িয়া পূর্ণিমা” রাখিয়াছেন।

শ্রীক্লপ গোস্বামীর তিরোভাব। শ্রীসনাতন গোস্বামীর
 অপ্রকটের ২৭ দিবস পরে, বৃন্দাবনে শ্রীশ্রীরাধাদামোদব
 শক ১৪৮৬, জাঁউব শ্রীমন্দিবে শ্রীক্লপ গোস্বামী অপ্রকট হইলেন। এই
 শ্রাবণী শুক্লা মন্দিবেব পার্শ্বে তাঁহার সমাধি বর্তমান আছেন। প্রতি
 দ্বাদশী। ষ্ণঃ ১৫৬৪, বৎসব এই মন্দিরে শ্রাবণী শুক্লাদ্বাদশী তিথিতে, এই
 তিরোভাব উৎসব মহা সমারোহে নিষ্পন্ন হইয়া থাকে।

বৃন্দাবনে শ্রীনিবাস। বিশ্রামঘাটে শ্রীনিবাস, বৃন্দাবন-
 প্রত্যাগত কয়েকটি ব্রাহ্মণমুখে, শ্রীকাশ্যব পণ্ডিত, শ্রীরঘুনাথ ভট্ট,
 শ্রীসনাতন ও শ্রীক্লপ গোস্বামীর অপ্রকটবার্তা অবগত হইয়া বিলাপ করিতে
 লাগিলেন। শ্রীক্লপ ও সনাতন গোস্বামী স্বপ্নে তাঁহাকে দর্শন দিলেন এবং
 শ্রীগোপাল ভট্ট গোস্বামীর নিকট দীক্ষা গ্রহণ করিয়া, গোড়মণ্ডলে তাঁহাদেব
 গ্রন্থপ্রাচার কার্যতে কৃপাদেশ করিলেন। এদিকে শ্রীজীব ও শ্রীগোপাল ভট্ট
 গোস্বামীও এইরূপ স্বপ্নাদেশ প্রাপ্ত হইয়া, শ্রীনিবাসের আগমনপ্রতীক্ষা
 করিতে লাগিলেন। পরদিন সন্ধ্যাকালে শ্রীগোবিন্দ দেবের শ্রীঅঙ্গনে,
 জীব গোস্বামী শ্রীনিবাসের সাক্ষাৎ পাইলেন এবং তাঁহাকে নিজ আশ্রমে

হইয়া আসিলেন । শ্রাবণী কৃষ্ণা দ্বাদশ দিবসে, শ্রীগোপাল ভট্ট গোস্বামী শ্রীনিবাসকে যথাবিধানে মন্বদীক্ষা প্রদান করিলেন । গুরুব আজ্ঞায়, শ্রীনিবাস শ্রীজীব গোস্বামীর নিকট শ্রীমদ্ভাগবত ও অত্রাত্ত ভক্তিরস শাস্ত্র অধ্যয়ন করিতে লাগিলেন । অল্পকাল মধ্যেই শ্রীনিবাস ভক্তি-সিদ্ধান্ত শাস্ত্রে অসাধারণ পাণ্ডিত্য লাভ করিলেন । শ্রীজীব গোস্বামী, বৃন্দাবনের বৈষ্ণবদিগেব তন্মুর্তা গঠিয়া, শ্রীনিবাসকে “আচাৰ্য্য” উপাধি দান করিলেন এবং সেই অবধি তিনি “শ্রীনিবাসাচাৰ্য্য” নামে পৰিচিত হইলেন ।

বৃন্দাবনে শ্রীনরোত্তম ঠাকুর । বড়োই নবো-

দ্ভমেব বৈরাগ্যোদয় ইয় । খেতবাবাসী কৃষ্ণদাস নামক
শক ১৫৮৭,
খৃঃ ১৫৬০,

জৈনিক গোবভক্ত প্রাচীন ব্রাহ্মণ শ্রীগৌরাঙ্গলালা প্রভাক্ষ-
করিয়াছিলেন । বালক “নরু” ইছাব মুখে শ্রীগৌরাঙ্গলালা
শ্রবণ করিয়া প্রেমোন্মত্ত হইলেন এবং দারপারগ্রহ না করিয়া, যৌবনের
প্রাবল্লেই মাতাপিতাব অগোচরে বৃন্দাবন যাত্রা করিলেন । কাশী, প্রয়াগ
প্রভৃতি হইয়া, নরোত্তম পদবজে মথুরায় আসিয়া উপস্থিত হইলেন ।
এদিকে শ্রীজীব গোস্বামী স্বপ্নে, নবোত্তমের আগমন বার্তা অবগত হইয়া
তাঁহাকে সন্ধান করিয়া নিকটে আনয়ন করিলেন । প্রভুব আদেশে,
উদাসীন অকিঞ্চন বৈষ্ণব বৃন্দাবনাগমন করলে, শ্রীজীব গোস্বামীই তাঁহা-
দিগকে আশ্রয় দিতেন । শ্রীজীবের আশ্রয়ে থাকিয়া, নরোত্তম বৃন্দাবনের
সাধু দর্শন করিয়া বেড়াইতে লাগিলেন ।

শ্রীনরোত্তমের দীক্ষা । বৃন্দাবনে নবোত্তম, ঠাকুরনাথ

গোস্বামীর দর্শন লাভ করিলেন এবং প্রথম দর্শনেই
শক ১৪৮৯,
খৃঃ ১৫৬৭,

তাঁহাকে আত্মসমর্পণ করিলেন । ঠাকুরনাথের দৃঢ় সংকল্প,
তিনি কাহাকেও শিষ্য করিবেন না । নরোত্তম, ঠাকুরনাথের
কুঞ্জের নিকট বস করিয়া, অলক্ষিতে তাঁহার সেবা করিতে লাগিলেন
এবং এমন কি তাঁহার মল-মূত্র পরিষ্কারাদি নীচ সেবায়ও রত হইলেন

লোকনাথ গোস্বামী নবোত্তমের সেবা ও প্রেমচেষ্টায় পবিত্র হইয়া সংকল্প ভগ্ন করিতে বাধ্য হইলেন এবং নরোত্তমকে যথাকালে মন্ত্রদীক্ষা দান করিলেন । শ্রীজীব গোস্বামীর আশ্রমে নবোত্তমের শ্রীনিবাসের সহিত মিলন হইল এবং উভয়ে তথায় রস ও ভক্তিশাস্ত্রাদি অধ্যয়ন করিতে লাগিলেন ।

শ্রীঅদ্বৈত-প্রকাশ গ্রন্থ রচনা । শ্রীঅদ্বৈত প্রভুর

শক ১৪৯০ শিষ্য ও পালিত পুত্র শ্রীকেশান নাগর তাঁহাব “অদ্বৈত-প্রকাশ”
খৃঃ ১৫৬৮ গ্রন্থ বচনা শেষ করেন ।

বৃন্দাবনে শ্রীশ্যামানন্দ । “দুঃখী কৃষ্ণদাস” অধিকার

শ্রীহৃদয়-চৈতন্য ঠাকুরের নিকট দীক্ষাগ্রহণ করিয়া শ্রীবৃন্দা-
শক ১৪৯২-৯৪ বনে আসিলেন এবং শ্রীজীব গোস্বামীর চরণাশ্রয় করিলেন ।
খৃঃ ১৫৭০-৭২ শ্রীনিবাস ও নরোত্তমের সহিত তাঁহাব পরিচয় হইল এবং
তাঁহাদের সঙ্গে শ্রীজীব গোস্বামীর নিকট ভক্তি-শাস্ত্র অধ্যয়ন করিতে লাগিলেন । শ্রীনিরুপমের সেবা করিতে করিতে, কৃষ্ণদাস একদিন এক সোনার নুপুর প্রাপ্ত হইলেন । শ্রীলীলাদেবী কৃষ্ণদাসের নিকট প্রকট হইয়া শ্রীশ্রীরাধারাবীর এই নুপুর লইয়া গেলেন । শ্রীজীব গোস্বামী তদবধি কৃষ্ণদাসের নাম “শ্যামানন্দ” রাখিলেন এবং তদবধি শ্যামানন্দের ও পরে শ্যামানন্দী বৈষ্ণবদিগের কপালে নুপুর চিহ্নাকৃতি তিলকের সৃষ্টি হইল ।

শ্রীচৈতন্য-চন্দ্রোদয় নাটক রচনা । শ্রীকবি

শক ১৫৯৪ কর্ণপূব তাঁহার চৈতন্য-চন্দ্রোদয় নাটক রচনা শেষ করেন ।
খৃঃ ১৫৭২

শ্রীবৃন্দাবনে বাদসাহ আকবর । দিল্লীর সম্রাট

আকবর বৈষ্ণব দর্শন ও বৈষ্ণব ধর্মের তদ্বালুসন্ধানের জন্ত,
শক ১৪৯৫ সামন্ত রাজত্ববর্গের সহিত শ্রীবৃন্দাবনে আসিলেন এবং তথায়
খৃঃ ১৫৭০ বৈষ্ণবদিগের এবং বৃন্দাবনের অলৌকিক দৈবশক্তি ও

প্রভাবাদি দর্শনে বিমোহিত হইয়া, সঙ্গীয় রাজশূবর্গকে বৃন্দাবনে দেব-
মন্দিবাদি নিম্মাণ কবিত্তে আদেশ দিলেন । বৈষ্ণবদিগের ইচ্ছায় আকবর
ব্রহ্মমণ্ডলে জীবহিংসা নিবাবনের “ফয়্মান্” (লিপিত রাজাদেশ) দিলেন ।
এই আদেশে ব্রহ্মমণ্ডলে সর্বাধ জীবহিংসা এবং এমন কি বৃক্ষাদি ছেদন
পর্যন্তও নিষিদ্ধ ও দণ্ডনীয় । এই আদেশ অত্ৰাপি বলবৎ আছে ।
আকবর বৃন্দাবনের নাম “ফকিরাবাদ” রাখিলেন এবং শ্রীহবিদাস স্বামীর
শিষ্য তানসেনকে সঙ্গে করিয়া দিল্লীতে লইয়া গেলেন ।

শ্রীতুলসীদাসী রামায়ণ রচনা ।

শক ১৪২৬

খৃঃ ১৫৭৪

শ্রীতুলসীদাস তাঁহাব হিন্দী রামায়ণ রচনা শেষ
কবেন ।

গৌড়মণ্ডলে শ্রীগ্রহ প্রেরণ । শ্রীমম্বহাপ্রভু ও শ্রীরূপ

শক ১৪২৬

অগ্রহায়ণ

শুক্লাপক্ষমা

খৃঃ ১৫৭৪ ।

গোস্বামীর আদেশ শ্রবণ করিয়া, শ্রীশ্রীব গোস্বামী শ্রীনিবাস,
নরোত্তম ও শ্রামানন্দকে গোস্বামীদিগের ভক্তি-গ্রন্থসহ
গৌড়মণ্ডলে প্রেবেণেব বাবস্থা কবিগেন । একট কাঠের
বড় সিদ্ধকমথো সমুদয় গ্রহ আবদ্ধ কাবয়া, গোস্বকটে বোঝাই

করা হইল এবং দশজন অন্তরী পদাতিক সঙ্গে দেওয়া হইল । অগ্রহায়ণ
মাসের শুক্লাপক্ষমা তিথিতে, গ্রহ লইয়া শ্রীনিবাস, নরোত্তম ও শ্রামানন্দ
গৌড়মণ্ডল যাত্রা করিলেন ।

বিশ্বপুর্বে গ্রহচূর্ণি । শ্রীনিবাস প্রভৃতি ক্রমে, বিশ্বপুর্-রাজ

শক ১৪২৭

জ্যৈষ্ঠ

খৃঃ ১৫৭৫

বীর হাধীবের বাজ্রামথো আসিয়া পৌছিলেন । গোপালপুর
নামক স্থানে বীর হাধীবের দহ্মাগণ গ্রহের সিদ্ধক লইয়া
অরণ্যমথো প্রবেশ করিল । নরোত্তম ও শ্রামানন্দকে
দেশে পাঠাইয়া দিয়া, শ্রীনিবাস গ্রহের অনুসন্ধানে ব্রতী

হিলেন । দেউলী গ্রামবাসী কৃষ্ণবল্লভনামক জনৈক ব্রাহ্মণকুমারের

সাহায্যে, শ্রীনিবাস বিষ্ণুপুরের রাজা বীর হাশীরের সভায় শ্রীমদ্ভাগবত পাঠ শ্রবণ করিতে উপস্থিত হইলেন । শ্রীবিাস চক্রবর্তী নামক জনৈক পণ্ডিত বাঙ্গলভায় ভাগবত পাঠ করিতেন, তাঁহার ব্যাখ্যায় গ্রন্থের প্রকৃত অভিপ্রায় ক্ষুণ্ণ হইত না । শ্রোতৃবর্গের ও রাজার অনুরোধে, শ্রীনিবাস নিজেই ভাগবত পাঠ ও ব্যাখ্যাবস্ত করিলেন । শ্রীনিবাসের পাঠ শুনিয়া বাজা তাঁহার চরণে আত্মসমর্পণ করিলেন এবং অপহৃত গ্রন্থগুলি তাঁহাকে প্রত্যর্পণ করিলেন । শ্রীবৃন্দাবনে ও শ্রীনরোত্তমের নিকট গ্রন্থপ্রাপ্তির সংবাদ প্রেরিত হইল ।

বীর হাশীরের দীক্ষণ । রাজা বীর হাশীর, ব্যাস চক্রবর্তী আশাচাঁদ কৃষ্ণ- ও বিপ্র কৃষ্ণবল্লভ শ্রীনিবাসাচার্যের নিকট দীক্ষা মন্ত্র গ্রহণ তৃতীয়া । করিলেন ।

খেতুরীতে শ্রীনরোত্তম ঠাকুর । শ্রীনরোত্তম শক ১৪২৭ ঠাকুর মহাশয় শ্রীমানন্দসঙ্গে খেতুরীতে আসিয়া খৃঃ ১৫৭০ উপস্থিত হইলেন । বৃদ্ধ পিতামাতা, রাজকুমারের উৎকট আঘাত বৈরাগ্য ও ভিত্তারাব বেশ দেখিয়া মন্থাহত হইলেন । অভয়কালমধ্যেই বিষ্ণুপুর হইতে গ্রন্থপ্রাপ্তির সংবাদ আসিয়া পৌঁছিল এবং এই শুভ সংবাদে খেতুরীতে মহা আনন্দোৎসব হইল । অনন্তর শ্রীমানন্দ কাটোয়া, নবদ্বীপ, শান্তিপুর, ও অম্বিকা হইয়া, উৎকল দেশে ধাবেন্দা-বাহাদুরপুর গ্রামে নিজালয়ে প্রত্যাবর্তন করিলেন ।

শ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর তিরোভাব । শ্রীমন্নগ-
প্রভুর অপ্রকটের পর, দেবী বিষ্ণুপ্রিয়া দিবানিশি দাসীগণে শক ১৪২৫-২৭ পরিবেষ্টিত থাকিয়া রোদন করিতেন এবং এক একটা খৃঃ ১৫৭৩-৭৫ তত্ত্ব লে এক একবার মৌলনাম জপ করিয়া, যতগুলি তত্ত্ব ল হইত স্বহস্তে রন্ধন ও শ্রীগৌরাজকে নিবেদন করিয়া প্রসাদ গ্রহণ

করিতেন। শ্রীশচীমাতার অপ্রকটেব পর, তিনি আব প্রাচীরেব বাহির
হয়েন নাই; শ্রীগোবিন্দ-বিবাহে অর্ধাব হইয়া, শ্রীশ্রীনিবাসাচাৰ্য্যের বৃন্দাবন
হটতে গোড়মণ্ডলে প্রত্যাগমনেব অল্পকাল পূর্বে অপ্রকট হয়েন।

শ্রীচৈতন্য-ভাগবত রচনা। শ্রীবৃন্দাবন
শক ১৪০৭
খৃঃ ১৫৭০
দাস ঠাকুর মহাশয় তাঁহার “চৈতন্য-ভাগবত” গ্রন্থ রচনা
শেষ কবেন।

শ্রীচৈতন্যমঙ্গল রচনা শেষ। শ্রীলোচন
শক ১৪০৭
খৃঃ ১৫৭০
দাসঠাকুর তাঁহার “চৈতন্যমঙ্গল” গ্রন্থ রচনা শেষ কবেন— তখন
তাঁহার বয়স ৫২ বৎসর।

যাজ্জিগ্রামে শ্রীনিবাস। কয়েক মাস বিষ্ণুপুরে অবস্থতি
কবিয়া, শ্রীনিবাসাচাৰ্য্য যাজ্জিগ্রামে আসিয়া মাতৃচরণে
শক ১৪০৭
খৃঃ ১৫৭০
প্রণত হইলেন। বিষ্ণুপুর হটতে কৃষ্ণবল্লভ ও ব্যাসাচাৰ্য্য
তাঁহার সঙ্গে আসিলেন। শ্রীখণ্ডে শ্রীনরহরি সরকার
ঠাকুর, তখন নিগুন ভজনগৃহে মৃতপ্রায় অবস্থায় বাস করিতেছেন এবং
শ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর অদর্শনে, শ্রীদাদব দাস নবদ্বীপ ছাড়িয়া কাটোয়ায়
চলিয়া গিয়াছেন। শ্রীনিবাস শ্রীখণ্ডে আসিয়া, সরকার ঠাকুরের প্রতিষ্ঠিত
শ্রীগোবিন্দ বিগ্রহ দর্শন কবিলেন। শ্রীবৃন্দাবন ঠাকুর মহাশয় তাঁহাকে
“সবকাব ঠাকুরেব” নিকট লইয়া গেলে, তিনি শ্রীনিবাসকে দাব পরিগ্রহ
কবিয়া কিছুকাল যাজ্জিগ্রামে মাতৃসেবা করিতে অনুরোধ কবিলেন।

তীর্থদর্শনে শ্রীনিবাস ঠাকুর। কিছুকাল
পেতুবীতে অবস্থতি কবিয়া, নবোত্তম শ্রীগোবিন্দেব
শক ১৪২৮
খৃঃ ১৫৭৩
নাগাভূম দর্শনতত্ত্ব শ্রীনবদ্বীপ যাত্রা কবিলেন। নবদ্বীপে
তখন প্রভুব পার্শদ ও পরিকবদিগের মধ্যে কেবল শ্রীশুক্লাধর
ব্রহ্মচারী, শ্রীপণ্ডিত, শ্রীনিধি পণ্ডিত, শ্রীদামোদর পণ্ডিত ও

শ্রীক্ৰীশান প্রকট ছিলেন । ইহাদেব সাহায্যে, প্রভুব লীলাস্থানগুলি দর্শন করিয়া নরোত্তম শাস্তিপুৰ, অম্বিকা ও ত্রিবেণী হইয়া খড়দহে আসিলেন । তথায় শ্রীবীৰচন্দ্র ও শ্রীজাহ্নবামাতার অনুমতি লইয়া খানাকুল হইয়া নীলাচল যাত্রা করিলেন । নীলাচলে আসিয়া দেখিলেন প্রভুর পার্শ্বদ ও পরিকরদিগের মধ্যে তখন শ্রীগোপীনাথচাৰ্য্য, মামু গোসাই, শিখি মাছিত্তি, কানাই খুটিয়া, মঙ্গুরাজ ও বায় বামানন্দেব কনিষ্ঠ বাণীনাথ প্রকট আছে। এবং গম্ভীবা-মন্দিরে শ্রীবক্রেশ্বৰ পণ্ডিতের শিষ্য শ্রীগোপাল গুৰু, শ্রীবক্রেশ্বরের অপ্রকটে প্রভুব গদি পাইয়াছেন । ইহাদেব সাহায্যে লীলাস্থানগুলি দর্শন করিয়া, নরোত্তম উৎকলমধ্যস্থ মুসিংহপুৰে শ্রীশ্যামানন্দের নিকট আগমন করিলেন । তথায় কিয়াদিবস অপেক্ষা করিয়া শ্রীধুগু শ্রীনরহৰি সবকাৰী ঠাকুর প্রভূতির সহিত সাক্ষাৎ করতঃ যাজ্জিগ্রামে শ্রীনিবাসাচাৰ্য্য প্রভুব নিকট উপস্থিত হইলেন । যাজ্জিগ্রাম হইতে কাটোয়ায় আসিয়া শ্রীগদাধৰ দাস ও তাঁহাব শিষ্য শ্রীযত্ননন্দন চক্রবৰ্ত্তী সহিত সাক্ষাৎ করিয়া, শ্রীনিত্যানন্দের জন্মভূমি একচক্রা হইয়া খেতুবীতে প্রত্যাগমন করিলেন ।

শ্রীগৌর-গণোদ্দেশ-দীপিকা গ্রন্থ

শক ১৪২৮

খৃঃ ১৯১৬

রচনা । কবি কর্ণপূৰ তাঁহার “গৌৰগণোদ্দেশ-দীপিকা” গ্রন্থ বচনা শেষ করেন ।

শক ১৪২৮

খৃঃ ১৯১৬

কবি কর্ণপূরের তিরোভাব । শ্রীকবি কর্ণপূর দেহত্যাগ করেন ।

শ্রীনিবাস-জননীৰ তিরোভাব । মাদ মাসে

শক ১৪০৮

মাদ

খৃঃ ১৫৭৭

শ্রীনিবাস-জননী পরলোক গমন করিলেন । শ্রীনিবাস মহা সমারোহে মাতৃশ্রাদ্ধ নিম্পন্ন করিলেন ।

বিষ্ণুপুরে শ্রীশ্রীমদনমোহন। শ্রীশ্রীনিবাসাচার্য্যের

নাট্যশ্রদ্ধোপলক্ষে বাজা বীবহাষীব যাজিগ্রাম বাইবার পথে।
 শব্দ ১৪২৮
 কাগজ
 খৃঃ ১৫৭৭
 বীবভূমি পবগণায় বৃষভানুপুবে এক ব্রাহ্মণগৃহে রাজিযাপন
 কবেন। ব্রাহ্মণগৃহে সেবিত শ্রীশ্রীমদনমোহন জীউর শ্রীবিগ্রহ
 দেখিয়া রাজার মনে অত্যন্ত লোভ জন্মে এবং যাজিগ্রাম
 হইতে প্রত্যাবর্তন কালে মদনমোহন জীউর স্বপাদদেশে ঐ শ্রীবিগ্রহ বিষ্ণুপুবে
 লইয়া যান। ব্রাহ্মণ দারুণ শোকে অভিভূত হইয়া বিষ্ণুপুরে আসিলে,
 মদনমোহন তাঁহাকে স্বপে দেখা দিয়া বালিলেন, তিনি দিবাভাগে
 বিষ্ণুপুবে এবং রাত্রিতে বৃষভানুপুবে তাঁহার আলয়ে থাকিবেন।
 মল্লবংশের শেষ রাজা চৈতন্যসিংহ নানা কারণে ঋণগ্রস্ত হইয়া, মদনমোহনের
 স্বপাদদেশে, ১৭২৫ খৃষ্টাব্দে কলিকাতা বাগবাজারেব গোকুল মিত্রের নিকট
 লক্ষাদিক টাকায় ঐ শ্রীবিগ্রহ আনদ্ধ রাখেন। তদবধি মদনমোহন
 বাগবাজারে অধিষ্ঠিত আছেন।

শব্দ ১৪২৯ শ্রীনিবাসাচার্য্যের প্রথম বিবাহ।

বৈশাখী যাজিগ্রামবাসী গোপালদাস চক্রবর্তীর কন্যা শ্রীমতী দ্রোপদী
 কৃষ্ণ তৃতীয়া দেবীর সহিত শ্রীনিবাসাচার্য্যের শুভ বিবাহকার্য্য সম্পন্ন
 খৃঃ ১৫৭৭ হইল। বিবাহের পর কন্যাব নাম বাখা হইল শ্রীমতী ঈশ্বরী
 দেবী। কন্যার দুই ভ্রাতা শ্রামদাস ও রামচরণ এবং তাঁহাদের পিতা
 গোপালদাস, শ্রীনিবাসের নিকট দীক্ষামস্ত্র গ্রহণ করিলেন।

শ্রীরামচন্দ্র কবিরাজের দীক্ষা। প্রসিদ্ধ পদকর্তা

গোবিন্দ দাসের অগ্রজ শ্রীরামচন্দ্র কবিবাজ শ্রীনিবাসের
 শব্দ ১৪৩০
 খৃঃ ১৫৭৭
 চরণে আত্মসমর্পণ করিলেন। শ্রীনিবাসাচার্য্য রামচন্দ্রকে
 দীক্ষাদান করিয়া ভক্তিশাস্ত্র শিক্ষা দিতে লাগিলেন। এক
 মাসের মধ্যে রামচন্দ্রের ভক্তিশাস্ত্রে সর্বিশেষ পাণ্ডিত্য জন্মিল।

শ্রীশুক্লাশ্বর ব্রহ্মচারী ও শ্রীদামোদর

শক ১৫০৩ পশ্চিমের তিরোভাব। নবদ্বীপে শ্রীশুক্লাশ্বর
খৃঃ ১৫৮১ ব্রহ্মচারী ও শ্রীদামোদর পশ্চিম অপ্রকট হইলেন ।
কার্তিক

শ্রীদাস গদাধরের তিরোভাব।

শক ১৫০৩ দেবী বিষ্ণুপ্রিয়া
কার্তিক অপ্রকটে শ্রীনিত্যানন্দ-পার্বদ দাস গদাধর নবদ্বীপ ছাড়িয়া
কাটোয়ায় আসিলেন এবং তথায় শ্রীমন্নহাপ্রভুর সন্ন্যাস-
গ্রহণের স্থানে শ্রীশ্রীগোরাঙ্গ বিগ্রহ প্রতিষ্ঠা করিলেন ।
খৃঃ ১৫৮১ কাটোয়ার বর্তমান “মহাপ্রভুব বাটাই” গদাধর দাসের
শ্রীপাট। এই স্থানেই তিনি অপ্রকট হইলেন এবং শ্রীকেশব
ভারতীর সমাধিব পার্শ্বে সমাধি গ্রহণ করেন। শ্রীশ্রিনিবাসাচার্য্য প্রভুর
অধ্যক্ষতায় মহাসমারোহে এই তিরোভাবোৎসব সম্পন্ন হইয়াছিল।
গদাধর দাসেব অপ্রকটে, তদীয় মন্ত্রশিষ্য শ্রীযত্নন্দন চক্রবর্তী শ্রীপাটের ও
শ্রীবিগ্রহাদিগের সেবাধিকাব প্রাপ্ত হইলেন। বর্তমান সেবাটতগণ এই
যত্নন্দনের বংশধর ।

শ্রীনরহরি সন্ন্যাস ঠাকুরের তিরোভাব।

শক ১৫০৩ শ্রীপথে শ্রীসন্ন্যাস ঠাকুর অপ্রকট হইলেন। কথিত আছে,
কার্তিক কৃষ্ণ- তিনি সংকীর্তন করিতে করিতে অকস্মাৎ সাদেহে অন্তর্হিত
একাদশী হইলেন। শ্রীমুকুন্দ ঠাকুরের পুত্র শ্রীরঘুনন্দন ঠাকুর, নরহরির
খৃঃ ১৫৮১ দ্বারা প্রতিপালিত হইয়া তাঁহার নিকট দীক্ষাগ্রহণ করেন।
রঘুনন্দন মহাসমারোহে এই বিরহোৎসব সম্পাদন করিলেন। শ্রীগদাধর
দাসেব উৎসবে আগত সমস্ত মহাস্ত্র ও বৈষ্ণবগণ কাটোয়া হইতে যাজ্জিগ্রাম
হইয়া শ্রীথণ্ডে আগমন করিলেন। শ্রীনিবাসাচার্য্যের মুখে শ্রীমহাগবত
কীর্তন ও শ্রীশ্রীনিত্যানন্দাশ্রয় শ্রীবীরচন্দ্র প্রভুর অদ্ভুত নৃত্যকীর্তন, সমবেত
বৈষ্ণব-মণ্ডলীকে বিমোহিত করিল। রামাই নামক এক অন্ধ ভক্ত
শ্রীবীরচন্দ্রের কৃপায় চক্ষুলাভ করিল। উৎসবান্তে বৈষ্ণবগণ নিজ নিজালয়ে

প্রভাগমন করিলেন । তদবধি প্রতিবৎসর কার্তিক মাসের কৃষ্ণ একাদশী তিথিতে, শ্রীখণ্ডে এষ্ট তিরোভাবোৎসব মহাসমাবোধে নিষ্পন্ন হইয়া থাকে ।

দ্বিজ হরিদাস ঠাকুরের তিরোভাব । রাঢ়ীশ্রেণী

শক ১৫০৩

মাঘী কৃষ্ণা-
দ্বাদশী

খৃঃ ১৫৮০

ভরদ্বাজ-গোব্রায় ব্রাহ্মণ শ্রীহরিদাস ঠাকুরের বাস মুর্শিদাবাদ জেলাব কাঁদি মহল্লুমায় টেঙ্গা-বৈষ্ণব সন্নিকট কাঞ্চনগাড়িয়া গ্রামে ছিল । শ্রীমন্ন্যপ্রভু অপ্রকটের পর হরিদাস বিরহে প্রাণত্যাগ করিতে সংকল্প করিলে, প্রভু তাঁহাকে স্বপ্নাবেশে শ্রীবৃন্দাবনযাত্রা করতে রূপাদেশ কবেন । হরিদাস শ্রীবৃন্দাবনে শেষ জীবন অতিবাহিত করিয়া, মাঘ মাসের কৃষ্ণাএকাদশী তিথিতে অপ্রকট হইলেন । হরিদাসের আদেশে তাঁহার দুই পুত্র শ্রীদাস ও শ্রীগোকুলানন্দ শ্রীশ্রীনিবাসাচার্যের নিকট দীক্ষা গ্রহণ কবেন ।

বৃন্দাবনে শ্রীনিবাসাচার্য, শ্যামানন্দ ও

শক ১৫০৩

মাঘী বাসন্তী
পঞ্চমী ।

খৃঃ ১৫৮২

রামচন্দ্র কবিরাজ । ইতিমধ্যে বৃন্দাবন হইতে শ্রীজীব গোস্বামীব পত্র আসিলে, অগ্রহায়ণ মাসের মধ্যভাগে শ্রীনিবাসাচার্য বৃন্দাবন যাত্রা করিয়া বাসন্তী পঞ্চমীব দিবস বৃন্দাবনে আসিয়া পৌঁছিলেন । উৎকল হইতে শ্রীশ্যামানন্দ প্রভুও এই সময় নীলাচল হইয়া শ্রীবৃন্দাবনে আসিলেন । শ্রীমাচার্য প্রভুর অন্বেষণে, শ্রীরামচন্দ্র কবিবাজও গোড়মণ্ডল হইতে বৃন্দাবনে আগমন করিলেন । রামচন্দ্রের কবিত্বগুণে মুগ্ধ হইয়া, গোস্বামীগণ তাঁহাকে “কাববাজ” উপাধি দান কাবলেন ।

শ্রীচৈতন্য-চরিতামৃত গ্রন্থ রচনা ।

শক ১৫০৩

খৃঃ ১৫৮২

শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী তাঁহার “চৈতন্য-চরিতামৃত” গ্রন্থ রচনা শেষ করেন ।

বিষ্ণুপুরে শ্রীনিবাস, শ্যামানন্দ ও

রামচন্দ্র। বৈশাখী পূর্ণিমা তিথিতে শ্রীনিবাসাচার্য্য

শক ১৫০৪

রামচন্দ্র ও শ্যামানন্দসঙ্গে গোড়দেশ যাত্রা করিলেন।

খৃঃ ১৫৮২

শ্রীজীব গোস্বামী এবারেও তাঁহাদের সঙ্গে অনেক গ্রন্থ

গোড়মণ্ডলে প্রচার জন্ম পাঠাইলেন। শ্রীকবিরাজ গোস্বামীর “চৈতন্য-
চরিতামৃত” গ্রন্থও এই সঙ্গে পাঠান হইল। বর্ষাব পূর্বেই শ্রীনিবাস প্রভূতি
বিষ্ণুপুরে আসিয়া উপস্থিত হইলেন। কয়েক দিবস বিশ্রাম করিয়া
শ্রীশ্যামানন্দ প্রভু উৎকল যাত্রা করিলেন। শ্রীনিবাসাচার্য্য রামচন্দ্রের
সহিত বিষ্ণুপুরে ছই মাস অবস্থতি করিলেন। রাণী ও রাজপুত্র ধাড়ী
হাধীর আচার্য্যপ্রভুব নিকট দাক্ষা গ্রহণ করিলেন এবং বিষ্ণুপুরের
শ্রীকালার্টাদ বিগ্রহ আচার্য্য প্রভুব দ্বাৰা অভিষিক্ত হইয়া প্রতিষ্ঠিত হইলেন।
বিষ্ণুপুরের বহুসংখ্যক লোক আচার্য্য প্রভুব নিকট দাক্ষা গ্রহণ করিলেন।

শক ১৫০৪

‘লঘুতোষিণী টীকা। শ্রীজীব গোস্বামী

খৃঃ ১৫৮২

তাঁহার “লঘুতোষিণী টীকা” প্রণয়ন করেন।

শক ১৫০৪

গোপাল শ্রীমহেশ পণ্ডিতের তিরো-

অগ্রহারণ

কৃষ্ণাত্মোদশী

ভাব

খৃঃ ১৫৮২

কাঞ্চন গড়িয়ায় মহোৎসব। শ্রীমহাপ্রভুব পার্শ্বদ

শক ১৫০৪

দ্বিজ হবিদাসাচার্য্যের ছই পুত্র শ্রীদাস ও শ্রীগোকুলানন্দ

ম'দ্যো কৃষ্ণ-

শ্রীনিবাসাচার্য্যের নিকটে রহিয়া ভক্তশাস্ত্র অধ্যয়ন করিতেন।

একাদশী

আচার্য্য প্রভু তাঁহাদিগকে তাঁহাদের পিতৃদেবের তিরোভা-

খৃঃ ১৫৮৩

বোৎসবের আয়োজন করিতে আদেশ করিলেন। কাঞ্চন

গড়িয়া গ্রামে উৎসবের বিরাট আয়োজন হইল।

শ্রীনিবাসাচার্য্য তাঁহার প্রধান প্রধান শিষ্যগণসঙ্গে কাঞ্চনগড়িয়ায় আসিয়া
মহোৎসব স্তম্পন্ন করিলেন। শ্রীদাস ও শ্রীগোকুলানন্দ আচার্য্যপ্রভুর

নিকট দীক্ষামন্ত্র গ্রহণ কবিলেন। অনন্তর আচার্য্যপ্রভু, শ্রীরামচন্দ্র কবিরাজের আলয় তেলিয়া-বুধুবী গ্রামে যাত্রা করিলেন। রামচন্দ্র বৃন্দাবন হইতে প্রত্যাগমন কবিবাব পূর্বে, তদীয় কনিষ্ঠ গোবিন্দ কবিরাজ বামচন্দ্রের আদেশে, কুমাবনগরের বাস পরিত্যাগ করিয়া তেলিয়া-বুধুরী গ্রামে আসিয়া বাস কবেন।

বুধুবীরীতে শ্রীনিবাস ও শ্রীনরোত্তম। আচার্য্য প্রভু বুধুবীরীতে আগমন কবিলে শ্রীরামচন্দ্রের কনিষ্ঠ শ্রীগোবিন্দ, দেবীর স্বপ্রাদেশে শ্রীনিবাসাচার্য্যেব নিকট দীক্ষা গ্রহণ করিলেন। খেতুরী হইতে শ্রীনবোত্তম ঠাকুর মহাশয় আচার্য্য প্রভুব সচিত সাক্ষাৎ করিতে আসিলেন। শুভক্ৰমে শ্রীঠাকুর মহাশয় ও শ্রীরামচন্দ্র কবিরাজে প্রথম সাক্ষাৎ হইল,—উভয়ে উভয়ের নিকট চিরদিনের জন্ম বিক্রীত হইলেন। শ্রীঠাকুর মহাশয় ফাল্গুনী পূর্ণিমা তিথিতে খেতুরীতে শ্রীবিগ্রহ স্থাপনোপলক্ষে মহামহোৎসব করিবার ইচ্ছা প্রকাশ কবিয়া শ্রীআচার্য্যপ্রভুর আজ্ঞা প্রার্থনা করিলেন। আচার্য্যপ্রভু সানন্দে এই প্রস্তাব অনুমোদন করিলেন। মহোৎসবের আয়োজন হইতে লাগিল।

খেতুরীর মহোৎসব। সপার্বদ শ্রীআচার্য্যপ্রভু খেতুরীতে

শুক ১০০৪
ফাল্গুনী পূর্ণিমা
খৃঃ ১৫৮৩

ভাগমন করিলেন। শ্রীনবদ্বীপ, শান্তিপুর, খড়দহ, অধিকা, কাটোয়া, শ্রীখণ্ড, উৎকল প্রভৃতি শ্রীপাটে নিমন্তন-পত্র লইয়া পনেব জন লোক প্রেরিত হইল। নানাস্থান হইতে ভক্ত-মণ্ডলী আসিতে লাগিলেন—উৎকল হইতে সশিষ্যে শ্র্যামানন্দ প্রভু, শান্তিপুর হইতে সগণে শ্রীগোপাল প্রভু, শ্রীখণ্ড হইতে শ্রীরঘুনন্দন, শ্রীকানাই ঠাকুর প্রভৃতি মহাবৈষ্ণবগণ, শ্রীনবদ্বীপ হইতে শ্রীবাসেব কনিষ্ঠ শ্রীপতি, শ্রীনিধি প্রভৃতি, কাটোয়া হইতে শ্রীযত্নন্দন চক্রবর্তী, আকাঠিহাট হইতে শ্রীকালাকৃষ্ণদাস, এইরূপ শত সহস্র মহান্তগণ সগণে আগমন করিলে, খেতুরী ও পাশ্ববর্তী গ্রামে লোকে লোকারণ্য

হইল। শ্রীপাট খড়দহ হইতে জাহ্নবা মাতার সহিত শ্রীবৃন্দাবন দাস ঠাকুর, বলরাম দাস, পদকর্তা জ্ঞানদাস প্রভৃতি বহু মহাস্তম্ভগণ আগমন করিলেন। খেতুরীতে প্রেমের পারাবার উখলিয়া পড়িল। ঘাটে, পথে, মাঠে, শত সহস্র সংকীর্তনের সম্প্রদায় সৃষ্ট হইয়া দিবানিশি উদ্‌গু কীর্তন হইতে লাগিল। শ্রীনিবাসাচার্য্য মহাসমাবোধে শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া-গৌরান্ধ ও শ্রীশ্রীবল্লভীকান্ত বিগ্রহদিগের অভিষেক করিয়া স্থাপিত করিলেন। এই প্রেম-মহোৎসবে শ্রীমন্নহাপ্রভু সপার্বদে সংকীর্তনরঙ্গে ক্ষণকালের জ্ঞান সৰ্ব্ব-নয়নগোচর হইয়াছিলেন। এই মহোৎসবে ঠাকুর মহাশয়ের অসভ্য দেশ পবিত্র ও ভক্তিময় হইয়া উঠিল। মহোৎসব শেষ হইলে মহাস্তম্ভগণ একে একে বিদায় হইলেন। মাসাধিক কাল অবস্থিতি করিয়া শ্রীশ্রীনিবাসাচার্য্য বিদায় হইয়া গেলেন। শ্রীঠাকুর মহাশয় ও শ্রীরামচন্দ্র কবিরাজ একত্রে খেতুরীতে বাস করিয়া ভজন-সাধন করিতে লাগিলেন। ঠাকুর মহাশয় ক্রমে আরও চারিটি শ্রীবিগ্রহ স্থাপিত করেন। তাঁহাদের নাম—শ্রীব্রহ্মমোহন, শ্রীকৃষ্ণ, শ্রীরাধাকান্ত ও শ্রীরাধারমণ বাখা হয়।

শ্রীঠাকুর মহাশয়ের শাখা। ঠাকুর মহাশয়ের শাখা-প্রশাখায় দেশ পরিব্যাপ্ত হইয়া উঠিল। সর্ববর্ণের ও সর্বশ্রেণীর লোক, সমাজের শাসন অগ্রাহ্য করিয়া, ঠাকুর মহাশয়ের প্রেম-ভক্তিতে বিহ্বল হইয়া তাঁহার চরণাশ্রয় করিল। গোয়াস গ্রামের শক্তি-উপাসক ধনবান ব্রাহ্মণ জমীদার শ্রীনিত্যানন্দ আচার্য্যের ছইপুত্র হরিরাম ও রামকৃষ্ণ, ভগবতী পূজার ছাগাদি খরিদ করিতে আসিয়া ঠাকুর মহাশয়ের চরণে পতিত হইলেন। হরিরাম শ্রীরামচন্দ্র কবিরাজের নিকট ও রামকৃষ্ণ ঠাকুর মহাশয়ের নিকট দীক্ষাগ্রহণ করিলেন। বালুচবের নিকটবর্তী গাভীলা গ্রামের বারেন্দ্র কুলীন ব্রাহ্মণ সুপণ্ডিত গঙ্গানারায়ণ চক্রবর্তী, শ্রীঠাকুর মহাশয়ের নিকট দীক্ষাগ্রহণ করিয়া বৈষ্ণবসমাজে “চক্রবর্তী ঠাকুর” নামে বিখ্যাত হইলেন। রামকৃষ্ণের পুত্র শ্রীকৃষ্ণচরণ গঙ্গা-

নাভায়ণেব নিকট দাঁক্ষিত হইয়া গান্তালায় রহিয়া গেলেন । গঙ্গানারায়ণ, পত্নী নাভায়ণী ও একমাত্র বিধবা কন্যা বিষ্ণুপ্রয়ার সহিত শেষ জীবনে শ্রীহৃন্দাবন যাত্রা কবেন । গঙ্গাতীববতী পরপল্লীর রাজা নরসিহ, দিগ্‌জয়ী পাণ্ডিত রূপ নাভায়ণ, রাজমহলেব বাজা বাঘবেন্দু রায় ও তাঁহার ছই পুত্র চাঁদরায় এবং সন্তোষ রায়, বাজা গোবিন্দবাম, জলাপহের জমীদার হরি-শঙ্কর বান প্রভৃতি বহু সম্ভ্রান্ত দাক্তিগণ ঠাকুর মহাশয়ের চবণাশয় করিলেন । বানকৃষ্ণ ও হবিরামেব শিষ্যগণ এক্ষণে ময়দাবাদে বাস করিতেছেন । স্ননাম ধত্ত শ্রীবিষ্ণনাথ চক্রবর্তী বানকৃষ্ণেব নিকট দীক্ষা গ্রহণ কবেন ।

বীরচন্দ্রেব বিবাহ । খেতুবীব মহোৎসব শেষ করিয়া

শক ১৫০৫
খৃঃ ১৫৮৩
বৈশাখ ।

শ্রীজাহ্নবা দেবী বীরচন্দ্রে তড়া-আটপুবে শ্রীপরমেশ্বৰী দাসেব পাটে আগমন কবিয়া, শ্রীবাধা-গোপীনাথ শ্রীবিগ্রহ প্রার্থিতা কবিলেন । ঝামাটপুর নিবাসী শ্রীমহনন্দন চক্রবর্তীর ছই কন্যা শ্রীমতী ও নারায়ণীর সহিত বীরচন্দ্র প্রভুব বিবাহ

দিয়া বপুদ্বয়কে লইয়া শ্রীপাট খড়দহে প্রত্যাবৃত্ত হইলেন । কালে শ্রীবীর-চন্দ্রেব দ্বিতীয়া পত্নী নারায়ণীর গভে একমাত্র পুত্র শ্রীরামচন্দ্র গোস্বামী ও তিন কন্যা ভুবন-মোহিনী, নবজুর্গা ও নবগৌরী জন্মগ্রহণ করেন । শ্রীপাট মাহেশেব শ্রীজগদানন্দ পিপলাই অধিকাৰী মহাশয়ের কন্যা কদম্বমালার সহিত রামচন্দ্রেব বিবাহ হয় এবং ইহার গভে রামদেব, কৃষ্ণদেব, বিষ্ণুদেব ও রাধামাধব নামক চারি পুত্র ও ত্রিপুরাসুন্দরী নামী কন্যা জন্মগ্রহণ করেন । প্রসিদ্ধ কামদেব পাণ্ডিতবংশীয় রামেশ্বৰ মুখোপাধ্যায়েব সঙ্ঘিত ত্রিপুরাসুন্দরীর বিবাহ হয় । বানদেব ও রাধামাধবেব বংশধরেবা এখন বিস্ত্রান আছেন ।

শক ১৫০৫
খৃঃ ১৫৮৩
চৈত্র

শ্রীবসুধা দেবীর তিরোভাব । নববপু লইয়া শ্রীজাহ্নবাদেবা খড়দহে প্রত্যাগমন করিলে, শ্রীবসুধা দেবী সপ্রকট হইলেন ।

বৃন্দাবনে শ্রীজাহ্নবা ঠাকুরাণী । অতঃপর

শক ১৫০৫

আষাঢ়

খৃঃ ১৫৮৩

শ্রীজাহ্নবাঠাকুরাণী, তাঁহার খুল্লতাত শ্রীকৃষ্ণদাস সরখেল, জামাতা শ্রীমাধবাচার্য, গোপাল শ্রীপবমেশ্বরীদাস, শ্রীশ্রীনিবাসাচার্য-শাখা শ্রীগোবিন্দ ও শ্রীভগবান কবিরাজ প্রভৃতি আশ্রয়গণসহ শ্রীবৃন্দাবন যাত্রা কবিলেন । বৃন্দাবনে

শ্রীমদাস গোস্বামী, শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী, শ্রীলোকনাথ ও শ্রীভূগভ গোস্বামী, শ্রীগোপাল ভট্ট ও শ্রীজীব গোস্বামী, শ্রীমধু পণ্ডিত, বড়ু গঙ্গাদাস প্রভৃতি যে সকল মহা বৈষ্ণবগণ সে সময় প্রকট ছিলেন, তাঁহাদের সহিত শ্রীজাহ্নবাঠাকুরাণীর সাক্ষাৎ হইল । শ্রীসনাতন গোস্বামীর শিক্ষাপুরু শ্রীপবমানন্দ ভট্টাচার্য্যের প্রতিষ্ঠিত ও শ্রীমধুপণ্ডিতের সেবিত শ্রীশ্রীগোপীনাথ শ্রীবিগ্রহের বামে বসাইবার জন্ত একটি শ্রীরাধিকা মূর্তি, গোড়দেশ হইতে পাঠাইতে শ্রীজাহ্নবাঠাকুরাণীর প্রতি গোপীনাথের স্বপ্নাদেশ হইল । শ্রীরামচন্দ্র কবিরাজের কনিষ্ঠ পদকর্তা গোবিন্দদাসেব অসাধারণ কবিত্বশক্তির পবিচয় পাইয়া, গোস্বামীগণ তাঁহার “কবিরাজ” উপাধি দিলেন । অতঃপর শ্রীজাহ্নবাঠাকুরাণী বৃন্দাবনত্যাগ কবিয়া খেতুবা, বৃধুবী, একচক্রা, মোড়েশ্বর, শ্রীগণ্ড, যাজিগ্রাম, নবদ্বীপ, অম্বিকা ও সপ্তগ্রাম হইয়া, ফাল্গুন মাসে খড়দহে প্রত্যাগমন করিলেন ।

বিশ্বুপুর্বে মহোৎসব । খেতুরীব উৎসবের পর

শক ১৫০৫

কার্তিক রাস-

পূর্ণিমা

খৃঃ ১৫৮৩

শ্রীমাচার্য্যপ্রভৃ যাজিগ্রামে আগমন কবিলেন । রাজা হান্সীবের ইচ্ছায়, খেতুরীর মহোৎসবের শ্রায় আব একটি মহোৎসবের অনুষ্ঠান হইল । কার্তিক মাসেব রাস-পূর্ণিমায় মহোৎসবের কাল নিরূপিত হইল । শ্রীঠাকুর মহাশয় তাঁহার গড়েবহাটী কীভনেব সম্প্রদায় লইয়া শুভাগমন

কবিলেন ; খেতুবীব মহোৎসবের শ্রায় বৈষ্ণব-সমাগম হইল । শ্রীমদনমোহন ও তিনশত আশি শ্রীবিগ্রহ লইয়া রাসমঞ্চ প্রস্তুত হইল । মহাসমারোহে

মহোৎসব নিষ্পন্ন হইল। চারিমাস বিষ্ণুপুরে অবস্থিতি করিয়া, রামচন্দ্র কবিবাজকে লইয়া ঠাকুর মহাশয় খেতুবৌতে ও শ্রীনিবাসাচার্য্য যাজিগ্রামে প্রত্যাবৃত্ত হইলেন।

বিষ্ণুপুরে শ্রীচৈতন্য-চরিতামৃত গ্রন্থ। বিষ্ণুপুরের

শক ১৫০০

খৃঃ ১৫৮৩

রাক্ষপাণ্ডত শ্রীনিবাসাচার্য্য শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থ নকল করিয়া বাণেন। এই সকল গ্রন্থে যে শ্লোক আছে, তাহাতে এই গ্রন্থ ১৫০৩ শকাব্দায় হইয়াছিল বলিয়া লিখিত

আছে।

কবি অন্ন সুরদাসের আবির্ভাব। হিন্দী

শক ১৫০০

খৃঃ ১৫৮৩

পদকর্তা ও শ্রীমদ্ভাগবতেব হিন্দী অনুবাদক সিদ্ধভক্ত কবি অন্ন সুরদাস, বাদশাহ আকবরের সঙ্গীতসভার রত্ন বাবারামেব পুত্ররূপে জন্মগ্রহণ করেন। আগরা ও মথুরাব

মধ্যবর্তী গয়বাটে সুরদাসেব বাস ছিল। পরে শ্রীবৃন্দাবনে আগমন করিয়া বিটুলনাথেব নিকট বৈষ্ণবদম্বে দীক্ষিত হইলেন। সুরদাসেব প্রেমে আবদ্ধ হইয়া, স্বয়ং শ্রীকৃষ্ণ তাঁহাব কাবিতা লিখিয়া দিয়াছিলেন। সুরদাসেব প্রতিষ্ঠিত শ্রীশ্রীমদনমোহন শ্রীবিগ্রহ অর্থাপি বৃন্দাবনে বিদ্যমান আছেন।

নবদ্বীপে শ্রীনিবাস, নরোত্তম ও রামচন্দ্র।

শক ১৫০০

খৃঃ ১৫৮৩

চৈত্র

বিষ্ণুপুরে মহোৎসবেব সময় স্থিব হয়, তিনজনে একত্রে একবার শ্রীনবদ্বীপ দর্শন করিবেন। চৈত্রমাসে তিনজনে শ্রীনবদ্বীপে শুভাগমন কবিলেন। শ্রীশচী-বিষ্ণুপ্রিয়ার প্রিয় ভৃত্য অতিবৃদ্ধ শ্রীঈশান ঠাকুর সে সময় প্রভুর গৃহে

বাস করিতেছিলেন। ঈশান ঠাকুরের সাহায্যে তাঁহারা নবদ্বীপেব লালাহ্যানাদি দর্শন করিয়া শ্রীধণ্ড যাত্রা করিলেন।

শক ১৫০৫
খঃ ১৫৮৩
চৈত্র

শ্রীঈশান ঠাকুরের তিরোভাব।
নবদ্বীপ ত্যাগ কবিয়া শ্রীখণ্ড ঘাইবার পথে শ্রীআচার্য্যপ্রভু
শুনিলেন শ্রীশচী-বিষ্ণুপ্রিয়ার ভৃত্য শ্রীঈশান ঠাকুর অপ্রকট
হইয়াছেন।

শক ১৫০৬
খঃ ১৫৮৪
বৈশাখ

**যাজ্জিগ্রামে বীরহাঙ্গীর ও রাজ-
মহিষী।** শ্রীখণ্ড হইতে শ্রীঠাকুর মহাশয় ও শ্রীবামচন্দ্রের
সহিত শ্রীআচার্য্যপ্রভু যাজ্জিগ্রামে নিজালয়ে আগমন
করিলেন। রাজা বীরহাঙ্গীর রাজমহিষীব সহিত বিষ্ণুপুর
হইতে যাজ্জিগ্রামে আগমন করিয়া গুরুদেবের চরণে প্রণত হইলেন।

শ্রীজাহ্নবীর-শ্রীরাধিকা বিগ্রহ। বৃন্দাবন হইতে
শক ১৫০৬
বৈশাখ
খঃ ১৫৮৪

প্রত্যাগমন কবিয়া শ্রীজাহ্নবদেবী, হালিসহরের নয়ন
ভাস্করের দ্বারা এক অপূর্ণ শ্রীরাধিকা বিগ্রহ নিষ্কাগ করাইয়া
শ্রীপবমেশ্বরীদাস ও শ্রীনৃসিংহ-চৈতন্য ঠাকুরের সহিত ঐ
বিগ্রহ শ্রীবৃন্দাবনে প্রেরণ কবিলেন। পথিমধ্যে কাটোয়ায়
শ্রীনিবাসাচার্য্য প্রভৃতি ঐ শ্রীবিগ্রহ দর্শন করিলেন। রাজা বীর হাঙ্গীর
এই শ্রীবিগ্রহ প্রতিষ্ঠাব জ্ঞাত গোপনে একমহত মুদ্রা দান করিলেন।
বৃন্দাবনে এই শ্রীবিগ্রহ শ্রীশ্রীগোপীনাথ জাউর বামে বসান হইল। আদি
শ্রীবিগ্রহ এখন জয়পুবে স্তানান্তরিত হইয়াছেন। বর্তমান প্রতিভূ-বিগ্রহের
বামপার্শ্বের মূর্তিটিকে শ্রীজাহ্নবা ঠাকুরাণী বলিয়া পরিচয় দেওয়া হয়।

নন্দন ঠাকুরের তিরোভাব। রাজা বীর
শক ১৫০৬
খঃ ১৫৮৪
শ্রাবণ
শুক্লাচতুর্থী

হাঙ্গীর মহিষীসহ বিষ্ণুপুর প্রত্যাগমন করিলে, শ্রীআচার্য্যপ্রভু
শ্রীনরোত্তম ঠাকুর ও রামচন্দ্রসহ একবায় খেতুবী গমন
করিলেন এবং তথায় কিয়দ্দিবস অবস্থিতি করিয়া যাজ্জিগ্রাম
হইয়া শ্রীখণ্ডে আগমন করিলেন। শ্রীবৃন্দনন্দন ঠাকুরের
আদেশে দিবসজয়ব্যাপী হরিসংকীর্তন আরম্ভ হইল, আর

এই সংকীর্ণনবঙ্গে শ্রীবৃন্দনন্দন ঠাকুর দেহ সংশোধন করিলেন। রঘুনন্দনের পুত্র শ্রীঠাকুর কানাই মহাসমাবোধে মহোৎসবকার্য সম্পন্ন করিলেন। অতঃপর শ্রীআচার্য্যপ্রভু বিষ্ণুপুত্র গমন করিলেন। তথায় রাজা তাঁহাব জ্ঞাত্ব এক স্তম্ভব ভবন নিৰ্ম্মাণ করাইয়াছিলেন।

শ্রীগোপাল ভট্ট গোস্বামীর তিরোভাব।

শ্রীগোপাল ভট্ট গোস্বামী, তাঁহার শিষ্য দেবনবাসী বিপ্র
 শক ১৫০৭
 শ্রীগোপীনাথের উপর শ্রীশ্রীবাধারমণ জীউর সেবার ভার-
 শ্রাবণী তুর্গা
 পঞ্চমী
 পৃঃ ১৫৮৫
 পণ করিয়া অপ্রকট হইলেন। গোপীনাথ চিরকুমাৰ
 ছিলেন। তাঁহার ইষ্টলাভের পর, তদীয় ভ্রাতা শ্রীদামোদর
 সেবার ভাব প্রাপ্ত হইলেন। বর্তমান সেবাইতগণ এই
 দামোদরের বংশধর।

শ্রীশ্রীনিবাসাচার্য্যের দ্বিতীয় বিবাহ।

বিষ্ণুপুরে
 অবস্থিত কালে, বাজা বীর হাথীরেব অনুরোধে শ্রীআচার্য্য
 শক ১৫০৮
 প্রাণ পশ্চিম-গোপালপুরনিবাসী রঘুনাথ চক্রবর্ত্তীর কন্যা
 পদ্মাবতী (পরে গৌরান্ধ্রপ্রিয়া) দেবীর পাণিগ্রহণ করেন।
 তখন তাঁহার বয়স ৬৯ বৎসর।

শ্রীরঘুনাথ দাস গোস্বামীর তিরোভাব।

শ্রীশ্রীবাধাবাণীর শ্রীচরণান্তকে স্থান পাইবার জ্ঞাত্ব শ্রীবৃন্দনাথ
 শক ১৫০৮
 আশ্বিনী শুক্লা
 দ্বাদশী
 পঃ ১৫৮৬
 দাস গোস্বামী কাতর প্রার্থনা করিলেন। আশ্বিনের শুক্লা
 দ্বাদশী তিথিতে তাঁহার অর্ভিষ্ট পূর্ণ হইল। শ্রীবাধাকুণ্ডের
 দ্ৰশ্যনকোণে শ্রীদাসগোস্বামীর সমাধি বিবাজিত আছেন।

শ্রীবিট্টলনাথের তিরোভাব। বনভাগাবী
 শক ১৫০৮
 পৃঃ ১৫৮৬
 সম্প্রদায়-প্রবর্ত্তক শ্রীবনভাচার্য্যের পুত্র শ্রীবিট্টলনাথ দেহরক্ষা
 করেন।

- শক ১৫০৮
অগ্রহায়ণ, কৃষ্ণ
চতুর্থী
খঃ ১৫৮৬
- শক ১৫১০
খঃ ১৫৮৮
শ্রাবণী কৃষ্ণাষ্টমী
- শক ১৫১০
আশ্বিনী শুক্লাষাণী
খঃ ১৫৮৮
- শক ১৫১১
খঃ ১৫৮৯
- শক ১৫১২
খঃ ১৫৯০
কার্ত্তিকী শুক্লা
প্রতিপদ
- পদকর্ত্তা দ্বিজবলরাম দাস ঠাকুরের
তিরোভাব । শ্রীশ্রীবালগোপাল দেবের মন্দিরে ইষ্ট মন্ত্র
জপ ও নাম কীর্ত্তন করিতে করিতে পদকর্ত্তা দ্বিজবলরাম দাস
নিত্য-লীলায় প্রবেশ করেন ।
- শ্রীলোকনাথ গোস্বামীর তিরোভাব ।
শ্রাবণের কৃষ্ণাষ্টমী তিথিতে শ্রীলোকনাথ গোস্বামী
নিত্য-লীলায় প্রবেশ করেন ।
- শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর
তিরোভাব । শ্রীবাধাকুণ্ডতীবে শ্রীকৃষ্ণদাস গোস্বামীর
চিত্তা-সমাজ বিবাজিত আছেন ।
- শ্রীলোচনদাস ঠাকুরের তিরোভাব ।
শ্রীচৈতন্য-মঙ্গল-বর্চায়িতা শ্রীলোচন দাস ঠাকুর অপ্রকট হয়েন ।
- শ্রীবৃন্দাবন দাস ঠাকুরের তিরো-
ভাব । শ্রীচৈতন্য ভাগবত-বর্চায়িতা শ্রীবৃন্দাবন দাস
ঠাকুর দেহ সংস্কার করবেন ।

বৃন্দাবনে শ্রীগোবিন্দদেবের মন্দির নিৰ্ম্মাণ ।

- শক ১৫১২
খঃ ১৫৯০
- শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামীর শিষ্য রাজা মানসিংহ বচ লক্ষ
টাকা ব্যয়ে, বৃন্দাবনে শ্রীশ্রীগোবিন্দদেবের শ্রীমন্দির নিৰ্ম্মাণ
করিয়া দেন । জয়পুরি লাল পাথর দিয়া এই মন্দির নিৰ্ম্মিত
হইয়াছিল । বাদশাহ আরঙ্গজেবের অত্যাচারে এই অপূৰ্ণ মন্দির ভগ্ন করা
হয় ।

- শক ১৫১২
খঃ ১৫৯০
- ভক্তির-রত্নাকর গ্রন্থ-রচনা । গোপালদাস
নামক ভক্তকবি “ভক্তির-রত্নাকর” গ্রন্থ রচনা করেন । ইহা
প্রচলিত নরহরি-কৃত “ভক্তির-রত্নাকর” হইতে ভিন্ন গ্রন্থ ।

রাধাকৃষ্ণ-রস-কল্পলতা গ্রন্থ। শ্রীপাট বুধইপাড়া-
 নিবাসী বৈষ্ণব-কবি শ্রীগোপালদাস “রাধাকৃষ্ণ-রস-কল্পলতা”
 শক ১৫১২ নামক অপূর্ণ গ্রন্থ রচনা করেন। পদকীর্তন ইহার ব্যবসায়
 খৃঃ ১৫২০ ছিল। বৃন্দাবনে শ্রীমুকুন্দদাস গোসাঁঞে ইহাকে এই গ্রন্থ-
 রচনা সম্বন্ধে অনেক উপদেশ দিয়াছিলেন।

শ্রীগতিগোবিন্দ ঠাকুরের আবির্ভাব। শ্রীআচার্য্য
 প্রভুব দ্বিতীয়া পত্নী শ্রীগোরাঙ্গপ্রিয়ায় গর্ভে শ্রীগতিগোবিন্দ
 শক ১৫১০ ঠাকুর জন্মগ্রহণ করেন। আচার্য্যপ্রভুর পুত্রদিগের মধ্যে
 খৃঃ ১৫২১ ইনিই সবিশেষ প্রাধাত্যলাভ করিয়াছিলেন। ইনি একজন
 পদকর্তা ও বিখ্যাত পণ্ডিত ছিলেন। আচার্য্য প্রভুর প্রথমা পত্নী শ্রীঈশ্বরী
 দেবীর গর্ভে শ্রীবৃন্দাবনচন্দ্র ও শ্রীরাধাকৃষ্ণনামক দুই পুত্র এবং
 হেমলতা, কৃষ্ণপ্রিয়া ও কাঞ্চনলতিকানাম্নী তিন কন্যা জন্মগ্রহণ
 করেন। কন্যা-দিগের মধ্যে শ্রীহেমলতা ঠাকুরাণীই সমধিক প্রতিপত্তি
 লাভ করিয়াছিলেন। মুনিপুরনিবাসী রামকৃষ্ণ ও কুমুদ চট্টবাজ দুই
 মহোদর শ্রীআচার্য্যপ্রভুর মন্ত্রশিষ্য ছিলেন। রামকৃষ্ণের পুত্র শ্রীগোপী-
 বল্লভ ও কুমুদের পুত্র শ্রীচৈতন্য চট্টবাজ, যথাক্রমে শ্রীহেমলতা ও
 কৃষ্ণপ্রিয়া দেবীর পাণিগ্রহণ করেন। বহরমপুরের সন্নিকট গঙ্গার
 পশ্চিম কুলে বুধইপাড়া, শ্রীহেমলতা ঠাকুরাণীর শ্রীপাট।

শ্রীকৃষ্ণ-বিলাস-গ্রন্থ রচনা। বদ্ধমান জেলায়
 কেতুগ্রাম থানান্তর্গত শ্রীপাট বড় কান্দরাবাসী কায়স্থ কবি
 শক ১৫১৭ শ্রীজয়গোপাল দাস “কৃষ্ণ-বিলাস” গ্রন্থ রচনা করেন। ইনি
 খৃঃ ১৫১৫ গোপাল শ্রীমুন্দরানন্দ ঠাকুরের নিকট দীক্ষা মন্ত্র গ্রহণ
 করেন। ইহার ধংশধরেরা এখনও বর্তমান আছেন।

শক ১৫১৭ **মিঞা তানসেনের মৃত্যু।** শ্রীহরিদাস স্বামীর
 খৃঃ ১৫২০ রূপাপাত্র শ্রীমিঞা তানসেন আগরায় দেহত্যাগ করেন।

রস-কদম্ব গ্রন্থ রচনা। বগুড়া জেলায় করতোয়া
শক ১৫২০ নদীতীরস্থ আরোঢ়া গ্রামনিবাসী কবি বল্লভদাস “রস
খৃঃ ১৫৯৮ কদম্ব” গ্রন্থ রচনা করেন। ইহার গুরুদেবের নাম
নরহরিদাস।

দাদুপন্থী-সম্প্রদায়-প্রবর্তক দাদুর তিরো-
শক ১৫২৫ **ভাব।** দাদুপন্থী সম্প্রদায়ের প্রবর্তক দাদু জয়পুরের
খৃঃ ১৬০৩ নিকট নারিনায় অপ্রকট হইলেন।

মহাভারত রচনা। কাটোয়ার সন্নিকট সিঙ্গি গ্রাম-
শক ১৫২৬ নিবাসী কবি কাশীরাম দাস মহাভারতের বিরাট পর্ক রচনা
খৃঃ ১৬০৪ শেষ করেন।

শ্রীগতিগোবিন্দ প্রভুর দীক্ষা। শ্রীনিবাসাচার্য
শক ১৫২৬ প্রভুব পুত্র শ্রীগতিগোবিন্দ প্রভু, ত্রয়োদশ বর্ষ বয়সে
খৃঃ ১৬০৪ শ্রীশ্রীনিত্যানন্দমুত শ্রীবীরচন্দ্র প্রভুর নিকট দীক্ষা গ্রহণ
করেন।

বজ্জ মানসিংহ। বঙ্গদেশে বারভূঁইয়াদিগের মধ্যে
যশোহরাধিপতি রাজা প্রতাপাদিত্য এবং পূর্ববঙ্গের চাঁদরায়
শক ১৫২৬-৩৭ ও কেদাররায় এই সময় প্রবল পরাক্রান্ত ও বিদ্রোহী হইয়া
খৃঃ ১৬০৪-১৫ উঠিলে, তাঁহাদিগকে দমন কবিবার জন্ত, দিল্লীর বাদশাহ
রাজা মানসিংহকে বঙ্গদেশে প্রেরণ করেন। মানসিংহ প্রতাপাদিত্যকে
পরাস্ত করিয়া তাঁহাব রাজ্য ধ্বংস করেন ও তাঁহাকে দিল্লীতে বন্দী
করিয়া লইয়া যান। প্রতাপাদিত্যের সেবিত শ্রীশ্রীরাধাকান্তদেব, তাঁহার
কর্মচারী শ্রীপাট খড়দেহের কামদেব পণ্ডিতের বংশধর শ্রীচাঁদশম্মাকর্তৃক
খড়দেহে আনীত হইয়া প্রতিষ্ঠিত হইলেন। চাঁদরায় ও কেদাররায় বৈষ্ণব
ধর্মে দীক্ষিত হইলেন।

শক ১৫২৭ **বাদশাহ জাহাঙ্গীর** । বাদশাহ আকবরের
 পুঃ ১৬০০ মৃত্যু হইলে তদীয় পুত্র সেলাম, জাহাঙ্গীর নাম গ্রহণ করিয়া
 দিল্লীর সম্রাট হইলেন ।

কর্ণানন্দ গ্রন্থরচনা । শ্রীপাট মালিহাটিবাসী পদকর্তা
 ও কবি শ্রীযত্ননন্দনদাস ঠাকুর, তাঁহাব গুরু শ্রীহেমলতা
 ঠাকুবাবণীব শ্রীপাট বৃন্দপাড়ায় বসিয়া কর্ণানন্দ গ্রন্থরচনা
 শেষ কবেন । শ্রীশ্রীনিবাসাচার্য্যচরিত এবং তাঁহার লীলা ও
 শাপা বর্ণনার ইহা একপান প্রামাণিক গ্রন্থ ।

শ্রীশ্রীনিবাসাচার্য্য প্রভুর তিরোভাব । লীলাব-
 সানের সময় আগতপ্রায় বৃন্দিয়া, শ্রীআচার্য্যপ্রভু
 শ্রীবামচন্দ্র কর্ণবাজকে সঙ্গে লইয়া, শ্রীবৃন্দাবনে আস'গন
 এবং কাহিনী শুক্লাষ্টমী তিথিতে লীলাসম্বরণ কর্বলেন ।
 অল্পকালমধ্যেই শ্রীবামচন্দ্র কর্ণবাজও অপ্রকট হইলেন ।
 বৃন্দাবনে দীর্ঘসময়ের নিবট শ্রীআচার্য্যপ্রভুর কুঞ্জ,
 শ্রীশ্রীনিবাসাচার্য্য ও শ্রীরামচন্দ্র কর্ণবাজের সমাধি পবম্পব সংগম অবস্থাব
 বিরাজিত আছেন । বৈষ্ণবসমাজে শ্রীশ্রীনিবাসাচার্য্য শ্রীশ্রীগোরাঙ্গ
 মহাপ্রভুব দ্বিতীয় অবতাররূপে পূজিত । “শ্রীচৈতন্য হৈলা শ্রীনিবাস” ।
 শ্রীমন্নাপ্রভুব প্রেম ও শক্তি শ্রীশ্রীনিবাসাচার্য্যে অবতীর্ণ হইয়াছিল, এবং
 এই শক্তি ও প্রেমপ্রভাবে বৈষ্ণবধর্ম্য নবজীবনে সজীবিত হইয়া সমগ্র
 বঙ্গদেশকে গ্রাস করিয়াছিল ।

শ্রীপাট ষাজিগ্রাম । শ্রীশ্রীনিবাসাচার্য্য প্রভুর শ্রীপাট
 ষাজিগ্রাম, কাটোয়া রেল ষ্টেশনের দুই মাইল উত্তর-পশ্চিম কোণে অবস্থিত ।
 এই শ্রীপাটে শ্রীআচার্য্যপ্রভুব সেবিত শ্রীবংশীবদন ও লক্ষ্মীজ্ঞানার্দন
 শালগ্রাম শিলা, শ্রীগতিগোবিন্দপ্রভুব সেবিত শ্রীশ্রীগোর-নিতাই ও

শ্রীগোপালজী এবং শ্রীহেমলতা ঠাকুবানীব সেবিত শ্রীশ্রীরাধামাধব শ্রীবিগ্রহ বিবাজিত আছেন। বৈশাখী পূর্ণিমা তিথিতে শ্রীআচার্য্যপ্রভুর আবির্ভাব এবং কার্তিকী শুক্লাষ্টমী তিথিতে তিবোভাব উপলক্ষে মেলা বসিয়া থাকে। পাটবাটীৰ পশ্চিম দিকে শ্রীআচার্য্য প্রভূৰ সমসাময়িক এক অতি প্রাচীন বটবৃক্ষ বিবাজিত আছে; শ্রীআচার্য্যপ্রভু এই স্থানে বসিয়া ভক্তি-গ্রন্থ অধ্যয়ন কৰাইতেন। ইহাব পূৰ্ব্ব দিকে একটি তমালবৃক্ষের তলে শ্রীবীর-চন্দ্র প্রভূৰ উপবেশন স্থান বাধান আছে। ইহাব উত্তৰ দিকে শ্রীআচার্য্য প্রভূৰ প্রাচীন শ্রীমন্দিৰেৰ স্থান এবং “ডাইল ঢালা” নামক পুষ্করিণী। এই পুষ্করিণীৰ দক্ষিণ তীৰে একখানি পাথরের উপৰ শ্রীআচার্য্য প্রভূৰ চৰ্ণাচক্ৰ বিদ্যমান আছে। পাটবাটীৰ নিকট দুইটি বৃহৎ জলাশয় শ্রীবীৰহাঙ্গীর বাজার কৌড়ি ঘোষণা করিতেছে। শ্রীআচার্য্য প্রভূৰ বংশধৰেবো মাণিকাহাব, মালিচাটি, বেগুনকোলা, যাজিগ্রাম, দক্ষিণ খণ্ড, বিষ্ণুপুৰ প্রভৃতি স্থানে বাস করিতেছেন।

শ্রীনরোত্তম ঠাকুরের তিরোভাব। কার্তিক

শক ১৫৩১
কার্তিক কৃষ্ণা
পঞ্চমী
খু: ১৬১১

মাসেৰ কৃষ্ণাষাঢ়মী তিথিতে ভাগীরথী-তীববর্তী গান্ধীলা গ্রামে শ্রীনরোত্তম ঠাকুৰ মহাশয় নিজ ইচ্ছায় অৰ্দ্ধগঙ্গাজলে অপ্রকট হইলেন। প্রথমে গান্ধীলায় শ্রীগঙ্গানারায়ণ চক্রবর্তীৰ গৃহে ও পরে খেতুৰীতে মহোৎসব হইল। এই বিরহোৎসব উপলক্ষে আঢ়ািপাধি প্রতি বৎসর কার্তিক মাসেৰ কৃষ্ণাষাঢ়মী তিথিতে খেতুৰীতে মহোৎসব ও মেলা হইয়া থাকে।

পদকর্তা গোবিন্দ কবিরাজের তিরোভাব।

শক ১৫৩৪
খু: ১৬১২
আখিন কৃষ্ণা
প্র তপদ

আখিন মাসে কৃষ্ণা প্রতিপদ তিথিতে পদকর্তা শ্রীগোবিন্দ কবিরাজ অপ্রকট হইলেন। তাঁহার প্রতিষ্ঠিত শ্রীগোপাল বিগ্রহ অঢ়াপি বিদ্যমান আছেন।

শক ১৫৩৮
 আদিন
 খৃঃ ১৬১৬

বাবুনাপাড়ায় শ্রীবলরাম-মন্দির। শ্রীপাট
 বাবুনাপাড়ায় শ্রীবামচন্দ্র ঠাকুর শ্রীবলরামদেবের শ্রীমন্দির
 নিৰ্ম্মাণ ও প্রতিষ্ঠা করেন।

শক ১৫৪০
 খৃঃ ১৬১১

শ্রীদীর্ঘহাসীরের তিরোভাব। বিষ্ণুপুরের বৈষ্ণব-
 বাজা বীবহাঙ্গীর দেহ ত্যাগ কাঁবেলে তদীয় পুত্র ষাড়াই হাঙ্গীর
 রাজ্য লাভ করেন। ইনি শ্রীআচার্য্য প্রভুর নিকট দীক্ষা
 গ্রহণ করেন এবং শ্রীজীবগোস্বামী হংসর নাম শ্রীগোপলদাস
 রাখেন।

শক ১৫৪৫
 আবিণ, স্ত্রী
 সম্রমী ১৬২১

শ্রীতুলসীদাসের তিরোভাব। কাশীধামে
 অসি-গঙ্গাতীরে ভক্তকবি শ্রীতুলসীদাস অপ্রকট হইলেন।

শক ১৫৪৭
 খৃঃ ১৬২৫

পদকর্তা সৈয়দ আল-ওয়াল। বৈষ্ণব
 পদকর্তা সৈয়দ আলোয়াল সাহেব ফরিদপুর জেলাসুর্গত-
 ধর্তেয়াবাদ পরগণায় জালালপুরে জন্মগ্রহণ করেন।

শক ১৫৪৭
 খৃঃ ১৬২৫

মুক্তাচরিত পহার। কবি শ্রীনারায়ণ দাস মুক্তা-
 চরিত ভাষায় পঞ্চানুবাদ করেন।

শক ১৫৪৯
 খৃঃ ১৬২৭

শ্রীমদনমোহনের নাটমন্দির। শ্রীবৃন্দাবনে
 শ্রীমদনমোহন দেবের উত্তর দিকের নাট মন্দির নিৰ্ম্মাণ
 হয়।

শক ১৫৪৯
 খৃঃ ১৬২৭

বৃন্দাবনে শ্রীযুগলকিশোরজীর মন্দির।
 চোহানবংশীয় ঠাকুর নোনকরণ সিংহ বৃন্দাবনে দ্বিতীয়
 যুগল কিশোরজীর শ্রীমন্দির নিৰ্ম্মাণ করেন।

শক ১৫৪৯
 খৃঃ ১৬২৭

বিষ্ণুপুরের-রাজা রঘুনাথ মল্ল। বিষ্ণুপুরের রাজা
 ষাড়াই হাঙ্গীরের অকস্মাৎ মৃত্যু হইলে, তদীয় সহোদর রঘুনাথ
 মল্ল রাজ্যলাভ করেন। রঘুনাথ গতিগোবিন্দ প্রভুর নিকট
 দীক্ষা গ্রহণে অনিচ্ছা প্রকাশ করিয়া, শ্রীআচার্য্য প্রভুর জ্যেষ্ঠ-

পুত্র শ্রীবৃন্দাবন চন্দ্র ঠাকুরেব নিকট দীক্ষা গ্রহণ মানসে শ্রীপাট যাজ্ঞগ্রাম যাত্রা করেন। পৃথিমধ্যে বর্দ্ধমানের কাজ তাঁহাকে ধৃত কবিয়া বঙ্গের শাসনকর্ত্তা সম্রাটপুত্র সূজার নিকট প্রেবণ কবেন। চবিনারায়ণ চট্টোপাধ্যায় নামক জনৈক ব্রাহ্মণ এই সময় রঘুনাথকে নানাপ্রকারে সাহায্য করিয়াছিলেন। রঘুনাথ শেবে এই ব্রাহ্মণের নিকট দীক্ষা গ্রহণ করেন। রাজা হইয়া রঘুনাথ “সিংহ” উপাধি গ্রহণ করেন এবং তদবধি তাঁহার পববর্ত্তী রাজগণ সকলেই এই উপাধি গ্রহণ করেন। রঘুনাথের সময় জোড় বাঙ্গলা, ও গ্রামবায়, কালাচাঁদ প্রভৃতি শ্রীবিগ্রহের অপূর্ক কারুকার্য খচিত শ্রীমন্দিবাদি নিশ্চ্যত হয়।

শক ১৫৫০ দিল্লীর বাদশাহ সাহজাহান। দিল্লী বাদশাহ
খৃঃ ১৬২৮ জালালীর রাজ্য শেষ ও সাহজাহানের রাজ্যারম্ভ ।

শ্রীশ্রামানন্দ প্রভুর তিরোভাব। স্বীয় প্রধান ও

প্রিয়তম শিষ্য রসিকানন্দকে শ্রীপাটের মহাস্তম্ভদে প্রতিষ্ঠিত
শক ১৫৫২ করিয়া, ও তাঁহার হস্তে শ্রামানন্দী সম্প্রদায়েব ভারার্ণণ
আষাঢ়ী কৃষ্ণ কবিয়া, শ্রীশ্রামানন্দ প্রভু নিত্যলীলায় প্রবেশ করিলেন।
প্রতিপদ বর্ত্তমান ময়ুবভঞ্জ রাজ্যে সমাদার পরগণার অন্তর্গত কানপুর
খৃঃ ১৬৩০ গ্রামে শ্রীশ্রামানন্দপ্রভু সমাধি বিবাজিত আছেন।

শ্রামানন্দ প্রভুর তিরোভাবের অতি অল্প পূর্কেই তদীয় গুরুদেব শ্রীজদয়
চৈতন্য ঠাকুর অপ্রকট হইলেন। শ্রামানন্দ প্রভু সমস্ত উৎকল দেশকে
প্রেম-ভক্তিবতায় প্লাবিত করিয়া জনসাধারণকে বৈষ্ণবধর্মে দীক্ষিত
করিয়াছিলেন। উৎকল ও বর্ত্তমান মেদিনীপুর জেলামধ্যে ধারেন্দা,
নৃসিংহপুর, গোপীকলভপুর, বলরামপুর প্রভৃতি স্থান শ্রামানন্দ ও তদীয়
প্রধান শিষ্য রসিকানন্দের প্রেম-ভক্তি প্রচারের প্রধান কেন্দ্রস্থল ছিল।

তৃতীয় পরিচ্ছেদ।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী, শ্রী বলদেব বিদ্যাভূষণ,

প্রভু রাখামোহন ও অম্বর-রাজ সওয়াই জয়সিংহ।

শক ১৫৫৭ গোবিন্দ মিশ্রের গীতা। কুচবিহাবনিবাসী
বৃ: ১৬৩৫ কবি গোবিন্দ মিশ্র ভাষায় পয়াবে গীতাগ্রন্থেব অনুবাদ
কবেন।

শক ১৫৫৮ গিরিধরের গীত-গোবিন্দ। কবি গিরিধর
বৃ: ১৬৩৬ "গীতগোবিন্দ" ভাষায় পঠানুবাদ করেন।

শক ১৫৫৮ গোবিন্দ-মন্দিরে ছত্রী নিৰ্মাণ। রাণা
বৃ: ১৬৩৬ ভীম সিংহের পত্নী রাণী রম্ভাবতী বৃন্দাবনে শ্রীগোবিন্দ-
মন্দিরের মন্দিরের দক্ষিণ দিকে একটি ছত্রী নিৰ্মাণ করিয়া দেন।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তীর আবির্ভাব। নদীয়া

শক ১৫৬৮ জেলার অন্তর্গত দেবগ্রাম নামক স্থানে স্বনামধন্য শ্রী বিশ্বনাথ
বৃ: ১৬৪৬ চক্রবর্তী জন্মগ্রহণ করেন। শ্রীনরোত্তম ঠাকুর মহাশয়ের
শিষ্য শ্রীরামকৃষ্ণ আচার্যের নিকট, বিশ্বনাথ ভক্তি ও রস-
শাস্ত্রাদি অধ্যয়ন করিয়া তাঁহার নিকট (মতান্তরে তন্ত্র পুত্র শ্রীকৃষ্ণচরণের
নিকট) দীক্ষাগ্রহণ করেন এবং যৌবনের প্রারম্ভে শ্রীবৃন্দাবনে গিয়া বেধা-
শ্রম করেন। তাঁহার বেধাশ্রমের নাম "হরিবল্লভ"। বৃন্দাবনে বিশ্বনাথ
শ্রীরাধাকুণ্ডতীবে বাস করিয়া, তথায় শ্রীগোকুলানন্দ নামক শ্রীবিদগ্ধ
প্রতিষ্ঠা করেন। ইনি বৃন্দাবনে শ্রীমতী রাধিকাকে শ্রীকৃষ্ণের পরকীয়া
নাম্বিকারূপে অবধারণ করিয়া, তদনুরূপ ভজন সাধনের প্রচলন কবেন এবং
সেইজন্ত শ্রীজীব গোস্বামীর শিষ্যবর্গের সহিত ইঁহাব মনোমালিণ্য হয়।

কিন্তু এই পরকীয়া মতই প্রবল হইয়া কালে সর্বত্র গৃহীত ও আদৃত হয় । বিশ্বনাথ অসাধারণ পণ্ডিত এবং পদকর্তা ছিলেন ; সংস্কৃত ভাষায় তাঁহার রচিত বহু গ্রন্থ আছে, তন্মধ্যে শ্রীকৃষ্ণভাবনামৃত, গৌরগণচক্রিকা, উজ্জ্বলনীলমণি-কিরণ, ভক্তি-বসামৃত-সিন্ধু-বিন্দু, মাধুর্গা-কাদম্বিনী, প্রেম-সম্পট, স্বপ্ন-বিলাসামৃত, সাধাসাধন-কৌমুদী বিশেষ উল্লেখ যোগ্য । এতদ্ব্যতীত তিনি শ্রীমদ্ভাগবতের ও শ্রীগীতাগ্রন্থের টীকা এবং বিদগ্ধমাধব, গোপাল তাপনী, চৈতন্য-চরিতামৃত, ব্রহ্মসংহিতা, অলঙ্কার-কৌস্তভ প্রভৃতি গ্রন্থের টিপ্পনী এবং কৃপদা-গীত-চিন্তামণি নামক পদ-সঙ্কলন গ্রন্থ রচনা করেন ।

গদাধরের জগন্নাথ-মঙ্গল । বাঙ্গলা মহাভারত-
শক ১৫৭০ প্রণেতা কাব কাশীবাম দাসের কনিষ্ঠ সহোদর গদাধর দাস
খৃঃ ১৬৪৮ পূর্ব জেলায় মাখনপুর গ্রামে বসিয়া “পুরুষোত্তম-মহাশ্মা”
গ্রন্থ রচনা করেন । পরে এই গ্রন্থের নাম “জগন্নাথ-মঙ্গল” রাখা হয় ।
গদাধর গৌরাঙ্গভক্ত ছিলেন ।

হরিচরণের অদ্বৈত মঙ্গল । “অদ্বৈত-মঙ্গল” নামক
শক ১৫৭২ এই অদ্বৈতগাচার্য-জীবনী গ্রন্থখানি শ্রীঅদ্বৈতাচার্যের পুত্র
খৃঃ ১৬২০ শ্রীঅচ্যুতানন্দের জনৈক শিষ্য হরিচরণ দাসকর্তৃক রচিত
হয় । হরিচরণের নিবাস শ্রীহট্ট জেলায় ছিল ।

মাহেশের জগন্নাথ ও ঢাকার নবাব । গোপাল
শ্রীকমলাকর পিপলাইয়ের পুত্র শ্রীচতুর্ভুজ আধিকারীর প্রপৌত্র
শক ১৫৭৫ শ্রীরাজীব লোচন আধিকারীর সময়, শ্রীপাট মাহেশের শ্রীজগন্নাথ
খৃঃ ১৬৫০ বিগ্রহের সেবায় অর্থের অপ্রতুল হয় । ঢাকার তাত্‌কালিক
নবাব বাহাদুর এই দেবসেবার জন্ত, ১১৮৫ বিঘা জমী দান করেন । ঐ

জমাব উপর বর্তমান “জগন্নাথপুর” মৌজা স্থাপিত হয়। এই মৌজা
মাহেশ্বর তিন মাইন দক্ষিণ-পশ্চিম কোণে অবস্থিত।

শ্রীরসিকানন্দ দেবের তিরোভাব। শ্রীরসিকানন্দ
দেব রথযাত্রার দিবস, রেমুণায় শ্রীক্ষীবচোরা গোপীনাথের
শক ১০৭৬
আষাঢ়া শুক্লা
ত্রিভায়া
খৃঃ ১৬৫৪
শ্রীমন্দিবে প্রবেশ করিয়া অদর্শন হইলেন। দ্বার উন্মোচন
করিয়া দেখা গেল, শ্রীশ্রীগোপীনাথ জীউব শ্রীচরণে একটি
অপূর্ণ সুগন্ধময় পুষ্প শোভা পাইতেছে। শ্রীঅঙ্গণে শ্রীপাদ
মাধবেন্দ্র পুরীর সমাধিব নিকট ঐ পুষ্প সমাহিত করা হইল। এই সমাধি
মন্দির অর্থাৎ বিরাজিত আছেন। উৎকল দেশে বৈষ্ণব ধর্ম প্রচাবে
রসিকানন্দ গ্রামানন্দের প্রধান সহায় ছিলেন এবং তাঁহার প্রসাদে সমগ্র
উৎকল দেশ বৈষ্ণব ধর্মেরে অল্পপ্রাণিত হইয়া উঠিয়াছিল।

শক ১৫৮০
খৃঃ ১৬৫৮
সনাতনের ভাগবত। শ্রীসনাতন চক্রবর্তী
নামক কবি শ্রীমদ্ভাগবত গ্রন্থেব পঞ্চানুবাদ করেন।

বিষ্ণুপুর-রাজ বীর সিংহ। বিষ্ণুপুরের রাজা
শক ১৫৮০
খৃঃ ১৬৫৮
রঘুনাথ সিংহের মৃত্যুর পর, তদীয় জ্যেষ্ঠ পুত্র বীরসিংহ
রাজ্যলাভ করেন। ইহার সময় শ্রীশ্রীলীলাজীর শ্রীমন্দির
নির্মিত হয়।

শক ১৫৮০
খৃঃ ১৬৫৮
দিল্লির বাদশাহ আরঙ্গজেব। দিল্লির
বাদশাহ সাহাজাহানেব বাজ্য শেষ ও আবঙ্গজেবের রাজ্যারম্ভ।

মথুরায় জুমা মসজিদ। ১৫৮২ শকে আবদুল্লাহ নামক
শক ১৫৮০
খৃঃ ১৬৬১
জনৈক মুসলমান সেনাপতি, বাদশাহ আরঙ্গজেবকর্তৃক
মথুরায় ক্ষোভেদার নিযুক্ত হইয়া আসিলেন। প্রথমেই তিনি
একটি ভগ্ন হিন্দু দেব-মন্দিরের উপর একটি বৃহৎ জুমা মসজিদ
নির্মাণ করিলেন। ১৫৯১ শকে বিদ্রোহী জাঠ সর্দার গোকুলের সহিত
যুদ্ধে আবদুল্লাহর মৃত্যু হয়।

অক্ষ সুব্রহ্মদাসের তিরোভাব । অক্ষ সুব্রহ্মদাস
শক ১৫৮৫ গোকুলে দেহত্যাগ করেন । বৃন্দাবনে বংশীবটের
খৃঃ ১৬৬৩ নিকটে, সুব্রহ্মদাস শ্রীশ্রীমদনমোহন নামক শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা
কবেন ।

শ্রীনরহরিদাস ঠাকুরের আবির্ভাব । “ভক্তি-
বদ্ধাকাব” গ্রন্থ-প্রণেতা শ্রীঘনশ্যাম চক্রবর্তী বা নরহরিদাস
শক ১৫৮৬ মুর্শিদাবাদ জেলাস্বর্গত নশীপুর-সন্নিকট বেঞাগ্রামে শ্রীজগ-
খৃঃ ১৬৬৪ ন্নাথ নামক বিপ্রেব পুত্ররূপে জন্মগ্রহণ করেন । জগন্নাথ
শ্রীবিষ্ণুনাথ চক্রবর্তী মহাশয়ের নিকট দীক্ষা গ্রহণ কবেন । বালাকালেই
নবহবিব বৈবাগোন্দয় ঙ্ম এবং তিনি বৃন্দাবনে গিয়া শ্রীশ্রীগোবিন্দ জীউর
স্বপ্নাদেশে তাঁহাব পাচকরূপে নিযুক্ত হইয়ন, এই জন্ত তিনি “রসুইয়া
পূজাবী” নামেও পবিচিত ছিলেন ।

শক ১৫৮৮ ভজন-মালিকা-গ্রন্থ । ভজন-মালিকা গ্রন্থ-
খৃঃ ১৬৬১ প্রণেতা শ্রীকৃষ্ণরামদাস বেলঘড়িয়ার নিকট নিমতা গ্রামে
ভজ্ঞগ্রহণ করেন ।

নাথস্বারে শ্রীনাথজী-নাথ । আরঙ্গজেবের অত্যাচারে
শ্রীপাদ মাধবেন্দ্র পুরীর শ্রীগোবিন্দ-নাথ শ্রীবিগ্রহ বৃন্দাবন
শক ১৫৯০ হইতে উদয়পুরে স্থানান্তরিত করিবার সময়, পথিমধ্যে
খৃঃ ১৬৬৮ সিহাড় গ্রামে রথচক্র মৃত্তিকা মধো বসিয়া যায় । উদয়পুরের
মহারাজা ঐ স্থানেই শ্রীমান্নির নিন্দাণ কারিয়া দিয়া, উক্ত গ্রামখানি
শ্রীগোবিন্দনাথকে দান করিলেন । শ্রীবিগ্রহের নাম “শ্রীনাথজী-নাথ” এবং
এই স্থানের নাম “নাথদাব” রাখা হইল ।

শক ১৫৯১ ব্রহ্মারদীষ পুরাণ । স্বাধীন ত্রিপুরার
খৃঃ ১৬৬৯ রাজা শ্রীগোবিন্দ মাণিক্যর আদেশে বৃহ্মারদীষ পুবাণেক
বাস্তাব্দবাদ পয়ারে রচিত হয় ।

মথুরা-মণ্ডলে আরজ্জ্বেব । বাদশাহ আরজ্জ্বেব

শক ১৫২২
খৃঃ ১১৬৭০

সমসেত্রে মথুরায় আসিয়া, সেকালের তেত্রিশ লক্ষ টাকা
ব্যয়ে নিৰ্ম্মিত শ্রীশ্রীকেশবদেবের শ্রীমন্দির ধ্বংশ কবিয়া,

তত্ৰুপবি এক মস্জিদ নিৰ্ম্মাণ করিয়া দিলেন এবং মথুরার
নাম বাখিলেন "ইসলামাবাদ" । এদিকে পূজারিগণ যথাসময়ে সংবাদ
পাইয়া শ্রীবৃন্দাবন, গোকুল, মহাবন, মথুরা প্রভৃতি স্থান হইতে শ্রীবগ্রহ
গুলিকে স্থানান্তরিত কবিয়া ফেলিলেন । বৃন্দাবনের শ্রীশ্রীগোপীনাথ,
মদনমোহন, গোবিন্দ, মদনমোহন, রাধা বিনোদ, রাধামাধব, বাধাদামোদর
প্রভৃতি প্রধান প্রধান শ্রীবগ্রহগুলিকে জয়পুরে স্থানান্তরিত কবা হইল ।
মথুরা হইতে শ্রীশ্রীকেশব দেব উদয়পুরে নাথদ্বারে নীত হইলেন । শ্রীশ্রীগোব-
ন্দদেবের অপূৰ্ণ শ্রীমন্দির ভাঙ্গিয়া তত্ৰুপার মস্জিদ নিৰ্ম্মাণ কবা হইল
এবং প্রধান প্রধান দেব মন্দিরগুলিকে অঙ্গহীন কারবা বৃন্দাবনের নাম
বাখা হইল 'মু'ামনাবাদ' । শ্রীবৃন্দাবন আবাব বনজঙ্গলে পরিণত হইল ।
বৈষ্ণবগণ শ্রীবৃন্দাবন পরিত্যাগ করিয়া অস্থায় স্থানে চলিয়া গেলেন ।
শ্রীশ্রীরাধাঃরমণজী, বাকে বিহাবীজী ও রাধাবল্লভজী ব্যতীত প্রধান বিগ্রহ-
গুলি শ্রায় সমস্তই বৃন্দাবন হইতে স্থানান্তরিত হইয়াছিলেন । শ্রীশ্রীবৃন্দাদেবী
কাম্যবনে গিয়াছিলেন ।

রামগোপালের রস-কল্পবল্লী । শ্রীখণ্ডের শ্রীঠাকুর

শক ১৫২০
খৃঃ ১১৭০

রঘুনন্দনের বংশীয় দ্বিগুজয়ী পাণ্ডত, কবি এবং প্রসিদ্ধ
শ্রীশ্রীমদন গোপাল শ্রীবগ্রহ-প্রাতষ্ঠাতা ঠাকুর রতিকান্তের
শিষ্য শ্রীরাম গোপাল রায় চৌধুরী "রস-কল্পবল্লী" গ্রন্থ প্রণয়ন

করেন । তাঁহার রুত "নরহাঃ-শাখা-নির্ণয়" এবং "রঘুনন্দন-শাখা নির্ণয়"
গ্রন্থ শ্রীখণ্ড হইতে প্রকাশিত হইয়াছে । রাম গোপালের পুত্র পীতাম্বর
দাস "রস-মঞ্জরী" গ্রন্থ প্রণয়ন করেন । ইনি শ্রীশচানন্দন ঠাকুরের শিষ্য ।

রামগোপালের বৃদ্ধপ্রপিতামহ শ্রীচক্রপাণি চৌধুরী শ্রীনরংরি সরকার ঠাকুরের শিষ্য ।

কিশোর নগরে ভাইয়া দেবকী নন্দন । “ভাইয়া

দেবকীনন্দন” প্রথমজীবনে বামাচাৰী সাধক ছিলেন ।
 শক ১৫২৮
 খৃঃ ১৬৭৬
 তাঁহার বৈষ্ণবী স্ত্রীর সঙ্গগুণে এবং দেবীর স্বপ্নাদেশে তিনি
 শ্রীশ্রীনিবাসাচার্য্য প্রভূব নিকট দীক্ষাগ্রহণ করিয়া মহা
 বৈষ্ণবভক্তে পরিণত হইলেন । উৎকট বৈবাগ্যের তাড়নায় সংসার ত্যাগ
 করিয়া বৃন্দাবন ঘাটবার পথে, টাকীর বসু বংশের পূর্বপুরুষ শ্রীরূপনারায়ণ
 বসু, দেবকীনন্দনকে নিবৃত্ত করিয়া, টাকীর সন্নিকট জালালপুরে লইয়া
 আসেন । দেবকীনন্দন এইস্থানে অবস্থিতি করিয়া “কিশোরনগর” নামক
 পল্লীর স্থাপন করেন ও তথায় অলৌকিকরূপে প্রাপ্ত নিজ শ্রীশ্রীনন্দহলাল
 বিগ্রহের প্রতিষ্ঠা করেন । চাঁকবশপরগণার বঁসরহাট মহকুমার টাকী
 মিউনিসিপালিটীর অধীন কিশোরনগর বা জালালপুরে এই শ্রীনন্দহলাল
 বিগ্রহ বিবাহিত আছেন ।

লিঙ্গুপুর-রাজ দুর্জয় সিংহ । বিষ্ণুপুরের রাজা

রঘুনাথ সিংহের মহাব্যবহৃত্তীয় পুত্র দুর্জয় সিংহ রাজ্য
 শক ১৬০৫
 খৃঃ ১৬৮৩
 লাভ করেন । তাঁহার সময় শ্রীশ্রীমদন মোহন দেবের
 কারুকাৰ্য্য খাতিত শ্রীমন্দির নিৰ্ম্মিত হয় ।

আউল মনোহর দাস বাবাজীর তিরোভাব ।

হুগলা জেলায় জাঠানাবাদ গোষ্ঠাটের নিকট বদনগঞ্জ
 শক ১৬০৭
 ২২ পৌষ
 খৃঃ ১৬৮৬
 গ্রামে আউল মনোহরদাস বাবাজীর সমাধি বিদ্যমান
 আছে । মনোহর দাস বিষ্ণুপুররাজ বীরহাঙ্গীরের সভায়
 কবি ও সভাসদ ছিলেন । সোনারমুখিতে ইহার শ্রীপাঠ
 আছে ।

শক ১৬১৪

খৃঃ ১৬৭২

কৃষ্ণদাসের নাবদ-পুরাণ । অষ্টিকা-
কালনা নিবাসী সুবর্ণবর্ণিক কৃষ্ণদাস নাবদপুরাণ অনুবাদ
করেন । ইনি বেয়াশ্রয় করিয়া রামকৃষ্ণদাস নাম গ্রহণ করেন ।

শ্রীজয়দেবের স্মৃতি-রক্ষা । কবি শ্রীজয়দেবের

শক ১১১৪

খৃঃ ১৬৭২

জন্মভূমি বীরভূম জেলায় কেন্দুবিল গ্রামে, বর্ধমানের মহারানী
শ্রীরাধাবিনোদ শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করিয়া শ্রীমন্দির নিৰ্ম্মাণ
করিয়া দেন । এই শ্রীবিগ্রহ এই স্থানে বর্তমানকালে
বিরাজিত আছেন । শ্রীজয়দেব-প্রতিষ্ঠিত শ্রীশ্রীরাধামাধব বিগ্রহ তাঁহার
সহিত শ্রীবৃন্দাবন গমন করেন এবং তথায় ভ্রমরঘাটের নিকট প্রতিষ্ঠিত
হয়েন । মুসলমান অত্যাচারের সময় এই শ্রীবিগ্রহ কাম্যবনে মৃত্তিকামণ্ডে
প্রোথিত করিয়া রাখা হয় । বর্তমানে এই শ্রীবিগ্রহ কিয়ৎগড় রাজ্যে
নিষার্ক সম্প্রদায়ের প্রধান মঠে বিরাজিত আছেন বলিয়া প্রবাদ ।

অনুরাগবল্লী গ্রন্থ রচনা । ভক্ত-কবি শ্রীমনোহর

শক ১৬১৮

খৃঃ ১৬৭৭

চৈত্র শুক্লাদশমী

দাস শ্রীবৃন্দাবনে বসিয়া অনুরাগবল্লী নামক শ্রীশ্রীনিবাসাচার্য্য-
চরিত গ্রন্থবচনা করেন । ইনি শ্রীশ্রীনিবাসাচার্য্য প্রভুর
শিষ্যানুশিষ্য । আচার্য্যপ্রভুর শ্যালক ও শিষ্য রামচরণ
চক্রবর্তীর শিষ্য কাটোয়ার সন্নিকট বেগুনকোলা নিবাসী
শ্রীরামচরণ চট্টরাজ, মনোহর দাসের দীক্ষাগুরু । মনোহর বেগুনকোলায়
বাস করিয়া শেষ জীবন বৃন্দাবনে অতিবাহিত করেন ।

প্রভু রাধামোহনের আবির্ভাব । শ্রীশ্রীনিবাসা-

শক ১৬১৮

খৃঃ ১৬৭৭

কার্ত্তিকী পূর্ণিমা

চার্য্যের বৃদ্ধপ্রপৌত্র শ্রীপ্রভু রাধামোহন মুর্শিদাবাদ
জেলাসুর্গত বর্তমান ই, আই, আর সালার ষ্টেশনের
নিকটবর্তী শ্রীপাট মালিহাট গ্রামে জন্মগ্রহণ করেন ।
তাঁহার পিতা জগদানন্দ প্রভু দক্ষিণখণ্ড গ্রামে বিবাহ

করেন এবং যাজ্ঞিগ্রামের বাস ত্যাগ করিয়া দক্ষিণথণ্ডে শ্ৰুতরাগে বাস করেন। যাদবেন্দ্র নামে আট বৎসরের একমাত্র পুত্র রাখিয়া তাঁহার স্ত্রীবিয়োগ হইলে, জগদানন্দ একদা স্বপ্নাবেশে দেখিলেন, শ্রীশ্রীনিবাসাচার্য্য প্রভু তাঁহাকে মালিহাটিতে বাস করিয়া দার পরিগ্রহ করিতে বলিতেছেন। ঐ পত্নীগর্ভে প্রথমজাত পুত্রে শক্তিসঞ্চার করিয়া তিনি তাঁহার অবশিষ্ট কার্য্যগুলি করিবেন বলিয়া শ্রীশ্রীনিবাসাচার্য্য অন্তর্হিত হইলেন। জগদানন্দ অবিলম্বে মালিহাটিতে আসিয়া বাসস্থানে নিৰ্ম্মাণ করিলেন ও দারপরিগ্রহ করিয়া প্রথমজাত পুত্রের নাম শ্রীআচার্য্যপ্রভুর আদেশানুসাবে রাখামোহন রাখিলেন। বৈষ্ণবশাস্ত্রে প্রভু রাখামোহনকে শ্রীশ্রীনিবাসাচার্য্য প্রভুর “দ্বিতীয় প্রকাশ” বলিয়া বর্ণনা করা হইয়াছে। ইনি অদ্বিতীয় পণ্ডিত-কবি, পদকর্তা এবং অসাধারণ শক্তিদধর ছিলেন। “পদামৃত সমুদ্র” নামক পদ-গ্রন্থ সঙ্কলন করিয়া রাখামোহন তাহার “মহাভাবানুসারিণী” নামক সংস্কৃত টীকা প্রণয়ন করেন এবং স্বকীয়বাদী দ্বিপদবিজয়ী পণ্ডিতকে বিচারে পরাস্ত করিয়া বৈষ্ণবজগতে পরকীয়াবাদ স্থাপন করেন। মহারাজ নন্দকুমার এবং পুটিয়ার রাজা রবীন্দ্রনারায়ণ ইঁহার মন্ত্র শিষ্য ছিলেন।

পদকর্তা শ্রীজগদানন্দেন্দ্র আবির্ভাব। ত্রীখণ্ডের

শক ১৬২৪

খৃঃ ১৭০২

শ্রীরঘুনন্দন ঠাকুরের বংশে প্রসিদ্ধ পদকর্তা শ্রীজগদানন্দ

জন্মগ্রহণ করেন। ইঁহার পিতৃদেব শ্রীনিত্যানন্দ ঠাকুর

ত্রীখণ্ডের বাস পরিত্যাগ করিয়া, বর্দ্ধমান জেলায় রাণীগঞ্জ

মহকুমার অন্তর্গত আগরাডাঁহ-দক্ষিণথণ্ডে বাস করেন। জগদানন্দ এই গ্রাম ত্যাগ করিয়া বীবভূম জেলায় ছবরাজপুর থানার অধীন যোফ্লাই গ্রামে বাস করেন। তথায় তাঁহার সেবিত শ্রীগোরাঙ্গ বিগ্রহ অষ্টাপি বিস্বাজিত আছেন। জগদানন্দ সিদ্ধপুরুষ ছিলেন; তাঁহার অগৌকিক

শক্তিব পবিত্র পাঠিয়া পঞ্চকোটেব রাজা তাঁহাকে আমলালা নামক মৌজা দান কবেন ।

শক ১৬২৬ সার্বার্থদর্শিনী টীকা । শ্রীবিষ্ণুনাথ চক্রবর্তী
খৃঃ ১৭০৪ ঠাকুর শ্রীমদ্ভাগবত গ্রন্থেব “সার্বার্থদর্শিনী” নামক টীকা
প্রণয়ন করেন ।

শক ১৬২২ দিল্লীর বাদশাহ বাহাদুর শাহ ।
খৃঃ ১৭০৭ দিল্লীব বাদশাহ আবঙ্গজেবের মৃত্যু হইলে বাহাদুর শাহ
বাদশাহ হইলেন ।

শক্তির ঠাকুর ও নরোত্তম-বিনাস । শ্রীমন্নবহরি
শক ১৬৩০ ঠাকুর তাঁহাব “ভক্তি-রত্নাকর” ও “নবোত্তম-বিনাস” গ্রন্থ
খৃঃ ১৭০৮ বচনা শেষ করেন ।

শক ১৬৩২ মহারাজ কৃষ্ণচন্দ্রের জন্ম । নবদ্বাপেব
খৃঃ ১৭১০ বৈষ্ণব-দেবী বাজা কৃষ্ণচন্দ্র জন্ম গ্রহণ কবেন ।

বিষ্ণুপুর-রাজ গোপাল সিংহ । বিষ্ণুপুরেব
শক ১৬৩৪ পবম দার্শনিক বাজা গোপাল সিংহ বাজালাভ করেন । ই ন
খৃঃ ১৭১২ বাজামধে এই বাজাদেশ প্রচাব কারয়াইলেন যে, অষ্টাদশ ও
তদধিকারীয়া গ্রাপুরুষ সকলকেই প্রাতে ও সন্ধ্যায় নিয়মমত
স্বিনাম জপ করিতে হইবে । এই নামজপকে সাধাবণ লোকে
“গোপালেব বেগাব” বলিত ।

প্রেমদাসের চৈতন্য-চন্দ্রোদয় নাটক
অনুবাদ । ভক্ত কবি প্রেমদাস শ্রীকাবকর্ণপূব-কৃত
শক ১৬৩৪ “চৈতন্য-চন্দ্রোদয় নাটকেব” ভাষায় পত্নানুবাদ করেন এবং
খৃঃ ১৭১২ এই অনুবাদগ্রন্থের নাম “চৈতন্য চন্দ্রোদয়-কৌমুদী”
বাখেন । প্রেমদাসের পূর্বনাম পুকষোত্তম সিদ্ধান্তবাগীশ । বর্ধমান

:জলায় ঈ, আই, আব পানাগড় ষ্টেশনের ৩৪ ক্রোশমধ্যস্থ কুলনগব গ্রামে ঈহার বাস ছিল। ঈহার বৃদ্ধ পুত্রপিতামহ শ্রীজগন্নাথ মিশ্র শ্রীশ্রীগোরাঙ্গ মহাপ্রভুর সময়ে বর্তমান ছিলেন। পুরুষোত্তম শ্রীপাট বাবুনাপাড়াই শ্রীবামচন্দ্র গোস্বামীর অন্তর্শিষ্য এবং “প্রেমদাস” ঈহার গুরুদত্ত নাম। ষোড়শবর্ষ বয়সে প্রেমদাস বৃন্দাবনে গিয়া কিছুকাল শ্রীশ্রীগোবিন্দ দেবের পাচকের কার্য্য করিয়াছিলেন। “মনঃশিক্ষা” “বংশীশিক্ষা”, “রাধারস-কারিকা” নামক আরও কয়েকখানি গ্রন্থ প্রেমদাসের রচিত।

ভারত চন্দ্র বায় গুণাকর । মহারাজ কৃষ্ণচন্দ্রের

সভাকবি ভারত চন্দ্র বায় গুণাকর হুগলী জেলায় বসন্তপুর শক ১৬৩৪ গ্রামে জন্মগ্রহণ করেন। ঈহার পিতা ভুবনুট পবগণাব পুঃ ১৭১২ জমীদার ছিলেন।

প্রেমদাসের বংশী-শিক্ষা । ভক্তকবি প্রেমদাস

শক ১৬৩৮ ঈহার “বংশী-শিক্ষা” গ্রন্থ রচনা করেন। এই গ্রন্থ শ্রীপাট পুঃ ১৭১৬ বাবুনাপাড়াই ইতিবৃত্ত-মূলক।

স্বকীয়-পরকীয় বাদ । অপরবাজ দ্বিতীয় জয়সিংহ

শক ১৬৪০ ১৬৯৯ পৃষ্ঠাব্দে রাজ্যলাভ করিয়া অধ্বর হইতে রাজধানী তুলিয়া আনিয়া জয়পুরে স্থাপন করিলেন। ঈন্দের অসাধারণ পুঃ ১৭১৮ গুণে নগ্ন হইয়া দিল্লীর বাদশাহ ঈহাকে “সওয়াই” উপাধি দিয়াছিলেন। ঈহার রাজত্বকালে বৈষ্ণবগণের স্বকীয়া ও পরকীয়া মতের ভঙ্গন লইয়া মহা বিরোধ উপস্থিত হইল। গোড়ীয় বৈষ্ণবের বিরুদ্ধপক্ষীয় বৈষ্ণবগণ রাজা জয়সিংহকে শাস্ত বিচাবে বঝাইয়া দিলেন যে, শ্রীগোবিন্দ-দেবের সহিত শ্রীরাধিকা মূর্তির পূজা শাস্ত্র বিরুদ্ধ, কারণ শ্রীরাধার নাম কোন প্রাচীন পুরাণ বা শাস্ত্রে নাই। রাজা, শ্রীমতী রাধিকার শ্রীমুর্ধি গৃথক গৃহে রাখিয়া স্বতন্ত্র পূজার ব্যবস্থা করিয়া দিলেন। বৃন্দাবনে

হলধূল পড়িয়া গেল। পণ্ডিতপ্রবব শ্রীবিখনাথ চক্রবর্তী তখন শ্রীবাথকুণ্ডতীরে বান্ধকো জরাজীর্ণ হইয়া বাস করিতেছেন। তাঁহাব আদেশে শ্রীগোবন্ধনবাসী সুপণ্ডিত শ্রীবলদেব বিদ্যাভূষণ জয়পুরে গিয়া স্বকীয়াবাদী বৈষ্ণবদিগকে বিচারে পরাস্ত কবিয়া পরকীয়ামত স্থাপন করিয়া আসিলেন ; পুনরায় পূর্বের মত সেবা প্রচলিত হইল। গোড়মণ্ডলে স্বকীয়াবাদ স্থাপন করিবার জন্ত শ্রীকৃষ্ণদেব ভট্টাচার্য্যনামক জনৈক পণ্ডিতকে জয়পুর রাজসভা হইতে গোড়ে প্রেরিত হইল। সর্বত্র জয় করিয়া শ্রীপাট মালিহাটা গ্রামে আসিয়া, এই পণ্ডিত প্রভু রাধামোহনের নিকট বিচাবে পরাস্ত হইয়া অজয়পত্র লিখিয়া দিলেন। এই ব্যাপারে প্রভু রাধামোহন সমগ্র বৈষ্ণবজগতে সুপরিচিত হইয়া সুবিমল কীর্তি অর্জন করিলেন।

বলদেবের গোবিন্দ-ভাষ্য। পরম বৈষ্ণব সুপণ্ডিত-শ্রীবলদেব বিদ্যাভূষণ এই সময় তাঁহার বিখ্যাত “গোবিন্দভাষ্য”রচনা করেন। শ্রীবলদেব বিদ্যাভূষণ পূর্ববঙ্গবাসী শৈব পণ্ডিত ছিলেন, পরে বৈষ্ণব ধর্মে দীক্ষিত হইয়া শ্রীবৃন্দাবন গমন করেন। তথায় বৈষ্ণৱ ও “গোবিন্দদাস” নাম গ্রহণ করিয়া শ্রীগোবন্ধনকন্দবে বাস ও ভজন-সাধন করেন। তাঁহার রচিত বহু গ্রন্থ আছে। ইনি শ্রামানন্দী-সম্প্রদায়ী বৈষ্ণব ছিলেন। কিন্তু কেহ কেহ বলেন ইনি শ্রীবিখনাথ চক্রবর্তীব নিকট দীক্ষা গ্রহণ করিয়াছিলেন।

শক ১৩৪১

দিব্লীর বাদশাহ মহম্মদ শাহ। দিব্লীর

খৃঃ ১৭১৩

বাদশাহ মহম্মদ শাহের রাজ্যারম্ভ।

মথুরা-মণ্ডলে সওসাই জয়সিংহ। দিব্লীর

বাদশাহ মহম্মদ শাহ জয়সিংহকে মথুরা-মণ্ডলের শাসনকর্তা

শক ১৬৪৩-৫০

নিযুক্ত করিয়া পাঠাইলেন। জয়সিংহ সাত বৎসর কাল

খৃঃ ১৭২১-২৮

এই রাজকার্য্যে নিযুক্ত থাকিয়া, শ্রীব্রজমণ্ডল পুনঃ সংস্কার

করিতে আরম্ভ করিলেন । আরম্ভজ্জৈবকর্তৃক ভগ্ন ও অঙ্গহীন শ্রীমন্দির গুলিয় সংস্কার ও পুনর্নির্মাণ হইতে লাগিল । বাদশাহের সম্মতিতে শ্রীবৃন্দাবন হইতে স্থানান্তরিত শ্রীশ্রীগোবিন্দ, গোপীনাথ, মদনমোহন প্রভৃতি শ্রীবিগ্রহদিগেব প্রতিভূ-বিগ্রহ তাঁহাদের শ্রীমন্দিরে স্থাপিত হইবার ব্যবস্থা হইতে লাগিল ।

শক ১৬৫২

কৃষ্ণ-ভক্তিরস-কদম্ব গ্রন্থ রচনা ।

খৃঃ ১৭১০

বীরভূম জেলাসুর্গত মঙ্গলডিহির পদকর্তা ভক্ত কবি

ঐ জ্যেষ্ঠ

শ্রীনয়নানন্দ দাস তাঁহাব কৃষ্ণভক্তি-রস-কদম্ব গ্রন্থ রচনা

করেন ।

মঙ্গলডিহির শ্রীপাট । বীরভূম জেলায় সিউড়ির দশমাইল দক্ষিণ-পূর্বকোণে মঙ্গলডিহি গ্রাম একটি অতি প্রাচীন বৈষ্ণব-কেন্দ্র । এখানকার ঠাকুবংশের আদিপুরুষ শ্রীপর্ণিগোপাল ঠাকুব, দ্বাদশ গোপালের অগ্রতম শ্রীসুন্দরানন্দ ঠাকুরের মঙ্গলশিষ্য এবং শ্রীশ্রীমম্বাপ্রভুর সময়ে বর্তমান ছিলেন । নৈমিষ্যারণ্যবাসী শ্রীধ্রুব গোস্বামীনামক জনৈক সাধুব নিকট হইতে শ্রীশ্রীশ্রামচাঁদ ও বলরাম শ্রীবিগ্রহদ্বয় প্রাপ্ত হইয়া, পর্ণিগোপাল মঙ্গলডিহিতে প্রতিষ্ঠা করেন ।

পানু ঠাকুরের অপ্রকটে তাঁহার পাঁচ শিষ্য অনন্ত, কিশোর, হরিচরণ, লক্ষ্মণ ও কানুরাম এই শ্রীপাট ও বিগ্রহদিগের ভারপ্রাপ্ত হইলেন । কিশোরের দৌহিত্র হইতে মঙ্গলডিহিতে “মদনগোপালেব পাট” সৃষ্টি হইয়াছে । কানুরামের দুই পৌত্র পদকর্তা গোকুলানন্দ বা গোকুলচন্দ্র ও কবি নয়নানন্দ । গোকুলচন্দ্রের পুত্র কবি ও পদকর্তা জগদানন্দ “শ্রাম-চন্দ্রোদয়” নামক নাটক রচনা করেন ।

খম্বরাসোলের শ্রীপাট । উপরিউক্ত অনন্তের বংশধরেরা শ্রীবলরাম বিগ্রহসহ বীরভূম জেলায় খম্বরাসোলে গিয়া তথায় শ্রীপাট স্থাপন করেন । এখানে গোষ্ঠাৎসব যাত্রা মহাসমারোহের সহিত হইয়া থাকে ।

- অহল্যাবাইশ্বের জন্ম । ইন্দোরের বাণী অহল্যাবাই
 শক ১৬৫৭ জন্মগ্রহণ করেন । ইনি বৃন্দাবনে চৈন বা চীরঘাটের
 গৃঃ ১৭৩৫ উপর কুঞ্জ ও সদাপ্রতি নিশ্চয় করিয়া শ্রীচৈনবিহারী
 শ্রীবিগ্রহ স্থাপন করেন ।
- শক ১৬৩৫ সওয়াই জয়সিংহের স্মৃত্যু । জয়পুরের
 শক ১৭৪৩ রাজা সওয়াই জয়সিংহ দেহত্যাগ করেন । ইহার সমস
 হইতে জয়পুরের রাজাগণ ব্রজমণ্ডলের অনেক ব্যাপারে কর্তৃত্ব করিয়া
 থাকেন ।
- শক শ্রীহট্টের লাউড় রাজ্যধ্বংস । শ্রীহট্টের
 গৃঃ ১৬৪৫ লাউড় রাজ্য ধ্বংস হইলে, শ্রীকশান নগরের বংশধরগণ
 পদ্মা নদীৰ পূর্বতীরে তেওতা গ্রামে আসিয়া বাস করেন ।

চতুর্থ পরিচ্ছেদ ।

গঙ্গাগর্ভে মায়াপুর, নবদ্বীপে তোতারাম বাবাজী ও

মণিপুররাজ ভাগ্যচন্দ্রসিংহ ।

- গঙ্গাগর্ভে মায়াপুর । ভাদ্র মাসেব বচায় শ্রীনবদ্বীপ-
 শক ১৬৬২ মধ্যস্থ প্রাচীন মায়াপুরের শ্রীগোবিন্দ-বাসগৃহ ও লীলাসংক্রান্ত
 ভাদ্র অধিকাংশ স্থান গঙ্গাগর্ভে মগ্ন হইয়া গেল । বর্তমান
 শক ১৭৪৭ নবদ্বীপের উত্তরে ব্রাহ্মণপল্লীনামক পল্লী ছিল এবং তাহার
 উত্তরে বৈদিক পল্লীতে শ্রীমন্মহাপ্রভুব আসবাস গৃহ ছিল ।

মালঞ্চপাড়ায় শ্রীগৌরানন্দ বিগ্রহ। প্রাচীন

শক ১৬৩৯
ভাঙ্গ
খৃঃ ১৭৪৭

মায়াপুরে শ্রীগৌরানন্দ-বাসগৃহ ও মন্দির গঙ্গাগর্ভে মগ্ন হইলে,
শ্রীশ্রীবিষ্ণুপ্রয়াগ শ্রীগৌরানন্দ বিগ্রহ, সেবাইতগণ মালঞ্চ
পাড়াব পশ্চিমে গোসাঁঞপাড়ায় আনয়ন করেন।

দিল্লীর বাদশাহ মহম্মদ শাহ। দিল্লীর শেষ

শক ১৬৭০
খৃঃ ১৭৪৮

বুদ্ধিমান, উদারপ্রকৃতি ও শক্তিমান বাদশাহ-মহম্মদশাহের
রাজ্য শেষ হয়। এই বাদশাহের সময়ে শ্রীবৃন্দাবন পুনঃসংস্কার
এবং জয়পুরে স্থানান্তরিত শ্রীবিগ্রহদিগের প্রতিভূ-বিগ্রহ
বৃন্দাবনে স্থাপিত হয়েন।

মুড়গ্রামে শ্রীনিতাইসুন্দর গোস্বামীর

আবির্ভাব। শ্রীশ্রীবনু-জাহ্নবা-জনক শ্রীস্বর্গ্যদাস

শক ১৬৭০
খৃঃ ১৭৪৮-৪৮

পণ্ডিতের জনৈক বংশধর, কাটোয়া মহকুমাদীন কেতুগ্রাম
থামার পাঁচ মাইল উত্তরে মুড়গ্রামেব ধনী কায়স্থ শিষ্যেব
দ্বাৰা, শ্রীপাট অধিকা-কালনা হইতে মুড়গ্রামে আনীত হইয়া তথায়
স্থাপিত হয়েন ও শ্রীশ্রীরাধাবরণ শ্রীবিগ্রহ স্থাপন করেন। এই
ঘটনা ঠিক কোন সময় হইয়াছিল নিশ্চয় করিয়া বলা যায় না, তবে
শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর প্রকট কালে হওয়াই সম্ভব। কারণ, এই গ্রামে
“নিত্যানন্দতলা” নামে একটিস্থান অথপি বর্তমান থাকিয়া পূজিত হইয়া
আসিতেছে। প্রবাদ, শ্রীশ্রীনিত্যানন্দ প্রভু এই গ্রামে শুভাগমন করিয়া
এইস্থানে উপবেশন করিয়াছিলেন। লোকে তাঁহাকে পাগল বলিয়া
উপেক্ষা করিয়াছিল, সেইজন্ত এই গ্রাম অভিশপ্ত হইয়াছিল। এই বংশে
শ্রীনিতাই সুন্দর গোস্বামী প্রভু অনুমান ১৬৭০ হইতে ৮০ শকের মধ্যে
জন্মগ্রহণ করেন। বাল্যেই ঈহাব বৈরাগ্যোদয় হইলে, কিছুদিন নবদ্বীপে
বাস করিয়া ইনি শ্রীবৃন্দাবন যাত্রা করেন এবং তথায় সিদ্ধিলাভ করিয়া
অল্প দিনের জন্ত একবার মুড়গ্রামে প্রত্যাবর্তন করেন। সেই সময়

শ্রীশ্রীবাধবমণদেব তাঁহাকে রাত্রিতে অন্নভোগের ব্যবস্থা করিতে প্রত্যাশে দেন । তদবধি শ্রীবিগ্রহদিগের বাত্রিতে অন্নভোগের ব্যবস্থা প্রচলিত আছে । কিছুকাল মুড়গ্রামে অবস্থিত কবিতা, নিতাই সুন্দব পুনরায় শ্রীবৃন্দাবন গমন কবেন এবং তথায় দীর্ঘকাল ভজন-সাধন কবিতা ধীর-সমীচ কুঞ্জে শ্রীশ্রীগৌরীদাস পণ্ডিতের বামে সমাধি গ্রহণ কবেন । ইনি চিরকুমার ছিলেন । ইহার জ্যেষ্ঠ সহোদর শ্রীগৌর সুন্দর গোস্বামীর পৌত্র শ্রীচৈতন্যচরণ গোস্বামী বার্কাসদ্ধ ছিলেন । ইহার রূপায় গলিতকুষ্ঠগ্রস্ত জনৈক গোপের আরোগ্য লাভ হইয়াছিল । ইহাব বংশধরগণ মুড়গ্রামে বাস কবিতা মহানুরাগেব সহিত শ্রীশ্রীরাধারমণ দেবের সেবা করিয়া আসিতেছেন । গ্রন্থকারের পিতৃদেব শ্রীশ্রীনিবাসাচার্য্য-শাখা শ্রীশ্রামদাস ঠাকুর-বংশীয় নিত্যধামগত শ্রীনন্দহুলাল মহান্ত ঠাকুর এই শ্রীচৈতন্যচরণ গোস্বামীর দৌহিত্র ।

মুড়গ্রামের এই গোস্বামী বংশ শ্রীশ্রীগৌরীদাস পণ্ডিতের পরিবার । ইহাদের গুরুপ্রণালী যথা—শ্রীশ্রীগৌরীদাস পণ্ডিত, ২ । বিষ্ণুদাস গোস্বামী, ৩ । অনন্তাচার্য্য গোস্বামী, ৪ । মধুসূদন গোস্বামী, ৫ । রামচন্দ্র গোস্বামী, ৬ । কৃষ্ণানন্দ গোস্বামী ৭ । গৌরসুন্দব গোস্বামী ৮ । গোবিন্দ মনি ঠাকুরাণী ৯ । বিনোদমণি ঠাকুরাণী ।

বনোয়ারিবাদের বৈষ্ণবরাজ্য । মুর্শিদাবাদ জেলায়

শক ১৬৭২ বনোয়ারিবাদ (কাটোয়ার ৭ মাইল উত্তর-পশ্চিম) রাজ্য
খঃ ১৭৫০ পরিবারের প্রথম রাজা শ্রীনিত্যানন্দদাস (তন্তবার) দিল্লীর
বাদশাহ শাহ আলমের নিকট রাজা উপাধি এবং তত্প্রযুক্ত
ভূ-সম্পত্তি ও ঐশ্বর্যালাভ করিয়া সোনাকান্দীগ্রামে রাজধানী স্থাপন করেন ।
ইহার তিনপুত্র বনোয়ারিদেব, গোবিন্দদেব ও কিশোরদেব । বনোয়ারিদেব
নিজ নামানুসারে রাজধানীর নাম বনোয়ারিবাদ রাখিয়া শ্রীশ্রীবনোয়ারিজী
শ্রীবিগ্রহ স্থাপন করেন এবং বৃন্দাবনের অনুকরণে তাল, তমাল, ভাণ্ডীর,

নিকুঞ্জ প্রভৃতি বন, মানসরোবর মানসগঙ্গা প্রভৃতির দ্বারা রাজধানী ভূষিত করেন। একরূপ আদর্শ বৈষ্ণবরাজপরিবাব এবং একরূপ অনুরাগ ও মহা সমারোহের শ্রীবিগ্রহ সেবা সে সময়ে এবং তৎপর বহুকাল পর্য্যন্ত বঙ্গদেশে বিবল ছিল। ইহারা শ্রীশ্রীনিবাসাচার্য্য প্রভুর বংশধরদিগকে রূপাপাত্র।

শক ১৬৭৪

খৃঃ ১৭৫২

বিশ্বপুত্ররাজ চৈতন্যসিংহ। বিষ্ণু-পুরের শেষ স্বাধীন রাজা চৈতন্যসিংহ রাজ্যলাভ করেন।

শক ১৬৭৪

খৃঃ ১৭৫২

শ্রীমতী আনন্দময়ী দেবী। শ্রীমতী আনন্দময়ী দেবী বিক্রমপুরমধ্যস্থ জপ্সাগ্রামে জন্মগ্রহণ করেন। ইনি “হরিলীলা” গ্রন্থ প্রণয়ন করেন।

শক ১৬৭৪

খৃঃ ১৭৫২

মথুরামণ্ডল লুণ্ঠন। দিল্লীর বাদশাহ আহম্মদ শাহের মুসলমান সেনাপতি ভরতপুরে জাঠ-বিদ্রোহ দমন করিতে গিয়া পরাজিত হইয়ন এবং দিল্লীতে ফিরিবার পথে মথুরামণ্ডল লুণ্ঠন ও হিন্দু অধিবাস দিগকে নির্দয়ভাবে হত্যা করেন।

শক ১৬৭৫-৮০

খৃঃ ১৭৫৩-৫৮

নবদ্বীপের পূর্বাধিকে ভাগীরথী। ১৬৭৫ শক পর্য্যন্ত নবদ্বীপের পশ্চিমদিকে ভাগীরথী প্রবাহিত হইতেন। এই সময় হইতে ভাগীরথী নবদ্বীপে পূর্বাধিকে বহিতে আরম্ভ হইয়ন। অতঃপর কিছুকাল ভাগীরথী নবদ্বীপের পূর্বাধিক উভয় দিকেই প্রবাহিত হইয়া পূর্বাধিকেই প্রবলা হইয়ন। পশ্চিমদিকের স্রোতস্বিনী “বুড়ীগঙ্গা” “ভাগীরথী খাত” বা “আদিগঙ্গা” নাম প্রাপ্ত হয়।

শক ১৬৭৬

খৃঃ ১৭৫৪

শ্রীবিষ্ণুনাথ চক্রবর্তীর তিরোভাব। শ্রীবিষ্ণুনাথ চক্রবর্তী ঠাকুর শ্রীবৃন্দাবনে অপ্রকট হইয়ন।

মাহেশে নতন জগন্নাথ মন্দির। ত্রিপাট

শক ১৮৭৭

খৃঃ ১৭৫৫

মাহেশে শ্রীশ্রীজগন্নাথ দেবের শ্রীমন্দির গঙ্গাগর্ভে মগ্ন হইলে
কালকাতা পাথুরিয়াঘাটা নিবাসী শ্রীনয়ানচাঁদ মাল্লিক
বর্তমান শ্রীমন্দির নিষ্কাণ করিয়া দেন।

জোফ্লাইয়ে শ্রীগোবিন্দ বিগ্রহ। পদকর্তা

শক ১৬৭৭

খৃঃ ১৭৫০

শ্রীজগদানন্দ বীরভূম জেলায় ছবরাজপুর থানার অধীন
জোফ্লাই গ্রামে শ্রীগোবিন্দ বিগ্রহ স্থাপন করেন।
জগদানন্দ মহাপ্রভুর একান্ত ভক্ত ছিলেন এবং স্বপ্নাবেশে

শ্রীগোবিন্দ মূর্তি দর্শন করিয়া “দামিনীদাম” ও “গোরকলেবর” এই দুইটি
পদ রচনা করেন এবং শ্রীগোবিন্দ বিগ্রহ স্থাপিত করেন। জোফ্লাই
গ্রামে এই শ্রীবিগ্রহ ও জগদানন্দের অদ্ভুত কীর্তি “গোবিন্দ-সাগর” নামক
পুষ্করিণী অত্যাশ্চর্য বিরাজিত।

শক ১৩৭৯

খৃঃ ১৭৫৭

পলাশীর যুদ্ধ।

পদ-কল্প-তরু গ্রন্থ। শ্রীপ্রভু রাধা মোহনের “পদাঙ্ক-সমুদ্র

শক ১৬৮০-৮৪

খৃঃ ১৭৫৮-৬২

গ্রন্থেব” কথা ইতিপূর্বে উল্লিখিত হইয়াছে। এই গ্রন্থ সঙ্কলনের
অঙ্গপরে তাঁহার মঙ্গ-শিষ্য মূর্শিদাবাদের কান্দী মহকুমাধীন
টেঞা-বৈষ্ণবপুর নিবাসী শ্রীগোকুলানন্দ সেন (গুরুদত্ত নাম

বৈষ্ণবদাস) উক্ত গ্রন্থের সমস্ত পদ ও তংসহ নিজকৃত এবং অন্যান্য
পদযোগ দিয়া “পদ-কল্প-তরু” গ্রন্থ সঙ্কলন করেন। বৈষ্ণবদাস একজন
বিখ্যাত বন-কীর্তনীয়া ছিলেন। কয়েকটি নতন সুরের সৃষ্টি ইহা দ্বারা
হইয়াছিল। তাঁহার বন্ধু ও গ্রামবাসী স্বজাতি কৃষ্ণকান্ত মজুমদার
(গুরুদত্ত নাম উদ্ধব দাস) সেকালের একজন উল্লেখযোগ্য বৈষ্ণব এবং
পদকর্তা ছিলেন।

নবদ্বীপে তোতারাম দাস বাবাজী। শ্রীহৃদ্ধাবনেব

শক ১৮৮৪

খৃঃ ১৭৬২

প্রসিদ্ধ পণ্ডিত শ্রীতোতারামদাস বাবাজী মহাশয় এই সময় শ্রীধাম নবদ্বীপে স্তভাগমন করেন। হাজার পূর্বনাম রামদাস বাবাজী, নবদ্বীপের রাজা কৃষ্ণচন্দ্র তাঁহাকে “তোতারাম বাবাজী” নাম দিয়াছিলেন। এই সময় শ্রীশ্রীবিষ্ণুপ্রসার সেবিত শ্রীগোরাঙ্গ সিংহ মালঞ্চপাড়ায় সেবাইতদিগেব নির্দিষ্ট পালালুসাবে ঘবে ঘরে ঘুড়িয়া বেড়াইতেন। তাঁহার কোন নির্দিষ্ট শ্রীমন্দির ছিল না। সেবাইত বংশের কেহ কেহ বামসীতাপাড়ায় বাস করায়, শ্রীবিংহকে এস্থানেও আসিতে হইত। তোতারাম বাবাজী মহাশয়ের উছোগে বর্তমান “মহাপ্রভু পাড়া” নামকস্থানে কাঁচা শ্রীমন্দির নিশ্চিত হয় এবং সেবাইত দিগকে এই স্থানে নিয়মিতভাবে আসিয়া নিত্যসেবা করিবার ব্যবস্থা প্রচলিত হয়।

উপাসনা-চন্দ্রামৃত গ্রন্থ। শ্রীভক্তমাল গ্রন্থপ্রণেতা

শক ১৮৮৪

খৃঃ ১৭৬৩

শ্রীল লাল দাস (অপব নাম কৃষ্ণদাস) কর্তৃক “উপাসনা-চন্দ্রামৃত” গ্রন্থবচিত হয়।

কান্দীতে শ্রীশ্রীরাধাবল্লভ জীউ। দেওয়ান

শক ১৮৮৫-২০

খৃঃ ১৭৬৩-৬৮

শ্রীগঙ্গাগোবিন্দের জ্যেষ্ঠ ভ্রাতা শ্রীরাধাকান্ত সিংহ কান্দীতে নিজনামে শ্রীশ্রীরাধাবল্লভ শ্রীবিংহ সেবা প্রকাশ কবেন।

সিদ্ধ চৈতন্যদাস বাবাজীর আবির্ভাব।

শক ১৬২০

খৃঃ ১৭৬৩

গোয়ালন্দেব ১২ মাইল উত্তব-পূর্ব কোণে পদ্মার পর পারে মৈমনসিংহ জেলার টাঙ্গাইল মহকুমাধীন ভাদরাগ্রামে বঙ্গজ-কায়স্থ ঘোষ বংশে শ্রীবৈষ্ণনাথ ঘোষবায়ের একমাত্র পুত্ররূপে জগবন্ধু জন্মগ্রহণ করেন। এই জগবন্ধুট কালে শ্রীসিদ্ধচৈতন্যদাস বাবাজী নামক মহাপুরুষরূপে পরিচিত হযেন। ইনি শ্রীধাম নবদ্বীপে শ্রীশ্রীগোরাঙ্গ প্রভুর শ্রীমন্দিরে থাকিতেন এবং তাঁহাকে মধুরভাবে ভজন করিতেন।

নবদ্বীপের বড় আখড়া । নবদ্বীপে শ্রীল তোতাবাম

শক ১৬২০

খৃঃ ১৭৬৮

বাবাজী মহাশয়ের দ্বারা এই আখড়া স্থাপিত হয় । বৈষ্ণব-

দেবী মহাবাজা কৃষ্ণচন্দ্র শ্রীগোরাঙ্ককে ঈশ্বর বা অবতাব

বলিয়া স্বীকার করিতেন না । নবদ্বীপে তোতারামের উপর

ব্রাহ্মণ-পণ্ডিতদিগের যথেষ্ট অত্যাচাব হয় । শ্রীযুক্ত দেওয়ান গঙ্গা গোবিন্দ সিংহ মহাশয় তোতাবামকে যথেষ্ট ভক্তি-শ্রদ্ধা করিতেন । তিনি বাবাজী মহাশয়ের বড় আখড়া স্থাপন করিয়া দিয়া, বায়নিন্দীহের ক্রম্ভ আবশ্যকমত ভূসম্পত্তি পাট্টা করিয়া দেওয়াইয়াছিলেন । অতঃপর রাজা কৃষ্ণচন্দ্রপক্ষীয় লোক বা নবদ্বীপেব ব্রাহ্মণ-পণ্ডিতগণ বাবাজী মহাশয়ের উপর কোন অত্যাচাব করিতে পারেন নাই ।

হরিনীলা গ্রন্থ । বিক্রমপুর নিবাসী কবি জয়নারায়ণ সেন

শক ১৬২৪

খৃঃ ১৭৭২

ও তাঁহার ভ্রাতৃপুত্রী শ্রীমতী আনন্দময়ী দেবী একত্রে

মিলিয়া “হরিনীলা” নামক একখানি কাব্য-গ্রন্থ রচনা

করেন ।

স্বন্দাবনে রাধাবল্লভ জীর মন্দির । স্বন্দাবনে

শক ১৬২৪

খৃঃ ১৭৭২

হিত-হরিবংশের শ্রীশ্রীরাধাবল্লভজীর বর্তমান শ্রীমন্দির

গুজরাট দেশের লালুভাইনামক জনৈক ভক্ত বণিকের দ্বারা

নির্মিত হয় ।

শক ১৬৯৬

খৃঃ ১৭৭৪

ভক্তি-নীলামৃত গ্রন্থ । মহারাষ্ট্র দেশীয়

কবি মহিপতি “ভক্তি-নীলামৃত” গ্রন্থ রচনা কবেন ।

শ্রীলালাবাবুর আবির্ভাব । দেওয়ান গঙ্গাগোবিন্দ

শক ১৬৯৭

খৃঃ ১৭৭৫

সিংহের পৌত্র শ্রীকৃষ্ণচন্দ্র সিংহ । অপর নাম লালাবাবু)

মুর্শিদাবাদ জেলায় কান্দী রাজধানীতে জন্মগ্রহণ করেন ।

কিছুকাল বিষয় ও রাজকাৰ্য্য করিয়া, ত্রিশ বৎসর বয়সে

ভিক্ষুকের বেশে বৃন্দাবন গমন করেন। ইনি যে সময় বৃন্দাবন গমন করেন তখন ব্রজমণ্ডলের সর্বত্রই বিশৃঙ্খলা।

বরাহনগরে শ্রীপাট। কলিকাতা হইতে ৩৪ মাইল

শক ১৬৯৭ উত্তরে গঙ্গাতীরে বরাহনগর গ্রামে শ্রীল রঘুনাথ

খৃঃ ১৭৭০

ভাগবতাচার্য্যের শ্রীপাট। শ্রীচৈতন্যশাখা “সুন্দরঠাকুর” এবং গোপাল শ্রীমহেশ পণ্ডিতের বাসও এই গ্রামে ছিল বলিয়া বৈষ্ণবগ্রন্থে উল্লেখ আছে। এই শ্রীপাট বহুকাল লুপ্ত হইয়াছিলেন, পবে শ্রীপাট খড়দহের গোস্বামীদিগের শিষ্য কলিকাতা বাগবাজার নিবাসী পবম ভাগবত শ্রীকালিপ্রসাদ চক্রবর্তী মহাশয় স্বপাদদেশে, এইসময় শ্রীপাটের উদ্ধার করিয়া শ্রীভাগবতাচার্য্যের সমাধি সংলগ্ন স্থানে শ্রীশ্রীনিতাই-গৌর শ্রীব্রহ্ম প্রতিষ্ঠা করেন। এই সমাধিস্থানও অতি আশ্চর্য্যরূপে আবিস্কৃত হইয়াছিল। কালিপ্রসাদ চক্রবর্তী মহাশয়ের বাগবাজারের নিজবাটীতে সেবিত একটা জগন্নাথ বিগ্রহও কালে এই শ্রীপাটে নীত হইয়াছেন। ফাল্গুনী কৃষ্ণা দ্বাদশীতে শ্রীশ্রীগৌরানন্দ মহাপ্রভুর আগমন-স্মৃতি মহোৎসব হইয়া থাকে। বরাহনগরবাসী শ্রীরঘুনাথ মিশ্র শ্রীমদ্ভাগবতের অসাধারণ পণ্ডিত ছিলেন। রামকেলী হইতে প্রত্যাবর্তনের পথে শ্রীশ্রীগৌরানন্দ মহাপ্রভু বরাহনগরে রঘুনাথের নুখে শ্রীভাগবত পাঠ শ্রবণ করিয়া মহাপ্রেমে আবিষ্ট হইয়াছিলেন এবং রঘুনাথকে “ভাগবতাচার্য্য” উপাধি দান করিয়াছিলেন। রঘুনাথের রচিত “কৃষ্ণ-প্রেম-তরঙ্গিনী” নামক গ্রন্থ আছে।

মালিহাটীতে মহারাজা নন্দকুমার। মহারাজা

শক ১৬৯৭

খৃঃ ১৭৭০

নন্দকুমার তাঁহার ইষ্টদেব প্রভু রাধামোহনের বিবাহের সময় একবার শ্রীপাট মালিহাটীতে আগমন করেন। গোপালপুত্র নিবাসী শ্রীঈশান চন্দ্র রায়ের কন্যা শ্রীমতী রাণীঠাকুরাণীর সন্তিত প্রভু রাধামোহনের বিবাহ হয়। মহারাজা নন্দকুমার নিজব্যঞ্জে

এই বিবাহ মহাসমারোহে নিষ্পন্ন করিয়াছিলেন। এইসময় তিনি মালিহাটীতে এক পুষ্কবিণী খনন কবাটয়া দেন—রাধাসাগর নামক এই পুষ্কবিণী এখনও বিদ্যমান আছে। অতঃপর নন্দকুমার ফাঁসীব অব্যবহিত পূর্বে কলিকাতা যাইবাব পথে, আব একবাব মালিহাটী আগমন করিয়াছিলেন। নন্দকুমারের মাতৃশ্রাদ্ধের সময় তাঁহার ইষ্টদেব প্রভু বাধামোহন ভদ্রপু বহুতে কোন কারণে অপমানিত হইয়া মালিহাটীতে প্রত্যাবর্তন করেন। নন্দকুমার কলিকাতা যাইবাব পথে গুণকদেবের নিকট ক্ষমা ভিক্ষা করিতে মালিহাটী আসিয়াছিলেন। প্রভু তাঁহাকে দর্শন দেন নাই।

পদকর্তা গোবর্দ্ধন দাসের তিরোভাব।

শক ১৭০০ জয়পুর্বেব শ্রীশ্রীগোকুল চন্দ্র শ্রীবিশ্বকর্মে প্রধান কীর্তন গায়ক
খৃঃ ১৭৭৮ ও পদকর্তা গৌড়ীয় বৈষ্ণব শ্রীগোবর্দ্ধন দাস দেহ রক্ষা
করেন।

প্রভু রাধামোহনের তিরোভাব। পক্ষাধিককাল

নির্জ্ঞান গৃহে ভজনানন্দে নিমগ্ন থাকিয়া চৈত্র মাসের শুক্লা
শক ১৭০০
খৃঃ ১৭৭৮
নবমী তিথিতে উচ্চ নাম কীর্তনের সহিত প্রভু বাধামোহন
দেহরক্ষা করিলেন। তাঁহার প্রিয় সেবকদ্বয় কালিন্দী দাস
চৈত্রী শুক্লা নবমী
ও পরাণ দাস সে সময় শ্রীবৃন্দাবনে শ্রীঈশ্বরীজীউর জাঁণ
কুঞ্জের সংস্কার করিয়া মালিহাটীতে প্রত্যাবর্তন কবিতে ছিলেন। পথি-
মধ্যে রাধামোহন প্রভু তাঁহাদিগকে স্থল দেহে দর্শন দান করিয়া
বৈশাখের কৃষ্ণ পক্ষীয় চতুর্থীতে মহোৎসব করিতে আদেশ দেন। প্রভু-
রাধামোহন নিঃসন্তান ছিলেন। তাঁহার অগ্রকটের সপ্তদিবস মধ্যে তাঁহার
পত্নী স্বামীর অনুগমন করিলেন। মালিহাটীগ্রামে প্রভুরাধামোহনের
পাট বাটীতে অছাপি রামনবমী দিবসে তাঁহাব তিরোভাব উৎসব
হইয়া থাকে।

শ্রীজয়গোবিন্দ দাস বসু চৌধুরীর দেহ-
 শক ১৭০১ ত্যাগ। শ্রীসনাতন গোস্বামীর বৃহদ্রাগবতামৃত গ্রন্থেব
 খঃ ১৭৭২ অনুবাদক শ্রীজয় গোবিন্দদাস বসু চৌধুরী দেহত্যাগ করেন।

পদকর্তা জগদানন্দের তিব্বোভাব। পদকর্তা
 শক ১৭০৪ শ্রীজগদানন্দ জোফ্‌ল্ট গ্রামে অপ্রকট হয়েন। তথায় এই
 হৈ আখিন ; তিথিতে তাঁহার তিব্বোভাব মহোৎসব মহাসমারোহে হইয়া
 গামন স্বাদর্শী থাকে
 খঃ ১৭৮২

দৈত্যদাস বাবাজীর সন্ন্যাস গ্রহণ। বালক
 জগবন্ধু ১৫।১৬ বৎসব বয়সে গোপনে গৃহত্যাগ করিয়া
 শক ১৭
 খঃ ১৭৮৩ তিথাবীর বেশে নবদ্বীপে আগমন করেন এবং বেধাশ্রয়
 কবিতা দৈত্যদাস নাম গ্রহণ করেন। নবদ্বীপে শ্রীশ্রীমহা-
 প্রভুর শ্রীমন্দির প্রাক্‌গে তিনি প্রায় সর্বক্ষণ থাকিতেন এবং “হা বিষ্ণু
 প্রিয়েশ গোব” এই নাম সকল সময়েই উচ্চারণ করিতেন। ইহার দুই
 বৎসব পরে, তিনি একবার তাঁহার গুরু দর্শনে শ্রীবৃন্দাবনে যান এবং তথায়
 ৩৪ বৎসরকাল থাকিয়া নবদ্বীপে প্রত্যাগমন করেন।

উজ্জ্বল-চন্দ্রিকা গ্রন্থ। বর্ধমান জেলায় ই, আই, আর
 গুস্তবা ষ্টেশন-সন্নিকট চানক গ্রামের শ্রীশচীনন্দন বিদ্যানিধি
 শক ১৭০৭ মহাশয়, শ্রীরূপগোস্বামীব-কৃত “উজ্জ্বল-নীলমণি” গ্রন্থের
 খঃ ১৭৮৫ ভাষায় পদ্যানুবাদ করেন।

কাঁচড়াপাড়ার শ্রীমন্দির। কলিকাতার মল্লিক পরি-
 বারেব কোন ধনী ভক্ত কাঁচড়াপাড়ার শ্রীনাথ পণ্ডিত-
 শক ১৭০৮ প্রতিষ্ঠিত এবং শ্রীশিবানন্দ সেন-সেবিত শ্রীশ্রীকৃষ্ণবায় বিগ্র-
 খঃ ১৭৮৬ হের শ্রীমন্দির নিষ্কাণ করিয়া দেন। এই শ্রীমন্দির কাঁচড়া-
 পাড়া ষ্টেশন হইতে এক মাইল অন্তরে কৃষ্ণপুর নামক স্থানে অবস্থিত।

কাঁচড়াপাড়া গোড়ীয় বৈষ্ণবগণের মহাপাট এবং শ্রীনাথ পণ্ডিত, শ্রীশিবানন্দ সেন, শ্রীকবিকর্ণ পূর, শ্রীকান্তসেন, শ্রীরামপণ্ডিত প্রভৃতি মহাভক্ত দিগের লালাভূম। বড়ই আক্ষেপের বিষয় এখানে শ্রীশিবানন্দ সেনের তিবোভাব উৎসব হয় না।

নবদ্বীপে মণিপুর-রাজ ভাগ্যচন্দ্র সিংহ।

মণিপুরের স্বাধীন রাজা ভাগ্যচন্দ্র সিংহ যুবরাজ লাবণ্য
শক ১৭১০ চন্দ্র সিংহেব হস্তে রাজ্যভার অর্পণ করিয়া কথ্য, “লাইবৈরী”
খৃঃ ১৭৮৮ ও তাঁহার স্থপাদেশে নির্মিত ললিত ত্রিভঙ্গ শ্রীশ্রীগোরাঙ্গ

বিগ্রহসহ শ্রীধাম নবদ্বীপে আগমন করিলেন। মহারাজ কৃষ্ণচন্দ্র তখন নদীয়ার রাজা। শ্রীগোরাঙ্গে তাঁহার ঈশ্বর-বিশ্বাস ছিল না এবং তাঁহার ভয়ে শ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর সেবিত শ্রীগোবাঙ্গ বিগ্রহ একটি কূপমধ্যে অতি গোপনে মাটি চাপা অবস্থায় রক্ষিত ছিলেন।

নবদ্বীপে মণিপুর-কুঞ্জ প্রকাশ। মণিপুর-রাজ ভাগ্যচন্দ্র সিংহ প্রকাণ্ডভাবে নবদ্বীপে তাঁহার ললিত ত্রিভঙ্গ শ্রীগোরাঙ্গ বিগ্রহ স্থাপন করিলেন এবং এই বাপারে মহারাজ কৃষ্ণচন্দ্রের কোন অপার্কিত্যাকিলে তিনি তাহার প্রতিবিধান করিতে পাবেন, এই মন্ত্বে তাঁহার নিকট সংবাদ পাঠাইলেন। কৃষ্ণচন্দ্র মহারাজা ভাগ্যচন্দ্রের সহিত বন্ধুতা স্থাপন করিয়া তাঁহার শ্রীগোরাঙ্গ সেবায় আনন্দ প্রকাশ করিলেন এবং তাঁহার শ্রীবিগ্রহের মন্দিরাদি স্থাপনের জন্ম ঘোল বিধা পরিমিত স্থানকে “মণিপুর” নাম দিয়া, নামমাত্র জমায় ভাগ্যচন্দ্রকে বন্দোবস্ত করিয়া দিলেন। এইরূপে নবদ্বীপে “মণিপুর-কুঞ্জ” স্থাপিত হইল। শ্রীবিষ্ণু-প্রিয়ার সেবিত শ্রীগোরাঙ্গ বিগ্রহও কূপমধ্যে হইতে উত্তোলিত হইয়া প্রকাশ্য ভাবে স্থাপিত হইলেন।

শ্রীশ্রীগোবিন্দ-গৃহে গঙ্গা গোবিন্দ সিংহের শ্রীম-

ক ১৭২৪
 গৃঃ ১৭২২
 ১লা অগ্রহাষ

ন্দবর । শ্রীশ্রীগোবিন্দমহাপ্রভুর জন্মতিথি গঙ্গা-গর্ভে ময়
 ২৩য়ার ৪৫ বৎসর পর, দেওয়ান শ্রীগঙ্গাগোবিন্দ সিংহ
 অনেক অনুসন্ধানের দ্বারা বামচক্রপুরে এই স্থান আবিষ্কার
 করেন এবং এই স্থানের উপর নবরত্ন চূড়াবিশিষ্ট এক
 বৃহৎ শ্রীমন্দির নিৰ্ম্মাণ করিয়া শ্রীশ্রীরাধাবল্লভজীর শ্রীবিগ্রহ স্থাপন করেন ।
 তিনি এই মন্দিরে শ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর সেবিত শ্রীশ্রীগোবিন্দ বিগ্রহ স্থাপন
 করিবার চেষ্টা করিয়াছিলেন, কিন্তু সেবাইতিদ্বিগের আপত্তিতে রূতকাৰ্য্য
 হইতে পারেন নাই । কালে এই মন্দির গঙ্গাগর্ভে ময় ও প্রোথিত
 হইয়া যায় ।

মুড়গ্রামে শ্রীচৈতন্য চরণ গোস্বামী । পূৰ্ব্বো-

ক ১৭১৪
 গৃঃ ১৭২২

ল্লিখিত শ্রীগোর-সুন্দর গোস্বামীর পুত্র শ্রীপঞ্চানন গোস্বামীর
 পুত্ররূপে মুড়গ্রামে শ্রীচৈতন্য চরণ গোস্বামী জন্মগ্রহণ করেন ।
 চৈতন্যচরণের অনেক অলৌকিক প্রভাবের প্রবাদ অতাবধি
 মুড়গ্রামে প্রচলিত আছে । একদা তিনি শ্রীশ্রীরাধাবরণের শ্রীমন্দির
 প্রান্তে উপবেশন করিয়া মালারূপ কবিত্তেছেন, এমন সময় গলিত কুষ্ঠগ্রস্ত
 জনৈক গোপ আসিয়া তাঁহার চরণে পড়িয়া কাতব নিবেদন করিল যে
 তাঁহার শ্রীচরণোদক গ্রহণ করিলে সে ব্যাধিমুক্ত হইবে । অনন্তোপায়
 হইয়া গোস্বামী তাহাকে গোশালা হইতে শ্রীশ্রীরাধারমণের গাভীদোহন
 করিয়া আনিতে বলিলেন । গোপের দোহনভাও পাবণ করিবার ক্ষমতা
 না থাকায় যে ক্রন্দন করিতে লাগিল । গোস্বামী কিছু ছাই হাতে
 উঠাইয়া উড়া দ্বারা গোপকে নিজ হস্ত মর্দন করিতে বলিলেন । গোপ
 ঐরূপে করিবামাত্র সম্পূর্ণরূপে নিরোগি হইয়া পূর্ব শবীর প্রাপ্ত হইল এবং
 বংশ পরম্পরানুক্রমে শ্রীশ্রীরাধারমণ দেবের দুগ্‌দোহন কার্য্যে নিযুক্ত
 ইল ।

চৈতন্যচরণের তিন পুত্র, রাধা গোবিন্দ, গঙ্গা নারায়ণ ও দোলগোবিন্দ এবং চাৰি কন্যা । প্রথমা কন্যার বিবাহ কেচুনিয়ার পাটে শ্রীজাহ্নবা-পালিত শ্রীঠাকুর দাস ঠাকুরের বংশে, দ্বিতীয়া কন্যা গোবীপুরে শ্রীঅভিবামঠাকুরের শাখা গোস্বামী বংশে এবং তৃতীয়া কন্যা চন্দ্রমুখী দেবীর বিবাহ পাঁচতোপীতে শ্রীশ্রীনিবাসাচাৰ্য্য-শাখা শ্রীশ্রামদাস ঠাকুরবংশে গ্রন্থকাৰেণ পিতামহ শ্রীকৃষ্ণ সুন্দর ঠাকুরের সহিত হয় । রাধাগোবিন্দ ও গঙ্গানারায়ণের বংশধরেরা মৃড়গ্রামে বাস করিয়া অনুরাগের সহিত শ্রীশ্রীবাসবমণদেবের সেবা করিয়া আসিতেছেন । চৈতন্যচরণের প্রথমা কন্যার পৌত্র বিরক্ত বৈষ্ণব শ্রীগোৱকিশোর গোস্বামী মৃড়গ্রামে বাস করিতেছেন ।

পঞ্চম পরিচ্ছেদ ।

শ্রীভগবানদাস বাবাজী, শ্রীজগন্নাথ দাস বাবাজী ও

শ্রীচৈতন্যদাস বাবাজী ।

চিড়িয়া কুঞ্জের শ্রীসিদ্ধকৃষ্ণদাস বাবাজীর তিনটি শিষ্য । শ্রীবন্দাবনের চিড়িয়াকুঞ্জের শ্রীসিদ্ধকৃষ্ণদাস বাবাজী মহাশয়ের তিনটি প্রধান শিষ্য শ্রীভগবানদাস বাবাজী, শ্রীজগন্নাথদাস বাবাজী ও শ্রীচৈতন্যদাস বাবাজী একই সময়ে তিনটি ভাব অবলম্বন করিয়া ভজনসিদ্ধ হইলেন । তিন তিন প্রণালীতে ভজননিষ্ঠ হইলেও ইহারা পরস্পরে একাত্মা ছিলেন । শ্রীগোড়মণ্ডল ইহাদের প্রধান লীলাস্থলী এবং ইহাদের শাখা-প্রশাখা দ্বাৰা বর্তমান বৈষ্ণবজগত পরিব্যাপ্ত ।

শ্রীভগবানদাস বাবাজী। ইনি একমাত্র নামনিষ্ঠ ছিলেন এবং সৰসদা নাম জপ করিতেন। বৈষ্ণব-অধরামৃতে ইনি বিশেষ ভক্তিমান ছিলেন। শ্রীল জগদীশ পাণ্ডুরের শ্রীপাট যশোড়াগ্রামে গঙ্গাতীরে একটি কুটীরে কিছুকাল ভজন সাধন করিয়া ইনি শ্রীপাট অষ্টকা-কালনাথ আগমন করেন ও তথায় জীবনের শেষ দিবস পর্য্যন্ত অবস্থিতি করিয়া ১৮৮৫ খৃষ্টাব্দে সমাধিস্থ হইলেন। এই স্থানে ইঁহার সমাধি মন্দির ও ইঁহাব প্রতিষ্ঠিত শ্রীশ্রীনাম ব্রহ্মেব সেবা আছেন।

শ্রীজগন্নাথদাস বাবাজী। ইনি পবন বিধিনিষ্ঠ ছিলেন। দেহান্ত কাল পর্য্যন্ত একদিনের জগ্‌ও ইঁহাব আঙ্ককপূজা ও নিয়মনিষ্ঠাব কোন ব্যতিক্রম ঘটে নাই। ইঁহাব আদেশানুসারে অনেক উদাসীন শুদ্ধ ভক্ত শ্রীব্রহ্মপুত্র হইতে শ্রীগৌড়মণ্ডলে শুভাগমন করেন। তন্মধ্যে শ্রীগোরাকিশোর দাস বাবাজী মহাশয় উৎকট বৈবাগ্য ও শ্রীকৃষ্ণানুরাগের আদর্শ ছিলেন। ১৮১৬ শকাব্দায় ১৪ই ফল্গুন, সোমবার ফাল্গুনী শুক্লাপ্রতিপদ তিথিতে শ্রীজগন্নাথ দাস বাবাজী মহাশয় শ্রীধাম নবদ্বীপে অপ্রকট হইলেন।

শ্রীচৈতন্য দাস বাবাজী ইনি শ্রীধাম নবদ্বীপে শ্রীমন্নগপ্রভূব শ্রীমন্দিবে থাকিয়া শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া-বল্লভকে মধুর ভাবে ভজন করিয়া তাঁঁহার প্রেমসেবা করিতেন। জ্বালোকেব ছায় সকল সময়েই তাঁঁহার সলজ্জ ভাব এবং তিনি জ্বালোকেব মত বেশভূষা করিতেন। ইনি শ্রীধাম নবদ্বীপে উচ্চকণ্ঠে সৰসসমক্ষে “আমাব ভজন হলো সারা। গোবের কাস্তা আমি, কাস্ত আমার গোরা” ॥ এই কীর্তন গাহিতে গাহিতে অপ্রকট হইলেন।

শ্রীচৈতন্যদাস বাবাজী ও ভাগবত-ভূষণ।

জিরেট বলাগড় হইতে শ্রীভাগবত-ভূষণ ঠাকুর নবদ্বীপে আসিয়া
 শক ১৭১৪
 চৈতন্যদাস বাবাজী মহাশয়ের সহিত মিলিত হইলেন। সে
 খঃ ১৭২২
 সময়ে ভাগবতভূষণেব মত একনিষ্ঠ গোড়ভক্ত আর কেহ

ছিলেন না। ইহার নাম বামতন্ত্র মুখোপাধায়ে; নদীয়া জেলায় কোন পর্যাতে ইহাব জন্ম হয়। যৌবনেব প্রারম্ভে নিজ জ্যেষ্ঠ মহোদয়ের নিকট গোবিন্দে দাঙ্গিত হইয়া, রামতন্ত্র বাণাঘাটেব নিকট উলাগ্রামে শ্ৰীশ্রীশ্রী বাস কবিয়া শ্রীগৌরান্দ-ধর্ম প্রচার করিতে আরম্ভ করেন। বৈষ্ণবদেয়া শাক্তদিগের দ্বারা উৎপীড়িত হইয়া, তিনি উলাব বাস ত্যাগ করিয়া জিবাট বলাগড়ে নিজ ভগ্নপতির বাটতে আসিয়া বাস করিতে বাধা করেন এবং তথায় কয়েকটি শুদ্ধ গোবিন্দ সংগ্রহ কবিয়া শ্রীগৌরান্দ ভজন করিতে থাকেন। নবদ্বীপে আসিয়া ভাগবত-ভূষণ, শ্রীচৈতন্যদাস বাবাজী মহাশয়ের সহিত মিলিত হইলেন। বাবাজীমহাশয় ভাগবত-ভূষণকে প্রথম দর্শনাবধি দুশ্চেষ্ট প্রেমডোবে বাঁধিয়া ফেলিলেন এবং উভয়ে একত্রে শ্রীগৌরান্দ-ভজন করিতে লাগিলেন।

শ্রীজিয়ড় নৃসিংহ ঠাকুর। শ্রীচৈতন্যদাস বাবাজী মহাশয় ভাগবত-ভূষণের সহিত জিরেট বলাগড়ে আসিলেন এবং তথায় ভাগবত-ভূষণের বন্ধু গৌরগত-প্রাণ শ্রীজিয়ড় নৃসিংহ ঠাকুরের সহিত মিলিত হইলেন। শ্রীশ্রীগৌরান্দ মহাপ্রভুর এই রসিক ভক্তের নাম জিয়ড় নৃসিংহ ঠাকুর, নিবাস বদ্ধমান জেলায়। বদ্ধমানের জজ আদালতে হান একজন পদস্থ কন্সচারী ছিলেন এবং সংসাব ত্যাগ করিয়া কাণে একরূপ উচ্চশ্রেণীর ভক্তে উন্নত হইয়াছিলেন যে শ্রীচৈতন্যদাস বাবাজী মহাশয়ও হাজার নিকট নাগরীভাবে শ্রীগৌরান্দ-ভজন শিক্ষা করিয়াছিলেন। শ্রীচৈতন্যদাস বাবাজী, শ্রীভাগবত-ভূষণ ও জিয়ড় নৃসিংহ ঠাকুরের স্ত-সম্মিলনে প্রেমের তরঙ্গ উঠিল—জিবেট, বলাগড়, নবদ্বীপ, বদ্ধমান এবং তৎসঙ্গে সমগ্র রাঢ় দেশ শ্রীশ্রীগৌরান্দ-প্রেমভক্তিব তরঙ্গে ডুবু ডুবু হইল। ভাগবত-ভূষণ সমগ্র বঙ্গদেশে শ্রীগৌরান্দ ধর্মপ্রচার ও শ্রীগৌব মন্ত্রে দীক্ষাদান করিতে লাগিলেন। তাঁহার শিষ্য-শাখায় দেশ পরিব্যাপ্ত হইয়া পড়িয়াছিল।

নবদ্বীপে প্যারি ও সখিমাতা । শ্রীচৈতন্যদাস বাবাজী

মহাশয়ের বৈমাতৃক বালবিধবা ভগিনী প্যারি ও তাঁহার বিধবা
শক ১৭১৫ ননদিনী সখিমাতা দেশত্যাগ করিয়া নবদ্বীপে আগমন
খঃ ১৭২৩ করিলেন এবং বাবাজী মহাশয়ের সেবা-পরিচর্যা ও তাঁহাব

নিকট গৌরমন্ত্রে দীক্ষিত হইয়া ভজন সাধন করিতে লাগিলেন । মাধুকরী
কন্দিয়া ইহারা জীবিকা-নির্বাহ করিতেন এবং মাধুকরী-লক্ষ ভিক্ষাংশেব
দ্বাৰা বাবাজী মহাশয়ের সেবা করিতেন । ইহারা উভয়েই কালে শ্রীগোরাঙ্গ
ভজনের সৰ্ব্বোচ্চ স্তরে উন্নীত হইয়াছিলেন ।

বিলাপ-কুম্মাঞ্জলীর পদ্যানুবাদ । শ্রীখণ্ডবাসী

শক ১৭১৫ কবি শ্রীকৃষ্ণচন্দ্র দাস শ্রীরঘুনাথ দাস গোস্বামীৰ রচিত
খঃ ১৭২৩ “বিলাপ-কুম্মাঞ্জলী” স্তবের ভাষায় পদ্যানুবাদ করেন ।

শক ১৭১৬ **পদকর্ত্তা কৃষ্ণপ্রসাদ ।** পদকর্ত্তা শ্রীকৃষ্ণপ্রসাদ
খঃ ১৭২৪ ঘোষ লক্ষ্যব জন্মগ্রহণ করেন ।

অহল্যাবাইয়ের দেহত্যাগ । দেবী অহল্যাবাই

শক ১৭১৭ ৬০ বৎসর বয়সে স্বৰ্গলাভ করেন । শ্রীবন্দ্যবনে ইহাব
খঃ ১৭২৫ কীর্ত্তিব কথা পুঁকে উল্লিখিত হইয়াছে ।

বাগবাজারে শ্রীশ্রীমদনমোহন । বিষ্ণুপুরের শেষ

স্বাধীন রাজা শ্রীচৈতন্যসিংহ নানা কাৰণে ঋণগ্রস্ত হইয়া,
শক ১৭১৭ কলিকাতা বাগবাজারের গোকুল মিত্রের নিকট শ্রীমদন
খঃ ১৭২৫ মোহন জাঁউকে লক্ষ্যধিক টাকায় আবদ্ধ রাখেন । আব

এই ঋণ শোধ করিতে পারেন নাই । তদবধি শ্রীশ্রীমদনমোহন জাঁউ
বাগবাজারে অবস্থান করিতেছেন ।

কৃষ্ণ-ঘাত্রার গোবিন্দ অধিকারী । হুগলী

জেলা মধ্যস্থ খানাকুল-কৃষ্ণনগরের নিকট জাহ্নিপাড়া গ্রামে

শক ১৭১৯ “জাতি বৈরাগী” কুলে শ্রীগোবিন্দ অধিকারী জন্মগ্রহণ
খৃঃ ১৭৯৭ কবেন। ইনি নিজে দ্বিতীয় বেশে আসরে নামিতেন।

শক ১৭১৯ মহারাজা কৃষ্ণচন্দ্রের স্ত্রী।
খৃঃ ১৭৯৭ নবদ্বীপাধিপতি মহারাজ কৃষ্ণচন্দ্র দেহত্যাগ করিলে
তদীয় পুত্র শিবচন্দ্র রাজ্যলাভ কবেন।

শক ১৭২৪ ইংরাজ অধিকারে মথুরা-মণ্ডল।
খৃঃ ১৮০৩ মথুরা-মণ্ডল ব্রিটিশ অধিকারে আইসে।

শক ১৭২৪ আনন্দচন্দ্র শিবোমণির জন্ম।
শ্রাবণ। “সুবল-সংবাদ” “অক্রুব-সংবাদ”, “কলঙ্ক-ভঞ্জন,” “উদ্ধৃ-
খৃঃ ১৮০৩ সন্দেশ” গ্রন্থ-বচয়িতা ভট্টপল্লী-নিবাসী শ্রীআনন্দচন্দ্র শিবোমণ
জন্মগ্রহণ কবেন।

শ্রীকৃষ্ণকমল গোস্বামী। শ্রীশ্রীগোরাঙ্গ-পার্শ্বদ শ্রীসদাশিব

শক ১৭৩২ কবিরাজের বংশধর শ্রীকৃষ্ণকমল গোস্বামী নন্দায়া
খৃঃ ১৮১০ জেলায় ভাজনঘাটে জন্মগ্রহণ কবেন। সপ্তম-বর্ষ
বয়সে শিশু কৃষ্ণকমল পিতার সহিত শ্রীবৃন্দাবনে গিয়া
ব্যাকরণাদি পাঠ কবেন এবং ত্রয়োদশবর্ষ বয়সে দেশে প্রত্যাগত হইয়া
নবদ্বীপের টোলে পাঠ সাঙ্গ করেন। তথায় “নিমাই-সন্ন্যাস” যাত্রাব
অভিনয় করিয়া কৃষ্ণকমল নন্দায়াবাসীদিগকে মুগ্ধ করিয়াছিলেন।
পিতৃবিয়োগের পর তিনি ঢাকায় আঁসিয়া বাস করেন এবং “স্বপ্ন-বিলাস”
“বিচিত্র-বিলাস” “নন্দ-হরণ” “সুবল-সংবাদ” ও “রাই-উম্মা’দনী” প্রভৃতি
যাত্রাব পালা রচনা কবেন। ঢাকায় তিনি “বড় গোসাই” দ্বারা
পরিচিত ছিলেন।

স্বন্দাবনে লালাবাবুর কুঞ্জ। শ্রীবৃন্দাবনে আঁসিয়া

লালাবাবু পঁচিশলক্ষ টাকা ব্যয়ে শ্রীমন্দির ও তৎসহ অতিথি-
 শক ১৭৩২ শালা নির্মাণ করিলেন এবং বার্ষিক ২৪ হাজার টাকা
 খৃঃ ১৮১০ লাভেব জমিদারী খরিদ করিয়া, এই মন্দির ও অতিথিশালায়
 ব্যয় নির্বাহেব জন্ত দান করিলেন । কুঞ্জমধ্যে শ্রীমন্দিরে শ্রীশ্রীকৃষ্ণচন্দ্রমা
 ও শ্রীবাধিকা বিগ্রহ প্রাতিষ্ঠা করিলেন । এই শ্রীবিগ্রহের মত বড় মূর্তি
 বৃন্দাবনে আর নাই ।

খানাকুলে শ্রীমন্দির । হুগলী জেলায় আবামবাগ-
 সন্নিকট মাদবপুরবাসী পুণ্ডরীকাক্ষ-নামক জনৈক ধনবান
 শক ১৭৩৪ ভক্ত শ্রীঅভিবাম ঠাকুরেব শ্রীপাট খানাকুল-কৃষ্ণনগরে
 খৃঃ ১৮১২ অভিরাম ঠাকুরের সেবিত শ্রীশ্রীগোপীনাথ জাঁউর বর্তমান
 শ্রীম নর নির্মাণ করিয়া দেন ।

শ্রীজগদীশ-পণ্ডিত-চরিত রচনা । শ্রীশ্রীমহাপ্রভুর
 স্বপ্নাদেশে কবি শ্রীজ্ঞানন্দচন্দ্র দাস শ্রীশ্রীগোরাঙ্গ-পার্শ্বদ
 শক ১৭৩৭ শ্রীজগদীশ পণ্ডিতের চরিত্র-বর্ণনা-মূলক “শ্রীজগদীশ পণ্ডিত-
 খৃঃ ১৮১৫ চরিত” নামক গ্রন্থ রচনা করেন । ইনি শিষ্যপর্য্যায়ে
 শ্রীজগদীশ পণ্ডিতেব ষষ্ঠ-স্থানীয় ।

শ্রীকৃষ্ণদাস বাবাজীর আবির্ভাব । শ্রীহট্ট
 জেলায় দুলতলা বাজাবের নিকটবর্তী স্থানে, নবশাখ বারুই
 শক ১৭৪০ কুলে শ্রীসিদ্ধচৈতন্যদাস বাবাজী মহাশয়ের শিষ্য শ্রীকৃষ্ণদাস
 কাষ্ঠিকী পূর্ণমাত্রা বাবাজী মহাশয় জন্মগ্রহণ করেন । ইহার পূর্ননাম শ্রীকেশব ।
 খৃঃ ১৮১৮ বাল্যকাল হইতেই ইনি বৈষ্ণব ধর্মে বিশেষ অনুরক্ত ছিলেন
 এবং দার পরিগ্রহ করিয়া ত্রিশবর্ষ পর্য্যন্ত সংসাবাশ্রমে বাস করিয়াছিলেন ।

বৃন্দাবনে শ্রীশ্রীগোবিন্দদেবের বর্তমান

শ্রীমন্দির নির্মাণ। চাঁকিষপারগণা জেলার জয়নগর-
শক ১৭৪১ সন্নিকট বড় গ্রামেব বৈষ্ণব জমীদার শ্রীমন্দির
পৃঃ ১৮১০ বসু বৃন্দাবনে শ্রীগোবিন্দ দেবেব বর্তমান শ্রীমন্দির নির্মাণ
করিয়া দেন। বর্তমান কালে নানাদেশেব ধনী ভক্তেব দ্বারা এই শ্রীমন্দিরেব
অনেক অঙ্গ প্রত্যঙ্গ রুদ্ধ প্রাপ্ত হইয়াছে।

লালাবাবুর তিরোভাব। শ্রীগোবিন্দনবাসী পবন
শক ১৭৪০ বিবজ্ঞ প্রসিদ্ধ শ্রীকৃষ্ণদাস বাবাজীব নিকট দীক্ষা গ্রহণ করিয়া
পৃঃ ১৮০১ গালাবাবু বৃক্ষতলে বাস করিতেন এবং মাধুকরী করিয়া
জীবিকা-নির্বাহ করিতেন। একদা শ্রীগোবিন্দন-পথে অশ্ব-
পদাঘাতে তাঁহাব জীবনান্ত হইলে সেই স্থানেই তাঁহাকে সমাধিস্থ কবা
হয়।

**বৃন্দাবনে শ্রীশ্রীমদনমোহনজীর বর্তমান
মন্দির নির্মাণ।** চাঁকিষ-পারগণা জেলাব
শক ১৭৪৫ বড় গ্রামের জমীদার শ্রীমন্দির বসু বৃন্দাবনে শ্রীশ্রীমদন-
পৃঃ ১৮২৩ মোহনজীব বর্তমান শ্রীমন্দির নির্মাণ করিয়া দেন।

**বনোয়ারিবাদে বড় ও ছোট ছজুরের
দেহত্যাগ।** বনোয়ারিবাদের প্রসিদ্ধ বৈষ্ণব রাজা
শক ১৭৪৬ বনোয়ারিদেব (বড়ছজুর) ও কিশোরদেব (ছোটছজুর)
পৃঃ ১৮২৪ দেহত্যাগ কবেন। বনোয়ারিবাদে ইহাদের বৈষ্ণব-কীর্তি
হংসাদিগকে চিবস্বলীয় করিয়া বাখিয়াছে।

বৃন্দাবনে শ্রীজীর মন্দির নির্মাণ।
শক ১৭৪৮ জয়পুরের পাটরাণী শ্রীমতী আনন্দকুমাৰী দেবী বৃন্দাবনে
পৃঃ ১৮২৬ শ্রীজীব বর্তমান শ্রীমন্দির নির্মাণ করিয়া দেন।

শ্রীরাধারমণ চরণদাস দেবের আবির্ভাব।

শক ১৭৫৫
১৮ত্ৰ শুক্লা
ত্রয়োদশী
খৃঃ ১৮৩৩

যশোহর জেলাসুগর্ত নড়াইল মহকুমাধীন মহিষাখোলা গ্রামে, সম্রাস্ত দক্ষিণবাটা কুলীন কায়স্থ ঘোষবংশে, শ্রীযুক্ত মোহন চন্দ্র ঘোষ ও শ্রীমতী কনক সুন্দরী দাসীৰ পুত্ররূপে শ্রীরাধা-রমণ চরণদাস দেব আবির্ভাব হয়েন। পিতামাতা হ'হার নাম রাখিয়া ছিলেন শ্রীমান্ রাইরচণ ঘোষ। জয়পাশা গ্রামবাসী শ্রীযুক্ত মঙ্গলচন্দ্র দত্ত মহাশয়ের কন্যা শ্রীমতী স্বর্ণময়ী দেবীৰ সহিত রাই চরণেৰ প্রথম বিবাহ হয় ও পরে ফরিদপুর জেলাসুগর্ত ঘোড়াখালি গ্রামে দ্বিতীয়বার বিবাহ করিয়া তথায় শস্তুরালয়ে বাস কবেন এবং এই সময় পুলনা জেলায় মুলগড়বাসী শ্রীযোগেন্দ্রনাথ ভট্টচার্যেৰ নিকট দীক্ষামস্ত্র গ্রহণ কবেন। কিছুকাল মামুদপুর জমিদারী কাছাৰাতে নায়েবীর কার্য করিয়া, দেবীর স্বপ্নাদেশে রাই চরণ গৃহত্যাগ কবেন ও অযোধ্যায় সবয়তীবে সিন্ধুগুরু শ্রীশঙ্করারণা পূবীর (পূৰ্ব্বাশ্রমেৰ নাম শ্রীযোগেন্দ্রনাথ গোস্বামী, নিবাস খড়দহ) রূপালাভ কবিয়া তাঁহার নিকট দীক্ষামস্ত্র গ্রহণ করেন; পবে শ্রীবৃন্দাবনাদি নানা তীর্থ পরিভ্রমণেৰ পবে শ্রীধাম নবদ্বীপে আগমন কবেন। নবদ্বীপে হইতে শ্রীনীলাচলে গমন কৰেণ ও তথায় বহুকাল ভজন সাধন কবিয়া নবদ্বীপে প্রত্যদৃত হইয়া শ্রীপাদ গৌরহরদাস মহাপুত্র (শ্রীসিন্ধু জগন্নাথ দাস বাবাজী মহাশয়েৰ শয়্য) মহাশয়েৰ নিকট বেধাশয় ও "শ্রীরাধারমণ চরণদাস বাবাজী" নাম গ্রহণ করেন।

হরিন-লীলা-শিখরিনী-প্রণেতা ঈশ্বর চন্দ্র।

শক ১৭৫৭
খৃঃ ১৮৩৫

ঢাকা জেলায় মুকসুদপুর গ্রামে সম্রাস্ত সাহাবংশে কবি ঈশ্বর চন্দ্র মুসী জন্মগ্রহণ কবেন। কাব্য ও সঙ্গীত রচনায়, শ্রীকৃষ্ণ কমল গোস্বামী ঈশ্বর চন্দ্রেৰ শিক্ষাগুরু ছিলেন। ঈশ্বরচন্দ্রেৰ রচিত "হরিন-লীলা-শিখরিনী"

নামক পদাবলী গ্রন্থ তাঁহার শ্রীশ্রীরাধাকৃষ্ণে অসাধারণ প্রেম-ভক্তির পরিচায়ক ।

দ্বীতাবলী-রচয়িতা দ্বীতাম্বর দে । “গীতাবলী”-
শক ১৭৬০ রচয়িতা শ্রীপীতাম্বর দে বাবভূম জেলায় বোলপুর চৌকায়
খৃঃ ১৮৩৮ অন্তর্গত জলুবাঙ্গাব গ্রামে জন্মগ্রহণ করেন ।

শ্রীকৈদার নাথ ভক্তিবিনোদ । কলিকাতা রাম-
বাগানের বিখ্যাত দত্ত (কায়স্থ) পরিবারে, ভক্ত শ্রীকৈদার
শক ১৭৬০ নাথ দত্ত মহাশয় ১৭৬০ শকাব্দার জন্মগ্রহণ করেন । ডেপুটি
খৃঃ ১৮৩৮ মাজিষ্ট্রেট পদে বৃদ্ধকাল পর্যন্ত নিযুক্ত থাকিয়া ইনি ভক্ত-
শাস্ত্রের বিশেষ চর্চা করেন । শ্রীপাট বাঘনাপাড়ার শ্রীবংশীবদন ঠাকুর
বংশীয় শ্রীপাদ বিপিনবিহারী গোস্বামীর নিকট ইনি দীক্ষা গ্রহণ করেন ও
শেষজীবনে বেধাশ্রয়ে পব “ভক্তি বিনোদ ঠাকুর” নামে পরিচিত হইয়া
বর্ণাশ্রম নীকশেষে অনেকগুলি মন্ত্রশিষ্য করেন । ভক্তি-ধর্ম ও অনেকগুলি
ভক্তিগ্রন্থ প্রচার করিয়া, ১৯১৪ খৃষ্টাব্দে জুনমাসে ইনি কলিকাতায় দেহত্যাগ
করেন । বৈষ্ণব-সংশ্রান্ত-বিরোধীদিগের কুহক-জাল হইতে বিমুক্ত বৈষ্ণব
ধর্মকে উদ্ধার করিয়া, বর্তমান শিক্ষিতসমাজে যাহারা শুদ্ধ ভক্তি-ধর্ম
প্রচারে প্রয়াস পাইয়াছেন তাঁহাদের মধ্যে ইহার নাম বিশেষ উল্লেখযোগ্য ।

শ্রীবনোদ্ধারিলাল সিংহজী মহাশয় । মূর্খদাবাদ
জেলায় কান্দী মহকুমাস্তর্গত পাঁচতোপী গ্রামে সন্ন্যাস্ত উত্তব-
শক ১৭৬০ রাঢ়ী কায়স্থকূলে রাঢ়ের উজ্জ্বলতম রত্ন প্রেমিক ভক্ত
খৃঃ ১৮৩৮ শ্রীবনোয়ারি লাল সিংহজী মহাশয় ১৭৬০ শকে জন্মগ্রহণ
আষাঢ় । করেন । বাল্যেই ইহার বৈবাগ্যোদয় হইলে, স্বগ্রামশাধা
একনিষ্ঠ পরমভক্ত সুপাণ্ডিত ও মনোহরসাহী কীর্তনের সুগায়ক শ্রীকৃষ্ণ-
দয়াল চন্দ্রজী মহাশয়ের সুসঙ্গে, ইহার বৈরাগ্য ও প্রেমভক্তি পুরিপুষ্ট হইয়া

উঠে । পরে নিজালায়ে শ্রীশ্রীহরিবাসর প্রতিষ্ঠা করিয়া, স্বগ্রাম ও পাশ্ববর্তী গ্রামের বহু শুদ্ধভক্তের এক মহাসাম্মিলনী গঠন করিয়া ইনি সমগ্র রাঢ় মণ্ডলে প্রেমের প্রবল তরঙ্গ উঠাইয়াছিলেন । বৈষ্ণব সেবা ও অতিথি সংকার এই মহাপুরুষের মহাব্রত ছিল । তাঁহার প্রকট কালে শ্রীব্রজমণ্ডল, শ্রীনীলাচল ও শ্রীগোড়মণ্ডলের অসংখ্য উদাসীন সাধু বৈষ্ণব তাঁহার আলায়ে শুভাগমন করিয়া, পরমাদরে আশ্রয়প্রাপ্ত হইয়া ভজন সাধন করিতেন । দশ, পনের মুক্তি শ্রীবৈষ্ণব প্রত্যহই তাঁহার আলায়ে উপস্থিত থাকিতেন ; ইহাদেব ভজনসাধন ও কীড়নানন্দে সমগ্র গ্রামটি গোলকের আনন্দ-সুধায় পরিপ্লুত হইত । জীবাধম গ্রহকাবের পিতৃদেব শ্রীনন্দচুলাল মহাস্তাঠাকুরের সহিত এই মহাপুরুষেব প্রেম-সৌহাদ্য অতীতের সেই সুদিনের শ্রীনরোত্তম ঠাকুর ও শ্রীরামচন্দ্র কবিরাজের সমপ্রাণতার দৃষ্টান্ত স্বরূপ গ্রহণ করা যাইতে পারে । সিংহজী মহাশয়ের অপ্রকটের নয় বৎসর পরে, তাঁহার পবিত্র আলায়ে অতি আশ্চর্যরূপে দেহত্যাগ করিয়া, মহাস্ত মহাশয় এই প্রেমের গভীরতার পরিচয় দিয়া গিয়াছেন ।

মহাত্মা শিশির কুমার ঘোষ । যশোহর জেলায়

মাগুরা গ্রামে সজ্জাস্ত জনীদার কায়স্থকুলে শ্রীহরিনারাষণ
শক ১৭৬১ ঘোষের পুত্ররূপে মহাত্মা শিশির কুমার ঘোষ ১৭৬১ শকে
শ্রাবণ জন্মগ্রহণ করেন । তাঁহার মাতৃদেবীর প্রতি শিশির কুমার
বৃ: ১৮৩২ প্রগাঢ় ভক্তিমান ছিলেন এবং তাঁহার নামের স্মৃতিরক্ষা

করিবার জন্ত স্বগ্রামে “অমৃত বাজার” নামে বাজার, ডাকঘর ও দাতব্য বিদ্যালয় স্থাপন করিয়াছিলেন । তদবধি এই গ্রাম “অমৃত বাজার” নামে পরিচিত হয় । ধর্মজীবনের প্রথমভাগে শিশির কুমার প্রেমালুরাগে শ্রীভগবদর্শন লালসায় ব্যাকুল হইয়া ব্রাহ্মধর্ম অবলম্বন করেন । কিন্তু ইহাতে তৃপ্তিলাভ করিতে না পারিয়া অল্পকাল মধ্যেই, শ্রীশ্রীমহাপ্রভু-

প্রদর্শিত বৈষ্ণব ধর্মগ্রহণ করেন এবং বৈষ্ণব সংশাস্ত্র-বিবোধীদিগেব কৃতক জাগ্রত হইতে বিশুদ্ধ বৈষ্ণব ধর্মকে উদ্ধার করিয়া শিক্ষিত সমাজকে বৈষ্ণবধর্মে আকৃষ্ট করেন । শ্রীচয় গোস্বামীদিগের শ্রীপদাঙ্কানুসরণ কবিত্তে গিয়া শিশিরকুমার গোপীভাবে শ্রীকৃষ্ণ প্রেমারসাস্বাদনে পিত্তের হইয়া উঠেন । শ্রীশ্রীগৌর-গোবিন্দ লীলা ও তত্ত্ব জগদ্বাসীকে বুঝাইবার জন্য অতি সরল, সুমধুর, অমিয়মাখা ভাষায় “শ্রীঅমিয়-নিমাই-চবিত” গ্রন্থ প্রচারিত করিয়া শিশির কুমার শ্রীশ্রীগোরাঙ্গপার্বদ শ্রীনবহাব ঠাকুর মহাশয়ের ভবিষ্যদ্বাণী “গৌরলীলা লিখিবে যে, এখনো জন্মেনি সে, জন্মিতে বিলম্ব আছে বহু” সফল করিয়া গিয়াছেন ।

শ্রীবিজয় কৃষ্ণ গোস্বামী প্রভুর আবির্ভাব ।

শ্রীধাম শান্তিপুত্রের শ্রীশ্রীঅদ্বৈতাচার্য্য প্রভুর বংশে শ্রীআনন্দ শক ১৭৬৩
খৃঃ ১৮৪১
কিশোর গোস্বামীর পুত্ররূপে আচার্য্য বিজয় কৃষ্ণ জন্মগ্রহণ করেন । আনন্দ কিশোর গোস্বামী অসাধারণ নিষ্ঠাবান ভক্ত ছিলেন । ভোগবন্ধনের কাষ্ঠগুলি পর্যন্ত তিনি গঙ্গাজলে ধুইয়া লইতেন বলিয়া লোকে তাঁহাকে “লাকড়ী ধোয়া গোসাই” বলিত । তিনি তাহাব শ্রীশালগ্রাম শিলা গলদেশে বন্ধন করিয়া, সাষ্টাঙ্গ প্রণাম করিতে করিতে একবৎসবে নীলাচলে উপনীত হইয়াছিলেন ।

ব্রন্দাবনে লীলাবাবুর সমাধি । শ্রীব্রন্দাবনে

লালাবাবুব সমাধি নিম্নত হয় । ব্রজবাসী ও বৈষ্ণবদিগেব শক ১৭৬৪
খৃঃ ১৮৪৩
পদবজ পড়িবে বলিয়া, সমাধিব উপব কোন মন্দিরাদি নিম্নিত হয় নাই ; হষ্টকদিয়া সামান্য ভাবে একটি বেদী নিম্নিত হইয়াছিল ।

চৈতন্য-লীলামৃত-প্রণেতা জগদীশ্বর গুপ্ত ।

শক ১৭৬৭ “চৈতন্য-লালামৃত”প্রণেতা শ্রীব্রজদীপ্বর গুপ্ত শ্রীখণ্ডে খৃঃ ১৮৪০ বৈষ্ণবংশে জন্মগ্রহণ করেন ।

নবদ্বীপে কৃষ্ণদাস বাবাজী। ত্রিশবৎসব

সংসাবাশ্রমে বাসেব পর, কৃষ্ণদাস নবদ্বীপে আসিয়া সিদ্ধ
 শক ১৭৭০
 খৃঃ ১৮৪৮
 চৈতন্য দাস বাবাজী মহাশয়ের নিকট দীক্ষিত হইলেন।
 নিবাহিত পত্নী আছেন জানিতে পারিয়া বাবাজী মহাশয়
 কৃষ্ণদাসকে গৃহে প্রত্যাভর্জন করিতে আজ্ঞা করেন। গৃহে ফিবিয়া কৃষ্ণদাস
 দশ বৎসর কাল সাধন ভজন করেন।

পণ্ডিত শ্রী বসিকমোহন বিদ্যাভূষণ। ১৭৭০

শকে অগ্রহায়ণ মাসে শ্রীশ্রীনবাসাচার্য্য প্রভূ মধ্যমী কল্প
 শক ১৭৭০
 খৃঃ ১৮৪৮
 শ্রীমতী কৃষ্ণপ্রিয়া দেবীর বংশে পণ্ডিত বসিক মোহন
 বিদ্যাভূষণ মহাশয় জন্মগ্রহণ করেন। মনিপুৰ-নিবাসী
 রামকৃষ্ণ ও কুমদ চট্টরাজ দুই মহোদব শ্রীআচার্য্য প্রভূ মন্ত্রশিষ্য ছিলেন।
 কুমদেব পুত্র শ্রীচৈতন্য চট্টরাজ কৃষ্ণপ্রিয়া দেবীর পাণিগ্রহণ করেন।
 বসিকমোহনেব প্রপিতামহ পণ্ডিত শ্রীহনন্তরাম চট্টরাজ বীরভূম জেলায়
 ভূমাদিকারী ছিলেন। বসিকমোহন তদীয় সুপণ্ডিত পিতাব নিকট
 শ্রীমদ্ভাগবতাদি অধ্যয়ন করিয়া তাঁহার নিকটেই দীক্ষিত হইলেন। তৎপরে
 কলিকাতা সংস্কৃত কলেজে নানাবিধ দর্শনশাস্ত্র অধ্যয়ন করিয়া বৈষ্ণব
 শাস্ত্রে মনোনিবেশ করেন। নবদ্বীপে ত্রায়শাস্ত্রেব পণ্ডিত-প্রবর শ্রীভূবন
 মোহন বিদ্যারত্নেব নিকট ত্রায়শাস্ত্রাধ্যয়ন কালে ইনি “বিদ্যাভূষণ” উপাধি
 প্রাপ্ত হইলেন। সুপ্রসিদ্ধ “আনন্দ বাজাব বিষ্ণুপ্রিয়া” শ্রীপত্রিকার ক্রমাগত
 ২২ বৎসব কাল সম্পাদকতা করিয়া ইনি বৈষ্ণব সমাজে সুপরিচিত হইলেন
 এবং পবে “শ্রীবায় বামানন্দ” “গভীরায় শ্রীগৌরানন্দ” “স্বরূপ দামোদর”
 “শ্রীকৃষ্ণ-মাধুবী”, “শ্রীমদ্রাস গোস্বামী”, “নীলাচলে ব্রজমাধুবী” প্রভৃতি
 বহু অমিয়মঃখা শ্রীশ্রীগৌরগোবিন্দ লীলা ও তত্ত্বগ্রন্থ প্রকাশ করিয়া
 বৈষ্ণব মাত্রেবই প্রগাঢ় শ্রদ্ধা ও ভক্তিভাজন হইয়াছেন।

শ্রীশ্রীন্দুলাল মহাস্ত ঠাকুর । মুর্শিদাবাদ জেলাস্তর্গত

শক ১৭৭১

খৃঃ ১৮৪০

১ই কার্তিক

কান্দী মহাকুমারীণ পাঁচতোপী গ্রামে শ্রীশ্রীনিবাসাচার্য-শাখা

সিদ্ধ শ্রামদাস ঠাকুর-বংশে, গ্রন্থকারের পিতৃদেব শ্রীশ্রীন্দুলাল

মহাস্ত ঠাকুর ১৭৭১ শকে জন্মগ্রহণ করেন । তাঁহার জননী

শ্রীমতী চন্দ্রমুখী দেবী শ্রীশ্রীবসু-জাহ্নবা-জনক শ্রীসূর্য্যদাস

পণ্ডিত-বংশীয় মৃডগ্রামবাসী সিদ্ধ শ্রীচৈতন্যচরণ গোস্বামীর কন্যা ।

আশৈশব বৈষ্ণব-সঙ্গ, উৎকট বৈরাগ্য, ধর্ম্মচক্ষায় প্রবল আসক্তি ও

ধর্ম্ম-প্রাণতার জন্ত ইনি জনসমাজে “মহাস্ত মহাশয়” নামে পরিচিত ছিলেন ।

স্বনামধন্ত বৈষ্ণব-চুড়ামণি শ্রীবনোয়ারি লাল সিংহজী মহাশয় পাঁচতোপী

গ্রামে একটি আদর্শ বৈষ্ণব সমাজ গঠন করিয়া যে প্রেমের তবঙ্গ তুলিয়া

ছিলেন, তাহা প্রধানতঃ মহাস্ত মহাশয়েরই উত্তম ও চেষ্টার ফল । উভয়ে

উভয়কে বড় ভাল বাসিতেন এবং উভয়েই তাঁহাদের জীবন বৈষ্ণব

ধর্ম্মানুষ্ঠানে উৎসর্গ করেন । পাঁচতোপীর বর্ত্তমান বৈষ্ণব-সমাজ

তাঁহাদেবই সমবেত চেষ্টার ফল ।

এড়িয়াদহে শ্রীশ্রীরাধাকান্ত জীউ । কলিকাতার

শক ১৭৭১

খৃঃ ১৮৪০

৩১৭ মাইল উত্তরে গঙ্গাতীরে শ্রীশ্রীনিত্যানন্দ-পার্বদ শ্রীদাস

গদাধরের শ্রীপাট এড়িয়াদহে কলিকাতার ধনী ভক্ত

শ্রীমধুসূদন মল্লিক শ্রীশ্রীরাধাকান্ত দেবের সেবা প্রকাশ

করেন । তদবধি তাঁহার বংশধরদিগের দ্বারা এই শ্রীপাটের যথেষ্ট উন্নতি

সাধিত হইয়াছে । এই শ্রীপাটের আদি শ্রীবিগ্রহ প্রায় ৮০ বৎসর পূর্বে

স্থানান্তরিত হইয়াছেন । সে সময় শ্রীপাটের অবস্থা শোচনীয় ছিল ।

পালপাড়ায় শ্রীমহেশ পণ্ডিতের শ্রীপাট ।

শক ১৭৭২

খৃঃ ১৮৫০

গোপাল শ্রীমহেশ পণ্ডিতের শ্রীপাট মশিপুর গঙ্গাগর্ভে মগ্ন

হইল, তাঁহাব সেবিত শ্রীশ্রীনিতাই-গৌব শ্রীবিগ্রহ

বেলেডাঙ্গায় স্থানান্তরিত হইলেন । কালে এই স্থানও গঙ্গায়

মথ হটলে, নদীয়া জেলায় পালপাড়া নিবাসী শ্রীনবকুমার চট্টোপাধ্যায় স্বীয় গ্রামে শ্রীবিগ্রহাদিগকে আনয়ন করিয়া সেবার ব্যবস্থা করেন। সেই অবধি মহেশ পণ্ডিতের শ্রীপাট পালপাড়ায় হইয়াছে। পালপাড়া ই, বি, আর চাকদহ স্টেশন হইতে একমাইল দক্ষিণ। অগ্রহায়ণ মাসেব কৃষ্ণ ত্রয়োদশীতে মহেশ পণ্ডিতের তিবোভাব উৎসব হইয়া থাকে।

ব্রন্দাবনে শেঠেদের মন্দির। পর্য্যতাল্লিশ লক্ষটাকা

শক ১৭৭০

খঃ ১৮৫১

ব্যয়ে সাতবৎসবে এই সুবৃহৎ মন্দির নির্মিত হইয়াছিল। ব্রন্দাবনে শেঠেদের আদিপুরুষ শ্রীগোকুলদাস পাবকজী গোয়ালিয়র-বাজের কোষাধ্যক্ষ ছিলেন। শেষজীবনে গোকুলদাস অতুল ধনসম্পত্তি লইয়া মণুবায় আসিয়া বাস করেন। তিনি নিঃসন্তান ছিলেন ; মণিবাম নামক তাঁহার এক কন্যাতরীষ পুত্র লছমী চাঁদকে পোষ্য গ্রহণ করিয়া, মৃত্যুকালে মণিবামকে তাঁহার অতুল সম্পত্তির অধিকারী করিয়া যান। মণিবামের অপর ছই পুত্র রাধাক্ষণ ও গোবিন্দ দাস গোপনে জৈন ধর্ম ত্যাগ করিয়া বৈষ্ণব ধর্মে দীক্ষিত হইলেন এবং এই মন্দির নিৰ্ম্মাণ আৰম্ভ করেন। এই ব্যাপার অবগত হইয়া লছমী চাঁদও বৈষ্ণব মতে দীক্ষিত হইয়া, এই মন্দির নিৰ্ম্মাণ কার্যে অপর ভ্রাতৃদিগের সহিত মিলিত হইলেন।

শ্রীপ্রয়নাথ নন্দী। প্রচ্ছন্ন একনিষ্ঠ গৌরভক্ত ডাক্তার

শক ১৭৭৫

খঃ ১৮৫০

শ্রীপ্রয়নাথ নন্দী মহাশয় পুলনা জেলায় স্বপ্নবাহিরদিয়া গ্রামে কায়স্থকুলে ১৭৭৫ শকে জন্মগ্রহণ করেন। ত্রিশ বৎসর বয়সে কলিকাতায় আসিয়া তিনি চিকিৎসা ব্যবসয়ে বিশেষ পারদর্শিতা ও সুখ্যাতিলাভ করেন। ১৯০৭ খৃষ্টাব্দে গয়াধামে আলোকভাবে শ্রীশ্রীমন্মহাপ্রভুর কুপালাভ করিয়া ইহার ধর্ম-জীবনের আশ্চর্য্যরূপ পরিবর্তন সংঘটিত হয়। কলিকাতায় প্রত্যাগত হইয়া ইনি

গোলক-গত মহাত্মা শিশির কুমার বোয়ের সহায়তায় শ্রীশ্রীমন্মহাপ্রভু'ও শ্রীচয় গোস্বামীদিগের প্রবর্তিত বিশুদ্ধ বৈষ্ণব ধর্ম প্রচারের জন্ত কলিকাতায় শ্রীশ্রীচৈতন্য-প্রচারিণী সভাস্থাপন করেন এবং শ্রীশ্রীকৃষ্ণ-চৈতন্য-তত্ত্ব-প্রচাবক নামক শ্রীপত্রিকার প্রচার কবিয়া, বর্তমান যুগের উপধর্ম ও অবতাব-সমস্তাব বিরুদ্ধে ওজস্বিনী ভাষায় তীব্র এবং সারগর্ভ সমালোচনা করেন । ইহার শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতের আলোচনা, “বৈষ্ণব ধর্মের স্বক্ষতত্ত্ব,” “দীক্ষা-মন্ত্র রহস্য”, “দীক্ষা-বিচার” প্রভৃতি গ্রন্থের ত্রায় স্মৃতিপূর্ণ, সারগর্ভ আদর্শ বৈষ্ণব-দর্শন গ্রন্থ আধুনিক যুগে অতি বিরল ।

শ্রীসাপ্ত নিত্যানন্দ দাস । শ্রীরাধারমণচরণদাস দেবের
 কৃপাপাত্র শ্রীনিত্যানন্দদাস বাবাজী মহাশয় কলিকাতায়
 শক ১৭৭৬ কলুটোলার বিখ্যাত মল্লিকবংশে ১৭৭৬ শকে শ্রীপুলিন
 গৃঃ ১৮৫৪ বিহারী মল্লিক রূপে জন্মগ্রহণ করেন । চল্লিশ বৎসব সংসা-
 রাশ্রমের পর নানা তীর্থ পরিভ্রমণ ও সাধুসঙ্গ করিয়া অবশেষে ইনি শ্রীবাধা-
 রমণচরণ দাস বাবাজী মহাশয়ের শ্রীচরণাশ্রয় কবেন ও বেষাশ্রয় কবিয়া গুরু-
 দেবের আদেশে নবদ্বীপে বৈষ্ণব সেবাব জন্ত “শ্রীশ্রীরাধারমণ সেবাশ্রম”
 ও “মাতৃমন্দির” নামে দুইটি সেবা-মন্দির প্রতিষ্ঠা কবেন । ইহার উপর
 প্রদত্ত শ্রীগুরুদেবের কৃপাদেশ “জীবে দয়া” হ'নি যে ভাবে প্রাতগালিত
 কবিয়া জগতদামীকে স্তম্ভিত করিয়া গিয়াছেন তাহা বর্ণনার অতীত ।

শ্রীমহেন্দ্র সুন্দর ঠাকুর গোস্বামীর আবি-
র্ভাব । মুর্শিদাবাদ জেলাস্বর্গত কান্দী মহকুমাদীন শ্রীপাট
 শক ১৭৭৬ মালিহাটী গ্রামে শ্রীশ্রীচৈতন্য-অভিন্ন প্রেমাবতাব
 ৫ই আষাঢ় শ্রীশ্রীনিবাসাচায়া-বংশে গ্রন্থকারের শ্রীশ্রীগুরুদেব শ্রীমহেন্দ্র-
 গৃঃ ১৮৫৪ সুন্দর ঠাকুর গোস্বামী জন্মগ্রহণ করেন । শ্রীশ্রীনিবাসাচায়া
 প্রভু হইতে বংশপরম্পরায় ইনি দশম সংখ্যক ; যথা—১ । শ্রীশ্রীনিবাসাচার্য্য,

২ । শ্রীগতিগোবিন্দ ঠাকুর, ৩ । শ্রীকৃষ্ণপ্রসাদ ঠাকুর, ৪ । শ্রীজগদানন্দ ঠাকুর ৫ । শ্রীভুবনমোহন ঠাকুর, ৬ । শ্রীকৃষ্ণরাত ঠাকুর, ৭ । শ্রীচৈতন্য হবিঠাকুর, ৮ । শ্রীগৌরসুন্দর ঠাকুর, ৯ । শ্রীকৃষ্ণসুন্দর ঠাকুর, ১০ । শ্রীমহেন্দ্র সুন্দর ঠাকুর ।

**শ্রীপাট মাহেশ ও বল্লভপুরের সেবাইত-
দিগের মনোমালিন্য ।** বথযাত্রার সময় শ্রীপাট মাহেশেব
শ্রীশ্রীজগন্নাথদেব মাহেশ হইতে বল্লভপুরে গমন করিতেন ।
শ্রী ১৭৭৭ এই সময় উভয় শ্রীপাটের সেবাইতদিগের মধ্যে মনোমালিন্য
খৃঃ ১৮৫৫ হওয়ায় জগন্নাথদেবের বল্লভপুরে গমন স্থগিত হয় । তদবধি
ঠাকুর আর বল্লভপুরে গমন করেন না ।

শ্রী ১৭৭৭ **পদকর্ত্তা কৃষ্ণপ্রসাদ ঘোষ লক্ষর ।**
খৃঃ ১৮৫৫ পদকর্ত্তা কৃষ্ণপ্রসাদ ঘোষ লক্ষর দেহত্যাগ করেন ।

শ্রীঅভিরাম ঠাকুরের শ্রীপাটে নাটমন্দির ।
শ্রীঅভিরাম ঠাকুরের শ্রীপাট খানাকুল-কৃষ্ণনগরে তাঁহার
শ্রী ১৭৭৮ সোবত শ্রীশ্রীগোপীনাথ জাঁউৎ শ্রীমন্দিরেব সম্মুখে, হুগলী ও
খৃঃ ১৮৪৬ মেদিনীপুর জেলার ধীবরগণ চাঁদা করিয়া সুন্দর নাটমন্দির
নিৰ্ম্মাণ করিয়াছেন । প্রায় ১০১১ বৎসব হইল, উক্ত ধীবরগণের
বংশধরেবা ঐ নাটমন্দির সংস্কার করিয়া দিয়াছেন ।

মাহেশে গুণ্ডাবাটী । সেবাইতদিগের মনোমালিন্যবশতঃ
শ্রীশ্রীজগন্নাথদেবের বথযাত্রাব সময় বল্লভপুর যাওয়া স্থগিত
শ্রী ১৭৭৯ হইলে, কলিকাতা পাথুরিয়াঘাটার মল্লিক-বংশীয় রত্নময়ী
খৃঃ ১৮৫৭ দাসী মাহেশে একখানি গুণ্ডাবাটী নিৰ্ম্মাণ করিয়া তাহাতে
শ্রীশ্রীবাধারমণ শ্রীবিশ্রুত স্থাপিত করেন ।

শ্রী ১৭৭৯ **সিপাহী বিদ্রোহ ।**
খৃঃ ১৮৫৭

ষষ্ঠ পরিচ্ছেদ ।

শ্রীপ্রেমানন্দ ভারতী, শ্রীরাধারমণ চরণদাস বাবাজী,
শ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী, শ্রীশিশিরকুমার ঘোষ, প্রভু জগবন্ধু
ও ঠাকুর হরনাথ ।

শ্রীপ্রেমানন্দ ভারতী । পাশ্চাত্যদেশে বৈষ্ণব ধর্ম
প্রচারক শ্রীপ্রেমানন্দ ভারতী ঠাকুর ১৭৭৯ শকে কলি-
শক ১৭৭৯ কাত্য শ্রীশ্বেতনাথ মুখোপাধ্যায়রূপে জন্মগ্রহণ করেন ।
খৃঃ ১৮৫৭ ১৯০২ খৃষ্টাব্দে চৈতন্য-সন্ন্যাস গ্রহণ কাব্য ইনি ইউরোপ ও
আমেরিকায় গমন করেন এবং তথায় শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু প্রদর্শিত
প্রেমধর্ম প্রচার করেন । আমেরিকাবাসী প্রায় পাঁচ হাজার নবনাবী
ইহাব নিকট বৈষ্ণবধর্মে দীক্ষিত হইলেন । নিউইয়র্কে স্থাপিত কৃষ্ণ
সমাজ এই মহাপুরুষের কীর্তি । ভারতবাসীরা মধ্যে সর্ব প্রথম পশ্চাত্য
দেশে শ্রীশ্রীবাধা গোবিন্দ শ্রীবিগ্রহ ইনিই স্থাপিত করিয়াছিলেন । ১৯০৯
খৃষ্টাব্দে তিনি চাবিজন আমেরিকাবাসী শিষ্য সঙ্গে কলিকাতায় আগমন
করিয়া ভক্তি-ধর্ম প্রচার করেন । কৃষ্ণগোপাল জগৎলাল নামক
পাঞ্জাববাসী ইহাব জর্ডৈক শিষ্য উদ্ভাষায় ছয় হাজার পৃষ্ঠা “শ্রীশ্রীনমাই
চাঁদ” নামক গ্রন্থ প্রচার করেন ।

শ্রীরাধারমণ চরণ দাস ও তাঁহার শিষ্যশাখা ।
শ্রীরাধারমণচরণদাস বাবাজী মহাশয়ের দ্বারা বৈষ্ণব ধর্ম প্রচার বর্তমানযুগে
বাংলাদেশের এক প্রধান ঘটনা । এই মহাপুরুষের অলৌকিক প্রভাব
বঙ্গ, বিহার ও উড়িষ্যা দেশের সহস্র সহস্র নব-নাবীর সংসার-তাপ-দগ্ধ
হৃদয়ে, সেই চাবিশত বর্ষ পূর্বের প্রেম-হেমাচল শ্রীশ্রীগৌরানন্দমুন্দবের এবং

